

শাকসব্জি ও ফলমূল চাষাবাদে গ্লোবালগ্যাপ বাস্তবায়ন ম্যানুয়াল



কনসালটেন্ট

প্রফেসর আবু নোমান ফারুক আহমেদ

রেজিস্ট্রার টেইনার - GLOBALG.A.P.

Profile link:

www.globalgap.org/uk_en/Profiles/Ahmmmed

চেয়ারম্যান, প্লান্ট প্যাথলজি বিভাগ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা

মোবাইল নং: ০১৮১৯৮২৩০৩০

ইমেইল: nomanfarook@yahoo.com



The manual is prepared for

Eco-Social Development Organization (ESDO)

Address: Collegepara (Gobindanagar), Thakurgaon-5100, Bangladesh

March 2023

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

সূচীপত্র

অধ্যায়	আলোচ্য বিষয়	পৃষ্ঠা নং
১.	ভূমিকা	০৫
	উত্তম কৃষি চর্চা	০৬
	উত্তম কৃষি চর্চা বাস্তবায়নের উদ্দেশ্য	০৬
	GAP এর মূলনীতি	০৬
	উত্তম কৃষি চর্চা অনুশীলনের বিষয়সমূহ	০৬
	GLOBALG.A.P. কি?	০৭
	নিরাপদ খাদ্যের পটভূমি এবং উত্তম কৃষি চর্চা	০৭
২.	ফসল সম্পর্কিত বিধান (ক্রপ রুলস)	০৯
	সনদ প্রদানের ক্ষেত্রসমূহ	০৯
	অনুরূপ অথবা সমস্তরাল উৎপাদন/মালিকানা	১১
	মূল্যায়ন প্রক্রিয়া	১২
৩.	সাধারণ বিধিবিধান (প্রথম অংশ) - আবশ্যিক শর্তসমূহ	১৫
	আদর্শ নথিগুলো	১৬
	প্রত্যয়ন বিকল্পসমূহ	১৭
	নিবন্ধন প্রক্রিয়া	১৭
	মূল্যায়নের প্রক্রিয়া	২৩
	প্রত্যয়ন প্রক্রিয়া	২৮
	ফার্ম এস্যুরার	৩৪
	সংযুক্তি : GLOBALG.A.P. নিবন্ধন তথ্যের প্রয়োজনীয়তা	৩৫
৪.	সাধারণ বিধিবিধান (দ্বিতীয় অংশ) - গুণগত পরিচালনা পদ্ধতি	৩৮
	বৈধতা, প্রশাসন এবং কাঠামো	৩৯
	ব্যবস্থাপনা ও সংগঠন	৪০
	ডকুমেন্ট/ তথ্য নিয়ন্ত্রণ	৪০
	অভিযোগ মোকাবিলা	৪২
	অভ্যন্তরীণ গুণগত ব্যবস্থাপনা পদ্ধতির নিরীক্ষা	৪৩
	আভ্যন্তরীণ উৎপাদনকারী এবং উৎপাদন স্থান পরিদর্শন	৪৩
	অ-সম্মতি, সংশোধনী কাজসমূহ ও অনুমোদন	৪৪
	পণ্য সন্ধান ও পৃথকীকরণ	৪৪
	পণ্য প্রত্যাহার	৪৬
	সাব-কন্ট্রোল	৪৬
	সার্টিফিকেটে অতিরিক্ত উৎপাদনকারী বা উৎপাদন স্থানের নিবন্ধন	৪৬
	লোগোর ব্যবহার	৪৭
৫.	সমস্ত খামারভিত্তিক (ফার্মবেস) মডিউল (AF) - নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়সমূহ (CPCC)	৪৮
	AF. ১ স্থানের ইতিহাস ও স্থান ব্যবস্থাপনা	৫১
	AF. ২ তথ্য লিপিবদ্ধকরণ এবং অভ্যন্তরীণ স্ব-মূল্যায়ন/ অভ্যন্তরীণ পরিদর্শন	৫৩

	AF. ৩ স্বাস্থ্যবিধি	৫৪
	AF. ৪ শ্রমিকদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ	৫৬
	AF. ৫ ঠিকাদার (সাবকন্ট্রাকটর)	৬২
	AF. ৬ অপচয় ও দূষণ নিয়ন্ত্রণ, পুনঃ পত্রিয়া এবং পুনঃব্যবহার	৬৩
	AF. ৭ সংরক্ষণ	৬৪
	AF. ৮ অভিযোগ	৬৬
	AF. ৯ ফিরিয়ে নেওয়া/ প্রত্যাহারের পদ্ধতি	৬৭
	AF. ১০ খাদ্য প্রতিরক্ষা	৬৭
	AF. ১১ GLOBALG.A.P. স্ট্যাটাস / অবস্থা	৬৮
	AF. ১২ লোগোর ব্যবহার	৬৯
	AF. ১৩ চিহ্নিত করা এবং পৃথকীকরণ (ট্রেসেবেলিটি এবং সেগরিগেশন)	৭০
	AF. ১৪ ব্যাপক সমতা/ ভারসাম্য (মাস ব্যালেন্স)	৭১
	AF. ১৫ খাদ্য নিরাপত্তার নীতি ঘোষণা	৭২
	AF. ১৬ খাদ্য জালিয়াতি প্রশমন	৭২
	AF. ১৭ নন-কনফার্মিং পণ্য	৭৩
৬.	ফসলভিত্তিক (ক্রপবেস) মডিউল (CB) - নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়সমূহ (CPCC)	৭৪
	CB. ১ ট্রেসেবেলিটি	৭৫
	CB. ২ বংশবিস্তারের উপকরণ	৭৫
	CB. ৩ মাটি ব্যবস্থাপনা ও সংরক্ষণ	৭৮
	CB. ৪ সার প্রয়োগ	৭৯
	CB. ৫ সেচ ব্যবস্থাপনা	৮৩
	CB. ৬ সমন্বিত বালাই/পেস্ট ব্যবস্থাপনা	৮৭
	CB. ৭ উদ্ভিদ সুরক্ষার পণ্য	৮৮
	CB. ৮ উপকরণ/ কৃষি যন্ত্রপাতি	১০০
৮.	ফল এবং শাকসবজি ভিত্তিক মডিউল (FV) - নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়সমূহ (CPCC)	১০১
	FV ১ স্থান ব্যবস্থাপনা	১০২
	FV ২ মাটি ব্যবস্থাপনা	১০২
	FV ৩ সাবস্ট্রেট	১০৩
	FV ৪ ফসল সংগ্রহ/উত্তোলনের-পূর্বে	১০৩
	FV ৫ ফসল সংগ্রহ/উত্তোলন এবং সংগ্রহ পরবর্তী কার্যক্রম	১০৬
৯.	গুণগত পরিচালনা পদ্ধতি চেকলিস্ট - QMS (Quality Management System)	১১৬
	সাধারণ তথ্যাবলী	১১৭
	ফুড সেইফটি পলিসি ডিক্লারেশন/ নিরাপদ খাদ্যের নীতিমালা ঘোষণা	১১৯
	গুণগত পরিচালনা পদ্ধতি (QMS) চেকলিস্ট	১২০
১০	উপসংহার	১৩৩

মূল আলোচ্য বিষয়সমূহঃ

- ফসল সম্পর্কিত বিধান (ক্রপ রুলস)
- সাধারণ বিধিবিধান (জেনারেল রেগুলেশন)
 - প্রথম অংশ (Part II)- সাধারণ প্রয়োজনীয়তা
 - দ্বিতীয় অংশ (Part II)- গুণগত পরিচালনা পদ্ধতি (QMS)
- Integrated Farm Assurance - সামগ্রিক খামার রক্ষণ
(ইংরেজি সংস্করণ ৫.২)
নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়সমূহ (CPCC)
 - সমস্ত খামার ভিত্তিক
 - ফসলফসল ভিত্তিক
 - ফল এবং শাকসবজি ভিত্তিক
- QMS (Quality Management System) চেকলিস্ট

কপিরাইট

@Professor Abu Noman Faruq Ahmmed । শুধুমাত্র অপরিবর্তিত আকারে অনুলিপি ও বণ্টনের জন্য অনুমোদিত ।

বিশেষ দৃষ্টব্য

এখানে উল্লেখ্য, অত্র ম্যানুয়ালের কোন বিষয়ের ব্যখ্যায় বাংলা সংস্করণের তুলনায় সর্বদা ইংরেজি সংস্করণ প্রাধান্য পাবে । কোন বিষয় বোধগম্য না হলে ইংরেজী মূল সংস্করণের সহায়তা নিতে হবে ।

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

অধ্যায় ১. ভূমিকা

স্বাস্থ্য এবং অর্থনৈতিক বিবেচনায় নিরাপদ খাদ্য ক্রমাগতভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। সাধারণ জনগণকে খাদ্যজনিত পীড়া থেকে রক্ষার পাশাপাশি রপ্তানি বাজার প্রতিযোগিতার কারণে নিরাপদ খাদ্য উৎপাদন জরুরি। উৎপাদনের প্রাথমিক পর্যায়ে থেকে খাদ্য শৃঙ্খলের (food chain) বিভিন্ন পর্যায়ে মাত্রারিক্ত কীটনাশক ও রাসায়নিকের ব্যবহার, ভারী ধাতব পদার্থের উপস্থিতি, অণুজীবের সংক্রমণ ইত্যাদি সমস্যার সৃষ্টি হতে পারে। সুতরাং খাদ্য নিরাপত্তার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে উৎপাদনের শুরু থেকে সংগ্রহভোর ও প্রক্রিয়াকরণ যেমন- প্যাকেজিং, পরিবহন ইত্যাদি পর্যায়ে জিএপি অনুসরণের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিত করা প্রয়োজন।

উত্তম কৃষি চর্চা (GAP) নিরাপদ ও মানসম্মত পণ্য উৎপাদনের পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক পরিবেশ এবং সামাজিক উন্নয়ণ লক্ষ্য অর্জনে ভূমিকা রাখে। কৃষিকার্যে ব্যবহৃত উপকরণ যেমন, কীটনাশক, সার, পানি ইত্যাদির পরিমিত ব্যবহার এবং পরিবেশ বান্ধব ব্যবস্থাপনাকে জিএপি উৎসাহিত করে, বিশেষ করে কীটনাশক ও রাসায়নিকের ক্রটিপূর্ণ ব্যবহার থেকে কৃষি কাজে নিয়োজিত কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা করে। অধিকাংশ আমদানিকারক, খুচরা বিক্রেতাগণ ও ভোক্তাগণ পণ্যের গুণগত মান এবং নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উৎপাদন পর্যায়ে থেকে GAP অনুসরণকে পূর্বশর্ত হিসেবে বিবেচনা করে থাকে। GAP বাস্তবায়নে সার্টিফিকেট প্রদানকারি সংস্থা কর্তৃক সকল ক্ষেত্রে অনুরূপ ও সঠিক পদ্ধতি অনুসরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে কোন রকম পক্ষপাতিত্ব না থাকে, এতে ভোক্তার বিশ্বাসযোগ্যতা ও আস্থা বাড়ে।

নব্বই দশকের শেষের দিকে ইউরোপের সুপার সপ এবং প্রধান সরবরাহকারীদের উদ্যোগে সর্বপ্রথম EurepGAP নামে GAP কার্যক্রম শুরু হয়েছিল যা পরিবর্তিত ২০০৭ সালে Global G.A.P. নামকরণ করা হয়। আঞ্চলিক পর্যায়ে ২০০৬ সালে ASEAN সচিবালয় কর্তৃক সদস্য দেশসমূহে অব্যুত্থিত এএচ যাত্রা শুরু করে। ASEAN GAP এর উদ্দেশ্য ছিল সমন্বিত জাতীয় কর্মসূচি গ্রহণ করে এই অঞ্চলে নিরাপদ মানসম্মত ফল ও সবজির উৎপাদন বৃদ্ধি করে প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত করা এবং ফল ও সবজির ব্যবসা আঞ্চলিক এবং আন্তর্জাতিক পর্যায়ে সম্প্রসারণ করা। বাংলাদেশসহ সার্ক অঞ্চলে GAP এর ওপর তেমন কোন সমন্বিত কাজ হয়নি। সার্কভুক্ত কতিপয় দেশের অনুরোধে জাতি সংঘের কৃষি ও খাদ্য সংস্থা (FAO) "Development of Standards and Science to Good Agriculture Practices (GAP) Implementation and Certification in Countries of SAARC" প্রকল্পের মাধ্যমে উদ্যান ফসলের জন্য সার্কভুক্ত চারটি দেশ যথা- বাংলাদেশ, ভূটান, মালদ্বীপ এবং নেপালে GAP স্কীম এর কার্যক্রম শুরু করা হয়। GAP স্কীম বাস্তবায়নের ফলে উৎপাদিত সবজি ও ফল নিরাপদ এবং উন্নত ও মানসম্পন্ন হবে, অর্থনীতিতে গতির সঞ্চার হবে, টেকসই পরিবেশ ও সামাজিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে।

বাংলাদেশ সরকার GAP কার্যক্রম হাতে নিয়েছে। বাংলাদেশে GAP এর স্ট্যান্ডার্ড হলো বাংলাদেশগ্যাপ। এর স্কিমওনার হলো বাংলাদেশে কৃষি গবেষণা কাউন্সিল। ইতোমধ্যে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ প্রণীত ও অনুমোদিত হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে সার্টিফিকেশন বডি তৈরির নির্দেশ প্রদান করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশে বর্তমানে গ্লোবালগ্যাপ সার্টিফিকেশনের চাহিদা বাড়াচ্ছে। দেশে গ্লোবালগ্যাপের সার্টিফিকেশন বডি হলো কন্ট্রোল ইউনিয়ন। এছাড়াও এসজিএস ইন্ডিয়া বাংলাদেশের জন্য গ্লোবালগ্যাপ সার্টিফিকেট প্রদান করতে পারে। গতবছর ২০২২ সালে বাংলাদেশের জনপ্রিয় রিটেইল শপ স্বপ্ন (এসআই লজিস্টিকস) অপশন ২ এ ৫০ জন উৎপাদনকারী নিয়ে সাতটি সবজি ফসলের (লাউ, করল্লা, বরবটি, পটল, কাঁচামরিচ, পেঁপে ও কাঁকরোল) জন্য গ্লোবালগ্যাপ সার্টিফিকেট অর্জন

করে। চলতি বছর ২০২৩ সালে মালিক ফার্ম অপশন ১ এ একক উৎপাদনকারী হিসেবে চারটি সবজি (করল্লা, ফুলকপি, বাঁধাকপি ও মিষ্টিকুমড়া) এবং একটি ফল (আম) এর জন্য গ্লোবালগ্যাপ সার্টিফিকেট অর্জন করে।

উত্তম কৃষি চর্চা (GAP)

উত্তম কৃষি চর্চা (GAP) হলো সামগ্রিক কৃষি কার্যক্রমের পরিবেশগত, অর্থনৈতিক এবং সামাজিক সুরক্ষা সুসংহত করে। ফলশ্রুতিতে নিরাপদ এবং মান সম্পন্ন খাদ্য নিশ্চিত হয়। ইহা এমন পদ্ধতিসমূহের চর্চা যা খামারে, প্রয়োগ করার ফলে উৎপাদন পূর্ব, উৎপাদনকালীন, সংগ্রহ এবং সংগ্রহোত্তর পর্যায় নিরাপদ খাদ্যের নিশ্চয়তা দিয়ে থাকে। GAP এর উদ্দেশ্য হচ্ছে ফল এবং সবজি উৎপাদনে নিরাপদ খাদ্য, খাদ্যমান, সহনীয় পরিবেশ নিশ্চিত করা এবং কর্মীদের স্বাস্থ্য রক্ষা, নিরাপত্তা এবং কল্যাণ সাধন করা। GAP পূর্বোল্লিখিত প্রতিরোধমূলক গুরুত্বপূর্ণ ব্যবস্থাসমূহের মধ্যে অন্যতম। এ ধরনের পদ্ধতির চর্চা পরিবেশ এবং কর্মীদের স্বাস্থ্যের নিরাপত্তা দিয়ে থাকে। অন্যকথায়, GAP হলো একগুচ্ছ নীতি-বিধি এবং প্রযুক্তিগত সুপারিশমালা যা সামগ্রিক কৃষি উৎপাদন, প্রক্রিয়াকরণ ও পরিবহনের বিভিন্ন স্তরে প্রয়োগ করা হয় যা মানুষের স্বাস্থ্য, পরিবেশ সংরক্ষণ ও কাজের পরিবেশ উন্নত করে।

উত্তম কৃষি চর্চা বাস্তবায়নের উদ্দেশ্যঃ

- নিরাপদ ও খাদ্যমান সম্পন্ন ফসলের টেকসই উৎপাদন নিশ্চিতকরণ
- ফসল উৎপাদনে সহনীয় পরিবেশ নিশ্চিতকরণ এবং কর্মীর স্বাস্থ্য সুরক্ষা, নিরাপত্তা ও কল্যাণ সাধন
- খাদ্য শৃঙ্খলের সকল স্তরে সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করা, এবং
- ভোক্তার স্বাস্থ্য সুরক্ষা।

GAP এর মূলনীতিঃ

- কার্যকর ও অর্থনৈতিকভাবে লাভজনক উপায়ে পর্যাপ্ত পরিমাণে নিরাপদ মান সম্পন্ন খাদ্য উৎপাদন
- পরিবেশ সুরক্ষা ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ
- বাজার অর্থনীতিতে প্রতিযোগিতা সৃষ্টি, জীবনমান এবং টেকসই সামাজিক উন্নয়ন
- নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও কর্মীর/ শ্রমিকের কল্যাণ।

উত্তম কৃষি চর্চা (GAP) অনুশীলনের বিষয়সমূহঃ

- স্বাস্থ্যসম্মত উৎপাদন: সার, সেচ, বালাইনাশক প্রয়োগ ও ব্যবহার বিধি, রোপন সামগ্রীর (চারা, বীজ) ব্যবহার, রাসায়নিকের পরিমিত ব্যবহার ও ব্যবস্থাপনা অবলম্বনে উৎপাদন নিশ্চিত করা;
- নিরাপদ ও খাদ্যমান রক্ষা: ফসল সংগ্রহ, সংগ্রহোত্তর, সংরক্ষণ ও পরিবহণ ব্যবস্থা;
- পরিবেশ সুরক্ষা: মাটি, পানি ও বর্জ্য ব্যবস্থাপনা;
- পরিষ্কার-পরিচ্ছন্নতা: কর্ষণ যন্ত্র, সার ও বালাইনাশক প্রয়োগ যন্ত্রপাতি, কর্মীর পোশাক, প্যাক হাউজ/ সংরক্ষণাগার পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;
- কৃষি কর্মীরস্বাস্থ্য: কৃষক-কৃষাণী ও শ্রমিকের ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা;
- তথ্যাদি সংরক্ষণ (Record Keeping), অনুসন্ধান (Traceability): উপকরণ, উৎপাদন ও সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং বাজারজাতকরণের সকল পর্যায়ে যাবতীয় তথ্যাদি সংরক্ষণ করা;
- সার্টিফিকেট প্রদান ও লোগো ব্যবহার: উত্তম কৃষি চর্চা মানদণ্ডের আলোকে GAP সার্টিফিকেট প্রদান ও উৎপাদিত পণ্যে

GLOBALG.A.P. কি?!

GLOBALG.A.P. একটি বেসরকারী সংস্থা যা স্বেচ্ছাসেবী সার্টিফিকেশন বা স্ট্যান্ডার্ড সেট করে এবং যা ফসল উৎপাদনে উত্তম কৃষি অনুশীলন নিশ্চিত করে। এটি মূলত ইউরোপীয় একটি গ্রুপ (পূর্বে EUREPGAP নামে পরিচিত) দ্বারা নির্মিত হয়েছিল সুপার মার্কেটের সাপ্লাই চেইনে তাজা পণ্যের গুণগতমান নিয়ন্ত্রণের জন্য। GLOBALG.A.P. এর লক্ষ্য হল খাদ্যনিরাপত্তা নিশ্চিত, ভোক্তাদের আস্থা অর্জন এবং উৎপাদক দ্বারা উত্তম কৃষি পরিচর্যা প্রতিপালন করা। GLOBALG.A.P. এর মানদণ্ডে খাদ্যনিরাপত্তা এবং traceability অত্যন্ত গুরুত্বপূর্ণ যদিও এতে কর্মী নিরাপত্তা, স্বাস্থ্য, কল্যাণ এবং পরিবেশ সংরক্ষণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

GLOBALG.A.P. সার্টিফিকেশন নিজেই ইস্যু করে না কিন্তু নিবন্ধিত সার্টিফিকেশন সংস্থাগুলিকে সার্টিফিকেট ইস্যুর অনুমোদন দেয়। প্রথমত, সার্টিফিকেশন সংস্থার সাথে যোগাযোগের আগে GLOBALG.A.P. সাধারণ রেগুলেশনগুলি মেনে চলার সুপারিশ করা হয়। GLOBALG.A.P. এর প্রত্যয়ন গ্রহণ করতে তাদের নির্দিষ্ট খরচ দিতে হবে যা সাধারণত তারা নিবন্ধন পরিদর্শন এবং সার্টিফিকেশনের জন্য পরিশোধ করতে হবে। ব্যক্তিগত এবং গ্রুপ সার্টিফিকেশন এর জন্য খরচ সার্টিফিকেশন সংস্থার উপর নির্ভর করে। সার্টিফিকেশন সংস্থা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেশন ফি ছাড়াও, উৎপাদনকারীকে অবশ্যই একটি অর্থ প্রদান করতে হবে যা বার্ষিক উৎপাদক নিবন্ধন ফি হিসেবে সার্টিফিকেশন বজায় রাখতে প্রয়োজন। GLOBALG.A.P. এর কোড, মানদণ্ড এবং নিয়মকানুন সংক্রান্ত সুবিধা অনেক যা খাদ্যের গুণগত মান, খাদ্য নিরাপত্তা উন্নতিতে এবং বিশ্ব বাজারে প্রবেশের ক্ষেত্রে বিশেষ সুবিধা দিয়ে থাকে। তাছাড়া এটি কীটনাশক ব্যবহারের মানদণ্ড গুলোকে নিয়ন্ত্রণ করে যা সর্বোচ্চ অবশিষ্টাংশের (MRLS) সীমা বজায় রাখে। GLOBALG.A.P. সার্টিফাইড পণ্য উৎপাদনের সুবিধা হচ্ছে এটি পণ্যের নিরাপদতা ও গুণগতমানের নিশ্চায়তা দেয়। GLOBALG.A.P. সার্টিফিকেশন পেতে, উৎপাদক বা উৎপাদকগোষ্ঠী গুলির একটি সম্পূর্ণ প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণ করতে হয় যা তাদের সমস্ত কার্যক্রমকে চিহ্নিত করে এবং আর্থিক সক্ষমতা যাচাই করে, যা বড় খামারীদের জন্য উৎপাদনের প্রয়োজনীয়তা পূরণের একটি সহজ উপায়। GLOBALG.A.P. এর সাথে সংশ্লিষ্ট কোনো প্রিমিয়াম মূল্য বা পণ্য লেবেল সংযুক্ত নেই, এটি ন্যূনতম মান হিসাবে ব্যবসা-থেকে-ব্যবসার উন্নয়নের সম্পর্ক প্রতিস্থাপন করে।

গ্লোবাল এগ্রি-ফুড মার্কেটগুলোতে ক্রমবর্ধমান চাহিদার কারণে সরবরাহকারীদের সংশ্লিষ্ট সার্টিফিকেশন অনুসরণ করতে হয় (যেমন: GLOBALG.A.P.) যা ভোক্তার খাদ্য নিরাপত্তার নিশ্চিতের জন্য সুপার মার্কেট গুলোর চাহিদা। স্থানীয় ও আন্তর্জাতিক উভয় বাজারে ভোক্তা ও খাদ্য প্রস্তুতকারকদের খাদ্য নিরাপত্তা মানের জন্য এই সার্টিফিকেট প্রয়োজন। GLOBALG.A.P. স্ট্যান্ডার্ডের জন্য উৎপাদকের একটি সম্পূর্ণ নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণ সিস্টেম বিদ্যমান থাকে। যেখানে নিবন্ধিত পণ্য নির্দিষ্ট খামারের উৎপাদনের ইতিহাস ট্রেস করা যায়।

নিরাপদ খাদ্যের পটভূমি এবং উত্তম কৃষি চর্চাঃ

বিশ্বায়নের সঙ্গে সঙ্গে ভোক্তাদের বৈচিত্র্যপূর্ণ খাদ্য চাহিদা বেড়ে যাওয়ায় ভৌগোলিক সীমারেখা ছাড়িয়ে খাদ্য সামগ্রী এক দেশ থেকে অন্য দেশে আমদানি এবং রপ্তানি হচ্ছে। বিশ্বব্যাপী খাদ্য সামগ্রী আনা নেয়ার ফলে খাদ্য শৃঙ্খলে সংক্রমণ এবং জীবানুসমূহের বিস্তৃতি ঘটানোর সম্ভাবনা থাকে যা জনস্বাস্থ্যের জন্য বড় ধরনের ঝুঁকি সৃষ্টি হতে পারে। এরকম অবস্থায় নিরাপদ খাদ্যকে সমাধিক গুরুত্ব দিয়ে বিভিন্ন দেশের সরকার কর্তৃক কীটনাশকের অবশিষ্টাংশ, দূষণকারী বস্তু, অণুজীব, রোগ ও পোকা ইত্যাদির পাশপাশি পরিচ্ছন্নতার বিষয়ে কঠোর বিধিনিষেধ আরোপ করা হচ্ছে।

ফল এবং সবজি প্রায়শই টাটকা ও কাঁচা অবস্থায় খাওয়া হয়, তাই এতে বাহ্যিকভাবে ক্ষতিকর বা স্বাস্থ্য হানিকর কোন কিছু যেন না থাকে তা নিশ্চিত করা প্রয়োজন। কোন অঞ্চলের খাদ্যমান সম্পর্কিত নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ

বিষয়সমূহ হচ্ছে প্রয়োগকৃত বাসায়নিকের অবশিষ্টাংশ, দূষণকারী বস্তু, পোকা ও রোগ, রোগ সৃষ্টিকারী এবং বিনষ্টকারী অণুজীব, বাহ্যিক সংক্রামকসমূহ, প্রযুক্তি সংক্রান্ত বিষয় যেমন- আলোকরশ্মি, GMOs, অপরিবর্তনশীল জৈবিক সংক্রামক, বিরূপ শারীরিক প্রতিক্রিয়া সৃষ্টিকারী উপাদান, লেবেলিং এবং বিভিন্ন বিষয়ে অভিযোগসমূহ যেমন অসত্য তথ্য প্রদান এবং প্রতারণা। বিভিন্ন উদ্যান ফসলের ঝুঁকিসমূহের মধ্যে কীটনাশকের অবশিষ্টাংশ অন্যতম। অন্যগুলি হচ্ছে খাদ্যে অন্যান্য বস্তুর উপস্থিতি যথা ভারী ধাতব বস্তু বা বিষ (aflatoxin)। ফল ও সবজিতে বিদ্যমান ঝুঁকিসমূহের মধ্যে খামার সংশ্লিষ্ট ঝুঁকিসমূহ মধ্যম স্তরে এবং খুচরা বিক্রেতা পর্যায়ের ঝুঁকিসমূহ নিম্ন স্তরের বলে গণ্য হয়।

খাদ্যে মান বিষয়ে ভোক্তাদের অধিক সচেতনতা নিরাপদ খাদ্যের চাহিদাকে উৎসাহিত করেছে। পাশাপাশি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসমূহও নাগরিকদের নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে নানাবিধ বিধিবিধান আরোপ করেছে যা দেশে উৎপাদিত বা আমদানিকৃত খাদ্য পন্যে সুনির্দিষ্টভাবে অনুসরণ করা প্রয়োজন। নিরাপদ খাদ্য বিষয়ক বিপত্তি/ঝুঁকি খাদ্য শৃঙ্খলের যে কোন পর্যায় ঘটতে পারে, তাই খাদ্য শৃঙ্খলের প্রত্যেক স্তরে নিরাপদ খাদ্য সংক্রান্ত যে কোন সমস্যা প্রতিরোধ বা দূরীভূত করা প্রয়োজন। অতএব, উত্তম পদ্ধতিসমূহ যেমন-GAP, GMP, HACCP এবং নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি (FSMS) বাস্তবায়ন করা একান্ত প্রয়োজন। খাদ্য শৃঙ্খলের সকল স্তরে সুনির্দিষ্ট পদ্ধতিসমূহ অনুসরণ করাই হচ্ছে উত্তম ব্যবস্থাপনার মৌলিক ভিত্তি। নিরাপদ খাদ্য প্রাপ্তির লক্ষ্যে GAP বাস্তবায়নে খাদ্য শৃঙ্খলের প্রাথমিক পর্যায় অর্থাৎ কৃষক পর্যায় থেকে প্রতিটি স্তরে প্রত্যেক কর্মীকে তার নিয়ন্ত্রনাধীন নির্দিষ্ট বিষয়ে দায়িত্বশীল এবং সকল কার্যক্রমের বিবরণ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উৎপাদনকারীকে নিশ্চয়তা দিতে হবে যে উৎপাদিত পণ্য খাদ্য হিসেবে নিরাপদ। তবে উৎপাদকের পাশাপাশি সরবরাহ, পরিবহন, গুদামজাত ইত্যাদি সকলেরই দায়িত্ব রয়েছে খাদ্যকে নিরাপদ এবং মানসম্পন্ন রাখা।

গ্লোবালগ্যাপ এর সাধারণ বিধিবিধান

অধ্যায় ২: ফসল সম্পর্কিত বিধান (ক্রপ রুলস)

সূচিপত্র

১. সূচনা
২. সনদ প্রদানের ক্ষেত্রসমূহ
 - ২.১. সামগ্রিক খামার রক্ষণ (Integrated Farm Assurance- IFA) সনদের উপ-ক্ষেত্রসমূহ
 - ২.২. ফসলসংগ্রহ বহির্ভূত/ ব্যতিক্রম বিষয়
 - ২.৩ সংগ্রহ পরবর্তী ফলন নিয়ন্ত্রণ/ পরিচালনা (সংগ্রহোত্তর পন্য হ্যান্ডলিং) বহির্ভূত/ ব্যতিক্রম বিষয়
৩. অনুরূপ অথবা সমান্তরাল উৎপাদন/মালিকানা
৪. মূল্যায়ন প্রক্রিয়া
 - ৪.১. নিরীক্ষণের সময়
 - ৪.২. ফলন নিয়ন্ত্রণ অথবা পরিচালনা ইউনিট নিরীক্ষণ (Option ২ এবং Option ১ - QMS with Multisites)
 - ৪.৩. নিরীক্ষণের সময়কাল

১. সূচনা

যদি কোন পক্ষ্য তাদের উৎপাদিত ফসল/শস্যের জন্য GLOBALG.A.P. এর সামগ্রিক খামার রক্ষণ (Integrated Farm Assurance- IFA) প্রত্যয়ন এবং GLOBALG.A.P. মানসম্মত নিরাপদ ফলন (Produce Safety Standard- PSS) সনদ চেয়ে থাকে তাহলে তাদের জন্য এই নথিটিতে কিছু অতিরিক্ত বিধিবিধান বর্ণনা করা হয়েছে।

“করতে হবে” কথাটি উল্লেখ থাকলে তা GLOBALG.A.P.-এর জন্য আবশ্যিক হিসেবে বিবেচিত হবে।

২. সনদ প্রদানের ক্ষেত্রসমূহ

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

২.১. সামগ্রিক খামার রক্ষণ (Integrated Farm Assurance- IFA) সনদের উপ-ক্ষেত্রসমূহ ফসল প্রত্যয়ন প্রদানের জন্য বিধিমোতাবেক নিম্নের উপ-ক্ষেত্রসমূহ বিবেচিত হবে :

- (i) ফল এবং শাকসবজি
- (ii) ফুল ও শোভাবর্ধক।
- (iii) উদ্ভিদের বংশবিস্তারকারী উপকরণ (নার্সারী)
- (iv) ফসলমিশ্রণ: ঐ সকল শস্যকে প্রত্যয়ন করে যা একত্রে সংগ্রহ করা হয়, ধান, গম
- (v) চা
- (vi) হপ'স (লতাবিশেষ ফসল)

২.২ ফসলসংগ্রহ বহির্ভূত/ ব্যতিক্রম বিষয়

- (i) উৎপাদিত ফসল যদি সংগ্রহের পূর্বেই জমিতে বিক্রয় করে দেয়া হয় এবং ক্রেতা যদি ঐ ফসল সংগ্রহের জন্য দায়বদ্ধ থাকে তাহলে উৎপাদকের প্রত্যয়ন/সনদপত্র হতে ফলন সংগ্রহ অনুচ্ছেদ (FV.৫) থেকে নিয়ন্ত্রণ এবং প্রতিপালন বিষয়ক প্রত্যয়ন বহির্ভূত করা যাবে।
- (ii) ফসল সংগ্রহ প্রক্রিয়াটি যতক্ষণ উৎপাদকের নিয়ন্ত্রণে উৎপাদক নিজে অথবা তার কতৃক নিয়োগকৃত কেউ করে থাকেন ততক্ষণ পর্যন্ত ফলন সংগ্রহের সাথে সম্পর্কিত সমস্ত বিষয় নিরীক্ষণ এবং প্রত্যয়নে অন্তর্ভুক্ত করা হবে।
- (iii) ফসলসংগ্রহ সম্পর্কিত ব্যতিক্রম তখনই প্রয়োগ হবে যখন ফসল সংগ্রহ সম্পর্কিত সকল প্রক্রিয়া উৎপাদক নিজে অথবা তার কতৃক নিয়োগকৃত কেউ নিয়ন্ত্রণ করবেনা।
- (iv) ফসলসংগ্রহ সম্পর্কিত ব্যতিক্রম প্রয়োগের জন্য উৎপাদককে তার নিবন্ধন অথবা রেজিস্ট্রেশনের সময় প্রত্যেকটি পণ্যের জন্য বিস্তারিত ব্যাখ্যা প্রদান করতে হবে।
- (v) ফসলসংগ্রহ অন্তর্ভুক্ত হবে কি না তা প্রত্যয়ন কমিটি (Certification Body- CB) নিম্নলিখিত প্রয়োজনীয় বিষয়গুলোর উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণ করবে। উৎপাদকের সাথে ক্রেতার একটি চুক্তি থাকবে যার শর্তমোতাবেক ফসলসংগ্রহকারী/ ক্রেতা নীচের সমস্ত কিছুই করবে :
 - a) ফসল সংগ্রহের আগেই উৎপাদিত ফসলের মালিকানা নিতে হবে।
 - b) ফসল সংগ্রহপূর্ব বিরতি (Pre-Harvest Interval- PHI) নিরীক্ষিত হয়েছে তা ফসল সংগ্রহের আগেই নিশ্চিত করার দায়িত্ব নিতে হবে।
 - c) ফসল সংগ্রহের পরে ফসলের সকল দায়দায়িত্ব তার কাছেই থাকবে (শুধুমাত্র ফসল সংগ্রহের সময় নয়)।
 - d) সমগ্র উৎপাদিত ফসল ক্রয় করা (ফসলসংগ্রহ সম্পর্কিত ব্যতিক্রম প্রয়োগ হবেনা যদি উৎপাদক ফসলের কিছু অংশ নিজে সংগ্রহ করে এবং বাকি অংশ সংগ্রহের পূর্বেই ক্রেতার নিকট বিক্রয় করে দেয়)।
- (vi) GLOBALG.A.P.G নিবন্ধন অথবা রেজিস্ট্রেশনের সময় যদি উৎপাদক তার ক্রেতাকে না জেনে থাকে তবে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচিত হবে :
 - a) উৎপাদককে এই প্রতিশ্রুতি দিতে হবে যে, সে তার ফসলের ক্রেতাকে (যে ফসল সংগ্রহ এবং সংগ্রহ পরবর্তী বিষয়গুলো পরিচালনা করবে) ফসল সংগ্রহপূর্ব বিরতি (Pre-Harvest Interval- PHI) সম্পর্কিত বিষয়গুলো আবহিত করবে।
 - b) ক্রেতা নির্ধারণ করার সাথে সাথে তার সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে যেখানে উপরে উল্লেখিত পয়েন্ট এর বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে। যদি উৎপাদক বা উৎপাদক দলের জন্য ফসল সংগ্রহ বহির্ভূত/ ব্যতিক্রম থাকে তাহলে উৎপাদিত ফসল নিয়ন্ত্রণ/ পরিচালনাও সেই উৎপাদক বা উৎপাদকের দলের জন্য বহির্ভূত/ ব্যতিক্রম হবে।

২.৩ সংগ্রহ পরবর্তী ফলন নিয়ন্ত্রণ/ পরিচালনা (সংগ্রহোত্তর পন্য হ্যান্ডলিং) বহির্ভূতি/ ব্যতিক্রম বিষয়

- a) সংগ্রহোত্তর পন্য হ্যান্ডলিং বা সংগ্রহ পরবর্তী ফলনের নিয়ন্ত্রণ/ পরিচালনার আয়তায় রয়েছেঃ ফলন সংরক্ষণ,

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

রাসায়নিক ব্যবহার, সাজানো/ পরিপাটিকরণ, পরিস্কারকরণ অথবা অন্য যে কোনো ধরনের হস্তক্ষেপ যার জন্য ফসলটি অন্য কোনো পণ্য অথবা বস্তুর সংস্পর্শে আশার সম্ভাবনা থাকে। উৎপাদকে তৈরি করার প্রতিটি পণ্যের জন্য বিশেষ মন্তব্যের ঘরে এই বিষয়ে নির্দিষ্ট করে ব্যাখ্যা করতে হবে।

- b) যদি উৎপাদিত ফলনের নিয়ন্ত্রণ/ পরিচালনার দায়িত্ব প্রত্যয়ন/ সনদের জন্য আবেদনকারীর আওতাধীন না থাকে তাহলে তা নিবন্ধনের সময় ঘোষণা করতে হবে এবং তা সনদপত্রে উল্লেখ থাকবে।
- c) ফসল সংগ্রহ না করে শুধু সংগ্রহ পরবর্তী ফলন নিয়ন্ত্রণ/ পরিচালনার করলে তা অন্তর্ভুক্ত হবে না।
- d) ফলন নিয়ন্ত্রণ/ পরিচালনা অন্তর্ভুক্ত হবে যতক্ষণ পর্যন্ত উৎপাদিত ফসল উৎপাদক অথবা তার কতৃক নিয়োগকৃত কারো নিয়ন্ত্রণে অথবা পরিচালনায় থাকে, যদি না এমন কোনো লিখিত প্রমাণ/ দলিল (শর্ত, চুক্তি, ইত্যাদি) থাকে যা প্রমাণ করে যে- ফলনের মোড়কজাত/ পরিচালনা/ সংরক্ষণ জনিত কাজগুলো উৎপাদকের নিয়ন্ত্রণে নেই, ফলনটি উৎপাদকের কাছে ফেরানো হবে না এবং উৎপাদক সেই ফলনের মালিক হবে না।
- e) যদি সংগৃহীত ফলন নিয়ন্ত্রণ ইউনিট (Produce Handling Unit- PHU) এর কাছে GFSI (www.mygfsi.com) স্বীকৃত সংগ্রহ পরবর্তী নিরাপত্তা বিষয়ক সনদ থাকে, তবে GLOBALG.A.P. এর নিরীক্ষকগণ তার পৃথকীকরণতা এবং অনুসরণযোগ্যতা (AF.১১, AF.১৩, CB.১.১) পরীক্ষা করে দেখবে এবং তার পাশাপাশি (যদি প্রযোজ্য হয়) ফসল সংগ্রহ পরবর্তী ব্যবস্থাও (FV.৫.৮.১-১০) পরীক্ষা করে দেখবে, যদি না GLOBALG.A.P. এর সাথে GFSI স্বীকৃত ফার্ম সংগ্রহ পরবর্তী নিরাপত্তা বিষয়ক স্ট্যান্ডার্ড/মান সম্পর্কিত বিষয়গুলো উল্লেখপূর্বক লিখিত কোনো দ্বিপাক্ষিক চুক্তি না থাকে।

যদি কোনো উৎপাদক তার খামারে ফলন নিয়ন্ত্রণ/ পরিচালনায় নিযুক্ত না থাকে, কিন্তু অন্য কোনো উৎপাদক যার ফলন নিয়ন্ত্রণ/ পরিচালনা সহকারে GLOBALG.A.P.-এর সনদ রয়েছে (ফলন নিয়ন্ত্রণ/পরিচালনা অন্তর্ভুক্ত) তাকে সহযোগিতা করে, সেক্ষেত্রে প্রত্যয়ন কমিটি (Certification Body- CB) অন্য কোনো CB এর প্রত্যয়ন গ্রহণ করতে পারে বা CB-এ তার নিজস্ব ফলন নিয়ন্ত্রণ ইউনিট (PHU) এর নিরীক্ষণের মাধ্যমে সিদ্ধান্ত নিতে পারে।

৩. অনুরূপ অথবা সাদৃশ্য (সমান্তরাল) উৎপাদন/মালিকানা

ফসল প্রত্যয়নে, অনুরূপ উৎপাদন ব্যবস্থায় একই স্থানে এমন ফলন করা যাবেনা যতক্ষণনা তাদের মধ্যে কোনো নির্ণয়যোগ্য দৃশ্যমান পার্থক্য রয়েছে (যেমনঃ চেরি টমেটো এবং রোমা টমেটো), যা সাধারণ ভোক্তারা সহজেই প্রত্যয়িত এবং অপ্রত্যয়িত পণ্য হিসেবে সনাক্ত করে ফেলতে পারে।

অনুরূপ অথবা সাদৃশ্য উৎপাদন (PP):

PP হল এমন একটি পরিস্থিতি যেখানে উৎপাদক, উৎপাদকের সদস্য অথবা উৎপাদক দল একই ধরনের অথবা শ্রেণীর ফসল উৎপাদন করে- যার কিছু অংশ প্রত্যয়িত এবং কিছু অংশ প্রত্যয়িত নয়। আবার যদি প্রত্যয়নের জন্য নিবন্ধিত কোন ফসল, কোন উৎপাদক দলের কিছু সদস্য উৎপাদন করে আর কিছু সদস্য না করে থাকে তাহলে তাকেও PP বলা হবে যা প্রত্যয়নের আওতাধীন। উদাহরণ: একজন উৎপাদক যদি আম ও বরই চাষ করে। এবং শুধু আম প্রত্যয়িত কিন্তু বরই প্রত্যয়িত নয়। তাহলে তাকে অনুরূপ অথবা সাদৃশ্য উৎপাদনের আওতায় (PP) বিবেচিত হবেনা।

অনুরূপ অথবা সাদৃশ্য মালিকানা (PO):

PO হল এমন একটি পরিস্থিতি যেখানে উৎপাদক, উৎপাদকের সদস্যরা বা উৎপাদক দল প্রত্যয়িত উৎপাদনের অধীনে চাষ করা একই ধরনের ফসলের জন্য, প্রত্যয়িত নয় এমন পণ্য ক্রয় করে। উদাহরণ: একজন উৎপাদক প্রত্যয়িত আম চাষ করে এবং অন্য উৎপাদকের থেকে প্রত্যয়িত নয় এমন আম কেনে।

8. মূল্যায়ন প্রক্রিয়াঃ

8.1 নিরীক্ষণের সময়

সাধারণ বিধিবিধানে বর্ণিত নিরীক্ষণ সময়ের নিয়মের সাথে নিম্নলিখিত বিধিগুলো প্রয়োগ করা হবে:

8.1.1 প্রারম্ভিক (প্রথম) নিরীক্ষণগুলো

- (i) প্রারম্ভিক নিরীক্ষণের আওতায় প্রত্যেকটি ফসল সংগ্রহকালীন কার্যক্রমগুলো এবং যদি প্রযোজ্য হয় তাহলে সংগ্রহ পরবর্তী রক্ষণাবেক্ষণ গুলো প্রত্যয়নের জন্য বিবেচিত হবে। সম্ভব হলে অন্যান্য কার্যক্রমগুলো ও পরীক্ষা করতে হবে যদিও তা বাধ্যতামূলক নয়।
- (ii) নিরীক্ষক, ফসল সংগ্রহের কাছাকাছি সময় এই নিরীক্ষণটি সম্পাদন করবেন এবং ঐ সময়ের মধ্যে তাকে যতবেশী সম্ভব নিরীক্ষণের গুরুত্বপূর্ণ বিষয়গুলো যাচাই করতে হবে।
- (iii) যদি ফসল সংগ্রহের আগে নিরীক্ষণ করা হয় তাহলে নির্দিষ্ট কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিরীক্ষণ করা সম্ভব হবে না। সেক্ষেত্রে হয় আরেকটি পরিবদর্শনের দরকার হবে, আর তা না হলে প্রমাণ হিসেবে সংশ্লিষ্ট ফটো/ছবি- ফ্যাক্স বা অন্যান্য কোনো স্বীকৃত উপায়ে পাঠাতে হবে। নিরীক্ষণের সময় সমস্ত অনুসরণীয় বিষয়গুলো পাওয়া না গেলে এবং নিষিদ্ধ বিষয়গুলো (নন কনফারমেন্স) বাতিল/সংশোধন করা না হলে কোনো প্রত্যয়ন ইস্যু করা যাবেনা।
- (iv) যদি নিরীক্ষণের পূর্বেই ফসল সংগ্রহ করা হয় তবে উৎপাদককে সেই ফসল সংগ্রহকালীন কার্যক্রমগুলো যথাযথ অনুসরণের প্রমাণ সংরক্ষণ করতে হবে, অন্যথায় ফসল সংগ্রহকালীন কিছু গুরুত্বপূর্ণ বিষয়গুলো পরীক্ষিত নাও হতে পারে এবং এতে প্রত্যয়ণ/সনদ প্রদান সম্ভব হবে না।
- (v) প্রত্যয়ন কমিটিকে (Certification Body- CB) নিশ্চিত করতে হবে যে আকস্মিক নিরীক্ষণকালীন সময় সংগৃহীত নমুনায়, ঐ সমস্ত উৎপাদক অন্তর্ভুক্ত হবেন যাদেরকে প্রথমবার ফসল সংগ্রহ কার্যক্রম নিরীক্ষণ করা হয়নি অথবা যার পরবর্তী ফসল সংগ্রহকালীন সময় আকস্মিক/ হঠাৎ হওয়ার সম্ভাবনা রয়েছে (নিরীক্ষণকালীন সময় নির্ধারণ নিয়ে আলোচনার সময় উৎপাদককে এই বিষয়টি জানিয়ে দিতে হবে)। এছাড়া, প্রত্যয়ন কমিটিকে যে করেই হোক ফসল সংগ্রহকালীন সময় আকস্মিক নিরীক্ষণটি নিশ্চিত করতে হবে।
- (vi) একাধিক শস্য: উৎপাদক ভিন্ন ভিন্ন মৌসুমে উৎপাদিত একাধিক ফসলের জন্য প্রত্যয়ন চাইতে পারে - যেমনঃ একটি ফসল সংগ্রহের সময়ের সাথে অন্য একটি ফসল সংগ্রহের সময় নাও মিলতে পারে। এই ক্ষেত্রে একই মৌসুমে উৎপাদিত, একই সময় সংগৃহীত এবং একই ধরনের ঝুঁকি কবলিত ফসলগুলোকে বেছে নিয়ে শ্রেণীবদ্ধ করে উপরের বিষয়টি বিবেচনায় নিতে হবে। উপরোক্ত আবশ্যিকতাগুলো একই ধরনের চাষ প্রক্রিয়া, ফসল সংগ্রহ, ঝুঁকি সম্বলিত ক্রপ গ্রুপিং এর ক্ষেত্রে প্রযোজ্য। প্রত্যয়ন প্রদানের পূর্বে প্রত্যয়ন কমিটিকে ঐসব ফসল অথবা ফসলশ্রেণীর গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিরীক্ষণ করতে হবে। উদাহরণ: আপেলকে যখন নাশপাতির শ্রেণীতে প্রত্যয়নের জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে তখন আপেল সংগ্রহকালীন সময় আপেলকে পৃথকভাবে নিরীক্ষণের প্রয়োজন নেই। তত্বেও আপেলকে প্রত্যয়নের জন্য বিবেচনায় নেয়া যাবে যদি প্রত্যয়নের জন্য তার সকল বিবেচ্য বিষয়গুলো যাচাই করা হয়। তবে প্রত্যয়নের জন্য এর সাথে পালংশাককে অন্তর্ভুক্ত করতে হলে পৃথকভাবে ফসল সংগ্রহকালীন নিরীক্ষণের প্রয়োজন হবে।

8.1.2 পরবর্তী নিরীক্ষণগুলো

- ১। ফসল সংগ্রহের পর প্রসঙ্গিক কৃষিসংক্রান্ত (গুদামজাতকরণ ছাড়া) কার্যক্রমগুলো করার সময় এই নিরীক্ষণটি করতে হবে। নিরীক্ষণের সময় প্রত্যয়ন কমিটিকে নিশ্চিত করতে হবে যে নিবন্ধিত শস্যের এমনকি নিরীক্ষণের সময় উপস্থিত না থাকলেও তা প্রত্যয়নের জন্য বিবেচিত প্রত্যেকটি প্রয়োজনীয়তাকে অনুসরণ করেছে। যখন সময় হয়নি অথবা যখন এই সংক্রান্ত কার্যক্রম ন্যূনতম, তখন নিরীক্ষণ করা যাবে না।
- ২। যদি সংগৃহীত ফসল পরিচালনা, প্রত্যয়নের আওতাভুক্ত থাকে তাহলে সংগৃহীত ফসল পরিচালনার জন্য কার্যক্রম

প্রতি বছরে নিরীক্ষণ করতে হবে। এই নিরীক্ষণটি পরিচালনা চলাকালীন সম্পাদন করতে হবে। যদি প্রত্যয়ন কমিটি ঝুঁকি মূল্যায়নের সময় অত্যন্ত কম ঝুঁকি দেখতে পায় তাহলে প্রতি দুই বছরে একবার নিরীক্ষণ করা যাবে। ঝুঁকি মূল্যায়নের সময় পণ্যগুলোর মোড়কজাত করার পদ্ধতি বিবেচনায় নিতে হবে এবং তার পাশাপাশি GLOBALG.A.P. এর নির্দেশিত খাদ্য সুরক্ষার বিষয়গুলো বিবেচনায় নিতে হবে। প্রত্যয়ন কমিটি, নিরীক্ষণের সময় বেছে নেয়ার কারণ ও তার যৌক্তিকতা বিশ্লেষণ করে ব্যাখ্যা করবে। এর ব্যতিক্রম কেবলমাত্র Option ১ এর QMS ছাড়া উৎপাদকের ক্ষেত্রে প্রযোজ্য।

৩। যদি সংগৃহীত ফসল পরিচালনা (পন্য হ্যান্ডলিং), প্রত্যয়নের আওতাভুক্ত না থাকে তাহলে প্রতি দু'বছরে কমপক্ষে একবার ফসল সংগ্রহের সময় নিরীক্ষণ করতে হবে। তার পরের বছরে ফলন সংগ্রহের সময় নিবন্ধিত ফসলগুলোর মধ্যে কমপক্ষে একটি পণ্য নিরীক্ষণ করতে হবে। একই মৌসুমে উৎপাদিত, একই সময় সংগৃহীত এবং একই ধরনের ঝুঁকি কবলিত শস্যগুলোকে নিয়েই ফসলগ্রহণ/ শ্রেণী তৈরী করতে হবে। প্রত্যয়ন কমিটি, নিরীক্ষণের সময় বেছে নেয়ার কারণ, তার যৌক্তিকতা ও ফসলগ্রহণ/ শ্রেণীর বিষয়গুলো বিশ্লেষণ করে ব্যাখ্যা করবে। ফসলগুলি নিম্নলিখিতভাবে দলভুক্ত করা যেতে পারে:

ক) যান্ত্রিকভাবে কাটা ফসল: যদি এটি ফসল সংগ্রহের একমাত্র পদ্ধতি হয় তবে এই ক্ষেত্রে ফসল কাটার সময় তা পর্যবেক্ষনের প্রয়োজন নেই। ফসল কাটার পরে বা আগে শুধুমাত্র মেশিন এবং ফসল কাটার মেশিন অপারেশন সম্পর্কিত রেকর্ড চেক করাই যথেষ্ট।

খ) কম ঝুঁকিপূর্ণ ফসল যা হাতের মাধ্যমে সংগ্রহ। পণ্য কম ঝুঁকিপূর্ণ হয় যখন:

- খাওয়ার আগে সবসময় রান্না করা হয়, বা
- সবসময় খাওয়ার আগে পরিষ্কার হওয়া, যেমন পরিষ্কার হওয়া ছাড়া খাওয়া যাবে না, অথবা
- শুকনো বাদাম, বা
- খাওয়ার অযোগ্য খোসা বা খোলসহ পণ্য, বা
- ফসল সংগ্রহের পর রোগবালাই দূর করার জন্য ব্যবস্থা নেয়া হয়, বা
- সম্পর্কিত পণ্য সংক্রান্ত কোন পরিচিত খাদ্য নিরাপত্তা ঘটনা নেই।

গ) উচ্চ ঝুঁকিপূর্ণ ফসল যা হাতের মাধ্যমে সংগ্রহ। অন্য সব পণ্য (যা ২ এ অন্তর্ভুক্ত নয়) উচ্চ ঝুঁকি হিসাবে গণ্য করা হয়।

ঘ) ফসল উত্তোলনে পানি বা বরফ ব্যবহার হলে এবং

ঙ) মাঠের মধ্যে প্যাকিং হলে।

৪। যদি উৎপাদক নিবন্ধিত কোনো শস্যের পরের মৌসুমে প্রত্যয়নটি বহাল রাখতে আগ্রহী না থাকে তাহলে প্রত্যয়ন কমিটিকে এমন সুযোগের ব্যবস্থা রাখতে হবে যেন এমন পরিস্থিতি তৈরী না হয় যে ঐ একটি প্রত্যয়ন পত্র/সনদ দিয়ে একই বছরের একাধিক উৎপাদন ও ফসল সংগ্রহের মৌসুম চালাতে না পারে - যেমনঃ প্রত্যয়নপত্রের বৈধতা সংক্ষিপ্ত/ রহিত করণের মাধ্যমে। প্রত্যয়ন কমিটি / CB চাইলে পুননুমোদনের জন্য ফসল সংগ্রহের সময়কাল অনুসারে নির্দিষ্ট তারিখ ঠিক করতে পারে। উদাহরণ: ব্লু-বেরি চাষের সময়কাল হল গোটা অক্টোবর মাস। প্রথম নিরীক্ষণটি অক্টোবর ২০২০ সালে হয় এবং নভেম্বর ২০২০ এর শেষ থেকে ২০২১ এর নভেম্বর পর্যন্ত প্রত্যয়নপত্র/ সনদ ইস্যু করা হয়। এই প্রত্যয়নপত্র/ সনদ এর আওতায় ২০২০ এবং ২০২১ সালের ফসল সংগ্রহ ও বিক্রয় আন্তর্ভুক্ত। সুতরাং প্রত্যয়ন কমিটি / CB পুনরায় অনুমোদনের জন্য নির্দিষ্ট একটি তারিখ ঠিক করবে, যেমনঃ ১লা অক্টোবর, ২০২১। যদি উৎপাদক সেই নির্দিষ্ট তারিখের মধ্যে পুনরায় প্রত্যয়ন প্রাপ্তির জন্য সমর্থন না দেখায় তাহলে প্রত্যয়ন কমিটি / CB সেই প্রত্যয়নপত্রের বৈধতা সংক্ষিপ্ত/ রহিত করবে।

৫। একাধিক ধারাবাহিক শস্য/ফসলঃ প্রত্যয়নের জন্য সকল ফসলের উৎপাদন প্রক্রিয়াকে সরাসরি মূল্যায়ন করতে উৎপাদন স্থলে উপস্থিত থেকে, উৎপাদক ও কর্মীদের সাথে সরাসরি কথা বলে, তথ্য, উপাত্ত, ইত্যাদি পরীক্ষা করে নিরীক্ষণ সম্পন্ন করতে হবে। উৎপাদককে তার সমস্ত নিবন্ধিত পণ্যগুলোর জন্য অনুসরণীয় বিষয়গুলো ব্যবহারের

প্রমাণ রাখতে হবে। যদি ফসল সংগ্রহ মৌসুমে নিরীক্ষণ কার্যক্রম প্রয়োজন না হয় এবং যদি ফসলগুণ্ডোর উৎপাদনকাল ভিন্ন হয় তখন প্রত্যয়ন কমিটি / CB কে, কমপক্ষে একটি পণ্যের উৎপাদনকালীন কার্যক্রম সরাসরি উৎপাদন স্থলে উপস্থিত থেকে নিরীক্ষণ করার জন্য একটি নির্দিষ্ট সময়/ তারিখ নির্ধারণ করতে হবে।

৪.১.৩. আকস্মিক নিরীক্ষণ (শুধুমাত্র Option ১)

যদি কোনো প্রত্যয়ন কমিটি / CB কোনো উৎপাদন স্থানের প্রত্যয়নযোগ্য পণ্যের সংগ্রহকালীন কার্যক্রম নিরীক্ষণ করতে না পারে, তাহলে পরবর্তী ১২ মাসের মধ্যে ঐ স্থানে পণ্যের সংগ্রহকালীন কার্যক্রম মূল্যায়নের জন্য একটি আকস্মিক নিরীক্ষণ চালানোর জন্য সময় নির্ধারণ করতে হবে।

৪.২ পন্য হ্যান্ডলিং ইউনিট পরিদর্শন/নিরীক্ষণ (Option ২ এবং Option ১ (multisites) যা QMS-এর সাথে সম্পর্কিত)

ফল এবং শাকসব্জীর আওতায়, নিবন্ধিত পণ্যের সাইট/ এলাকা গুলোর মোট সংখ্যার বর্গমূল করে প্রাপ্ত সংখ্যার সাইটগুলোতে (যেখানে একাধিক উৎপাদকের পন্য পরিচালনা করা হয়) কার্যক্রম চলাকালীন সময় বছরে একবার CB নিরীক্ষণ চালাতে হবে। যদি সেখানে কেবলমাত্র একটি কেন্দ্রীয় পণ্য পরিচালনার ব্যবস্থা থেকে থাকে তাহলে প্রতি বছর নিরীক্ষণ করতে হবে।

৪.৩ নিরীক্ষণের সময়কাল

- নিরীক্ষণকালীন সময় খামার পরিচালনা পরিষদের সাথে মতবিনিময় করতে হবে, সকল গুরুত্বপূর্ণ বিষয়গুলো মূল্যায়ন করতে হবে, প্রযোজ্য মূল্যায়ন তালিকা/ চেকলিস্ট সম্পূর্ণ করতে হবে এবং এর ফলাফল উৎপাদকের কাছে উপস্থাপন করতে হবে।
- সাধারণত GLOBALG.A.P. এর অধীনে GLOBALG.A.P.-এর IFA ফসল উৎপাদনের এলাকা/সাইট নিরীক্ষণ এর সময় ৩ থেকে ৮ ঘন্টা হয় (Option ১ উৎপাদক)।
- সাধারণ পরিস্থিতিতে (যেখানে একটি এলাকা, এক বা একাধিক শস্য, সাধারণ যন্ত্রপাতি, কিছু কর্মী, কোনো ফলন পরবর্তী নিয়ন্ত্রণ নেই, পরবর্তী নিরীক্ষণ, নথিপত্র ইত্যাদি সুসংগঠিত) কমপক্ষে ৩ ঘন্টার সময় দিতে হবে।
- Option ২ এর আওতাধীন উৎপাদক দলের সদস্যদের খামারের পরিস্থিতির জটিলতার উপরে নির্ভর করে আরো সংক্ষিপ্ত সময়কালের জন্য নিরীক্ষণ চালানো যেতে পারে।
- যে সকল বিষয়গুলোর মূল্যায়ন ন্যূনতম ৩ ঘন্টা চেয়ে বেশি হবে তার তালিকা নিম্নে দেয়া হল (Option ১ এবং Option ২ এর সদস্যের জন্য প্রযোজ্য):

- প্রাথমিক পরিদর্শন
- পরবর্তী নিরীক্ষণ চলাকালীন নতুন ফসলের সংযোজন
- পরবর্তী নিরীক্ষণ চলাকালীন নতুন এলাকা সংযোজন
- গুদামজাতকরন অন্তর্ভুক্ত
- ফলন পরবর্তী পরিচালনা অন্তর্ভুক্ত
- বিভিন্ন প্রকার পণ্য (পন্য সমষ্টি/ দল)
- বিভিন্ন ধরনের সংগ্রহ কার্যক্রম (সংগ্রহকালীন পদ্ধতি)
- একাধিক সাইট এবং এলাকা
- একাধিক উপ-লক্ষ্য
- সাব-কন্ট্রাকটর/ উপাঠিকাদার ব্যবহার (তৃতীয় পক্ষ দ্বারা পরীক্ষিত নয়)।

সাধারণ বিধিবিধান - প্রথম অংশ (Part I)

অধ্যায় ৩: আবশ্যিক শর্তসমূহ

Part I - General Requirements

১. সূচনা

২. আদর্শ নথিগুলো

৩. প্রত্যয়ন বিকল্পসমূহ

৪. নিবন্ধন প্রক্রিয়া

৫. মূল্যায়নের প্রক্রিয়া

৬. প্রত্যয়ন প্রক্রিয়া

৭. ফার্ম এস্যুরার

সংযুক্তি: GLOBALG.A.P. নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য

১. সূচনা

এই নথিটি GLOBALG.A.P. ইন্টিগ্রেটেড ফার্ম অ্যাসিওরেন্স (IFA) এর প্রত্যায়নের নিয়ম বর্ণনা করে। এখানে “shall বা করতে হবে” শব্দটি আবশ্যিক ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে।

২. আদর্শ নথিগুলো (Normative documents)

নিম্নলিখিত আদর্শ নথি সব আবেদনকারীদের এবং GLOBALG.A.P. সনদপত্র ধারণকারীদের প্রত্যায়ন চাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য হবে:

- GLOBALG.A.P. প্রত্যায়ন এবং উপ-লাইসেন্সকরণ চুক্তিঃ এটি প্রত্যায়ন বিভাগ (CB) এবং উৎপাদনকারীর মধ্যে চুক্তি। যা GLOBALG.A.P. এর প্রত্যায়ন মঞ্জুর করার জন্য আইনি ফ্রেমওয়ার্ক স্থাপন করে।
- GLOBALG.A.P. প্রত্যায়ন এবং লাইসেন্স চুক্তিঃ CB এবং GLOBALG.A.P. এর মধ্যে চুক্তি।
- GLOBALG.A.P. নিয়ন্ত্রণের বিষয়গুলো এবং সম্মতির বৈশিষ্ট্য (CPCC): নথি যা উৎপাদনকারীর জন্য মেনে চলার প্রয়োজনীয়তা ঠিক করে।
- GLOBALG.A.P. যাচাই তালিকাঃ
 - নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতি বৈশিষ্ট্যের জন্য
 - গুণগত ব্যবস্থাপনা প্রক্রিয়ার (QMS) এর জন্য প্রয়োজনীয়তা (উৎপাদক দল এবং QMS সহ মাল্টিসাইট)ঃ গুণগত ব্যবস্থাপনা প্রক্রিয়াগুলো এর জন্য প্রয়োজনীয়তাগুলো স্থাপন করে। এই নথিগুলো সমস্ত নিরীক্ষা, পরিদর্শন ও স্ব-মূল্যায়নে ব্যবহার করা হয়।
- জাতীয় পর্যায়ে বাস্তবায়ন সম্পর্কিত নির্দেশিকা (NIG)- যা প্রাসঙ্গিক দেশে CPCC এর ব্যাখ্যা এবং সমন্বয় প্রদান করে। শুধু নিজ নিজ কারিগরী কমিটি দ্বারা অনুমোদিত দেশগুলোর জন্য প্রযোজ্য হবে।
- GLOBALG.A.P. সাধারণ প্রবিধান (GR)ঃ কিভাবে প্রত্যায়ন প্রক্রিয়া কাজ করে সেইসাথে গুণগত পরিচালনা প্রক্রিয়ার প্রয়োজনীয়তা ও সংশ্লিষ্ট বিষয়গুলো সংজ্ঞায়িত করে।
- GLOBALG.A.P. নির্দিষ্ট বিধি (যেমন, ফসল বিধিমালা, পশুসম্পদ বিধিমালা, মৎস্যচাষ বিধিমালা)ঃ প্রতিটি নির্দিষ্ট আওতার জন্য প্রত্যায়ন প্রক্রিয়া কিভাবে কাজ করে তা সংজ্ঞায়িত করে।
- কারিগরী সংবাদ ও নরমেটিভ হালনাগাদ GLOBALG.A.P. সচিবালয় এর মাধ্যমে জারি করা হয় ও GLOBALG.A.P. ওয়েবসাইটে প্রকাশিত হয়।

2.1 নথি নিয়ন্ত্রণ

- সব আদর্শ নথির সর্বশেষ সংস্করণগুলো GLOBALG.A.P. ওয়েবসাইট থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- ভাষাঃ মূল নথিটি ইংরেজিতে আছে। অন্য ভাষায় প্রকাশিত হলেই, একমাত্র সেই দাপ্তরিক GLOBALG.A.P. নথিগুলোকে সেই ভাষায় প্রত্যায়নের জন্য ব্যবহার করা যেতে পারে। অনুবাদগুলোর মধ্যে কোনো অসঙ্গতি লক্ষ্য করা গেলে ইংরেজি সংস্করণটি অনুসরণ করা হবে।
- নথিগুলোতে পরিবর্তন:
 - একটি অনন্য নথি কোড/নম্বর এবং একটি সংস্করণ নম্বর আর তারিখ সহ আদর্শ নথিগুলো শনাক্ত করা হয়।
 - সংস্করণের নামের তারিখ নথির প্রকাশনার তারিখ নির্দেশিত করে। “সংস্করণ হালনাগাদ নিবন্ধন” এর তারিখটি নথি কার্যকর হওয়ার তারিখ নির্দেশিত করে।
 - GR এবং CPCC নথিতে স্বাধীনভাবে হালনাগাদ করা হয়, কিন্তু একটি সংস্করণের পরিবর্তন সমস্ত

আদর্শ নথিকে প্রভাবিত করে।

৪. হালনাগাদগুলোকে দাপ্তরিক যোগাযোগ হিসাবে সমস্ত GLOBALG.A.P. অনুমোদিত CB তে পাঠানো হয়। এটি CB এর দায়িত্ব যে সেই হালনাগাদগুলোর সম্পর্কে ক্রেতাকে জানানো।
৫. পরিবর্তনের একটি সারসংক্ষেপ "সংস্করণ/সংস্করণ হালনাগাদ নিবন্ধন" বিভাগে নির্দেশিত থাকে।

৩. প্রত্যায়ন বিকল্পসমূহ বা সার্টিফিকেট অপশন

প্রাথমিক কৃষি পণ্যের যে কোন উৎপাদনকারী GLOBALG.A.P. যেকোন স্ট্যান্ডার্ড এর সার্টিফিকেশন এর জন্য আবেদন করতে পারে। GLOBALG.A.P. এর প্রত্যায়নের জন্য, “উৎপাদনকারী(রা)” শব্দটি কোনো একক ব্যক্তি বা ব্যবসাকে (কোম্পানী, পৃথক উৎপাদনকারী বা উৎপাদক দল) বোঝায় যা উৎপাদন প্রক্রিয়া এবং ঐ ব্যক্তি বা ব্যবসার দ্বারা বিক্রি করা নিজ নিজ আওতার পণ্যের জন্য আইনত দায়বদ্ধ। উৎপাদনকারীরা ২টি বিকল্পের যে কোনো একটি ব্যবহার করে প্রত্যায়নের জন্য আবেদন করতে পারে। এই সার্টিফিকেশন অপশন আবেদনকারীর প্রকৃতি ও আইনি সত্তার উপর নির্ভর করে।

৩.১ বিকল্প ১ (Option ১) একক প্রত্যায়ন

- a) একক উৎপাদনকারী প্রত্যায়নের জন্য আবেদন করবে।
- b) একক উৎপাদনকারী প্রত্যায়িত হলে তিনিই সনদপত্রের ধারক হবেন।

৩.১.১ বিকল্প (Option ১) কোনো QMS বাস্তবায়ন ছাড়াই মাল্টিসাইট

- a) একক উৎপাদনকারী বা একটি সংগঠন বিভিন্ন উৎপাদন স্থানের মালিক যেখানে পৃথক কোনো আইনি সত্তা নেই।

৩.১.২ বিকল্প ১ - QMS বাস্তবায়ন সহ মাল্টিসাইট (অংশ ২ দেখুন)

- a) একক উৎপাদনকারী বা একটি সংগঠন বিভিন্ন উৎপাদন স্থানের মালিক যা পৃথক আইনি সত্তা হিসাবে কাজ করে না, কিন্তু সেখানে QMS বাস্তবায়ন করা হয়েছে।
- b) এক্ষেত্রে সাধারণ প্রবিধান অংশ ২ এর বিধিমালা - গুণগত ব্যবস্থাপনা প্রক্রিয়া বিধিমালা (QMS বিধিমালা) প্রযোজ্য হবে।

৩.২ বিকল্প ২ Option 2 (অংশ ২ দেখুন)

- a) যদি একটি উৎপাদক দল দলীয় প্রত্যায়নের জন্য আবেদন করে।
- b) দল, একটি আইনি সত্তা হিসাবে, একবার প্রত্যায়িত হলে সেই দল সনদপত্রের ধারক হবে।
- c) দলকে QMS বাস্তবায়ন করতে এবং সাধারণ প্রবিধান অংশ ২ - QMS বিধিমালা এ ঠিক করা বিধিমালা মেনে চলতে হবে।

৩.৩ বেঞ্চমার্ক পদ্ধতিগুলো

বেঞ্চমার্ক স্কিমের অধীনে প্রত্যায়নের বিভাগগুলো GLOBALG.A.P. বেঞ্চমার্ক বিধিমালার মধ্যে ব্যাখ্যা করা হয়।

৪. নিবন্ধন প্রক্রিয়া

৪.১ প্রত্যায়ন বিভাগ/ Certification Body

- a) আবেদনকারীরা, প্রথম ধাপ হিসাবে, একটি GLOBALG.A.P. অনুমোদিত certification body

(CB) পছন্দ করবে। অনুমোদিত CB এর যোগাযোগের তথ্য GLOBALG.A.P. ওয়েবসাইটে অন্তর্ভুক্ত রয়েছে। প্রাসঙ্গিক স্ট্যাভার্ড এর জন্য পছন্দকৃত CB অনুমোদিত কিনা তা যাচাই করে নেওয়া আবেদনকারীদের দায়িত্ব।

- b) CB আবেদনকারী উৎপাদককে নিবন্ধনের জন্য এবং GLOBALG.A.P. ডেটাবেসে তার তথ্য হালনাগাদ করা এবং ফি সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত।

8.২ নিবন্ধন

8.২.১ সাধারণ

- a) আবেদনকারীকে কমপক্ষে সংযুক্তি ১.২ এর মধ্যে বর্ণিত তথ্য প্রদান করতে হবে (GLOBALG.A.P. নিবন্ধনের তথ্যের প্রয়োজনীয়তা)। নিবন্ধন করার দ্বারা, আবেদনকারী সর্বদা প্রত্যায়নের প্রয়োজনীয়তা মেনে চলার অঙ্গীকার করে, CB এর কাছে তথ্যের হালনাগাদ সম্পর্কে তথ্য প্রদান এবং GLOBALG.A.P. এবং CB এর দ্বারা প্রতিষ্ঠিত প্রযোজ্য ফি প্রদান করতে সম্মত থাকবে।
- b) আবেদনকারীকে অনন্য GLOBALG.A.P. নম্বর (GGN) প্রদান করতে এই তথ্য ব্যবহার করা হবে যা সকল GLOBALG.A.P. কার্যক্রমের জন্য শনাক্তকারী হিসাবে ব্যবহৃত হবে।
- c) যদি আবেদনকারী GLOBALG.A.P. সার্টিফিকেট অপব্যবহার করে সেক্ষেত্রে তার কোনো প্রমাণ পাওয়া গেলে আবেদনকারীকে অপব্যবহারের প্রমাণের পরের ১২ মাস পর্যন্ত প্রত্যায়ন থেকে বাদ দেওয়া হবে। এছাড়াও আবেদনকারী তালিকাভুক্ত করা হবে এবং কোন নতুন আবেদনকারীকে প্রত্যায়িত করার পূর্বে উক্ত তালিকা চেক করা হবে। তবে যে কোন ধরনের অপব্যবহারে GLOBALG.A.P. উক্ত সদস্যদের সাথে যোগাযোগ করবে।
- d) গোপনীয়তা, তথ্যের ব্যবহার এবং তথ্য প্রকাশ:
- (i) নিবন্ধনের সময় আবেদনকারী GLOBALG.A.P. এবং প্রত্যায়ন বিভাগকে অভ্যন্তরীণ প্রক্রিয়াসমূহ এবং সেশন প্রক্রিয়াসমূহের জন্য নিবন্ধনের ডেটা/তথ্য ব্যবহারের লিখিত অনুমতি দেয়।
- (ii) GLOBALG.A.P. ডেটাবেসে/ তথ্য ভান্ডারে থাকা সমস্ত ডেটা/ তথ্য GLOBALG.A.P. এবং যথাযথ প্রত্যায়ন বিভাগের (CB) কাছে সহজলভ্য থাকে যাতে অভ্যন্তরীণ প্রক্রিয়াসমূহ এবং সেশন প্রক্রিয়াসমূহে এগুলো ব্যবহার করা যায়।
- (iii) ন্যূনতম এবং বাধ্যতামূলক তথ্য প্রকাশ স্তরের পাশাপাশি গোপনীয়তা এবং ডেটার/তথ্যের ব্যবহার সম্পর্কে বাড়তি তথ্য ডেটা অ্যাক্সেস বিধি দ্বারা সংজ্ঞায়িত হবে এবং ওয়েবসাইটে অন্তর্ভুক্ত থাকবে।
- (iv) যদি কোনো আবেদনকারী (কোম্পানি, একক উৎপাদনকারী অথবা একটি দলের সদস্য) ন্যূনতম তথ্য প্রদানে একমত না হয়, তবে আবেদনকারী উপ-লাইসেন্স ও প্রত্যায়ন চুক্তিতে থাকবে না এবং প্রত্যায়িত হবে না, কিংবা প্রত্যায়নে সচেষ্ট একটি উৎপাদক দলের অধীনে থাকবে না।
- (v) পয়েন্ট (iii) এ বিবৃত না থাকলে GLOBALG.A.P. বা CB আবেদনকারীর কোনো ডেটা বা তথ্য অন্য কোনো পক্ষকে আবেদনকারীর লিখিত অনুমতি ছাড়া দিতে পারবে না।
- (vi) GLOBALG.A.P. সংস্করণ ৫ থেকে তৎপরবর্তীকালে, উৎপাদনকারীর প্রত্যায়ন ইতিহাস (সনদপত্র বৈধতা - যাচাই সরঞ্জাম হিসাবে জনসাধারণের জন্য পূর্বে দেখানো তথ্য) বাজারের অংশগ্রহণকারীদের কাছে প্রদর্শিত হবে।
- e) CB এবং উৎপাদনকারীর মধ্যে কাজের চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বলবৎ থাকবে, পরবর্তীতে ৪ বছর পর পর নবায়ন করা হবে।
- f) কোনো আবেদক:

- (i) একই পণ্যকে বিভিন্ন CB বা বিভিন্ন প্রত্যায়ন বিকল্পে একবারের বেশি নিবন্ধিত করা যাবে না।
- (ii) বিভিন্ন পণ্যকে বিভিন্ন CB এবং/বা বিভিন্ন প্রত্যায়ন বিকল্পে নিবন্ধিত করা যাবে (যেমন: বিকল্প ১ এ আপেল এবং বিকল্প ২ তে চেরি; একটি CB তে আপেল এবং অন্য CB তে চেরি অথবা একই CB তে উভয় ফসল।)
- (iii) যে কোনো CB এর সাথে বিভিন্ন দেশের উৎপাদন স্থান বা দলের সদস্যদের নিবন্ধিত করা যাবে না। তবে GLOBALG.A.P. সচিবালয় ব্যতিক্রম মঞ্জুর করতে পারবে।
- (iv) একই পণ্যের জন্য GLOBALG.A.P. IFA V5 এবং একটি খাদ্য নিরাপত্তা স্ট্যান্ডার্ড (FSS) V5 এর সম্মিলিত প্রত্যায়নের নিবন্ধন করা যাবে, কিন্তু তা শুধু একই CB'র সাথে করতে হবে।
- (v) IFA এর অধীনে কিছু পণ্য এবং অন্যান্যগুলোকে একটি FSS এর অধীনে নিবন্ধন করা যাবে।
- g) নিবন্ধন সম্পূর্ণ করার জন্য, আবেদনকারীকে নিম্নলিখিত সকল শর্ত পূরণ করতে হবেঃ
- (i) CB এর কাছে প্রাসঙ্গিক আবেদন জমা দিতে হবে যাতে সমস্ত প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত থাকবে।
- (ii) CB সহ GLOBALG.A.P. এর উপ-লাইসেন্স ও প্রত্যায়ন চুক্তি এর সর্বশেষ সংস্করণের (GLOBAL G.A.P. ওয়েবসাইটে অন্তর্ভুক্ত) সাক্ষরিত অনুমোদন অথবা আবেদনকারীকে সেবা সম্পর্কিত কনট্রাক্ট/চুক্তিতে স্বাক্ষর সম্বলিত GLOBALG.A.P. এর উপ-লাইসেন্স ও প্রত্যায়ন চুক্তির প্রাপ্তি স্বীকার অন্তর্ভুক্ত করতে হবে এবং CB উৎপাদনকারীকে উপ-লাইসেন্স ও প্রত্যায়ন চুক্তির একটি কপি হস্তান্তর করবে।
- (iii) আবেদনকারীকে একটি অনন্য GLOBALG.A.P. নম্বর (GGN) বরাদ্দ করা, যদি তাদের ইতিমধ্যেই কোনো GGN বা একটি গ্লোবাল অবস্থান নম্বর (GLN) না থাকে।
- (iv) GLOBALG.A.P. এর বর্তমান ফি এর তালিকা (GLOBALG.A.P. ওয়েবসাইটে অন্তর্ভুক্ত) অনুসারে GLOBALG.A.P. নিবন্ধন ফি প্রদান করার জন্য লিখিত সম্মতি প্রদান করতে হবে।
- h) নিবন্ধনের প্রক্রিয়া, প্রাথমিক প্রত্যায়ন এবং স্থানান্তরের ক্ষেত্রে, পরিদর্শন করার আগে চূড়ান্ত করে নিতে হবে।
- i) প্রথম নিবন্ধনের ক্ষেত্রে CB আবেদনকারীকে নিশ্চিত করবে এবং সম্পূর্ণ আবেদন প্রাপ্তির দিন থেকে ২৮ ক্যালেন্ডার দিনের মধ্যে আবেদনকারীকে GGN প্রদান করবে।
- j) উৎপাদন এলাকা হিসাবে সংজ্ঞায়িত করা একটি উৎপাদন স্থান (যেমনঃ মাঠ, প্লট, পুকুর, খামার) যা একটি আইনি সত্তার মালিকানাধীন বা ভাড়া করা এবং চূড়ান্তভাবে পরিচালিত এবং যেখানে একই কাঁচামাল (উদাঃ পানি সরবরাহ, শ্রমিক, সরঞ্জাম, দোকান, ইত্যাদি) ব্যবহার করা হয়। একই সাইটে একাধিক সংশ্লিষ্ট এলাকা নাও থাকতে পারে (এলাকা, যা একটি সাধারণ সীমান্ত ভাগ করে না; অ-সংলগ্ন) এবং একই স্থানে একাধিক পণ্য উৎপাদন সম্ভব হয়। সমস্ত উৎপাদন স্থান যেখানে পণ্য(গুলো) যা GLOBALG.A.P. প্রত্যায়ন আওতায় অন্তর্ভুক্ত করা আছে, তা সনাক্ত করা এবং নিবন্ধিত করা হবে।
- উৎপাদন স্থানগুলোর জন্য প্রয়োজনীয়তাঃ
- (i) সমস্ত উৎপাদন স্থান আইনি সত্তার মালিকানাধীন বা ভাড়া করা এবং সরাসরি নিয়ন্ত্রণে থাকবে।
- (ii) ভাড়াকৃত অথবা আইনি সত্তায় মালিকানাধীন নয় এমন উৎপাদন স্থানগুলোর জন্য, সেখানে একটি সাক্ষরকৃত নথি থাকবে, যার মধ্যে পরিষ্কার ইঙ্গিত থাকবে যে, ভাড়া দেওয়া স্থানের উপর প্রকৃত মালিকের উৎপাদন কার্য সংক্রান্ত কোন দায়িত্ব বা পরামর্শ বা সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা থাকবে না। এছাড়া প্রতিটি উৎপাদন স্থানের মালিক এবং আইনি সত্তার মধ্যে লিখিত চুক্তি বলবৎ হবে যাতে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবেঃ
- সনদপত্রধারী/উৎপাদনকারী সদস্যের নাম এবং আইনি পরিচয়।

- স্থানের মালিকের নাম এবং/অথবা আইনি পরিচয়।
- স্থানের মালিকের যোগাযোগের ঠিকানা।
- স্বতন্ত্র উৎপাদন স্থানের বিবরণ।
- উভয় পক্ষের প্রতিনিধির স্বাক্ষর।

(iii) সনদপত্রধারী, বাজারে পণ্য পাঠানো সহ সব নিবন্ধিত উৎপাদনের জন্য আইনত দায়বদ্ধ।

- k) একটি পণ্য পরিচালনা ইউনিট (PHU) এমন একটি সুবিধা যেখানে পণ্য পরিচালনা করা হয়। উৎপাদনকারী যদি একটির বেশি PHU থাকে এবং GLOBALG.A.P. প্রত্যায়নের আওতায় অন্তর্ভুক্ত পণ্যগুলো এসব PHU তে পরিচালনা করে, তবে এ সকলকে সনাক্ত এবং নিবন্ধিত করতে হবে।

8.২.২ একটি নতুন CB তে নিবন্ধন

- a) কোনো নিবন্ধিত উৎপাদনকারী যদি ইতিমধ্যেই CB পরিবর্তন করে বা একটি ভিন্ন পণ্যের প্রত্যায়নের জন্য নতুন CB তে আবেদন করে তাহলে উৎপাদনকারীকে অবশ্যই GLOBALG.A.P. এর নতুন CB এর সাথে পূর্বে প্রাপ্ত GGN এর দিয়ে যোগাযোগ করতে হবে।
- b) সেশনপ্রাপ্ত সার্টিফিকেটধারী বহিরাগত CB সংশ্লিষ্ট নন কনফারমেন্স বন্ধ না করা পর্যন্ত CB পরিবর্তন করতে পারবেন না।
- c) একটি উৎপাদক দলের কোনো সদস্য দল ত্যাগ করে অন্য দলে নিবন্ধন করার জন্য অনুমোদিত নয় যদি সেখানে তার নামে দল থেকে জারীকৃত কোনো স্বগিতাদেশ থাকে বা সেখানে উৎপাদনকারীর সাথে সম্পর্কিত CB দ্বারা উত্থাপিত কোনো বিষয় থাকে যা এখনো সমাধান হয়নি।

8.৩ আবেদন ও সার্টিফিকেশনের আওতা

8.৩.১ GLOBALG.A.P. সাধারণ নিয়মকানুন এর অন্তর্গত স্ট্যান্ডার্ড/ মানসমূহঃ

GLOBALG.A.P. এর আওতায় প্রত্যায়ন নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত করেঃ

- a) শুধু প্রাথমিক পণ্যের নিয়ন্ত্রিত উৎপাদন প্রক্রিয়া নিবন্ধন পাবে। এটি বন্য/ধরা, সংগৃহীত অথবা বন্য অঞ্চলে আহরিত ফসল নিবন্ধনের জন্য অন্তর্ভুক্ত হবে না।
- b) শুধুমাত্র GLOBALG.A.P. ওয়েবসাইটে প্রকাশিত GLOBALG.A.P. পণ্য তালিকার মধ্যে অন্তর্ভুক্ত পণ্যগুলোকে প্রত্যায়নের জন্য নিবন্ধন করা যাবে। GLOBALG.A.P. পণ্য তালিকা সীমিত নয় এবং চাহিদার উপর ভিত্তি করে বাড়ানো যেতে পারে।
- c) নিবন্ধন কেবলমাত্র উৎপাদকদের নিজেদের দ্বারা উৎপাদিত পণ্যগুলোর জন্য প্রযোজ্য। উৎপাদনকারীরা নিজেরা উৎপাদন করেন না এমন পণ্যগুলির জন্য তারা প্রত্যায়ন গ্রহণ করতে পারবেন না।

IFA নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতি নির্ণায়ক (CPCC) ডকুমেন্ট বিভিন্ন মডিউলে বিভক্ত, সেগুলোর প্রতিটি অংশ আলাদা বিষয় বা উৎপাদন স্থানে কাজের স্তর অন্তর্ভুক্ত করে। এই মডিউলগুলোকে নিম্নবর্ণিতভাবে শ্রেণীবদ্ধ করা হয়েছেঃ

- a) স্কোপ মডিউলঃ এখানে জেনেরিক উৎপাদনের বিষয়গুলো অন্তর্ভুক্ত করে, আরও বিস্তৃতভাবে শ্রেণীবদ্ধ করে। এগুলো হলঃ সকল কৃষি বেস, ফসল বেস, পশুসম্পদ বেস, মৎস্যচাষ বেস মডিউল।
- b) সাব স্কোপ মডিউলঃ আরো নির্দিষ্ট উৎপাদন বিবরণ ব্যাণ্ড করে, পণ্যের প্রকার হিসেবে শ্রেণীবদ্ধ করে।

খাদ্য নিরাপত্তা স্ট্যান্ডার্ড (FSS) শুধুমাত্র IFA স্ট্যান্ডার্ডে দেওয়া উপ-আওতার খাদ্য নিরাপত্তা উপাদানসমূহ অন্তর্ভুক্ত করে।

8.৩.২ সমান্তরাল/পাশাপাশি উৎপাদন (PP) বা সমান্তরাল/ একত্র মালিকানা (PO)

8.৩.২.১ সংজ্ঞাসমূহ

সমান্তরাল উৎপাদন (PP):

PP এমন একটি অবস্থা যেখানে একক উৎপাদনকারী, উৎপাদনকারী সদস্য বা উৎপাদক দল আংশিকভাবে প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত একই পণ্য উৎপাদন করে। এছাড়াও এটি PP বিবেচনা করে যদি না উৎপাদক দলের সকলে একটি পণ্য তৈরি করে যা প্রত্যায়নের জন্য নিবন্ধিত করা হয় এবং প্রত্যয়নপত্রের আওতার মধ্যে অন্তর্ভুক্ত।
উদাহরণঃ একজন উৎপাদনকারী আপেল চাষ করে। আপেল উৎপাদনের শুধু একটি অংশ প্রত্যায়িত করা হবে। এমন একটি অবস্থা যেখানে কৃষক একটি পণ্য প্রত্যায়িত এবং অন্য একটি পণ্য অ-প্রত্যায়িত হিসাবে উৎপাদন করে, তা সমান্তরাল উৎপাদন নয় (যেমন: আপেল প্রত্যায়িত এবং নাশপাতি অ-প্রত্যায়িত)।

সমান্তরাল মালিকানা (PO):

PO এমন একটি অবস্থা যেখানে পৃথক উৎপাদনকারী, উৎপাদনকারী সদস্য বা উৎপাদক দল একই ধরনের অ-প্রত্যায়িত পণ্য তৈরি করে এবং সেই সাথে প্রত্যায়িত পণ্য উৎপাদন করে। উদাহরণ ১ঃ উৎপাদনকারী প্রত্যায়িত আপেল চাষ করে এবং অন্যান্য উৎপাদনকারীর(দের) থেকে অ-প্রত্যায়িত আপেল কেনে।

এটিকে PO হিসাবে বিবেচনা করা হবে না, যদিঃ

- একটি উৎপাদনকারী/ উৎপাদক দল অন্য কোনো GLOBALG.A.P. প্রত্যায়িত উৎপাদনকারীর(দের) থেকে অতিরিক্ত প্রত্যায়িত পণ্য কেনে।
- একটি প্রত্যায়িত উৎপাদনকারী একজন সাব কন্ট্রাক্টর হিসাবে অ-প্রত্যায়িত উৎপাদনকারীর জন্য পণ্যগুলো পরিচালনা করে, অর্থাৎ প্রত্যায়িত উৎপাদনকারী অ-প্রত্যায়িত পণ্যগুলো কেনে না।

8.৩.২.২ নিবন্ধন

যে কোনো আবেদনকারী/সনদপত্রধারী (পৃথক উৎপাদনকারী, মাল্টিসাইট বা উৎপাদক দল) যারা GLOBALG.A.P. এর নিবন্ধিত এবং অনিবন্ধিত পণ্যগুলোর মালিক (একই পণ্য), তাদের যে কোনো সময়ে সমান্তরাল উৎপাদনের (PP) বা সমান্তরাল মালিকানার (PO) জন্য নিবন্ধন করতে হতে পারে।

8.৩.২.২.১ নিবন্ধনের ধাপগুলো

- (i) নিবন্ধন প্রক্রিয়ার সময় উৎপাদনকারীকে PP/PO এর আবেদনের জন্য যথাযত CB কে জানাতে হবে। এছাড়াও উৎপাদকদলকে তাদের উৎপাদনকারী সদস্যদের স্পষ্ট পরিচয় দিতে হবে যারা প্রত্যায়নের আওতায় থাকা এই পণ্যকে অ-প্রত্যায়িত হিসাবে ক্রয়/বিক্রি করে (এবং তাই, প্রতিটি উৎপাদনকারী সদস্যদের জন্য “PO সহ” পণ্যগুলোকেও নিবন্ধিত হতে হবে)।
- (ii) CB, PP এবং/ বা PO এর জন্য GLOBALG.A.P. ডেটাবেসে/ তথ্য ভান্ডারে উৎপাদনকারীকে (পণ্য প্রতি) নিবন্ধিত করবে।
- (iii) উৎপাদনকারী PP/PO কার্যকলাপ শুরু করলে যে কোনো সময়ে PP/PO এর জন্য নিবন্ধন করতে পারে, কিন্তু অসম্মতির ক্ষেত্রে অনুমোদন এড়াতে অবিলম্বে সংশোধনী পদক্ষেপ হিসাবে নিবন্ধন ব্যবহার করতে পারবে না। অসম্মতি সনাক্ত করা হলে, সমগ্র উৎপাদন প্রক্রিয়ার জন্য কার্যকর সংশোধনমূলক ব্যবস্থা বাস্তবায়ন না হওয়া পর্যন্ত স্থগিতাদেশ জারী থাকবে।

উদাহরণ ১। একজন উৎপাদনকারীর পরিদর্শনের সময়, যে PP/PO এর জন্য নিবন্ধিত নয়, সেক্ষেত্রে CB একই ধরনের উৎপাদনকারী প্রত্যায়িত করেছে এরকম GLOBALG.A.P. এর অ-প্রত্যায়িত পণ্যগুলোর বিক্রি সনাক্ত করে। এইক্ষেত্রে, CB অবিলম্বে উৎপাদনকারীকে স্থগিত করে। স্থগিতাদেশ শুধুমাত্র PP/PO এর অধীনে নিবন্ধন এবং সমস্ত সন্ধানযোগ্যতা এবং পৃথকীকরণ প্রয়োজনীয়তা যাচাই করার পরেই স্থগিতাদেশ প্রত্যাহার করা যেতে পারে।

উদাহরণ ২। উৎপাদনের একটি নির্দিষ্ট অংশে অসম্মতি দেখা গিয়েছে এবং উৎপাদনকারী এটিকে পৃথক করতে এবং নিরীক্ষার সময় বাকি উৎপাদনের জন্য প্রত্যায়ন বজায় রাখতে চায়। এটি সম্ভব নয় এবং স্বাভাবিক অনুমোদন এবং প্রত্যায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে।

যদি উৎপাদনকারী তাদের সনদের মেয়াদ থাকার সময়ে PP/PO নিবন্ধন করতে চায় (কারণ তারা GLOBALG.A.P. এর অ-প্রত্যায়িত পণ্য কিনতে চায়, যা তারা নিবন্ধনের সময়ে নির্দিষ্ট করেনি), সেক্ষেত্রে প্রয়োজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট চেক করতে এবং GLOBALG.A.P. ডেটাবেস ও কাগজের সনদপত্রের মধ্যে তথ্য হালনাগাদ করতে CB কে বিশেষ পরিদর্শন/নিরীক্ষা করতে হবে। যদি উৎপাদনকারী মৌসুমের শুরুতে সমান্তরাল মালিকানার জন্য নিবন্ধিত হতে চান, যেখানে তারা অ-প্রত্যায়িত পণ্য কিনবে কিনা নিশ্চিত নয়, সেক্ষেত্রে সন্ধানযোগ্যতা এবং পৃথকীকরণ পদ্ধতি সহজলভ্য ও বাস্তবায়নের জন্য প্রস্তুত কিনা CB তা মূল্যায়ন করবে। যখন অ-প্রত্যায়িত উৎস থেকে পণ্যগুলো কেনা হয়, CB'র এর জন্য সংশ্লিষ্ট তথ্য প্রমাণ প্রয়োজন হয় (তথ্য ও সঠিক স্থানে থেকে মূল্যায়ন)।

৪.৩.২.৩ PP/PO এর জন্য নিবন্ধিত উৎপাদকারীদের চিহ্নিতকরণ

সনদপত্র যাচাই করার জন্য GGN ব্যবহার করা হয়। উৎপাদকারীর GGN নম্বর দিয়ে চূড়ান্ত পণ্য চিহ্নিতকরণের মাধ্যমে এটি সহজলভ্য করা হয়, যেখানে পণ্য একটি প্রত্যায়িত প্রক্রিয়া থেকে আসে (AF 13.2 GLOBALG.A.P. পণ্যের চিহ্নিতকরণ দেখুন), যা PP/PO এর জন্য নিবন্ধিত সমস্ত উৎপাদকারীর জন্য একটি বাধ্যবাধকতা। কাগজের সার্টিফিকেটে PP/PO উল্লিখিত থাকতে হবে এবং এছাড়াও GLOBALG.A.P. তথ্যভাণ্ডারে এর মধ্যে অনলাইন সনদপত্রের বৈধতা যাচাইয়ে দৃশ্যমান থাকবে।

৪.৩.২.৪ PP/PO সহ উৎপাদকারীর অতিরিক্ত প্রয়োজনীয়তা

সংশ্লিষ্ট উৎপাদন স্থানে/PHU এ সমস্ত পণ্য সন্ধানযোগ্য/ট্রেসেবল হবে এবং প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্য সম্পূর্ণরূপে সব সময়ে আলাদা থাকবে। উৎপাদকারীদের প্রদর্শন করতে সক্ষম হতে হবে যে তাদের সন্ধানযোগ্য এবং ধারণ প্রক্রিয়া পূর্ণ সন্ধানযোগ্যতার এবং পৃথকীকরণের নিশ্চয়তা দেয়। প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্য পরিচালনা একই PHU এ সম্পন্ন করা যাবে। একই উৎপাদনের স্থানে সমান্তরাল উৎপাদন মঞ্জুরিপ্রাপ্ত নয়।

৪.৩.৩ প্রমাণের দায়বদ্ধতা

- a) GLOBALG.A.P. সনদপত্রধারীর তথ্যের ক্ষেত্রে (যেমন MRL বেড়ে যাওয়া, জীবাণুর দূষণ, ইত্যাদি), যা প্রত্যায়িত অবস্থা/দাবিতে সম্ভাব্য প্রভাব ফেলতে পারে তা GLOBALG.A.P. সচিবালয় এ প্রেরণ করা হয়, GLOBALG.A.P. সাধারণ বিধিসমূহের যাচাই এবং সম্মতি প্রমাণ প্রদানের মাধ্যমে দাবি নিরসন করা সনদপত্রধারীর এবং সংশ্লিষ্ট CB এর দায়িত্ব।
- b) প্রাপ্ত তথ্য এবং গৃহীত ব্যবস্থা CB দ্বারা নির্ধারিত সময়সীমার মধ্যে GLOBALG.A.P. সচিবালয় এ রিপোর্ট করতে হবে।

- c) যদি সনদপত্রধারী এবং সংশ্লিষ্ট CB, GLOBALG.A.P. সচিবালয় এর নির্দিষ্ট করা সময়ের মধ্যে অনুরোধ করা সম্মতির বা কমপ্লায়েন্সের প্রমাণ প্রদান না করে, তবে GLOBALG.A.P. সাধারণ প্রবিধানগুলির নির্দেশিত পদ্ধতি অনুযায়ী তাদের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হবে।
- d) যদি প্রমাণে পরীক্ষাগারের বিশ্লেষণ অন্তর্ভুক্ত থাকে তবে, স্বীকৃত গবেষণাগার (ISO ১৭০২৫) এবং স্বাধীন নমুনায় (প্রাসঙ্গিক CPCC এ নির্দিষ্ট করা নিয়ম অনুযায়ী) অন্তর্ভুক্ত করতে হবে।

৫. মূল্যায়নের প্রক্রিয়া

প্রত্যয়ন অর্জন করার জন্য, নিবন্ধিত দলকে একটি স্ব-মূল্যায়ন (বিকল্প ১ এবং বিকল্প ১ QMS ছাড়া মাল্টিসাইট) বা অভ্যন্তরীণ পরিদর্শন/নিরীক্ষা (বিকল্প ১ QMS সহ মাল্টিসাইট এবং বিকল্প ২) পরিচালনা করতে এবং মনোনীত প্রত্যয়ন বিভাগ CB দ্বারা পরিদর্শন/নিরীক্ষা গ্রহণ করতে হবে। স্ব-মূল্যায়ন ছাড়া, এই ধরনের যে কোনো মূল্যায়নের সময়, সমস্ত প্রধান আবশ্যিক এবং সমস্ত অ-অনুবর্তী এবং প্রযোজ্য নয় এমন গৌণ আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্টের জন্য মন্তব্য প্রদান করতে হবে।

৫.১ বিকল্প ১ (Option ১) QMS ছাড়া পৃথক সাইট এবং মাল্টিসাইট

- a) এই বিভাগটি শুধু একটি উৎপাদনের স্থান বা একাধিক উৎপাদনের স্থান সহ একক আইনি সত্ত্বার (পৃথক উৎপাদনকারী বা কোম্পানি) জন্য প্রযোজ্য যা কোনো পৃথক আইনি সত্ত্বা নয় এবং QMS বাস্তবায়ন না করেই চালিত করা হয়।
- b) সার্টিফিকেট ইস্যু করার পূর্বে (প্রাথমিক মূল্যায়ন) এবং তারপরে প্রতিবছর (পরবর্তী মূল্যায়ন) মূল্যায়নের সংক্ষিপ্তসার গ্রহণ করতে হবেঃ

	মূল্যায়ন (প্রাথমিক ও পরবর্তী)
উৎপাদনকারীর স্ব-মূল্যায়ন	১. সমগ্র আওতা (সকল নিবন্ধিত সাইট)
CB দ্বারা বাহ্যিকভাবে মূল্যায়ণ	২. সমগ্র আওতার (সকল নিবন্ধিত সাইট) ঘোষিত পরিদর্শন ৩. প্রাথমিক প্রত্যয়নের পর- অঘোষিত পরিদর্শন (সর্বনিম্ন ১০% সনদপত্রধারীদের)

৫.১.১ স্ব-মূল্যায়ন

- a) স্ব-মূল্যায়নে এগুলো করতে হবেঃ
- প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্টে নির্দেশিত প্রয়োজনীয়তা মেনে চলছে কিনা যাচাই করতে প্রত্যয়ন আওতায় সকল নিবন্ধিত উৎপাদনের স্থান, পণ্য এবং প্রক্রিয়া যাচাই করা।
 - উৎপাদকের দ্বারা বা দায়িত্বের অধীনে স্ব-মূল্যায়ণ সম্পন্ন করতে হবে।
 - প্রাথমিক পরিদর্শন আগে এবং তারপরে সমস্ত প্রাসঙ্গিক আওতা (গুলো) এবং উপ-আওতা (গুলো) এবং নিবন্ধিত এলাকাগুলোর সম্পূর্ণ চেকলিস্টের (প্রধান ও গৌণ আবশ্যিক এবং সুপারিশ) হিসাবে, ঘোষিত পরবর্তী পরিদর্শনের আগে অন্তত প্রতিবছর একবার স্ব-মূল্যায়ণ করতে হবে। সম্পূর্ণ তালিকাটি সব সময় পর্যালোচনার জন্য সাইটে রাখতে হবে।
 - সব অ-প্রযোজ্য এবং অননুবর্তী / নন কমপ্লায়েন্ট নিয়ন্ত্রণ পয়েন্টের জন্য স্ব-মূল্যায়ন তালিকা পর্যবেক্ষিত প্রমাণের মন্তব্য থাকতে হবে।

৫.১.২ প্রত্যয়ন বিভাগের Certification Body পরিদর্শন

- এই পরিদর্শনগুলো (ঘোষিত ও অঘোষিত) কোনো CB পরিদর্শক বা নিরীক্ষক করবে
- CB কে প্রাসঙ্গিক আওতা(গুলো) এবং উপ-আওতার(গুলো) সম্পূর্ণ চেকলিস্ট পরিদর্শন করতে হবে

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

(প্রধান ও গৌণ অবশ্যক এবং সুপারিশ)।

(iii) পরিদর্শনে এগুলো কাভার হবেঃ

- সকল গৃহীত পণ্য এবং উৎপাদন প্রক্রিয়া;
- সমস্ত নিবন্ধিত উৎপাদনের সাইটগুলো;
- প্রতিটি নিবন্ধিত পণ্য পরিচালনার ইউনিট;
- যেখানে প্রাসঙ্গিক, প্রশাসনিক সাইটগুলো।

৫.১.২.১. ঘোষিত পরিদর্শন

প্রাথমিক মূল্যায়নে প্রতিটি উৎপাদনকারীকে একটি ঘোষিত CB পরিদর্শনের মধ্য দিয়ে যেতে হবে এবং তারপরে প্রতি বছরে একবার করে পরিদর্শন করতে হবে।

CB ঘোষিত পরিদর্শনকে ২টি মডিউলে ভাগ করতে পারে, যা একই পরিদর্শক/নিরীক্ষক দ্বারা যাচাইকৃত হতে হবেঃ

- অফ-সাইট মডিউল:** পরিদর্শন করার আগে উৎপাদনকারী দ্বারা CB কে প্রেরিত তথ্য সমূহের একটি ডেস্ক পর্যালোচনা করতে হবে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে- স্ব-মূল্যায়ন, ঝুঁকির মূল্যায়ন, বিভিন্ন CPCC এর মধ্যে প্রয়োজনীয় পদ্ধতি, বিশ্লেষণের রিপোর্ট, লাইসেন্স, ব্যবহৃত ওষুধের তালিকা, ব্যবহৃত উদ্ভিদ সুরক্ষা পণ্যের তালিকা, ল্যাব অ্যাক্রেডিটেশনের প্রমাণ, উপচুক্তিবদ্ধ কার্যক্রম পরিদর্শনের সনদপত্র বা উপ প্রতিবেদন, উদ্ভিদ সুরক্ষা পণ্য/সার/ওষুধ প্রয়োগের তথ্য, ইত্যাদি। অন-সাইট মডিউল পরিদর্শনের ২ সপ্তাহের বেশি আগে অফ-সাইট মডিউল পুনর্বিবেচনা করা হয় না।
- অন-সাইট মডিউল:** এটিতে তালিকার অবশিষ্ট সামগ্রী যেমন অন-সাইটে উৎপাদন প্রক্রিয়া এবং অফ-সাইট মূল্যায়নের তথ্য সরাসরি যাচাই করা হয়। দুটি মডিউল ব্যবহারের কারণ হল, অন-সাইটে অতিবাহিত সময় কমানো, যদিও পরিদর্শনের সামগ্রিক সময়কাল কমানো হয়না। এটি তার ক্রেতাকে অফ-সাইট মডিউল দিবে কিনা CB তার সিদ্ধান্ত নেয়। যদি কোনো ক্ষেত্রে CB তার ক্রেতাকে অফ-সাইট মডিউল দিতে চায়, তবে প্রতিটি উৎপাদনকারীর সঙ্গে পারস্পরিকভাবে সম্মতির ভিত্তিতে হতে হবে। গোপনীয় বলে মনে করলে উৎপাদনকারী নির্দিষ্ট অনুরোধ করা ডকুমেন্ট CB কে প্রেরণ না করার অধিকার রয়েছে। এই ক্ষেত্রে অন-সাইট পরিদর্শনকালে তথ্য উপস্থিত করতে হবে।

৫.১.২.২. অঘোষিত পরিদর্শন

- CB যাদের QMS ছাড়া বিকল্প ১ এর আওতায় প্রত্যায়িত করেছে সেই সকল উৎপাদনকারীর কমপক্ষে ১০% কে CB, সনদপ্রত্রের ১২ মাসের মেয়াদকালে অঘোষিত পরিদর্শন করতে হবে।
- এসময় CB কে প্রাসঙ্গিক আওতা(গুলো)এবং উপ-আওতার(গুলো) প্রধান ও গৌণ অবশ্যক পরিদর্শন করতে হবে। যেকোন নন কমপ্লায়েন্স একটি ঘোষিত পরিদর্শনকালে খুঁজে পাওয়া নন কমপ্লায়েন্স এর ন্যায় পরিচালনা করা হবে।
- CB উৎপাদনকারীকে অঘোষিত পরিদর্শনের আগাম বার্তা জানাতে পারে। তবে তা সাধারণত ৪৮ ঘন্টার পূর্বে হবে না (২টি কর্মদিবস)। ব্যতিক্রমী ক্ষেত্রে উৎপাদনকারী তাতে ব্যর্থ হলে (চিকিৎসা বা অন্য গ্রহনযোগ্য কারণে), তবে উৎপাদনকারী আরেকটি সুযোগ পাবেন। যদি প্রথম প্রস্তাবিত তারিখ গৃহীত না হয় তবে উৎপাদনকারী একটি লিখিত সতর্কীকরণ পাবেন। উৎপাদনকারী পরবর্তীতে পরিদর্শনের জন্য আরেকটি ৪৮ ঘন্টার বিজ্ঞপ্তি পাবেন। যদি অ-সমর্থনীয় কারণে তা পরিদর্শন না হয়, তবে সকল পণ্যের জন্য একটি স্থগিতাদেশ জারি করা হবে।

৫.১.২.৩. অঘোষিত পুরস্কার কর্মসূচী

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

- (i) উৎপাদনকারীরা অঘোষিত পুরস্কার কর্মসূচীতে অংশগ্রহণের জন্য সুযোগ পেতে পারেন। CB উৎপাদককে এই সম্পর্কে অবহিত করবে এবং অঘোষিত পুরস্কার কর্মসূচীর সুযোগ দিবে।
- (ii) অঘোষিত পুরস্কার কর্মসূচীর অধীনে, উৎপাদনকারী অতিরিক্ত ১০% অঘোষিত পরিদর্শনের আওতামুক্ত হবে। যদিও, ৫.১.২.২ এর মধ্যে বর্ণিত নিয়ম মেনেই বার্ষিক অঘোষিত পরিদর্শন করে। এটি CB দেরকে তাদের পরিদর্শন ফি কমাতে সহায়তা করতে পারে।
- (iii) অঘোষিত পুরস্কার কর্মসূচীর অধীনে করা পরিদর্শন সর্বদা প্রাসঙ্গিক আওতা ও উপ-আওতার অনুসারে সমগ্র IFA তালিকা ব্যবহার করে করা হয়।
- (iv) অঘোষিত পুরস্কার কর্মসূচীর অংশগ্রহণকারীদের অফ-সাইট মডিউল পরিদর্শনের পদ্ধতি থেকে বর্জন করা হয়।
- (v) GLOBALG.A.P. তথ্য ভাণ্ডারের এর মধ্যে একটি বৈশিষ্ট্য হিসাবে অঘোষিত পুরস্কার কর্মসূচীতে অংশগ্রহণ নিবন্ধন করা হয়।
- (vi) সমর্থনযোগ্য পরিস্থিতিতে (উদাঃ অভিযোগ অনুসরণ), সনদপত্রের মেয়াদ থাকার সময়কালেও CB এর অঘোষিত পরিদর্শনের সময় নির্ধারণের অধিকার রয়েছে।
- (vii) এছাড়াও যদি উৎপাদনকারীকে একটি অতিরিক্ত নিরীক্ষা করার প্রয়োজন হয় এবং অতিরিক্ত নিয়মগুলো স্পষ্টভাবে অঘোষিত অতিরিক্ত মূল্যায়নকে অগ্রাহ্য করে, তবে সে অঘোষিত পুরস্কার কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারবে না।

৫.২ QMS সহ বিকল্প ১ এবং বিকল্প ২ মাল্টিসাইট

- a) এই বিভাগটি একাধিক সাইট সহ দল এবং ব্যক্তির জন্য প্রযোজ্য, যারা এমন একটি QMS বাস্তবায়ন করেছে যা সাধারণ প্রবিধান অংশ ২ এ নির্দিষ্ট করা প্রয়োজনীয়তা মেনে চলে।
- b) প্রত্যায়নের আওতায় সব উৎপাদনকারী ও উৎপাদন সাইট সব সময়ে প্রত্যায়নের প্রয়োজনীয়তা মেনে চলছে কিনা নিশ্চিত করার জন্য আবেদনকারী দায়বদ্ধ।
- c) CB নমুনা ছাড়া সব উৎপাদনকারী ও উৎপাদন সাইট পরিদর্শন করবে না। তাই প্রতিটি উৎপাদনকারী ও উৎপাদন সাইটের সম্মতি নির্ধারণ করা CB এর দায়িত্ব নয় (এই দায়িত্ব আবেদনকারীর)। আবেদনকারীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ উপযুক্ত কিনা CB তা মূল্যায়ন করবে।
- d) সার্টিফিকেট ইস্যু করার আগে মূল্যায়নের সৎক্ষিপ্তসার দিতে হবে।

৫.২.১ অভ্যন্তরীণ মূল্যায়ন

- a) প্রত্যায়নের সকল প্রয়োজনীয়তা মেনে চলছে কিনা যাচাই করতে প্রত্যায়নের আওতায় সব পণ্য এবং প্রক্রিয়াসহ, আবেদনকারীকে সব উৎপাদনকারী এবং/অথবা উৎপাদন সাইটের অভ্যন্তরীণ মূল্যায়ন করতে হবে।
- b) সাধারণ প্রবিধানের অংশ ২ এর মধ্যে নির্দিষ্ট করা প্রয়োজনীয়তাগুলো মেনে চলছে কিনা তা দেখতে অভ্যন্তরীণ মূল্যায়ন করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্তঃ
 - (i) প্রথম CB নিরীক্ষার আগে অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা কমপক্ষে একটি QMS এর অভ্যন্তরীণ নিরীক্ষা করতে হবে এবং তারপরে প্রতি বছর একবার নিরীক্ষা করতে হবে।
 - (ii) প্রথম CB পর্যবেক্ষনের আগে প্রতিটি নিবন্ধিত উৎপাদনকারী, উৎপাদন সাইট এবং পণ্য পরিচালনা সুবিধার (PHU) জন্য কমপক্ষে একটি অভ্যন্তরীণ পর্যবেক্ষণ করতে হবে এবং তারপরে প্রতি বছর একবার নিরীক্ষা করতে হবে।

৫.২.২ প্রত্যয়ন বিভাগ CB গুণমাণ ব্যবস্থাপনা প্রক্রিয়া (QMS) নিরীক্ষা

- CB নিরীক্ষককে নিরীক্ষা (ঘোষিত ও অঘোষিত) করতে হবে
- নিরীক্ষা (ঘোষিত ও অঘোষিত) QMS তালিকার উপর ভিত্তি করে হবে যা GLOBALG.A.P. ওয়েবসাইটে অন্তর্ভুক্ত।

৫.২.২.১ QMS ঘোষিত নিরীক্ষা

CB প্রাথমিক মূল্যায়নে QMS এর একটি ঘোষিত নিরীক্ষা করবে এবং এবং তারপরে প্রতি বছর একবার নিরীক্ষা করবে। CB ঘোষিত নিরীক্ষাকে দুটি মডিউলে বিভক্ত করতে পারে, যা একই নিরীক্ষকের দ্বারা যাচাইকৃত হবে:

- অফ-সাইট মডিউল: এটি নিরীক্ষা করার আগে, QMS দ্বারা CB কে প্রেরিত ডকুমেন্টেশনের একটি ডেস্ক পর্যালোচনা নিয়ে গঠিত যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, অভ্যন্তরীণ নিরীক্ষা, অনুমোদিত উৎপাদনকারী সদস্য/উৎপাদন সাইটগুলোর অভ্যন্তরীণ নিবন্ধন, খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা, সাধারণ প্রবিধান অংশ ২ এর মধ্যে প্রয়োজনীয় পদ্ধতিগুলো, অবশিষ্টাংশ মনিটরিং সিস্টেম (ফ্রিকোয়েন্সি, পরামিতি, স্যাম্পলিং প্রোগ্রাম), অবশিষ্টাংশ বিশ্লেষণ প্রতিবেদন, লাইসেন্স, ব্যবহৃত ওষুধের তালিকা, ব্যবহৃত উদ্ভিদ সংরক্ষণ পণ্যের তালিকা, ল্যাব অ্যাক্রেডিটেশনের প্রমাণ, উপচুক্তিবদ্ধ কার্যক্রম পরিদর্শনের সনদপত্র বা উপ প্রতিবেদন, ইত্যাদি।
- অন-সাইট মডিউল: এটি QMS চেকলিস্টের অবশিষ্ট সামগ্রীর একটি অন-সাইট পরিদর্শন, তার সাথে অফ-সাইট মূল্যায়নের তথ্য যাচাই করা এবং অন-সাইটে ব্যবস্থাপনা প্রক্রিয়ার কাজ করার পদ্ধতিও (অভ্যন্তরীণ পরিদর্শন, সন্ধানযোগ্যতা, পৃথকীকরণ এবং বহু স্থিতি, কেন্দ্রীয় পণ্য পরিচালনা ইউনিট, ইত্যাদি) অন্তর্ভুক্ত হবে।

উভয় মডিউল ব্যবহার করার উদ্দেশ্য হল অন-সাইটে অতিবাহিত সময় কমানো, যদিও নিরীক্ষার সামগ্রিক সময়কাল কমানো হবে না। এটি তার ক্রেতাকে অফ-সাইট মডিউল অফার করবে কিনা CB তার সিদ্ধান্ত নেয়। যদি কোনো ক্ষেত্রে CB তার ক্রেতাকে অফ-সাইট মডিউল অফার করে, তবে প্রতিটি উৎপাদক দল/কোম্পানির সঙ্গে ব্যবহার পারস্পরিকভাবে সম্মত হবে। সেটিকে গোপনীয় বলে মনে করলে উৎপাদক দল/কোম্পানি CB কে নির্দিষ্ট অনুরোধ করা ডকুমেন্ট প্রেরণ না করার অধিকার রয়েছে। এই ক্ষেত্রে অন-সাইট নিরীক্ষায় তথ্য উপস্থিত করতে হবে।

৫.২.২.২ QMS অঘোষিত নিরীক্ষা

- CB কে প্রত্যয়িত উৎপাদক দল বা QMS সহ মাল্টিসাইটের কমপক্ষে ১০% কে অতিরিক্ত একটি অঘোষিত QMS নিরীক্ষা করতে হবে।
- কোনো সনাক্ত করা নন কনফরমেন্স একটি ঘোষিত নিরীক্ষার মতোই পরিচালনা করা হবে।
- CB সনদপত্রধারীকে অঘোষিত নিরীক্ষা সম্পর্কে অবহিত করতে পারে। এটি পরিদর্শনের সাধারণত ৪৮ ঘন্টার আগে হবে না (২টি কর্মদিবস)। ব্যতিক্রমী ক্ষেত্রে যেখানে প্রস্তাবিত তারিখ সনদপত্রধারীর ক্ষেত্রে মেনে নেওয়া অসম্ভব হয় (চিকিৎসা বা অন্য সমর্থনীয় কারণে), তবে একটি অঘোষিত নজরদারি পরিদর্শন সম্পর্কে অবহিত করার জন্য সনদপত্রধারী আরও একটি সুযোগ পাবেন। যদি প্রথম প্রস্তাবিত তারিখ গৃহীত না হয় তবে সার্টিফিকেট ধারক একটি লিখিত সতর্কীকরণ পাবেন। সার্টিফিকেট ধারক একটি পরিদর্শনের আরেকটি ৪৮ ঘন্টার বিজ্ঞপ্তি পাবেন। যদি অসম্মতির কারণে পরিদর্শন সেটিও না হয়, তবে সকল পণ্যের একটি সম্পূর্ণ স্থগিতাদেশ জারি করা হবে।

৫.২.৩ প্রত্যয়ন বিভাগের CB উৎপাদনকারী/উৎপাদন সাইট পরিদর্শন

- a) একজন CB পরিদর্শক বা নিরীক্ষককে পরিদর্শনের কাজ করতে হবে।
- b) সমস্ত পরিদর্শনের সময় CB কে প্রাসঙ্গিক আওতা(গুলো) এবং উপ-আওতার(গুলো) সম্পূর্ণ তালিকা পরিদর্শন করতে হবে (প্রধান ও গৌণ অবশ্যিক এবং সুপারিশ)।
- c) নির্বাচিত উৎপাদনকারী সদস্য বা উৎপাদন সাইটের পরিদর্শনে সব গৃহীত পণ্য, উৎপাদন প্রক্রিয়া এবং যেখানে প্রাসঙ্গিক সেখানে পণ্য পরিচালনা ইউনিট এবং প্রশাসনিক সাইট অন্তর্গত করবে।
- d) নতুন CB এর দ্বারা প্রাথমিক পরিদর্শন বা প্রথম পরিদর্শন: একটি সনদপত্র ইস্যু করার আগে, ন্যূনতম হিসেবে প্রত্যয়ন আওতায় উৎপাদনকারী/উৎপাদন সাইটের মোট সংখ্যার বর্গমূল (বা যদি সেখানে কোনো দশমিক হয় তবে পরবর্তী পুরো সংখ্যার নিখুঁত মান) পরিদর্শন করতে হবে। সনদপত্রের মেয়াদ থাকার সময়কালে, নিবন্ধিত উৎপাদনকারী/উৎপাদন সাইটের ৫০% বর্গমূলের (সর্বনিম্ন) নজরদারি পরিদর্শন করতে হবে।
- e) পরবর্তী নিরীক্ষণ:
 - (i) CB কে প্রতিবছর প্রতিটি উৎপাদক দল এবং মাল্টি-সাইটের জন্য ঘোষিত বাহ্যিক পরিদর্শন করতে হবে।
 - (ii) প্রক্রিয়ার নির্ভরযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যয়ন চক্রে পরিদর্শন দুটি পৃথক পরিদর্শনে বিভক্ত হবে:
 - পুনঃ প্রত্যয়ন নিরীক্ষা; এবং
 - উৎপাদনকারীর নজরদারি পরিদর্শন।
 এটি প্রত্যয়ন চক্রে প্রয়োজনীয় পরিদর্শনের ন্যূনতম সংখ্যা কমায় না।
 - (iii) প্রত্যয়ন চক্রে পরিদর্শন করা উৎপাদনকারী/সাইটের সংখ্যাকে, উৎপাদনকারী/উৎপাদন সাইটের বর্তমান সংখ্যার (একই উৎপাদনের ধরণ দ্বারা দলভুক্ত) বর্গমূলের সমান হতে হবে। উৎপাদনকারী/উৎপাদন সাইটের বর্গমূলের অর্ধেক (৫০%) নজরদারি পরিদর্শনের সময় পরিদর্শন করা হবে।
 - (iv) উৎপাদনকারী/উৎপাদন সাইটের বর্তমান সংখ্যার বর্গমূলের সাথে পূর্ববর্তী নজরদারি পরিদর্শনের সময় পরিদর্শন করা উৎপাদনকারী/উৎপাদন সাইটের সংখ্যার বিয়োগফলের হিসাবে CB দ্বারা নিম্নলিখিত নিয়মিত ঘোষিত নিরীক্ষার নমুনা আকার কমানো হতে পারে যতদিন নিম্নলিখিত পূর্বশর্ত পূরণ করা হবে:
 - উৎপাদনকারী/উৎপাদন সাইট নজরদারি পরিদর্শনের দিনে সেখানে কোনো অ-অনুরূপ সনাক্ত করা হবে না; এবং QMS নিরীক্ষার ফলাফল প্রক্রিয়ার কার্যোপযোগীতা সম্পর্কে সন্দেহ বাড়াবে না।

উদাহরণ ১ঃ প্রাথমিক নিরীক্ষার সময় CB কে ৫০ জন সদস্যের একটি উৎপাদক দলের ৮ জন সদস্যকে (৫০-এর বর্গমূল) পরিদর্শন করতে হবে। নিম্নলিখিত নজরদারি পরিদর্শনের সময় ৪ (০.৫ x ৮) জন সদস্যকে পরিদর্শন করতে হবে। প্রথম বছরে পরিদর্শন করা উৎপাদনকারীর মোট সংখ্যা হল ১২। পরের বছর, যেখানে পূর্ববর্তী ৪টি নজরদারি পরিদর্শনের সময় কোন অসম্মতি সনাক্ত করা হয় না, সেক্ষেত্রে পুনরায় প্রত্যয়ন নিরীক্ষার সময় CB কে ৪ জন সদস্যকে পরিদর্শন করতে হবে এবং তারপরে নজরদারি পরিদর্শনের সময় ৪ জন সদস্যকে।

উদাহরণ ২ঃ প্রাথমিক নিরীক্ষার সময়, ৫ জন সদস্যসহ একটি উৎপাদক দলের ৩ জন সদস্য (৫ এর বর্গমূল) এবং নিম্নলিখিত নজরদারি পরিদর্শনের সময় ২ (০.৫ x ৩) জন সদস্যকে পরিদর্শন করতে হবে। যদি আগামী বছরে দলের সদস্যদের মোট সংখ্যা কমে ৪ হয় এবং নজরদারি উৎপাদনকারীর পরিদর্শন কালে কোনো অসম্মতি/ নন কমপ্লায়েন্স সনাক্ত করা না হয়, তবে ১ জন উৎপাদনকারীকে পরিদর্শন করতে হবে।

(v) একটি প্রত্যয়নের সিদ্ধান্ত নেওয়ার আগে, গত ১২ মাসে কমপক্ষে বর্তমান উৎপাদনকারী/ উৎপাদন সাইটের মোট সংখ্যার বর্গমূল পরিদর্শন করতে হবে।

(vi) অ-সম্মতি বা নন কমপ্লায়েন্স রয়েছে কিনা দেখার জন্য তদন্ত করার প্রয়োজন রয়েছে কিনা দেখতে নজরদারি পরিদর্শনের সময় নমুনা বৃদ্ধি করার জন্য CB সিদ্ধান্ত নিতে পারে।

৫.৩ নিরীক্ষণের সময়

৫.৩.১ প্রারম্ভিক (প্রথম) পর্যবেক্ষণগুলো

- প্রথমবারের জন্য GLOBALG.A.P. প্রত্যায়ন খুঁজছেন এবং ইতিমধ্যেই উপস্থিত GLOBALG.A.P. সনদপত্রে একটি নতুন পণ্য যোগ করতে চায় এমন উৎপাদনকারীদের জন্য এই বিভাগটি প্রযোজ্য। উৎপাদনকারী যখন একটি CB থেকে অন্যটি বা GLOBALG.A.P. IFA স্ট্যান্ডার্ড থেকে সমতুল্য অনুমোদিত অন্য কোন স্কিমে পরিবর্তন করে, তখন এটিকে প্রথম পরিদর্শন বলে বিবেচনা করা হয় না, কিন্তু পরবর্তী পরিদর্শন বলে ধরা হয়।
- CB আবেদনকারীর নিবন্ধন গ্রহণ না করা পর্যন্ত কোন পরিদর্শন করা যাবে না।
- সনদপত্র ইস্যু করার আগে প্রথমবার প্রত্যায়নের জন্য নিবন্ধিত এবং গৃহীত পণ্যের প্রতিটির উৎপাদন প্রক্রিয়া সম্পূর্ণভাবে নিরূপণ করতে হবে (সব প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট যাচাই করতে হবে)।
- কোনো পণ্য যেটিকে এখনো চাষ করা হয়নি, সেটিকে সনদপত্রে অন্তর্ভুক্ত করা যাবে না (অর্থাৎ, ভবিষ্যৎ এর পণ্যকে প্রত্যয়িত করা যাবে না)।
- অঘোষিত পরিদর্শনের (QMS ছাড়া বিকল্প ১) বা একটি নজরদারি পরিদর্শনের সময় (বিকল্প ২/বিকল্প ১ সাথে QMS), ইতিমধ্যে বিদ্যমান সনদপত্রে একটি নতুন পণ্য যোগ করা সম্ভব হবে, যদি এই পণ্যের জন্য প্রদানকৃত সমস্ত প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট যাচাইকৃত হয়।
- আবেদনকারীকে নিবন্ধন তারিখ থেকে তৎপরবর্তীকালের বা প্রথম পরিদর্শন পরিচালিত হওয়ার অন্তত ৩ মাস আগের রেকর্ড রাখতে হবে, এক্ষেত্রে যেটি সবচেয়ে বেশী হবে এবং CB সেগুলোকে পরিদর্শন করবে।
- GLOBALG.A.P. এর সাথে নিবন্ধনের আগেই সংগ্রহ/প্রক্রিয়া করা পণ্য প্রত্যয়িত করা যাবে না।
- GLOBALG.A.P. উৎপাদনকারীর নিবন্ধনের আগের সংগৃহীত ফসল বা পণ্য পরিচালনার তথ্য সার্টিফাইড বলে বিবেচিত নয়।

৫.৩.২ পরবর্তী নিরীক্ষণ

- সনদপত্র ইস্যু করার আগে, নিবন্ধিত পণ্যের এবং প্রত্যায়নের জন্য গৃহীত প্রতিটি উৎপাদন প্রক্রিয়া প্রতি বছর সম্পূর্ণভাবে নিরূপণ করতে হবে (সব প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট যাচাইকৃত হবে)। উৎপাদনকারী CB পরিবর্তন করলেও এটি প্রযোজ্য হবে।
- একটি "পরিদর্শন সময়কাল" এর সময়ে যে কোনো সময় পরবর্তী পরিদর্শন করা যাবে যা ৮ মাস সময় পর্যন্ত বর্ধিত থাকে; সনদপত্রের মূল মেয়াদ শেষ হওয়ার তারিখের ৪ মাস আগে থেকে এবং সনদপত্রের মূল মেয়াদ শেষ হওয়ার পর ৪ মাস পর্যন্ত। উদাহরণ: ১ম সার্টিফিকেশনের তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২১ (মেয়াদ উত্তীর্ণের তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০২২)। যদি সার্টিফিকেটের মেয়াদ বাড়ানো হয় তবে ১৪ অক্টোবর ২০২১ থেকে ১৩ জুন ২০২২ এর মধ্যে ২য় পরিদর্শন করতে পারেন।
- পুনঃপ্রত্যায়নের জন্য সেখানে ২টি পরিদর্শনের মধ্যে ৬ মাসের ব্যবধান থাকতে হবে।

৬. প্রত্যায়ন প্রক্রিয়া

৬.১ নন কমপ্লায়েন্স এবং নন কনফারমেন্স

- নন কমপ্লায়েন্স (একটি নিয়ন্ত্রণ পয়েন্ট সহ): CPCC অনুসারে GLOBALG.A.P. চেকলিস্টের মধ্যে একটি অপ্রধান আবশ্যিক পূরণ না হলে।
- নন কনফারমেন্স (GLOBALG.A.P. প্রত্যায়ন বিধিমালা সহ): সনদপত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় একটি GLOBALG.A.P. বিধি লঙ্ঘন করা হয়েছে (যেমন, এক বা একাধিক প্রধান আবশ্যিকের সাথে বা প্রযোজ্য অপ্রধান আবশ্যিকের ৫% এর সাথে অ-সম্মতি)।

- c) চুক্তিভিত্তিক নন কনফারমেন্স : CB এবং উৎপাদনকারীর মধ্যে স্বাক্ষর করা GLOBALG.A.P. বিষয়ের সাথে সম্পর্কিত যে কোনো চুক্তি লঙ্ঘন করলে। **উদাহরণঃ** আইনি প্রয়োজনীয়তা মেনে চলে না এমন পণ্য কেনাবেচা করা; উৎপাদনকারীর সঙ্গে GLOBALG.A.P. প্রত্যয়ন সংক্রান্ত ভুয়া যোগাযোগ; GLOBALG.A.P. ফ্রেডমার্কেটের অপব্যবহার; বা চুক্তিভিত্তিক শর্ত অনুযায়ী টাকা পরিশোধ না করা; ইত্যাদি।

৬.২ GLOBALG.A.P. প্রত্যয়ন অর্জন এবং রক্ষণাবেক্ষণ করতে যা প্রয়োজন

প্রয়োজনীয়তা তিন ধরনের নিয়ন্ত্রণ পয়েন্ট নিয়ে গঠিত: প্রধান আবশ্যিক, অপ্রধান আবশ্যিক এবং সুপারিশকৃত। GLOBALG.A.P. প্রত্যয়ন অর্জন করতে নিম্নলিখিত জিনিসগুলো আবশ্যিক:

- প্রধান আবশ্যিক:** সমস্ত প্রযোজ্য প্রধান আবশ্যিক এবং QMS নিয়ন্ত্রণ পয়েন্ট ১০০% প্রতিপালন বাধ্যতামূলক।
অপ্রধান আবশ্যিক: সমস্ত প্রযোজ্য অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্ট ৯৫% প্রতিপালন বাধ্যতামূলক।
সুপারিশকৃত: সম্মতির প্রয়োজনীয়তার কোনো সর্বনিম্ন শতাংশ মান নেই।

৬.২.১. অপ্রধান আবশ্যিক সম্মতির হিসাব

- a) নূন্যতম অপ্রধান আবশ্যিক বা মাইনর মাস্ট হিসাব করার জন্য নিম্নলিখিত সূত্র প্রযোজ্য হবে:
 {(যথাযত উপ-আওতার জন্য অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্টের মোট সংখ্যা) - (প্রযোজ্য নয় এমন অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্ট)} × ৫% = মোট অনুমোদিত নন কমপ্লায়েন্স অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্ট
 যেমন, (সকল কৃষি + ফসল বেস + ফল এবং শাকসবজি: ১২২- ৫২ NA) × ০.০৫ = ৭০ × ০.০৫ = ৩.৫. - এই উদাহরণে অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্টের অ-সম্মতি অনুমোদিত মোট সংখ্যা হল ৩.৫, যা সর্বনিম্ন সংখ্যায় ধরা হবে। তাই এই উৎপাদনকারীর ৩ টি অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্ট কমপ্লাই না করলেও সার্টিফিকেট দেয়া হবে।
 b) সর্ব ক্ষেত্রে, সম্মতি দেখানোর হিসাব (বা অ-সম্মতি) পরিদর্শনের পরে সহজলভ্য হবে।

৬.২.২. প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট

- a) প্রধান ও অপ্রধান আবশ্যিকের সম্মতির শতাংশ গণনা করার জন্য বিবেচনা করা হবে এমন নিয়ন্ত্রণ পয়েন্ট, পণ্য ও প্রত্যয়নের আওতার উপর নির্ভর করে। আবেদক নিশ্চিত করবে যে প্রতিটি স্বতন্ত্র সাইট এবং পণ্য সনদপত্রের প্রয়োজনীয়তাগুলো অনুসরণ করে। এই ভাবে সম্মতি শতাংশ প্রতিটি সাইট এবং পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য সমস্ত নিয়ন্ত্রণের বিন্দু বিবেচনা করে গণনা করা হবে।
 উদাহরণঃ ফল এবং শাকসবজীর জন্য সনদপত্র চাওয়া কোনো উৎপাদককে প্রযোজ্য সমস্ত প্রধান আবশ্যিকের ১০০% ও অল ফার্ম (AF), ক্রপ বেস (CB) এবং ফ্রুট অ্যান্ড ভেজিটেবল (FV) মডিউলগুলোতে একত্রে প্রযোজ্য অপ্রধান আবশ্যিকগুলোর কমপক্ষে (৯৫%) পূরণ করতে হবে।
 b) QMS ছাড়া একটি মাল্টিসাইট পরিচালনার সম্মতির স্তরটি একই তালিকায় সম্পূর্ণ পরিচালনার জন্য গণনা করা হয়। এমন সমস্ত সাইটের প্রতি যে কোনো প্রযোজ্য নিয়ন্ত্রণের পয়েন্ট সমস্ত সাইটের জন্য বিবেচ্য হবে।
 c) QMS-এর সাথে একটি মাল্টিসাইট পরিচালনায় সম্মতির স্তরটি উৎপাদনের সাইট প্রতি নমুনার ভিত্তিতে গণনা করা হয়। প্রতিটি উৎপাদনের সাইটে প্রত্যয়নের প্রয়োজনীয়তাগুলোকে অনুসরণ করতে হবে। এমন সমস্ত সাইট প্রতি যে কোনো প্রযোজ্য নিয়ন্ত্রণের পয়েন্ট সমস্ত সাইটের (যেমন কেন্দ্রীয় রাসায়নিক

সংরক্ষনস্থান) জন্য বিবেচনা করা হবে ।

- d) কোনো উৎপাদক দলে সম্মতির স্তরটি উৎপাদক প্রতি নমুনা সংগ্রহের মাধ্যমে গণনা করা হয় । দলের প্রতিটি উৎপাদক সদস্যকে প্রত্যায়নের সকল প্রয়োজনীয়তাগুলোকে অনুসরণ করতে হবে । এমন সমস্ত সাইটের জন্য যে কোনো প্রয়োজ্য নিয়ন্ত্রণের বিন্দু সমস্ত উৎপাদকদের জন্য বিবেচিত হবে (যেমন কেন্দ্রীয় রাসায়নিক সঞ্চয়স্থান) ।

৬.৩ প্রত্যায়নের সিদ্ধান্ত

- a) যে কোনো বকেয়া নন কনফারমেন্স বন্ধের পরে সর্বাধিক ২৮ ক্যালেন্ডার দিবসের মধ্যে CB প্রত্যায়নের সিদ্ধান্ত গ্রহণ করবে । পরিদর্শন/নিরীক্ষণ চলাকালীন শনাক্ত হওয়া কোনো নন কনফারমেন্স শনাক্ত হলে তার অর্থ হলো CB কে পরিদর্শন/নিরীক্ষণ শেষ করার পরবর্তী ২৮ দিনের কম সময়ে সিদ্ধান্ত নিতে হবে ।
- b) CB গুলোর বিরুদ্ধে কোনো অভিযোগ বা আবেদন থাকলে তা CB'র নিজস্ব অভিযোগ ও আবেদনের পদ্ধতি অনুসরণ করবে, যা CB এর কাছে থাকবে এবং এর একটি ক্রেতারা জানাবে । যদি CB কোন ব্যবস্থা না নেয় সেক্ষেত্রে অভিযোগটি GLOBALG.A.P. ঘটনা/অভিযোগ ফর্ম ব্যবহার করে GLOBALG.A.P. সচিবালয় -এ জানাতে পারবে ।
- c) যদি উৎপাদক FSS-এর প্রধান আবশ্যিকগুলোর ১০০% এবং প্রয়োজ্য অপ্রধান আবশ্যিকের ৯৫% অনুসরণ করে তবে, সমতুল্য IFA সংস্করণ নিরীক্ষণের ফলাফলের ভিত্তিতে একটি ফুড সেফটি স্ট্যান্ডার্ড (FSS) সার্টিফিকেট দেয়া যাবে ।

৬.৪ সেশন

- a) যদি নন কনফারমেন্স শনাক্ত হয় তবে CB এই বিভাগে সূচিত একটি নিষেধাজ্ঞা প্রয়োগ করবে (সতর্কতা, স্থগিতকরণ অথবা বাতিলকরণ) ।
- b) যদি কোন পন্য স্বাস্থ্যগত ঝুঁকি থাকার কারণে কোন দেশের সরকার বা নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক অভিযুক্ত হয় তবে সেই সার্টিফিকেট সাসপেন্ড করা হবে এবং পুরো সার্টিফিকেশন রিভিউ করা হবে ।
- c) উৎপাদকরা নন কনফারমেন্স নিষ্পন্ন না করলে CB পরিবর্তন করতে পারবে না ।
- d) CB বা উৎপাদক দল নন কনফারমেন্স উত্তোলনের জন্য এই শর্তে দায়বদ্ধ, যাতে সংশোধনমূলক ক্রিয়াকলাপের পর্যাণ্ট এবং সময়মতো প্রমাণ রয়েছে (হয় একটি ফলো-আপ সাক্ষাৎকারের মাধ্যমে অথবা অন্যান্য লিখিত বা ভিজ্যুয়াল প্রমাণ) ।
- e) যে ক্ষেত্রে উৎপাদক IFA এবং একটি FSS-এর জন্য সনদপত্র প্রাপ্ত হয়, সে ক্ষেত্রে যদি অনুমোদনের কারণে FSS সনদপত্রের প্রয়োজনীয়তার তুলনায় নন কনফারমেন্স হয় তবে IFA এবং FSS সনদপত্রে উভয়েই প্রয়োজ্য হবে ।

৬.৪.১. সতর্কতা বা ওয়ার্নিং

- a) যেকোনো ধরনের অ-অনুসরণী বা নন কনফারমেন্স বিষয় শনাক্ত করা হলে তার জন্য একটি সতর্কতা জারি করা হয় (অর্থাৎ CPCC, GR অথবা চুক্তিগত প্রয়োজনীয়তার অ-অনুসরণীয় বিষয়) ।
- b) যদি নিরীক্ষণের সময় একটি অ-অনুসরণীয় বিষয় শনাক্ত করা হয় তবে নিরীক্ষণ চূড়ান্ত করার সময় উৎপাদকের জন্য একটি সতর্কতা জারি করতে হবে । এটি একটি সাময়িক ব্যবস্থা যা CB প্রত্যায়নের কর্তৃপক্ষ বাতিল করতে পারবে ।
- c) প্রাথমিক পরিদর্শন:
- (i) যদি কোনো স্বতন্ত্র উৎপাদক বা উৎপাদক দল প্রধান আবশ্যিকের ১০০% এবং অপ্রধান আবশ্যিক

- নিয়ন্ত্রণ পয়েন্টগুলোর ৯৫% প্রারম্ভিক নিরীক্ষণের পরে ২৮ দিনের মধ্যে অনুসরণ না করে তাহলে তার অবস্থান “মুক্ত অ-অনুসরণ” হিসেবে GLOBALG.A.P. তথ্যভাডারে নির্দিষ্ট থাকবে।
- (ii) যদি সতর্কতার কারণটি তিন (৩) মাসের মধ্যে সমাধান করা না হয় তবে কোনো সনদপত্র ইস্যু করার আগে একটি সম্পূর্ণ নিরীক্ষণ সম্পাদন করতে হবে।
- d) পরবর্তী নিরীক্ষণ:
- (i) ২৮টি ক্যালেন্ডার দিবসের মধ্যে অ-অনুসরণ বন্ধ করতে হবে।
- (ii) চুক্তি সহ অ-অনুসরণের ক্ষেত্রে, সাধারণ প্রয়োজনীয়তগুলো অথবা প্রধান আবশ্যিকের ক্ষেত্রে CB সনদপত্রটি বাতিল করার পূর্বে অ-অনুসরণ বন্ধ করার জন্য উৎপাদককে নির্দিষ্ট সময়কাল ঠিক করার বিয়য়ে সিদ্ধান্ত নেবে। এই সময়কালটি কোনো মতেই ২৮ ক্যালেন্ডার দিবস অতিক্রম করবে না এবং কর্মীদের নিরাপত্তা, পরিবেশ এবং গ্রাহকদের অ-অনুসরণের গুরুত্ব অনুসারে সংক্ষেপণ করা হয়। যেখানে খাবারে সুরক্ষা, কর্মীদের নিরাপত্তা, পরিবেশ, গ্রাহক এবং/অথবা পণ্যের সংহতি (যেমন অপ্রত্যায়িত পণ্যের বিক্রি প্রত্যায়িত হওয়া) বিদ্যমান সেখানে অবিলম্বে স্থগিতাদেশ ইস্যু করতে হবে। এটি একটি লিখিত সতর্কতা পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।

৬.৪.২. পণ্য স্থগিতাদেশ বা সাসপেনশন

- a) যদি নির্দিষ্ট সময়কালের মধ্যে (সর্বাধিক ২৮ দিন) সতর্কতার সমাধান না করা হয় তাহলে অবিলম্বে প্রত্যয়ন কর্তৃপক্ষ অথবা উৎপাদক দল তাদের স্বতন্ত্র সদস্যদের জন্য একটি স্থগিতাদেশ জারি করবে।
- b) CB (গুলো) তাদের দ্বারা জারিকৃত উৎপাদকদের এবং উৎপাদক দলগুলোর পণ্যের স্থগিতাদেশ উঠিয়ে নিতে পারে।
- c) উৎপাদক দলগুলো তাদের দ্বারা জারিকৃত স্বীকৃত উৎপাদক সদস্যদের পণ্যের স্থগিতাদেশ উঠিয়ে নিতে পারে।
- d) একটি স্থগিতাদেশ এক, একাধিক বা কোনো সনদপত্র দ্বারা অন্তর্ভুক্ত করা সমস্ত পণ্যে জন্য প্রয়োগ করা হতে পারে।
- e) কোনো স্বতন্ত্র উৎপাদকের কোনো পণ্যের উপর আংশিক ভাবে স্থগিতাদেশ থাকতে পারে না (একক বা মাল্টিসাইট) অর্থাৎ সম্পূর্ণ পণ্য স্থগিতাদেশযুক্ত হবে।
- f) যখন স্থগিতাদেশ প্রয়োগ করা হয়, তখন CB/ উৎপাদক দলগুলো সংশোধনের জন্য অনুমোদিত সময়কাল সেট করবে (১২ মাসের চেয়ে বেশি নয়)।
- g) স্থগিতাদেশ এর সময়কালে উৎপাদক GLOBALG.A.P. লোগো/ট্রেডমার্ক, লাইসেন্স/সনদপত্র বা স্থগিতাদেশযুক্ত পণ্যের সাথে সম্পর্কিত এখণ্ডইঅখএ.অ.চ. -এর সাথে যে কোনো ভাবে সংশ্লিষ্ট অন্য কোনো ধরনের নথি ব্যবহার করা থেকে বিরত থাকবে।
- h) যদি কোনো উৎপাদক CB'কে অবহিত করে যে অ-অনুসরণীয় বিষয়গুলো নির্দিষ্ট সময়কালের পূর্বই সমাধান করা হয়েছে তবে সংশ্লিষ্ট স্থগিতাদেশ সন্তোষজনকভাবে প্রমাণ এবং বন্ধ করার জন্য বিবেচনা পরবর্তী প্রত্যাহার করা যাবে।
- i) যদি স্থগিতাদেশ এর কারণ নির্দিষ্ট সময়কালের মধ্যে সমাধান না করা হয় তাহলে সেই প্রত্যয়ন বাতিল করতে হবে।
- j) CB বা কোনো উৎপাদক দল যতক্ষণ না জরিকৃত স্থগিতাদেশ প্রত্যাহার করে বা বাতিল করে ততক্ষণ অবধি স্থগিতাদেশটি বিদ্যমান থাকে।

৬.৪.২.১. পণ্যে স্ব-ঘোষিত স্থগিতাদেশ

- (i) কোনো উৎপাদক বা উৎপাদক দল স্বেচ্ছায় সংশ্লিষ্ট CB(গুলো) কে সনদপত্রের আওতার পণ্যগুলোর একটি,

Manual of GlobalG.A.P Integrated Farm Assurance Standard - IFA 5.2 for Fruit and Vegetables

অনেকগুলো বা সমস্ত পণ্যের জন্য স্থগিতাদেশ চাইতে পারে (যদি না CB ইতিমধ্যে স্থগিতাদেশ জারি না করে)। যদি উৎপাদক প্রয়োজনীয় মান বজায় রাখতে অসুবিধার সম্মুখীন হয় বা কোনো অ-অনুসরণীয় বিষয় বন্ধ করার জন্য সময়ের প্রয়োজন হয় তখন এমনটি ঘটতে পারে।

- (ii) এই স্থগিতাদেশটি নবায়নের তারিখ বিলম্ব করবে না অথবা উৎপাদককে নিবন্ধীকরণ এবং অন্যান্য প্রয়োজন্য ফি এড়াতে অনুমতি দেবে না।
- (iii) অ-অনুসরণ বন্ধ করার শেষ সময়টি ঘোষণাকারী উৎপাদক/উৎপাদক দল দ্বারা নির্দিষ্ট করা হয়, এটি সংশ্লিষ্ট CB(গুলো) সহ সম্মত হবে।
- (iv) এটি কোনো উৎপাদক দলের সদস্যদের উপরে প্রয়োগ হয় যারা স্বৈচ্ছাধীন ভাবে স্ব স্ব দলকে অস্থায়ী ভাবে তাদের পণ্য (গুলো) স্থগিতাদেশ জারি করতে বলবে। এখানেও অ-অনুসরণ বন্ধ করার শেষ সময়টি ঘোষণাকারী উৎপাদক/উৎপাদক দল দ্বারা নির্দিষ্ট করা হয়, এটিকে স্ব স্ব উৎপাদক দলের ছগঝা-এর সাথে সহমত হতে হবে।
- (v) GLOBALG.A.P. তথ্যভাণ্ডারে এর মধ্যে “স্ব-ঘোষিত স্থগিতাদেশ”র মতো পণ্যের অবস্থা স্ব স্ব পণ্যের জন্য নির্দিষ্ট করা হবে।

৬.৪.৩. বাতিলকরণ

- a) চুক্তির বাতিলের আদেশ জারি করা হবে যখনঃ
 - (i) CB কোনো প্রতারণার প্রমাণ পায় এবং/অথবা GLOBALG.A.P. প্রয়োজনীয়তা অনুসরণ করার বিষয়ে আস্থার অভাব দেখে অথবা
 - (ii) CB অথবা উৎপাদক দল দ্বারা নির্দিষ্ট প্রত্যয়ন বাতিল করার পূর্বে কোনো উৎপাদক/উৎপাদক দল কার্যকর সংশোধনমূলক ব্যবস্থার বাস্তব প্রমাণ দেখাতে না পারে।
- b) চুক্তি বাতিলের আদেশ বলতে GLOBALG.A.P.-এর সাথে সংযুক্ত যেকোনো বিষয় যেমন লোগো/ট্রেডমার্ক, GLOBALG.A.P. লাইসেন্স/সনদপত্র বা সংশ্লিষ্ট নথির ব্যবহার সহ সকল কিছু ব্যবহারের উপর নিষেধাজ্ঞা (সমস্ত পণ্য, সমস্তসাইট) বোঝায়।
- c) যে উৎপাদকরা একবার বাতিল হয়েছে তারা বাতিলকরণের তারিখ পরবর্তী ১২ মাসের মধ্যে GLOBALG.A.P. প্রত্যয়নের জন্য স্বীকৃত হবে না।

৬.৫ নটিফিকেশন এবং আপিল আবেদন

- a) উৎপাদককে হয় CB দ্বারা অবহিত অ-অনুসরণটি সমাধান করতে হবে অথবা CB'র কাছে অ-অনুসরণের বিরুদ্ধে কারণগুলো ব্যাখ্যা করে লিখিত আকারে আবেদন করবে।
- b) যদি অনুমোদিত সময়কালের মধ্যে অ-অনুসরণের সমাধান না করা হয় তবে নিষেধাজ্ঞার সময়কাল ক্রমগত বৃদ্ধি পাবে।

৬.৬ প্রত্যয়ন কর্তৃপক্ষের CB কে সেংশন প্রদান

GLOBALG.A.P. এবং CB-এর মধ্যে সাক্ষরিত চুক্তি মোতাবেক CB কে সনদপত্র এবং লাইসেন্সের চুক্তি পদ্ধতি বা ধারাগুলো অনুসরণ না করার প্রমাণের ভিত্তিতে সেংশন দেয়ায় সমস্ত অধিকার GLOBALG.A.P. রক্ষণ করে।

৬.৭ GLOBALG.A.P. সনদপত্র এবং প্রত্যয়নের চক্র

- a) GLOBALG.A.P. সনদপত্রটি কেবল আবেদনকারীর আইনি স্বত্বার নিকট ইস্যু করা যাবে।

- b) একটি সনদপত্র উৎপাদনের সাইটগুলো আইনি স্বত্ব পরিবর্তন করলে অন্য একটি আইনি স্বত্বায় স্থানান্তরযোগ্য নয়। এই ক্ষেত্রে সম্পূর্ণ নিরীক্ষণের পরে পরবর্তী নিরীক্ষণের বিধিগুলো অনুসরণ করা আবশ্যিক। নতুন আইনি স্বত্বাটি একটি নতুন GGN পাবে।
- c) বর্ণিত আওতায় বিবেচনাধীন অনুমোদন এবং সম্প্রসারণ অনুসারে প্রত্যায়নের সময়কাল ১২ মাস।
- d) IFA V5 নিরীক্ষণের ফলাফলের ভিত্তিতে ফুড সেফটি মানের V5 সনদপত্র ইস্যু করা সম্ভব।

৬.৭.১. সনদপত্র তথ্য

- a) সংযোজন ১.৩-এ অন্তর্ভুক্ত আকার/পদ্ধতি অনুসারে CB কাগজের সনদপত্র ইস্যু করবে। বিন্যাস ভিন্ন হতে পারে কিন্তু এতে একই তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে।
- b) কাগজের সনদপত্রটি ইস্যু করার সময় GLOBALG.A.P.-তথ্যভাডারে বর্ণিত অনন্য GGN -এর তথ্যের সাথে মিল থাকতে হবে।
- c) প্রত্যায়নের আওতাটি সনদপত্রে স্পষ্ট ভাবে সংজ্ঞায়িত করতে হবে।
- d) প্রত্যায়নের সিদ্ধান্তের তারিখঃ যেদিন CB সমস্ত অ-অনুসরণ বন্ধ হওয়ার পরে প্রত্যায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করে (যেমন ৮ই ফেব্রুয়ারী ২০২১)।
- e) এই তারিখ থেকে বৈধ:
 - (i) প্রারম্ভিক প্রত্যায়ন: বৈধতার প্রাথমিক তারিখ হচ্ছে যে তারিখে CB প্রত্যায়নের সিদ্ধান্ত নেয় (উদাঃ ৮ ফেব্রুয়ারি ২০২২)।
- f) এত অবধি বৈধ:
 - (i) প্রারম্ভিক প্রত্যায়ন: সার্টিফিকেট এর মেয়াদ এক বছর থেকে একদিন কম হবে। CB প্রত্যায়নচক্র এবং মেয়াদ কমাতে পারেন, কিন্তু এটিকে বাড়াতে পারবেন না।
 - (ii) পরবর্তী প্রত্যায়ন: মূল সনদপত্রে ইস্যু করা পরবর্তী কোন সনদপত্রের মেয়াদ সবসময় “এই পর্যন্ত বৈধ” তারিখে প্রত্যাবর্তন করে (যেমন ৭ ফেব্রুয়ারি ২০২২, ৭ ফেব্রুয়ারি ২০২৩, ইত্যাদি)।
 - g) আলাদা CB দ্বারা কোনো উৎপাদনকারী আলাদা পণ্যগুলোর জন্য প্রত্যায়িত হলে, সনদপত্রে বিভিন্ন প্রত্যায়ন চক্র থাকতে পারে (এই তারিখ থেকে বৈধ -এই তারিখ পর্যন্ত বৈধ)।
 - h) কোনো ক্ষেত্রে একজন উৎপাদনকারী IFA V5 IFSS V5 থেকে একটি সম্মিলিত প্রত্যায়ন প্রাপ্ত হলে, সনদপত্রের "এই তারিখ পর্যন্ত বৈধ" তারিখ মিলতে হবে।

৬.৭.২. সনদপত্রের মেয়াদ বাড়ানো

- a) কোনো বৈধ কারণ থাকলে ১২ মাসের পরেও বৈধতা বাড়ানো যেতে পারে (সর্বোচ্চ ৪ মাস সময়ের জন্য), যা রেকর্ড করতে হবে। এক্ষেত্রে শুধুমাত্র নিচের বিশেষ কারণকে বৈধ হিসেবে গণ্য করা হয়:
 - (i) সনদপত্রের মেয়াদপূর্তীর পরে উৎপাদন প্রক্রিয়ার একটি নির্দিষ্ট অংশ নিরীক্ষণ করার জন্য, CB সাইটে সরাসরি পরিদর্শন/নিরীক্ষণ করার জন্য নির্দিষ্ট সময় নির্ধারণের করতে চায়, কারণ এটিকে পূর্ববর্তী পরিদর্শন/নিরীক্ষায় করতে দেখা যায়নি, কারণ পণ্য নিরাপত্তার পরিপ্রেক্ষিতে এটিকে একটি উচ্চ-ঝুঁকির প্রক্রিয়া হিসেবে বিবেচনা করা হয় বা একটি নতুন যোগকৃত পণ্য, প্রক্রিয়া বা কোনো উৎপাদক দলের একটি নতুন বা বিশেষ সদস্যদের দেখার জন্য।
 - (ii) প্রয়োজনীয় লোকবল/সম্পদের বাধা থাকার কারণে CB কে কিছু সনদপত্রের মেয়াদ বাড়াতে হবে।
 - (iii) CB সাইটে সরাসরি পরিদর্শন/নিরীক্ষণ করতে পারেনি এবং/বা পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে থাকার কারণে উৎপাদনকারী CB এর পরিদর্শন নিরীক্ষণ গ্রহণ করতে পারেনি, যেমন প্রাকৃতিক দুর্যোগ, অঞ্চলের রাজনৈতিক অস্থিরতা, মহামারী বা চিকিৎসা কারণে উৎপাদনকারীর অনুপস্থিতি।

- b) উৎপাদনকারীর অনুরোধে, CB (কোন বর্ধিত সনদপত্র ইস্যু করা হয়েছে) GLOBALG.A.P. ডেটাবেসে একটি পূর্ণ পরবর্তী চক্রের জন্য সার্টিফিকেটের মেয়াদের মূল সময়সীমার মধ্যে পণ্যকে পুনরায় স্বীকার করে।
- c) পরবর্তী চক্রের জন্য পূর্ণ নিবন্ধন ফি প্রদান করতে হবে।
- d) সম্প্রসারিত সময়ে উৎপাদনকারীকে পুনরায় পরিদর্শন করতে হবে।
- e) পরবর্তী চক্রে যেটির জন্য সময় বাড়ানো মঞ্জুর করা হয়েছে উৎপাদনকারী সেটির CB পরিবর্তন করতে পারবে না।
- f) যদি কোনো সনদপত্রের সময় বাড়ানো না হয় এবং মেয়াদ শেষ "পুনরায় স্বীকার" না করা হয় এবং মেয়াদপূর্তির তারিখের পরে, ১২ মাসেরও কম সময়ের মধ্যে পরবর্তী পরিদর্শন (একই CB দ্বারা সঞ্চালিত হবে) করতে গেলে, একটি নতুন প্রত্যয়ন চক্র শুরু হবে। আগের মতো একই "এই তারিখ পর্যন্ত বৈধ" তারিখ সেট করার দ্বারা পুরানো চক্র পুনর্বহাল করা যাবে। যদি সনদপত্রে বাড়ানো হয় তবে চক্র একই থাকে। যদিও, ১২ মাসের বেশি আগে সার্টিফিকেটের মেয়াদ শেষ হলে প্রাথমিক (প্রথম) পরিদর্শনের জন্য CB নিয়ম প্রয়োগ করতে পারে।'

৬.৭.৩. GLOBALG.A.P. প্রত্যয়ন বজায় রাখা

- a) উৎপাদনকারী এবং প্রাসঙ্গিক আওতার জন্য প্রস্তাবিত পন্যের নিবন্ধন প্রতিবছর মেয়াদ শেষ হওয়ার পূর্বে, ৪.২ এবং ৪.৩ বিভাগে বর্ণিত সমস্ত শর্ত মেনে CB কে নিশ্চিত করতে হবে।
- b) পরিদর্শক প্রতিবছর সমগ্র তালিকা এবং যাচাইকরণ প্রক্রিয়া সম্পূর্ণ করবে।

৭. ফার্ম এসুরার

- a) উৎপাদনকারী/উৎপাদক দল প্রত্যয়ন বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের সময়ে পরামর্শদাতা পরিষেবা ব্যবহার করতে পারে। পরামর্শদাতা GLOBALG.A.P. লাইসেন্সপ্রাপ্ত ফার্ম এসুরার বা রেজিস্টার্ড টেইনার হতে পারে। তাদের GLOBALG.A.P. প্রক্রিয়া এবং সর্বশেষ আপডেট সম্পর্কে সরাসরি জ্ঞান থাকে।

সংযুক্তি . GLOBALG.A.P. নিবন্ধন তথ্যের প্রয়োজনীয়তা

১. প্রয়োজনীয় মাস্টার তথ্যের প্রকার

CB কে নিম্নলিখিত তথ্য সংরক্ষণ করতে হবে এবং GLOBALG.A.P. তথ্যভান্ডারের সেই অনুসারে হালনাগাদ করতে হবে।

১.১ সংস্থার নাম এবং ঠিকানার তথ্য

১.২ উৎপাদন সাইট/পণ্য পরিচালনা ইউনিটের তথ্য

১.৩ পণ্য সম্পর্কিত তথ্য

সেখানে কোনো পরিবর্তন হলে এবং পরবর্তী সার্টিফিকেট চক্র এবং/অথবা পুনরায় সার্টিফিকেশনের জন্য সর্বশেষ পণ্যের পুনরায় স্বীকৃতি সঙ্গে এই তথ্য হালনাগাদ করা হবে।

১.১ আইনি সত্তার সংস্থাগত তথ্য

কোম্পানী সংক্রান্ত নিম্নলিখিত তথ্য (উৎপাদক দল, পৃথক সার্টিফিকেট ধারক হিসাবে উৎপাদনকারী বা উৎপাদক দলে উৎপাদনকারী সদস্য হিসাবে) একটি অনন্য GLOBALG.A.P. নম্বর (GGN) সহ প্রতিটি উৎপাদনকারীকে সরবরাহ করা প্রয়োজনীয়।

১.১.১ কোম্পানি

- (i) কোম্পানির নাম
- (ii) যোগাযোগের বিস্তারিত তথ্যঃ রাস্তার ঠিকানা বা সহজলভ্য তথ্য যা উৎপাদকের অবস্থান বর্ণনা করে
- (iii) যোগাযোগের ঠিকানাঃ ডাক যোগাযোগের ঠিকানা
- (iv) পোস্টাল কোড বা জিপ কোড
- (v) শহর
- (vi) রাজ্য বা প্রদেশ
- (vii) দেশ
- (viii) ফোন নম্বর (যদি থাকে)
- (ix) ফ্যাক্স নম্বর (যদি থাকে)
- (x) ই-মেইল ঠিকানা (যদি থাকে)
- (xi) GLN (যদি থাকে)
- (xii) দেশ অনুযায়ী আইনগত নিবন্ধন যদি তা জাতীয় পর্যায়ে ব্যাখ্যার নির্দেশনা দ্বারা অনুরোধ করা হয়। এই সংখ্যাটি শুধুমাত্র অভ্যন্তরীণ যাচাইয়ের জন্য ব্যবহার করা হয় দুইবার নিবন্ধীকরণ এড়াতে (যেমন, ট্যাক্স নম্বর, VAT সংখ্যা, উৎপাদক নম্বর ইত্যাদি।)
- (xiii) পূর্ববর্তী GLOBALG.A.P. নম্বর (GGN)
- (xiv) উত্তর/দক্ষিণ অক্ষাংশ এবং পূর্ব/পশ্চিম দ্রাঘিমাংশ বা ভূস্থানিক স্থলস্বীকৃত সম্বন্ধীয় তথ্য থাকতে হবে।

১.১.২ সংশ্লিষ্ট দায়িত্বপূর্ণ ব্যক্তি (আইনি সত্তার জন্য দায়ী)

কোম্পানির যে ব্যক্তি আইনগত দায়িত্বপূর্ণ তার জন্য এই তথ্য প্রয়োজ্য।

- (i) উপাধি
- (ii) প্রথম নাম
- (iii) শেষ নাম
- (iv) ফোন নম্বর (যদি থাকে)

- (v) ফ্যাক্স নম্বর (যদি থাকে)
- (vi) ই-মেইল ঠিকানা (যদি থাকে)

১.২ উৎপাদন সাইট / পণ্য পরিচালনা ইউনিট সংক্রান্ত তথ্য

কোম্পানির (আইনি সত্তা) উৎপাদন সাইট বা পণ্য পরিচালনা ইউনিট (PHU) সংক্রান্ত নিম্নলিখিত তথ্য প্রত্যায়িত করা প্রয়োজন। এই তথ্য মাল্টি সাইট সার্টিফিকেটের জন্য আবশ্যিক। নিবন্ধিত উৎপাদনকারীর মালিকানার অধীন সংগঠিত পণ্য পরিচালনা করার কাজে PHU বাধ্যতামূলক।

১.২.১ উৎপাদনের সাইট এবং/বা PHU

- (i) পণ্য পরিচালনা সুবিধা (যদি উপ-চুক্তিবদ্ধ হলে) বা কোম্পানির নাম / উৎপাদন সাইটের নাম।
- (ii) যোগাযোগের ঠিকানা: উৎপাদন সাইট/পণ্য পরিচালনা ইউনিটের অবস্থান বর্ণনা করার জন্য সহজলভ্য রাস্তার ঠিকানা বা তথ্য
- (iii) যোগাযোগের ঠিকানা: ডাক যোগাযোগের ঠিকানা
- (iv) পোস্টাল কোড বা জিপ কোড
- (v) শহর
- (vi) দেশ
- (vii) ফোন নম্বর (যদি থাকে)
- (viii) ফ্যাক্স নম্বর (যদি থাকে)
- (ix) ই-মেইল ঠিকানা (যদি থাকে)
- (x) ক্ষেত্র/ ব্যবস্থা স্তরে উত্তর/ দক্ষিণ অক্ষাংশ এবং পূর্ব/পশ্চিম দ্রাঘিমাংশ বা অন্যান্য ফর্মে ভূস্থানিক কোঅর্ডিনেট তথ্য বাধ্যতামূলক, যখন সহজলভ্য হবে। ন্যূনতম ইনপুট সঠিকতার স্তর +/- ১০ m হতে হবে। উৎপাদনকারী বাজারের অংশগ্রহণকারীদের এবং জনসাধারণের জন্য এই তথ্য প্রদর্শন করার সিদ্ধান্ত নিলে, প্রদর্শনের সঠিকতা ১০ m হবে।
- (xi) প্রতিটি উৎপাদন সাইটে উৎপাদিত বা প্রতিটি PHU এ পরিচালনা করা পণ্য, GLOBALG.A.P. তথ্যভাণ্ডারের মধ্যে যত তাড়াতাড়ি সহজলভ্য হবে।

১.৩ পণ্য সম্পর্কিত তথ্য

বিস্তারিত তথ্য দেয় এমন পণ্য(গুলো)র বিষয়ে প্রত্যায়িত করা হবে এবং উৎপাদনকারীকে চালানোর ব্যবহৃত করতে হবে। যদি সেখানে বহিরাগত পরিদর্শনের সময় কোন পরিবর্তন সনাক্ত করা হয়, তবে এই তথ্য হালনাগাদ করতে হবে।

- a) পণ্য(গুলো)
- b) সমান্তরাল উৎপাদন / সমান্তরাল মালিকানা
- c) উপ ঠিকাদার কার্যক্রম
- d) পরিমাণের তথ্য (ফি টেবিলে যেভাবে ব্যাখ্যা করা আছে সেই প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে)
 - (i) ফসলঃ উৎপাদনের আওতায় বার্ষিক এলাকা (হেক্টর), স্বেচ্ছাকৃতঃ পণ্য প্রতি আনুমানিক ফলন (টন)। ডেটাবেসে নিবন্ধিত উৎপাদনের এলাকা উপর ভিত্তি করে উৎপাদনকারীর নিবন্ধকরণ ফী, দুটি বিভাগে বিভক্তঃ আবৃত এবং অনাবৃত ফসল। বহুবর্ষজীবী ফসলের জন্য, নিবন্ধকরণ ফী অনুসারে অনুমোদিত এলাকা হল উৎপাদনের এলাকা, যেমন জুভেনাইল, উৎপাদন করে না এমন ফলের গাছের জন্য ফী প্রযোজ্য নয়। অনুরূপভাবে, নার্সারির ক্রিসমাস গাছের মতো জিনিসগুলোতে সার্টিফিকেটের বৈধতা বছরের সময়ে চাষ করা এলাকার মধ্যেই শুধু রেজিস্ট্রেশন ফি প্রযোজ্য। চাষের আওতায় পুরো এলাকা

সম্পর্কে তথ্য বজায় রাখার জন্য, উৎপাদন এবং চাষ করার এলাকার জন্য সেটিকে “প্রথম চাষাবাদ” হিসাবে নিবন্ধিত হবে এবং অ-চাষযোগ্য এলাকার জন্য “অধিকতর চাষাবাদ” হিসাবে।

- e) বিকল্প (পণ্য প্রতি ১, ২, ৩ এবং/বা ৪)
- f) পণ্য প্রতি (যদি কোনো বেঞ্চমার্ক করা পদ্ধতি হয়) স্কিমের নাম
- g) পণ্য প্রতি ব্যবহার করা প্রত্যায়নবিভাগ/বিভাগগুলো
- h) সরবরাহকৃত দেশ (এতে একটি দেশের দল ঘোষণা করা সম্ভব, উদাহরণস্বরূপ ইউরোপীয় ইউনিয়ন)
- i) ইন্টিগ্রেটেড ফার্ম অ্যাসিওরেন্স নির্দিষ্ট প্রয়োজনীয়তা:
 - (i) ফসলঃ আবৃত এবং অনাবৃত ফসল
 - (ii) ফসলঃ একটি প্রত্যায়নচক্রের সময় কোনো এলাকায় প্রথম চাষ (প্রথম ফসল) বা একই এলাকায় একটি প্রত্যায়ন চক্রের সময় একই বা আলাদা ফসলের পরবর্তী চাষ (পরবর্তী ফসল)
 - (iii) ফল এবং শাকসবজির জন্যঃ পণ্য প্রতি প্রযোজ্য না হলে উৎপাদিত দ্রব্য বাদ দেওয়া।
 - (iv) ফল এবং শাকসবজির জন্যঃ পণ্য প্রতি প্রযোজ্য না হলে দ্রব্য পরিচালনা বাদ দেওয়া।
 - (v) ফল এবং শাকসবজির জন্যঃ প্রত্যায়িত উৎপাদনকারী(দের) GGN(গুলো) উৎপাদিত দ্রব্য পরিচালনার জন্য উপ-চুক্তিবদ্ধ (যদি প্রযোজ্য হয়)।
 - (vi) ফল এবং শাকসবজির জন্যঃ যদি উৎপাদিত দ্রব্য পরিচালনা অন্তর্ভুক্ত করা হয়, তবে অন্যান্য প্রত্যায়িত বা অ-প্রত্যায়িত উৎপাদনকারীদের জন্য একই পণ্য মোড়কজাত করা হবে কিনা উৎপাদনকারী ঘোষণা করবে।
 - (vii) চায়ের জন্যঃ তত্ত্বাবধানের আওতায় প্রত্যায়ন পক্রিয়ায় নির্দেশিত প্রক্রিয়াজাতকরণ ইউনিটের(গুলোর) GGN GLOBALG.A.P. ডেটাবেসে লিখতে হবে যাতে তাড়াতাড়ি উৎপাদনকারী তা জানতে পারবে, এবং এই বিষয়ে CB কে জানাতে হবে এবং পরিবর্তন হলেই হালনাগাদ করতে হবে।

সাধারণ বিধিবিধান - দ্বিতীয় অংশ (Part II)

অধ্যায় ৪: গুণগত পরিচালনা পদ্ধতি QMS (Quality Management System)

সূচীপত্র

১. বৈধতা, প্রশাসন এবং কাঠামো
 - ১.১ বৈধতা
 - ১.২ উৎপাদক এবং উৎপাদন স্থান
 - ১.৩ উৎপাদক এবং সাইটের অভ্যন্তরীণ রেজিস্টার
২. ব্যবস্থাপনা ও সংগঠন
 - ২.১ কাঠামো
 - ২.২ সক্ষমতা এবং কর্মীদের প্রশিক্ষণ
৩. ডকুমেন্ট/ তথ্য নিয়ন্ত্রণ
 - ৩.১ নথিপত্র নিয়ন্ত্রণের আবশ্যিকতা
 - ৩.২ তথ্য সংরক্ষণ/ রেকর্ড
৪. অভিযোগ মোকাবিলা
৫. অভ্যন্তরীণ গুণগত ব্যবস্থাপনা পদ্ধতির নিরীক্ষা
৬. অভ্যন্তরীণ উৎপাদনকারী এবং উৎপাদন স্থান পরিদর্শন
৭. অ-সম্মতি, সংশোধনী কাজসমূহ ও অনুমোদন
৮. পণ্য সন্ধান ও পৃথকীকরণ
৯. পণ্য প্রত্যাহার
১০. সাব-কন্ট্রাকটর
১১. সার্টিফিকেটে অতিরিক্ত উৎপাদনকারী বা উৎপাদন স্থানের নিবন্ধন
১২. লোগোর ব্যবহার

সার্টিফিকেশন অর্জন করার জন্য এই অংশে প্রতিষ্ঠিত উৎপাদক দল এবং মাল্টিসাইটের (যেখানে একটি গুণগত পরিচালনা পদ্ধতি (কিউএমএস- QMS) বাস্তবায়িত হয়েছে) প্রয়োজনীয়তাসমূহ মেনে চলতে হবে। সম্পূর্ণতা এবং কার্যকারিতা নিশ্চিত করার জন্য এই প্রয়োজনীয়তাগুলোকে গ্লোবালগ্যাপ কিউএমএস চেকলিস্টের মাধ্যমে অভ্যন্তরীণ ও বাহ্যিকভাবে মূল্যায়ন করা প্রয়োজন।

মাল্টিসাইট সহ কিউএমএস- QMS এবং উৎপাদক দলের জন্য প্রয়োজনীয়তা:

১. বৈধতা, প্রশাসন এবং কাঠামো

১.১ বৈধতা

- সেখানে তথ্য থাকবে, যা পরিষ্কারভাবে প্রমাণ করবে আবেদনকারী একটি আইনি সত্তা বা এর অন্তর্ভুক্ত।
- আইনি সত্তা কৃষি উৎপাদন এবং/অথবা ক্রয়বিক্রয় কার্যক্রমের জন্য আইনগত অধিকার রাখে এবং দলের সদস্যদের এবং উৎপাদন স্থানের সাথে আইনত চুক্তি থাকতে হবে এবং উপস্থাপন করতে হবে।
- আইনি সত্তাকে গ্লোবাল গ্যাপ উপ-লাইসেন্স ও সার্টিফিকেশন চুক্তির সাম্প্রতিক সংস্করণে স্বাক্ষর করে CB-সি.বি এর মাধ্যমে গ্লোবাল গ্যাপ এর সাথে একটি চুক্তিভিত্তিক সম্পর্কে অন্তর্ভুক্ত হতে হবে। গ্লোবাল গ্যাপ উপ-লাইসেন্স ও সার্টিফিকেশন চুক্তিতে স্পষ্টভাবে প্রাপ্তি এবং অন্তর্ভুক্তি স্বীকার করতে হবে। সি.বি এর পরিষেবা কন্ট্রোল/চুক্তির সহি সহ এবং সি.বি কিউ.এম.এস. ব্যবস্থাপনাকে একটি গ্লোবাল গ্যাপ উপ-লাইসেন্স ও সার্টিফিকেশন চুক্তির কপি দিতে হবে। আইনি সত্তা গ্লোবাল গ্যাপ সার্টিফিকেটের একমাত্র ধারক হবে।
- একটি একক আইনি সত্তা শুধুমাত্র প্রতিটি দেশে ফসলপ্রতি একটি কিউ.এম.এস. পরিচালনা করতে পারে। শুধু বিকল্প/ Option ১ এর অধীনে প্রত্যায়িত করা যাবে এমন আইনি সত্তাই বিকল্প/ Option ২ সার্টিফিকেশনের জন্য একটি দলে যোগদান করতে পারে। কোনো দল বা মাল্টিসাইট আরেকটি দল বা মাল্টিসাইটে যোগদান করলে, দুইটি গুণগত ব্যবস্থাপনা প্রক্রিয়া একটির মধ্যে একত্রীকরণ হবে, যাতে করে একক আইনি সত্তা পরিচালনা করতে পারে যা সার্টিফিকেট ধারক হবে।

১.২ উৎপাদক এবং উৎপাদন স্থান

১.২.১ উৎপাদক দলের উৎপাদনকারী সদস্যদের জন্য আবশ্যিকতা

- প্রতিটি উৎপাদনকারী সদস্য এবং আইনি সত্তার মধ্যে লিখিত চুক্তি বলবৎ থাকবে। চুক্তিতে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত হবে:
 - উৎপাদক দলের নাম ও আইনগত পরিচিতি
 - উৎপাদনকারীর নাম এবং/বা আইনগত পরিচিতি
 - উৎপাদনকারীর যোগাযোগের ঠিকানা
 - প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্য সহ, পৃথক উৎপাদন স্থানের বিবরণ (এই তথ্যের জন্য উৎপাদক দলের অভ্যন্তরীণ রেজিস্টারে চুক্তির উল্লেখ থাকতে পারে)
 - এলাকার বিস্তারিত তথ্য (ফসল) বা টনের হিসাব (এই তথ্যের জন্য উৎপাদক দলের অভ্যন্তরীণ রেজিস্টারে চুক্তির উল্লেখ থাকতে পারে)
 - গ্লোবাল গ্যাপ মান এর প্রয়োজনীয়তা মেনে চলার জন্য উৎপাদনকারীর অঙ্গীকার
 - গোষ্ঠীর নথিবদ্ধ পদ্ধতি, নীতি এবং প্রদান করা কারিগরি পরামর্শ মেনে চলতে উৎপাদনকারীর চুক্তি
 - গ্লোবাল গ্যাপ এবং অন্য যে কোনো অভ্যন্তরীণ প্রয়োজনীয়তা পূরণ করা না হলে অনুমোদন দেয়া যেতে পারে
 - উৎপাদনকারী এবং দল প্রতিনিধিদের স্বাক্ষর(গুলো)
- উৎপাদক দল নিবন্ধিত সদস্যরা তাদের নিজ নিজ উৎপাদন স্থানগুলোর জন্য আইনত দায়ী থাকবেন, যদিও

তা দলের সাধারণ কিউ.এম.এস. এর অধীনে সঞ্চালিত হবে।

- (iii) উৎপাদক দলের সদস্য আইনি সার্টিফিকেট ধারক হবে না। এভাবে তারা দলের সার্টিফিকেটের রেফারেন্স সহ তাদের নামে কোনো পণ্য বাজারে ছাড়তে পারবে না। দলের সার্টিফিকেটের রেফারেন্স ছাড়াই যে সমস্ত পণ্য বিক্রি করা হবে সেগুলোকে দলের বহু স্থিতি (গ্রুপ মাস ব্যালেন্স) প্রক্রিয়ায় রেকর্ড করতে হবে।

১.৩ উৎপাদক এবং সাইটের অভ্যন্তরীণ রেজিস্টার

উৎপাদনকারী দলের সব চুক্তিবদ্ধ সদস্য এবং গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড অনুসারে উৎপাদনের জন্য ব্যবহার করা সমস্ত প্রয়োজ্য স্থানের জন্য একটি রেজিস্টার রাখতে হবে।

১.৩.১ উৎপাদনকারী দলের প্রয়োজনীয়তা

(i) রেজিস্টারে প্রত্যেক উৎপাদনকারীর জন্য কমপক্ষে নিম্নলিখিত তথ্য থাকতে হবে:

- উৎপাদনকারীর নাম
- যোগাযোগের ব্যক্তির নাম
- সম্পূর্ণ ঠিকানা (প্রকৃত ও ডাক)
- যোগাযোগের তথ্য (টেলিফোন নম্বর, ই-মেইল এবং ফ্যাক্স নম্বর, যদি থাকে)
- অন্যান্য আইনি সত্তা পরিচিতি (ভ্যাট নম্বর, টি.আই.এন., এন.আই.ডি., ইত্যাদি)
- নিবন্ধিত পণ্য
- প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্য সহ স্বতন্ত্র উৎপাদন স্থানের বিবরণ এবং সেগুলোর অবস্থান
- ফসল ফলানোর/উৎপাদন এলাকা এবং/বা প্রতিটি নিবন্ধিত পণ্যের পরিমাণ
- উৎপাদনকারী একটির বেশি সি.বি. ব্যবহার করলে সার্টিফিকেশন বিভাগ (গুলো)
- উৎপাদনকারীর অবস্থা (সর্বশেষ অভ্যন্তরীণ পরিদর্শন ফলস্বরূপ অভ্যন্তরীণ অবস্থাঃ অনুমোদন/এপ্রভড, স্থগিত করা/সাসপেন্ডেট, ইত্যাদি)।
- শেষ অভ্যন্তরীণ পরিদর্শনের তারিখ

(ii) আইনি সত্তার যেসব উৎপাদনকারী যারা গ্লোবাল গ্যাপ এর মধ্য অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করেনি তাদেরকে গোষ্ঠী/দলের সার্টিফিকেশনে আলাদাভাবে তালিকাভুক্ত করা হবে এবং গ্লোবাল গ্যাপ ডেটাবেস এ তাদের নথিভুক্ত করার দরকার নেই (যদি না তারা নির্দিষ্ট করা বিকল্প বা অন্য যে কোনো গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ডের জন্য আবেদন করেন)। এই তালিকা উৎপাদনকারী দলের মধ্যে পরিচালনার উদ্দেশ্যে এবং বাহ্যিকভাবে তার বিষয়বস্তু প্রকাশের প্রয়োজন নেই, যদি না কোনো সমস্যা ব্যাখ্যা করার জন্য প্রয়োজন পড়ে, যেমন উৎপাদনকারী দলের গুণগত পরিচালনা পদ্ধতির কার্যকারিতা। এছাড়াও, রেজিস্টারে কমপক্ষে প্রতিটি স্থানের জন্য উৎপাদন স্থানের সাথে আইনি সত্তার সম্পর্ক সংক্রান্ত তথ্য (মালিকানা, ভাড়া, ইত্যাদি) থাকতে হবে। বিকল্প ১ মাল্টিসাইটের জন্য, উৎপাদনকারীর অবস্থার পরিবর্তে, উৎপাদন স্থানের অবস্থা অভ্যন্তরীণ রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে হবে।

২. ব্যবস্থাপনা ও সংগঠন

কিউ.এম.এস. এ দলের নিবন্ধিত সদস্য বা উৎপাদন স্থান গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড এর প্রয়োজনীয়তা একটি অভিন্ন পদ্ধতিতে মেনে চলছে কিনা নিশ্চিত করতে হবে।

২.১ কাঠামো

- a) কাঠামোটি সকল নিবন্ধিত উৎপাদনকারী সদস্য বা উৎপাদন স্থান জুড়ে একটি কিউ.এম.এস. এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করবে।
- b) আবেদনকারীর একটি ব্যবস্থাপনা কাঠামো থাকবে এবং পর্যাপ্ত যথোপযুক্তভাবে প্রশিক্ষিত সম্পদ থাকবে যা উৎপাদনকারী ও উৎপাদন স্থান গ্লোবাল গ্যাপ এর প্রয়োজনীয়তা পূরণ করছে কিনা তা কার্যকরভাবে

নিশ্চিত করবে।

সাংগঠনিক কাঠামো নথিভুক্ত হবে এবং দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত থাকবে:

- কিউ.এম.এস. পরিচালনা করা
 - প্রতিবছর প্রতিটি উৎপাদনকারী সদস্য এবং/অথবা উৎপাদন স্থানের অভ্যন্তরীণ পরিদর্শন (অর্থাৎ অভ্যন্তরীণ পরিদর্শক(গণ))
 - গুণগত ব্যবস্থাপনা প্রক্রিয়ার অভ্যন্তরীণ নিরীক্ষা এবং অভ্যন্তরীণ পরিদর্শন যাচাই (অর্থাৎ অভ্যন্তরীণ নিরীক্ষক)। কিউ.এম.এস. গঠনে সেখানে অন্তত একজন ব্যক্তি থাকবেন (যেমন অভ্যন্তরীণ নিরীক্ষক) যিনি অভ্যন্তরীণ পরিদর্শকগণ এবং উৎপাদনকারীদের প্রশিক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত এবং তা দিতে সক্ষম হবেন।
 - দলে কারিগরি পরামর্শ (দলের সুযোগের উপর নির্ভর করে)
- c) ব্যবস্থাপককে অভ্যন্তরীণ নিরীক্ষক এবং পরিদর্শকদের পর্যাপ্ত কর্তৃত্ব দিতে হবে, যাতে করে তারা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের সময় স্বাধীন এবং কারিগরিভাবে সমর্থনযোগ্য সিদ্ধান্তগুলো নিতে পারে।

২.২ সক্ষমতা এবং কর্মীদের প্রশিক্ষণ

- a) সক্ষমতার প্রয়োজনীয়তা, গুরুত্বপূর্ণ ব্যক্তিদের প্রশিক্ষণ ও যোগ্যতা সংজ্ঞায়িত এবং নথিভুক্ত করতে হবে। এটি বহিস্তঃ পরামর্শকের জন্যও প্রযোজ্য।
- b) ব্যবস্থাপনা নিশ্চিত করবে যে দায়িত্বসহ সব ব্যক্তির গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড এ পর্যাপ্তরূপে প্রশিক্ষিত হবে এবং সুনির্দিষ্ট পারদর্শিতার প্রয়োজনীয়তা পূরণ করবে:
- অভ্যন্তরীণ নিরীক্ষকের কর্মদক্ষতা ব্যবস্থাপক দ্বারা যাচাই করা হবে
 - অভ্যন্তরীণ পরিদর্শকের কর্মদক্ষতা অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা যাচাই করা হবে
 - যেখানে অভ্যন্তরীণ নিরীক্ষক এর প্রয়োজনীয় খাদ্য নিরাপত্তা এবং গ্যাপ প্রশিক্ষণ নেই, কিন্তু শুধু কিউ.এম.এস প্রশিক্ষণ/আভিজ্ঞতা রয়েছে, অন্য ব্যক্তি যার ঐসকল যোগ্যতা রয়েছে তিনি খামার পরিদর্শনের জন্য "নিরীক্ষা দল" এর অংশ হিসাবে গণ্য হবেন
 - উৎপাদক দলের সদস্য/কোম্পানির কারিগরি উপদেষ্টাগণকে সার্টিফিকেশনের আওতার উপর নির্ভর করে প্রযোজ্য সিপিএসি এ বর্ণিত প্রয়োজনীয়তা পূরণ করতে হবে।
- c) কর্মদক্ষতা প্রদর্শনে গ্লোবাল গ্যাপ এর প্রয়োজনীয়তার সঙ্গে সম্মতি জানানোর কাজে জড়িত সব মূল ব্যক্তিদের (ম্যানেজার, নিরীক্ষক, পরিদর্শক, ইত্যাদি) যোগ্যতা ও প্রশিক্ষণের রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে হবে।
- d) যদি সেখানে একাধিক অভ্যন্তরীণ নিরীক্ষক বা পরিদর্শক থাকে, তাদের পদ্ধতির মধ্যে ধারাবাহিকতা এবং মানের ব্যাখ্যা নিশ্চিত করতে তাদেরকে প্রশিক্ষণ ও মূল্যায়নের মধ্য দিয়ে যেতে হবে (উদাহরণস্বরূপ লিপিবদ্ধ ছায়া নিরীক্ষা/পরিদর্শনের দ্বারা)।
- e) গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ডে কোন পরিবর্তন আসলে তা মূল কর্মীদের অবহিত করতে হবে ও তাদের উন্নয়ন সম্পর্কে সচেতন করা করার ব্যবস্থা থাকতে হবে। যেভাবে উপরে বর্ণিত আছে, সেই ভাবে বার্ষিক প্রশিক্ষণের প্রমাণ সংরক্ষণ করতে হবে।

৩. ডকুমেন্ট/ তথ্য নিয়ন্ত্রণ

- a) গ্লোবাল গ্যাপ সম্মতির জন্য কিউ.এম.এস. পরিচালনার প্রাসঙ্গিক সমস্ত ডকুমেন্টেশন পর্যাপ্তরূপে নিয়ন্ত্রিত হতে হবে। এই ডকুমেন্টেশনে যা থাকবে:
- গুণগত সহায়িকা/ম্যানুয়াল
 - গ্লোবাল গ্যাপ পরিচালনা পদ্ধতি

- কাজের নির্দেশাবলী
 - রেকর্ডিং ফর্মসমূহ
 - প্রাসঙ্গিক বাহ্যিক মান, উদাহরণস্বরূপ বর্তমান পরিচালনা আদর্শ ডকুমেন্ট
- b) গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ডের প্রয়োজনীয়তার সম্মতি যাচাই প্রদর্শন করতে নীতি ও পদ্ধতি পর্যালোচনা করে বর্ণনা করতে হবে।
- c) প্রাসঙ্গিক কর্মী এবং উৎপাদক দলের নিবন্ধিত সদস্যদের কাছে নীতি ও পদ্ধতি সহজলভ্য থাকতে হবে।
- d) গুণগত সহায়িকার বিষয়বস্তু নির্দিষ্ট সময় পর পর পর্যালোচনা করতে হবে যাতে এটা গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড ও আবেদনকারীর প্রয়োজনীয়তা পূরণ করে। গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড বা প্রকাশিত নির্দেশিকায় যে কোনো প্রাসঙ্গিক পরিবর্তন হলে তা গ্লোবাল গ্যাপ এর প্রদত্ত সময়ের মধ্যে গুণগত সহায়িকায় অন্তর্ভুক্ত করতে হবে।

৩.১ নথিপত্র নিয়ন্ত্রণের আবশ্যিকতা

- a) নথিপত্রের নিয়ন্ত্রণ সংজ্ঞায়িত করার জন্য একটি লিখিত পদ্ধতি থাকবে।
- b) সকল নথিপত্র ইস্যু এবং বিতরণের আগে অনুমোদিত কর্মীদের দ্বারা পর্যালোচিত এবং অনুমোদিত হবে।
- c) সকল নিয়ন্ত্রিত নথিপত্র একটি ইস্যু নম্বর, ইস্যু তারিখ/পর্যালোচনার তারিখ সহ চিহ্নিত হবে এবং উপযুক্তভাবে লিপিবদ্ধ করতে হবে।
- d) এই নথিপত্রের যে কোন পরিবর্তন বিতরণের পূর্বেই অনুমোদিত কর্মীদের দ্বারা পর্যালোচিত এবং অনুমোদিত হতে হবে। যেখানে সম্ভব, কারণের ব্যাখ্যা ও পরিবর্তনের প্রকৃতি দিতে হবে।
- e) যেখানে কিউ.এম.এস. নিয়ন্ত্রণ করা হয় সেখানে সমস্ত প্রাসঙ্গিক নথিপত্রের একটি কপি কোনো স্থানে সহজলভ্য থাকবে।
- f) নথিপত্রের পর্যালোচনা এবং নতুন নথিপত্রের ইস্যু অনুসরণ, অপ্রচলিত নথিপত্র কার্যকরভাবে বাতিল করা হয়েছে কিনা নিশ্চিত করার জন্য সেখানে একটি ব্যবস্থা থাকতে হবে।

৩.২ তথ্য সংরক্ষণ/ রেকর্ড

- a) কিউ.এম.এস. এর কার্যকর নিয়ন্ত্রণ ও বাস্তবায়ন প্রদর্শন করতে এবং গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ডের প্রয়োজনীয়তা মেনে চলার জন্য একটি রেকর্ড থাকতে হবে।
- b) কমপক্ষে ২ বছর রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- c) রেকর্ড প্রকৃত, সহজপাঠ্য, সংরক্ষিত এবং উপযুক্তভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজন অনুসারে পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে।
- d) অনলাইনে বা কম্পিউটারে সংরক্ষিত রাখা রেকর্ডগুলো বৈধ। যদি কোনো স্বাক্ষরের প্রয়োজন হয়, এটি একটি পাসওয়ার্ড বা ইলেকট্রনিক স্বাক্ষর হবে যা স্বাক্ষর করা ব্যক্তির অনন্য রেফারেন্স এবং অনুমোদন নিশ্চিত করে। দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কোনো লিখিত স্বাক্ষর প্রয়োজন হলে এটি দেখাতে হবে। সি.বি. পরিদর্শনের সময় ইলেকট্রনিক রেকর্ড সহজলভ্য করতে হবে। ব্যাক-আপ সব সময় সহজলভ্য করতে হবে।

৪. অভিযোগ মোকাবিলা

- a) কার্যকরভাবে গ্রাহকের অভিযোগ পরিচালনা করতে আবেদনকারীর কাছে একটি ব্যবস্থা থাকতে হবে এবং অভিযোগ পদ্ধতির প্রাসঙ্গিক অংশ উৎপাদনকারী সদস্যদের জন্য সহজলভ্য থাকবে।
- b) সেখানে একটি লিপিবদ্ধ পদ্ধতি থাকতে হবে যা অভিযোগগুলো কীভাবে গৃহীত, নিবন্ধিত, চিহ্নিত, তদন্ত, অনুসরণ এবং পর্যালোচনা করা হয় সেসব বর্ণনা করবে। প্রয়োজনীয়তা অনুযায়ী এই পদ্ধতি গ্রাহকদের জন্য সহজলভ্য থাকবে।

- c) পদ্ধতিটিকে আবেদনকারীর সাথে একক উৎপাদনকারী অথবা স্থান উভয়ের বিরুদ্ধে অভিযোগ করার করতে হবে।

৫. অভ্যন্তরীণ গুণগত ব্যবস্থাপনা পদ্ধতির নিরীক্ষা

- a) গ্লোবাল গ্যাপ স্কিম এর জন্য কিউ.এম.এস. কে অন্তত প্রতিবছর নিরীক্ষিত করতে হবে।
- b) অভ্যন্তরীণ নিরীক্ষকদের প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।
- c) নিরীক্ষিত এলাকায় অভ্যন্তরীণ নিরীক্ষক স্বাধীন থাকবেন/স্বাধীনভাবে কাজ করবেন।
- (i) কিউ.এম.এস. এর জন্য একই ব্যক্তিকে প্রাথমিক নিরীক্ষা এবং পরবর্তীতে অভ্যন্তরীণ বার্ষিক কিউ.এম.এস. নিরীক্ষার জন্য অনুমোদন দেয়া যাবে, যদিও কিউ.এম.এস. এর দৈনন্দিন ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অভ্যন্তরীণ কিউ.এম.এস. নিরীক্ষার জন্য অনুমোদিত হবেন না।
- d) একটি নিরীক্ষার ফলে প্রাপ্ত অভ্যন্তরীণ নিরীক্ষা, নিরীক্ষা তথ্য এবং সংশোধনমূলক কর্মের অনুসরণ-রক্ষণাবেক্ষণ এবং সহজলভ্যতা নিশ্চিত করতে হবে।
- e) বাহ্যিক নিরীক্ষার সময় সি.বি. নিরীক্ষক দ্বারা পর্যালোচনার জন্য, প্রত্যেক কিউ.এম.এস. নিয়ন্ত্রণ পয়েন্টের জন্য মস্তব্য সহ পূরণকৃত কিউএমএস যাচাইতালিকা সহজলভ্য করতে হবে।
- f) সংগঠনকে (উৎপাদক দল বা মাল্টিসাইট কোম্পানি) খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা স্বাক্ষর এবং সম্পন্ন করতে হবে। প্রতিটি নতুন সার্টিফিকেশন চক্রে খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা স্বাক্ষর এবং সম্পন্ন করা আবশ্যিক যা প্রতিবছর নবায়ন করতে হবে। কেন্দ্রীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান এবং এর সকল সদস্যদের জন্য কিউ.এম.এস. পর্যায়ে একটি ঘোষণা সম্পূর্ণ এবং তাতে সই করতে হবে, যা অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য ব্যবহৃত কিউ.এম.এস. যাচাইতালিকায় সংযুক্ত করা হবে। যদি খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা সম্পূর্ণ এবং কিউএমএস পর্যায়ে সই করা না হয়, তবে প্রতিটি গোষ্ঠীর সদস্য/পৃথক উৎপাদন স্থানকে স্বতন্ত্রভাবে ঘোষণা সম্পূর্ণ এবং সই করবে এবং এটিকে অভ্যন্তরীণ পরিদর্শন যাচাইতালিকায় সংযুক্ত করবে।
- g) যেখানে অভ্যন্তরীণ নিরীক্ষা এক দিনের মধ্যে না করে ক্রমাগত ১২ মাসের বেশি সময় ধরে সম্পাদন করা হয়, সেখানে পূর্ব নির্ধারিত সময়সূচী প্রযোজ্য হবে।

৬. অভ্যন্তরীণ উৎপাদনকারী এবং উৎপাদন স্থান পরিদর্শন

- a) প্রতি বছর সমস্ত প্রাসঙ্গিক গ্লোবাল গ্যাপ নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতি নির্ণায়ক অনুসারে কমপক্ষে একবার প্রতিটি নিবন্ধিত উৎপাদনকারীকে (এবং সংশ্লিষ্ট উৎপাদন স্থান) বা উৎপাদন স্থান পরিদর্শন করতে হবে।
- b) অভ্যন্তরীণ পরিদর্শন সময় সাধারণ আবশ্যিকতা (জেনারেল রেগুলেশন) এবং রূপ রুল অনুসরণ করতে হবে।
- c) অভ্যন্তরীণ পরিদর্শককে প্রয়োজনীয়তা মেনে চলতে হবে।
- d) পরিদর্শন করা এলাকায় অভ্যন্তরীণ পরিদর্শককে স্বাধীন হতে হবে। অভ্যন্তরীণ পরিদর্শকরা তাদের নিজস্ব দৈনিক কাজ পরিদর্শন করবে না।
- e) দলের নতুন সদস্য এবং অপশন ১ মাল্টিসাইটের নতুন উৎপাদন স্থান সবসময় অভ্যন্তরীণভাবে পরিদর্শিত হবে এবং অভ্যন্তরীণ গ্লোবাল গ্যাপ এ প্রবেশ করার আগে অনুমোদিত হতে হবে।
- f) মূল পরিদর্শনের রিপোর্ট ও নোট সি.বি. পরিদর্শনের জন্য রক্ষণাবেক্ষণ এবং সহজলভ্য করতে হবে।
- g) পরিদর্শন রিপোর্টে নিম্নলিখিত তথ্য থাকতে পারেঃ
- নিবন্ধিত উৎপাদনকারী এবং/অথবা উৎপাদন স্থান(গুলো) সনাক্তকরণ
 - নিবন্ধিত দায়িত্বপ্রাপ্ত উৎপাদনকারী বা উৎপাদন স্থানের সই
 - তারিখ
 - পরিদর্শকের নাম
 - নিবন্ধিত পণ্য

- প্রত্যেক গ্লোবাল গ্যাপ নিয়ন্ত্রণ পয়েন্ট এর বিপরীতে মূল্যায়ন ফলাফল
 - যাচাইতালিকায়/চেকলিস্টে বিস্তারিত মন্তব্য থাকতে হবে - যেসব প্রধান/মুখ্য আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্ট পালন করা হয়েছে/কমপ্লাই করেছে, মুখ্য/প্রধান এবং গৌণ/অপ্রধান আবশ্যিক নিয়ন্ত্রণ পয়েন্ট যা কমপ্লাই করেনি, এবং মুখ্য এবং গৌণ আবশ্যিক নিয়ন্ত্রণ যা অ-প্রয়োজ্য হিসাবে পাওয়া গেছে।
 - চিহ্নিত কোনো অ-সম্মতির বিবরণ এবং সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সময়কাল
 - সম্মতি গণনা সহ পরিদর্শনের ফলাফল
 - পরিদর্শনের সময়কাল
 - অভ্যন্তরীণ নিরীক্ষকের নাম যিনি যাচাইতালিকা অনুমোদন করেছেন।
- h) অভ্যন্তরীণ পরিদর্শক দ্বারা উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে, অভ্যন্তরীণ নিরীক্ষক উৎপাদনকারী বা স্থান, গ্লোবাল গ্যাপ এর প্রয়োজনীয়তা মেনে চলছে কিনা তা পর্যালোচনা এবং সিদ্ধান্ত নেবে।
- i) কোনো ক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষক থাকলে যিনি অভ্যন্তরীণ পরিদর্শনের কাজও করেন, অন্য ব্যক্তি, যেমন, কিউ.এম.এস. এ দক্ষ ব্যবস্থাপনা প্রতিনিধি, সেক্ষেত্রে অভ্যন্তরীণ পরিদর্শন এর জন্য অনুমোদন পাবে।
- j) একটি ১২ মাসের ক্রমাগত সময়কালে অভ্যন্তরীণ পরিদর্শন পরিচালিত হলে, একটি পূর্ব নির্ধারিত সময়সূচী থাকতে হবে।

৭. অ-সম্মতি (নন কমপ্লায়েন্স), সংশোধনী কাজসমূহ (কারেকটিভ একশন) ও নিষেধাজ্ঞা (সেংশান)

- a) অ-সম্মতি ও সংশোধনী কাজসমূহ পরিচালনা করার জন্য একটা পদ্ধতি থাকবে, যা অভ্যন্তরীণ অথবা বহিরাগত নিরীক্ষা এবং/অথবা পরিদর্শন, গ্রাহকের অভিযোগ বা কিউ.এম.এস. এর ব্যর্থতা থেকে হতে পারে।
- b) কিউ.এম.এস. এ যথাক্রমে দল বা তার সদস্যদের দ্বারা অসদৃশ (নন কনফরমেন্স) এবং অ-সম্মতি (নন কমপ্লায়েন্স) সনাক্তকরণ ও মূল্যায়নের জন্য লিপিবদ্ধ পদ্ধতি থাকবে।
- c) নিম্নলিখিত অ-সম্মতির সংশোধনী কাজসমূহ মূল্যায়ন করতে হবে এবং কাজের জন্য নির্ধারিত সময় নির্দিষ্ট থাকবে।
- d) সংশোধনী কাজসমূহের বাস্তবায়ন এবং মীমাংসার দায়িত্ব সুনির্দিষ্ট করতে হবে।
- e) নিষেধাজ্ঞা এবং ননকনফরমেন্স এর একটি ব্যবস্থা, যা গ্লোবাল গ্যাপ সাধারণ প্রবিধান অংশ ১ এ নির্দেশিত শর্তসমূহ পূরণ করে, তা উৎপাদনকারী বা উৎপাদন স্থান দ্বারা পরিচালিত হতে হবে। চুক্তিভিত্তিক অসদৃশ/কন্ট্রাকচুয়াল এর ক্ষেত্রে (যেমন, কোন একটি কিউ.এম.এস. অভ্যন্তরীণ নীতি মেনে না চলা), কিউ.এম.এস. অনুমোদনের/ সেংশনের সিদ্ধান্ত নেবে।
- f) গ্লোবাল গ্যাপ অনুমোদিত সিবি কে নিবন্ধিত উৎপাদনকারী বা উৎপাদন স্থানের স্থগিতকরণ বা বাতিলকরণের বিষয়ে অবিলম্বে অবহিত করার ব্যবস্থা থাকতে হবে।
- g) পরবর্তী সংশোধনমূলক কাজের প্রমাণ ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া সহ সব সেংশনের তথ্য রাখতে হবে।

৮. পণ্য সন্ধান/ ট্রেসেবিলিটি ও পৃথকীকরণ/ সেগরিগেশন

- a) নিবন্ধিত পণ্য সনাক্তকরণের জন্য এবং সব পণ্যের সন্ধানযোগ্যতা সক্রিয় করতে, প্রয়োজ্য উৎপাদন স্থানগুলোতে অনুসারী/কনফর্মিং এবং অ-অনুসারী/নন কনফর্মিং উভয়ের জন্য লিপিবদ্ধ পদ্ধতি থাকতে হবে। আইনি সত্তার মধ্যে সম্মতি প্রদর্শন করতে পণ্য প্রতি কমপক্ষে বছরে একবার একটি বহু স্থিতি/মাস ব্যালেন্স অনুশীলন করতে হবে।
- b) পণ্যসমূহ যা গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড এর প্রয়োজনীয়তা পূরণ করে এবং সেগুলো এমন একটি পদ্ধতিতে বাজারজাতকরণ করা করে, যাতে গ্লোবাল গ্যাপ অননুমোদিত পণ্যগুলোর সাথে মিশে যাওয়া প্রতিরোধ করে। প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্যের পৃথকীকরণ নিশ্চিত করতে একটি কার্যকর ব্যবস্থা থাকতে হবে। এটিকে

প্রাসঙ্গিক রেকর্ড সহ প্রকৃত সনাক্তকরণ বা পণ্য পরিচালনার পদ্ধতিগুলোর মাধ্যমে করা যাবে।

- c) গ্লোবাল গ্যাপ প্রত্যায়িত এবং গ্লোবাল গ্যাপ অপ্রত্যায়িত পণ্যগুলোর ভুল লেবেলিং চেক করার মাধ্যমে ঝুঁকি প্রশমনে কার্যকর ব্যবস্থা এবং পদ্ধতি থাকবে। প্রক্রিয়ায় প্রবেশ করা গ্লোবাল গ্যাপ পণ্যগুলোকে (হয় উৎপাদনকারী সদস্য/উৎপাদন স্থান বা বাইরের উৎস থেকে) অবিলম্বে জিজিএন বা অন্য কোনো রেফারেন্স দ্বারা সনাক্ত হতে হবে যা স্পষ্টভাবে কোম্পানির নীতি ব্যাখ্যা করে এবং সার্টিফিকেশন অবস্থানকে একটি অনন্য রেফারেন্স প্রদান করে। এই রেফারেন্সটি পন্যের ক্ষুদ্রতম একক চিহ্নিত করার জন্য ব্যবহার করা যাবে।
- d) সমান্তরাল উৎপাদন/সমান্তরাল মালিকানার ক্ষেত্রে, কিউ.এম.এস. কে নিশ্চিত করতে হবে যে একটি প্রত্যায়িত উৎপাদন প্রক্রিয়া থিকে আসা চূড়ান্ত বিক্রয়ের-জন্য-প্রস্তুত সব পণ্য (খামার স্তর বা পণ্য পরিচালনার পরে), একটি জি.জি.এন. দিয়ে সঠিকভাবে সনাক্ত করা সম্ভব। অপশন ২ এর ক্ষেত্রে, জি.জি.এন. - দলের সদস্য যিনি পণ্য উৎপাদন করেছেন তার কিংবা দলের GGN উভয় গ্রহনযোগ্য। যদি দলের সদস্য পণ্যের প্যাক এবং লেবেল করে, তবে উৎপাদক দলের জি.জি.এন. সহ বা ছাড়া উৎপাদনকারী নিজের জি.জি.এন. অন্তর্ভুক্ত করতে পারে। অপশন ১ মাল্টিসাইটের ক্ষেত্রে, এটি পৃথক উৎপাদনকারীর জি.জি.এন. হবে। এটি চূড়ান্ত ভোক্তার প্যাকেজিং হোক বা না হোক নির্বিশেষে ক্ষুদ্রতম পৃথকভাবে প্যাকেটজাত এককে জি.জি.এন. ব্যবহার করতে হবে। অ-প্রত্যায়িত পণ্য লেবেল করার জন্য জিজিএন ব্যবহার করা যাবে না। উৎপাদনকারী এবং ক্রেতার মধ্যে বিক্রয়ের জন্য প্রস্তুত পণ্যে জি.জি.এন. ব্যবহার না করার বিষয় নিয়ে কোনো লিখিত চুক্তি কার্যকর থাকলে এটি প্রযোজ্য হবে না। এছাড়াও এটি ক্রেতার নিজস্ব ট্যাগ বিবরণ হতে পারে যেখানে কোনো জি.জি.এন. অন্তর্ভুক্ত করা হয় না।
- e) প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্যের সঠিক পণ্য প্রেরণ নিশ্চিত করতে একটি চূড়ান্ত নথি যাচাই করতে হবে।
- f) প্রত্যায়িত পণ্য বিক্রয়ের সাথে সম্পর্কিত সকল লেনদেনের নথিতে (বিক্রয় চালান, সম্পর্কিত অন্যান্য বিক্রয়, প্রেরণের নথি, ইত্যাদি) সার্টিফিকেট ধারকের জি.জি.এন. অন্তর্ভুক্ত করতে হবে এবং গ্লোবাল গ্যাপ প্রত্যায়িত অবস্থার একটি রেফারেন্স থাকতে হবে। এটি অভ্যন্তরীণ নথিতে বাধ্যতামূলক নয়। ইতিবাচক সনাক্তকরণই যথেষ্ট (যেমন: “ জি.জি.এন. গ্লোবাল গ্যাপ প্রত্যায়িত <পণ্যের নাম>”)। প্রত্যায়িত পণ্য প্রত্যায়িত হিসাবে বিক্রি হবে কি হবে না নির্বিশেষে সেই প্রত্যায়িত অবস্থা চিহ্নিত করা অবশ্য কর্তব্য। (এটি যদিও প্রাথমিক (প্রথমবারের) নিরীক্ষার সময় যাচাই করা যাবে না কারণ উৎপাদক দল/ কোম্পানী এখনো পর্যন্ত প্রত্যায়িত নয় এবং প্রথম ইতিবাচক সার্টিফিকেশন সিদ্ধান্তের আগে গ্লোবাল গ্যাপ প্রত্যায়িত অবস্থায় কোনো রেফারেন্স দিতে পারবে না।)। পণ্যে গ্লোবাল গ্যাপ অবস্থা এবং/বা লেনদেনের নথিগুলোর জি.জি.এন. সনাক্ত না করার জন্য উৎপাদক দল/ কোম্পানী এবং ক্রেতার মধ্যে কোনো লিখিত চুক্তি থাকলে এটি প্রযোজ্য হবে না”।
- g) অপশন ১ মাল্টিসাইট উৎপাদক দলের সদস্য বা স্থানগুলো থেকে বা বিভিন্ন উৎস থেকে ক্রয় করা (অর্থাৎ অন্যান্য উৎপাদনকারী বা ব্যবসায়ী) আগত প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্য সনাক্ত করার জন্য, উপযুক্তভাবে পরিচালনার মাপদণ্ডে পদ্ধতিগুলো প্রতিষ্ঠিত হবে, নথিভুক্ত হবে এবং বজায় থাকবে। রেকর্ডে এই জিনিসগুলো অন্তর্ভুক্ত থাকবে:
- পণ্যের বিবরণ
 - গ্লোবাল গ্যাপ প্রত্যায়নের অবস্থা
 - আগত/ক্রয় করা পণ্যের(গুলো) পরিমাণ
 - সরবরাহকারীর বিবরণ
 - গ্লোবাল গ্যাপ সনদগুলোর অনুলিপি, যেখানে প্রযোজ্য
 - আগত/ক্রয় করা পণ্যের সাথে সম্পর্কিত সন্ধানযোগ্যতা ডেটা/ কোডসমূহ
 - সংগঠনের গৃহীত কেনাকাটার অর্ডার/চালান মূল্যায়ন করা হচ্ছে
 - অনুমোদিত সরবরাহকারীদের তালিকা।

- h) প্রত্যায়িত এবং বিবরণ অনুসারে বিতরণকৃত পণ্যের পরিমাণ/বিক্রির উপর বিশেষ মনোযোগ দিয়ে প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত পণ্য বিক্রয়ের বিবরণ রেকর্ড রাখতে হবে।
- i) প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত আগত, বহির্গামী এবং সঞ্চিত পণ্যের পরিমাণ (পরিমাণ বা ওজন এর উপর তথ্য সহ) রেকর্ড করতে হবে এবং সারসংক্ষেপ রক্ষণাবেক্ষণ করা হবে যাতে করে বহু স্থিতি/মাস ব্যালেন্স যাচাইকরণ প্রক্রিয়া ব্যবহার করা যায়। নথি প্রত্যায়িত এবং অ-প্রত্যায়িত কাচামাল এবং ফলনের মধ্যে সামঞ্জস্যপূর্ণ ভারসাম্য প্রদর্শন করবে। বহু স্থিতি/ মাসব্যালেন্স যাচাইয়ের প্রক্রিয়া কতবার করা হচ্ছে তা নির্ধারণ করা থাকবে এবং কাজের স্তরের সাথে যথাযথ হতে হবে, কিন্তু পণ্য প্রতি এটিকে বছরে কমপক্ষে একবার করতে হবে। বহু স্থিতি প্রদর্শন করার জন্যে নথিগুলো পরিষ্কারভাবে চিহ্নিত করা থাকবে।
- j) কিউ.এম.এস প্রত্যায়ন আওতায় অন্তর্ভুক্ত পণ্য হ্যান্ডলিং ইউনিট এর জন্য পদ্ধতিসমূহ কাজ করবে, যা পরিচালনা, সঞ্চয় এবং প্রেরণের মাধ্যমে নিবন্ধিত পণ্যের প্রাপ্তিকে সনাক্ত এবং স্বাক্ষরযোগ্য করে।
- k) রূপান্তরের অনুপাত গণনা করতে হবে এবং প্রতিটি প্রাসঙ্গিক পরিচালনা প্রক্রিয়ার জন্য সহজলভ্য রাখতে হবে। সকল উৎপন্ন পণ্য বর্জ্যের পরিমাণ রেকর্ড করতে হবে।
- l) এই বিভাগটিকে অভ্যন্তরীণ ও বহিঃস্থ উভয়ই, এছাড়াও পি.এইচ.ইউ. পরিচালনায় থাকলে পি.এইচ.ইউ স্তরে নিরীক্ষিত করতে হবে।

৯. পণ্য প্রত্যাহার

- a) নিবন্ধিত পণ্য প্রত্যাহার কার্যকরভাবে পরিচালনা করার জন্য লিপিবদ্ধ পদ্ধতি থাকবে।
- b) প্রত্যাহারের কারণের প্রকার, পণ্যের সম্ভাব্য প্রত্যাহারের সিদ্ধান্ত নেওয়ার জন্য দায়িত্বপূর্ণ ব্যক্তি, গ্রাহক এবং গ্লোবাল গ্যাপ এর অনুমোদিত সার্টিফিকেশন বিভাগকে চিহ্নিত করার প্রক্রিয়া, স্টক একসাথে করার পদ্ধতি সনাক্ত করার জন্য প্রক্রিয়া থাকতে হবে।
- c) কার্যপ্রণালী যে কোনো সময়ে কার্যকর সক্ষম হতে হবে।
- d) এটি কার্যকর কিনা এবং পরীক্ষার রেকর্ড বজায় রাখা হয়েছে কিনা নিশ্চিত করতে কমপক্ষে বছরে একবার যথাযথভাবে পদ্ধতিটি পরীক্ষিত হতে হবে।

১০. সাব-কন্ট্রোল

- a) যে ক্ষেত্রে কোনো পরিষেবা তৃতীয় পক্ষের কাছে উপ-চুক্তিবদ্ধ হয়, গ্লোবাল গ্যাপ স্ট্যান্ডার্ড মেনে এই কার্যকলাপগুলো করা হচ্ছে কিনা নিশ্চিত করতে সেখানে নির্দিষ্ট প্রক্রিয়া থাকতে হবে।
- b) যে কোনো উপ-ঠিকাদারের পারদর্শিতা মূল্যায়ন করা হয়েছে কিনা এবং স্ট্যান্ডার্ডের প্রয়োজনীয়তা পূরণ হয়েছে কিনা তা প্রদর্শন করার জন্য রেকর্ড রাখতে হবে।
- c) উপ-ঠিকাদারকে দলের কিউ.এম.এস. এবং প্রাসঙ্গিক প্রক্রিয়া মেনে কাজ করতে হবে এবং তা পরিষেবা স্তরের চুক্তি বা কন্ট্রাক্টে নির্দিষ্ট থাকতে হবে।

১১. সার্টিফিকেটে অতিরিক্ত উৎপাদনকারী বা উৎপাদন স্থানের নিবন্ধন

কার্যত কোনো সার্টিফিকেটে নতুন উৎপাদনকারী বা স্থান যোগ করা যেতে পারে (অভ্যন্তরীণ অনুমোদন পদ্ধতির পূরণ হচ্ছে কিনা তার উপর নির্ভর করে)। নিবন্ধিত উৎপাদনকারীদের তালিকা থেকে কোনো উৎপাদনকারী এবং/বা স্থান যোগ বা প্রত্যাহার সম্পর্কে, সার্টিফিকেশন বডিকে অবিলম্বে হালনাগাদ করা সার্টিফিকেট ধারকের দায়িত্ব (দল বা মাল্টিসাইট)।

- a) সার্টিফিকেশন বিভাগ দ্বারা অধিকতর যাচাই ছাড়া গ্লোবাল গ্যাপ প্রত্যায়িত সার্টিফিকেশন বিভাগে উৎপাদনকারী বা স্থানকে নিবন্ধন করার দ্বারা, এক বছরে নতুন উৎপাদনকারী বা স্থানের (মাল্টিসাইটের মধ্যে) ১০% পর্যন্ত (দলের মধ্যে) অনুমোদিত তালিকায় যোগ করা যেতে পারে।
- b) যখন নিবন্ধিত উৎপাদনকারী (দলের মধ্যে) বা স্থান সংখ্যা (মাল্টিসাইটের মধ্যে) এক বছরে ১০% এর বেশি

বেড়ে যায়, তখন অনুমোদিত তালিকায় অতিরিক্ত উৎপাদনকারী/স্থান যোগ করার আগে সেই বছরে নতুন যোগ করা উৎপাদনকারী/স্থানের আরও বহিরাগত নমুনা পরিদর্শন (কমপক্ষে নতুন উৎপাদনকারী/স্থানের বর্গমূল) এবং ঐচ্ছিকভাবে কিউ.এম.এস. এর একটি নিরীক্ষা প্রয়োজন।

- c) শতকরা হার ব্যাতিত অনুমোদিত নিবন্ধিত উৎপাদনকারী/স্থানের সংখ্যা এক বছরে বেড়ে যায়, তা নতুন নিবন্ধিত খামার হবে যাতে এলাকা বা পূর্বে অনুমোদিত নিবন্ধিত পণ্যের সংখ্যা, এক বছরের মধ্যে ১০% এর অধিক হবে অথবা সেখানে উৎপাদনকারী (দলের মধ্যে) বা স্থানে (মাল্টিসাইটের মধ্যে) ১০% পরিবর্তন, সেই বছরে নতুন যোগ করা উৎপাদনকারী/স্থানের আরও বহিরাগত নমুনা পরিদর্শন (কমপক্ষে নতুন উৎপাদনকারী/স্থানের বর্গমূল) এবং অনুমোদিত তালিকায় অতিরিক্ত উৎপাদনকারী/স্থান যোগ করার আগে ঐচ্ছিকভাবে গুণমান ব্যবস্থাপনা সিস্টেমের একটি নিরীক্ষা প্রয়োজন হবে।
- d) উৎপাদনকারী/ খামার এলাকা সংখ্যা নির্বিশেষে, যদি নজরদারি ও সার্টিফিকেশন নিরীক্ষার মধ্যে একটি নতুন পণ্য সার্টিফিকেটে যোগ করা হয়, তবে উৎপাদনকারীর উৎপাদন করা নতুন পণ্যের বর্গমূলে পরিদর্শন কাজ সম্পন্ন করতে হবে।

১২. লোগোর ব্যবহার

- a) সাধারণ প্রবিধান এবং উপ-লাইসেন্স ও সার্টিফিকেশন চুক্তি অনুযায়ী উৎপাদক/উৎপাদক দল গ্লোবাল গ্যাপ শব্দ, ট্রেডমার্ক বা লোগো এবং জি.জি.এন. ব্যবহার করবে। গ্লোবাল গ্যাপ শব্দ, ট্রেডমার্ক বা লোগো পণ্য, ভোক্তা প্যাকেজিং বা বিক্রয়ের সময়ে অবশ্যই প্রদর্শিত হবে না, কিন্তু সার্টিফিকেট ধারক যে কোনো ব্যবসা থেকে ব্যবসার যোগাযোগে এটি ব্যবহার করতে পারবেন।
- গ্লোবাল গ্যাপ শব্দ, ট্রেডমার্ক বা লোগোকে প্রাথমিক (প্রথমবারের) পরিদর্শনে ব্যবহার করা যাবে না, কারণ উৎপাদনকারী এখনো প্রত্যায়িত নয়, তাই এখন প্রত্যায়ন অবস্থানে রেফারেন্স দিতে পারবে না।

Integrated Farm Assurance - সামগ্রিক খামার রক্ষণ (ইংরেজি সংস্করণ ৫.২)

সমস্ত খামার ভিত্তিক - ফসলফসল ভিত্তিক - ফল এবং শাকসবজি ভিত্তিক

নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়সমূহ (CPCC)

অধ্যায় ৫: সমস্ত খামারভিত্তিক (ফার্মবেস) মডিউল

সূচনা

AF. সমস্ত খামারভিত্তিক মডিউল

AF. ১ স্থানের ইতিহাস ও স্থান ব্যবস্থাপনা

AF. ২ তথ্য লিপিবদ্ধকরণ এবং অভ্যন্তরীণ স্ব-মূল্যায়ন/ অভ্যন্তরীণ পরিদর্শন

AF. ৩ স্বাস্থ্যবিধি

AF. ৪ শ্রমিকদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ

AF. ৫ ঠিকাদার (সাবকন্ট্রাকটর)

AF. ৬ বর্জ্য ও দূষণ নিয়ন্ত্রণ, পুনঃ প্রক্রিয়া এবং পুনঃব্যবহার

AF. ৭ সংরক্ষণ

AF. ৮ অভিযোগ

AF. ৯ ফিরিয়ে নেওয়া/ প্রত্যাহারের পদ্ধতি

AF. ১০ খাদ্য প্রতিরক্ষা

AF. ১১ GLOBALG.A.P. স্ট্যাটাস / অবস্থা

AF. ১২ লোগোর ব্যবহার

AF. ১৩ চিহ্নিত করা এবং পৃথকীকরণ (ট্রেসেবেলিটি এবং সেগরিগেশন)

AF. ১৪ ব্যাপক সমতা/ ভারসাম্য (মাস ব্যালেন্স)

AF. ১৫ খাদ্য নিরাপত্তার নীতি ঘোষণা

AF. ১৬ খাদ্য জালিয়াতি প্রশমন

AF. ১৭ নন-কনফর্মিং পণ্য

সূচনাঃ

a) GLOBALG.A.P. এ সামগ্রিক খামার রক্ষণ (Integrated Farm Assurance ইন্টিগ্রেটেড ফার্ম অ্যাসিওরেন্স - IFA) মান/ স্ট্যান্ডার্ড প্রত্যয়ন এবং সার্টিফিকেশনে কৃষিপণ্য উৎপাদনে সমস্ত প্রক্রিয়া অন্তর্ভুক্ত।

b) GLOBALG.A.P., ISO ১৭০৬৫ এর ভিত্তিতে উৎপাদন পদ্ধতির জন্য স্বতন্ত্র এবং স্বীকৃত ওয় পক্ষের প্রত্যয়ন/ সার্টিফিকেশন প্রদান করে। কোন ফসল/পণ্য GLOBALG.A.P. নির্দেশিত উত্তম কৃষিজ পদ্ধতি অথবা গুড এগ্রিকালচারাল প্র্যাকটিস (G.A.P.) মেনে নির্দিষ্ট স্তরে পৌঁছেছে কিনা তা প্রত্যয়িত করে থাকে।

c) IFA মান / স্ট্যান্ডার্ড উৎপাদকদের বিভিন্ন সুবিধা প্রদান করে থাকেঃ

(i) প্রাথমিক উৎপাদন পর্যায়ে খাদ্য নিরাপত্তার ঝুঁকি কমানো জন্য পরিকল্পনা গ্রহণে উৎসাহিত করে এবং HACCP ভিত্তিক একটি স্পষ্ট ঝুঁকি মূল্যায়ন পদ্ধতির মাধ্যমে ভোক্তা ও খাদ্য চেইনের মাননিয়ন্ত্রণ কওে থাকে। এছাড়াও এটি সমগ্র খাদ্য চেইন জুড়ে ক্রমাগত উন্নতি ও স্বচ্ছতার প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে।

(ii) মিশ্র ফসল চাষে একাধিক ফসলের জন্য শুধুমাত্র একটি ইনস্পেকশন ও অডিটের মাধ্যমে সামগ্রিক খরচ কমিয়ে আনা হয়।


d) IFA নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য (CPCC) এর ডকুমেন্টসমূহ বিভিন্ন মডিউলে বিভক্ত, এবং এর প্রতিটি মডিউল উৎপাদনের বিভিন্ন বিষয়ের সাথে সংশ্লিষ্ট।

এই মডিউলগুলো হলোঃ

(i) “ক্ষেত্র / স্কোপ”, এগুলো হল:

- সমস্ত খামার ভিত্তিক (AF)
- ফসলফসল ভিত্তিক (CB)

(ii) “মডিউলগুলো” (“উপ- ক্ষেত্রগুলো”) উৎপাদনের আরো সুনির্দিষ্ট বিবরণ প্রদান করে।



e) GLOBALG.A.P. এর ওয়েবসাইটে প্রকাশিত পণ্য তালিকার মধ্যে অন্তর্ভুক্ত পণ্যগুলোকেই শুধুমাত্র GLOBALG.A.P. প্রত্যয়ন/সার্টিফিকেশনের জন্য নিবন্ধন করা যাবে। তবে GLOBALG.A.P. পণ্য তালিকা সীমিত নয় এবং চাহিদার উপর ভিত্তি করে তা বাড়ানো যেতে পারে।

f) GLOBALG.A.P. এর IFA স্ট্যান্ডার্ড এ বর্ণিত “Should” “করতে হবে” কথাটি GLOBALG.A.P.-এর জন্য আবশ্যিক হিসেবে বিবেচিত হবে।

নির্দেশনা

Major Must - প্রধান আবশ্যিক / মূখ্য আবশ্যিক - শতভাগ প্রতিপালন করতে হবে।

Minor Must - অপ্রধান আবশ্যিক/ গৌণ আবশ্যিক - ৯৫ ভাগ প্রতিপালন করতে হবে।

Recommended - সুপারিশকৃত - এগুলো সার্টিফিকেশন সিদ্ধান্তকে প্রভাবিত করে না।

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF	সমগ্র খামার ভিত্তিক		
	এই মডিউলে নিয়ন্ত্রণ ক্ষেত্র/ কন্ট্রোল পয়েন্টগুলো সার্টিফিকেশন করতে চান এমন সকল উৎপাদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য, এতে সংশ্লিষ্ট সকল কৃষিজাত ব্যবসা অন্তর্ভুক্ত।		
AF. 1	স্থানের ইতিহাস ও স্থান ব্যবস্থাপনা		
	টেকসই কৃষির মূল বৈশিষ্ট্য হল কাজের স্থানভিত্তিক জ্ঞান ও ব্যবহারিক অভিজ্ঞতাকে ভবিষ্যত ব্যবস্থাপনা পরিকল্পনা ও অনুশীলনের মধ্যে অন্তর্ভুক্ত করা। এই অংশটি নিরাপদ খাদ্য উৎপাদন এবং পরিবেশ সুরক্ষা নিশ্চিতকরনে খামারের জমি, স্থাপনা এবং অন্যান্য সুযোগ-সুবিধাগুলো সঠিকভাবে পরিচালনা নিশ্চিত করে।		
AF. 1.1	স্থানের ইতিহাস		
AF. 1.1.1	উৎপাদনে ব্যবহৃত প্রতিটি মাঠ, ফলের বাগান বা অন্যান্য এলাকা বা অবস্থান চিহ্নিতকরনের জন্য কোনো রেফারেন্স পদ্ধতি রয়েছে কিনা?	<p>দৃশ্যমান সনাক্তকরণ বিচার্য বিষয়ের অন্তর্ভুক্ত:</p> <ul style="list-style-type: none"> - প্রতিটি মাঠ/ফলের বাগান /প্লট/গৃহপালিত পশু রাখার বিল্ডিং বা অন্যান্য খামার এলাকা/অবস্থানের একটি দৃশ্যমান চিহ্ন (সাইনবোর্ড); - একটি খামারের মানচিত্র যেখানে পানির উৎস, গুদামজাতকরণ, পুকুর অফিস, অন্যান্য স্থাপনা ইত্যাদির অবস্থান সনাক্ত করে। <p>No N/A না প্রযোজ্য নয়।</p>	প্রধান আবশ্যিক
AF. 1.1.2	কৃষি সংশ্লিষ্ট উৎপাদনের ক্ষেত্রে কোন অবস্থানের প্রত্যেকটি ইউনিটের উৎপাদনের তথ্য সংরক্ষণ পদ্ধতি রয়েছে কি?	<p>বর্তমান রেকর্ড সকল উৎপাদন এলাকার GLOBALG.A.P. এর আওতায় উৎপাদিত সকল পণ্যের তথ্য প্রদান করবে।</p> <p>No N/A না প্রযোজ্য নয়।</p>	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 1.2	স্থান ব্যবস্থাপনা		
AF. 1.2.1	সার্টিফিকেশনের জন্য নিবন্ধিত সকল স্থানের ঝুঁকির মূল্যায়ন (রিস্ক এসেসমেন্ট) ব্যবস্থা রয়েছে কিনা? যা খাদ্য নিরাপত্তা, পরিবেশ ও স্বাস্থ্য সুরক্ষা এবং গৃহপালিত প্রাণীর ক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে।	<p>প্রতিটি স্থানের জন্য একটি লিখিত ঝুঁকির মূল্যায়ন থাকবে যা ঐ স্থানে উৎপাদনের জন্য উপযুক্ততা নির্ধারণ করবে। এটা প্রাথমিক পর্যবেক্ষণ (ইনিশিয়াল ইনস্পেকশন) এর জন্য প্রস্তুত থাকবে এবং কোনো নতুন স্থান আন্তর্ভুক্ত হলে এবং যদি পুরাতন স্থানের ঝুঁকির মাত্রা পরিবর্তন হলে এবং কমপক্ষে প্রতিবছর একবার রিভিউ করে হালনাগাদ করতে হবে।</p> <p>এই ঝুঁকি মূল্যায়নের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে যেমনঃ</p> <ul style="list-style-type: none"> - সম্ভাব্য ভৌত, রাসায়নিক (অ্যালার্জি সহ) এবং জৈব বিপত্তি বা হাজার্ড চিহ্নিত করতে হবে। - এলাকার/ স্থানের ইতিহাস (কৃষি উৎপাদনের জন্য নতুন স্থানের ক্ষেত্রে পাঁচ বছরের ইতিহাস নেওয়ার পরামর্শ দেওয়া হয় এবং কমপক্ষে এক বছরের ইতিহাস জানা থাকতে হবে) - প্রস্তাবিত কৃষিকাজের ফলে পার্শ্ববর্তী শস্য/ফসল, পরিবেশ এবং গৃহপালিত ও মৎসজাত প্রাণীর ক্ষেত্রে প্রভাব। 	প্রধান আবশ্যিক
AF. 1.2.2	ঝুঁকির মূল্যায়নে (AF ১.২.১) চিহ্নিত ঝুঁকিগুলো প্রশমনের জন্য কি কোন ব্যবস্থাপনা পরিকল্পনা রয়েছে?	AF ১.২.১ এ চিহ্নিত ঝুঁকিগুলো বিবেচনায় নিয়ে তা নিয়ন্ত্রণের জন্য একটি ব্যবস্থাপনা পরিকল্পনা নিতে হবে যা প্রশ্নবিদ্ধ স্থানটির উৎপাদনের উপযুক্ততা নিশ্চিত করবে। ঝুঁকি ব্যবস্থাপনা কার্যকরী হতে হবে এবং বাস্তবায়নের ইভিডেন্স বা প্রমাণ থাকতে হবে। (উল্লেখ্য, পরিবেশগত ঝুঁকি এই পরিকল্পনার অংশে অন্তর্ভুক্ত নই এবং এটি AF ৭.১.১ এর মধ্যে অন্তর্ভুক্ত করা রয়েছে।)	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 2	তথ্য (রেকর্ড) লিপিবদ্ধকরণ এবং অভ্যন্তরীণ স্ব-মূল্যায়ন/ অভ্যন্তরীণ পরিদর্শন		
	কৃষিকাজের গুরুত্বপূর্ণ বিষয়গুলো লিপিবদ্ধ করতে হবে এবং রেকর্ড রাখতে হবে।		
AF. 2.1	বহিঃ মূল্যায়ন (এক্সটার্নাল ইনস্পেকশন) এর জন্য সকল নথিপত্র বা রেকর্ড কমপক্ষে দুই বছর সময়ের জন্য সংরক্ষিত রয়েছে কিনা?	<ul style="list-style-type: none"> - উৎপাদনকারীকে কমপক্ষে দুই বছরের জন্য হাল নাগাদকৃত নথিপত্র সংরক্ষিত রাখতে হবে। - ইলেক্ট্রনিক পদ্ধতিতে নথিপত্র সংরক্ষণ বৈধ এবং সেগুলো সংরক্ষণের সকল দায়দায়িত্ব উৎপাদকের। - প্রাথমিক ইনস্পেকশনের জন্য, বহিঃ মূল্যায়ন/ বাহ্যিক পরিদর্শনের নির্দিষ্ট তারিখের কমপক্ষে তিন মাস আগের বা নিবন্ধনের দিন থেকে যে সময়টি সবচেয়ে বেশি হবে সেই সময়ের তথ্য উৎপাদনকারীদের সংরক্ষণ করতে হবে। - নতুন আবেদনকারীর কাছে প্রত্যয়নের জন্য আবেদনকৃত প্রত্যেকটি বিষয়ের পূর্ণ তথ্য থাকতে হবে যা ঐ এলাকার GLOBALG.A.P. কৃষি কার্যক্রমের তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয়। <p>No N/A না প্রযোজ্য নয়।</p>	প্রধান আবশ্যিক
AF. ২.২	উৎপাদনকারী GLOB ALG.A.P. এর আদর্শ/ স্ট্যান্ডার্ড অনুযায়ী কি প্রতি বছর কমপক্ষে একটি অভ্যন্তরীণ স্ব-মূল্যায়ন (সেফ এসেসমেন্ট) পরিচালনা করে থাকেন?	<ul style="list-style-type: none"> - Option ১ এর আওতায় উৎপাদকের অধিনে একটি অভ্যন্তরীণ স্ব- মূল্যায়ন সম্পন্ন করতে হবে (এটি উৎপাদনকারী অন্য কোনো যোগ্য ব্যক্তিকে দিয়ে করতে পারেন)। - স্ব-মূল্যায়নের ক্ষেত্রে নিজের বা ঠিকাদারের সমস্ত কার্যক্রম নিয়ন্ত্রণ ক্ষেত্র/পয়েন্টের অন্তর্ভুক্ত থাকতে হবে। - স্ব-মূল্যায়ন তালিকায়/ চেকলিস্টে সকল অ-প্রযোজ্য (নট এপ্লিকেবল) এবং অ-অনুবর্তী (নন কমপ্লায়েন্ট) নিয়ন্ত্রণ ক্ষেত্র পয়েন্টগুলোর জন্য পরিলক্ষিত মন্তব্য লিপিবদ্ধ থাকতে হবে। <p>QMS ব্যতিত না প্রযোজ্য নয়, QMS চেকলিস্ট এ অভ্যন্তরীণ পরিদর্শন অন্তর্ভুক্ত রয়েছে।</p>	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ২.৩	অভ্যন্তরীণ স্ব-মূল্যায়ন বা উৎপাদনকারী দলের অভ্যন্তরীণ পরিদর্শনের সময় সনাক্তকৃত নন কনফার্মেস এর কোন সংশোধনমূলক কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি?	প্রয়োজনীয় সংশোধনমূলক কাজগুলোকে নথিভুক্ত করতে হবে এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। যদি অভ্যন্তরীণ স্ব-মূল্যায়ন বা উৎপাদনকারী দলের অভ্যন্তরীণ পরিদর্শনের সময় শুধু যদি কোন নন কনফার্মেস না থাকে তাহলে এটি 'প্রযোজ্য নয়'।	প্রধান আবশ্যিক
AF. ৩	স্বাস্থ্যবিধি (হাইজিন)		
	মানুষই পারে পণ্যের দূষণ প্রতিরোধে মূল ভূমিকা পালন করতে। খামারের কর্মী এবং ইজারদার/ঠিকাদারদের সাথে সাথে উৎপাদকরাও পণ্যের গুণগত মান এবং নিরাপত্তার জন্য দায়ী থাকেন। শিক্ষা এবং প্রশিক্ষণের মাধ্যমেই নিরাপদ উৎপাদন নিশ্চিত করা সম্ভব। এই অধ্যায়টি পণ্যের স্বাস্থ্যবিধির ঝুঁকি কমানোর জন্য বিবেচ্য উত্তম কৌশলগুলো নিশ্চিত করার উদ্দেশ্যে তৈরি যেন সকল শ্রমিক তার প্রয়োজনীয়তা বুঝতে পারে এবং সেই অনুযায়ী তাদের দায়িত্ব পালন করতে পারে। ফলন সংগ্রহ এবং সংগ্রহোত্তর পরিচালনা ব্যবস্থার সময় করণীয় স্বাস্থ্যবিধি বিবেচ্য বিষয়গুলোর উপর, প্রযোজ্য/সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড মডিউলে বর্ণনা করা আছে।		
AF. ৩.১	খামারের স্বাস্থ্যবিধির জন্য কোনো লিখিত ঝুঁকির মূল্যায়ন আছে কি?	- স্বাস্থ্যবিধি জন্য লিখিত ঝুঁকির মূল্যায়ন উৎপাদনের পরিবেশকে অন্তর্ভুক্ত করে। ঝুঁকির মূল্যায়ন প্রতি বছর একবার পর্যালোচনা করে হালনাগাদ করতে হবে এবং ঝুঁকি পরিবর্তন হলে তা হালনাগাদ করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৩.২	খামারটির কি কোনো নথিভুক্ত স্বাস্থ্যবিধি (হাইজিন প্রসিডিউর) রয়েছে কিনা এবং খাদ্য নিরাপত্তায় গুরুতর বিপদ আনতে পারে এমন স্বাস্থ্যবিধি সম্পর্কিত নির্দেশাবলী সকল শ্রমিক ও দর্শকদের জন্য সুনির্দিষ্ট স্থানে সুস্পষ্টভাবে প্রদর্শিত হয় কি?	AF ৩.১ এ চিহ্নিত ঝুঁকিগুলোকে নির্দেশিত করে খামারে একটি স্বাস্থ্যবিধির পদ্ধতি (হাইজিন প্রসিডিউর) থাকবে। এছাড়াও খামারে স্বাস্থ্যবিধির নির্দেশাবলী সুস্পষ্টভাবে শ্রমিক /ঠিকাদার এবং দর্শকদের জন্য প্রদর্শিত থাকবে; যা কিনা স্পষ্ট চিহ্ন (ছবি) এবং কর্মীদের বোধগম্য ভাষায় (ভাষাগুলো দিয়ে) বোঝা যায়। এছাড়াও নির্দেশাবলীকে অবশ্যই AF ৩.১ এর মাধ্যমে চিহ্নিত ঝুঁকির মূল্যায়নের ফলাফলের উপর ভিত্তি করে হতে হবে এবং ন্যূনতম নিচের বিষয়গুলোও অন্তর্ভুক্ত থাকবে: <ul style="list-style-type: none"> - হাত ধোয়ার প্রয়োজনীয়তা। - শরীরে কোন কাটা স্থান থাকলে তা ঢাঁকা অবস্থায় রাখতে হবে। - নির্দিষ্ট এলাকায় খাওয়া-দাওয়া ও ধূমপানের সীমাবদ্ধতা। - কোন শ্রমিক অসুস্থ হলে তা জানানোর বিজ্ঞপ্তি। অসুস্থতার যে কোনো লক্ষণ যেমনঃ বমি, জন্ডিস, ডায়রিয়া ইত্যাদিতে সংক্রমিত কর্মী বা শ্রমিক যেন উৎপাদিত ফসল বা ফলের প্রত্যক্ষ সংস্পর্শ আসা থেকে বিরত থাকে। - খামারের কর্মী বা শ্রমিকের থুতু, লালা, ঘাম, মূত্র (শারীরিক তরল) যেন উৎপাদিত ফসল বা ফলের সংস্পর্শে না আসে এবং পণ্যের দূষণ না ঘটায় - এ সংক্রান্ত বিজ্ঞপ্তি। - উপযুক্ত প্রতিরক্ষামূলক পোশাক ব্যবহার করা, যাতে ফসল উৎপাদন ও সংগ্রহের কার্যক্রমে পণ্য দূষণের গুরুতর বিপদ এড়ানো যায়। 	অপ্রধান আবশ্যিক
AF. ৩.৩	খামারে কাজ করা সকল ব্যক্তিদেরকে তাদের কাজের সাথে সম্পৃক্ত এবং AF ৩.২ এর মধ্যে থাকা স্বাস্থ্যবিধি নির্দেশাবলী অনুযায়ী বার্ষিক স্বাস্থ্যবিধি প্রশিক্ষণ দেওয়া হয়েছে কি?	স্বাস্থ্যবিধির জন্য একটি প্রাথমিক প্রশিক্ষণ কোর্স লিখিত আকারে থাকতে হবে এবং মৌখিক ভাবে সরাসরি প্রশিক্ষণ দিতে হবে। সকল নতুন কর্মীরা অবশ্যই এই প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এই প্রশিক্ষণে AF ৩.২ এ নির্দেশিত সমস্ত নির্দেশাবলী অন্তর্ভুক্ত থাকবে। খামারের মৌলিক স্বাস্থ্যবিধি সম্পর্কিত প্রশিক্ষণে মালিক ও ম্যানেজারসহ সকল শ্রমিকদের প্রতিবছর কমপক্ষে একবার অংশগ্রহণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৩.৪	খামারের স্বাস্থ্যবিধি পদ্ধতি (হাইজিন প্রসিডিউর) বাস্তবায়ন করা হয়েছে কি?	পরিদর্শনকালে স্বাস্থ্যবিধি সংক্রান্ত কর্মীদের জন্য নির্দিষ্ট করা নির্দেশনাগুলো কর্মীরা বাস্তবিকভাবে প্রতিপালন করে কিনা তা দেখাতে হবে এবং স্বাস্থ্যবিধি পদ্ধতি (হাইজিন প্রসিডিউর) যে বাস্তবায়ন করা হচ্ছে তার জন্য দৃশ্যমান প্রমাণ দিতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 8	শ্রমিকদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ		
	মানুষই হল যে কোনো খামার নিরাপদ ও সুদক্ষভাবে পরিচালনার চাবিকাঠি। খামারের কর্মী ও ইজারাদার/ঠিকাদার, পাশাপাশি উৎপাদকরাও উৎপাদনের মান এবং পরিবেশ রক্ষার জন্য দায়ী থাকেন। গুণগত মান বজায় রাখতে শিক্ষা এবং প্রশিক্ষণের সাহায্য করে। এই সেকশন কর্মস্থলে কিভাবে নিরাপদে কাজ করা যায়, কর্মীর নিরাপত্তা কিভাবে নিশ্চিত করা হয়, দক্ষতার সহিত কিভাবে কর্মীরা কাজ করবে, কর্মীর নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট কর্ম উপকরণসমূহ সরবারহ করা এবং কোন দুর্ঘটনা ঘটলে তাৎক্ষণিক কিভাবে সহায়তা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায় তার বিবরণ রয়েছে।		
AF. 8.1	স্বাস্থ্য এবং নিরাপত্তা		
AF. 8.1.1	উৎপাদনকারীর কাছে শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা জনিত ঝুঁকির জন্য কোনো লিখিত ঝুঁকির মূল্যায়ন আছে কি?	<p>লিখিত ঝুঁকির মূল্যায়ন সার্টিফিকেশনের পরিধির মধ্যে সমগ্র উৎপাদন প্রক্রিয়াসহ সমগ্র খামারের অবস্থার সাথে যথাযথ হতে হবে। ঝুঁকির মূল্যায়নকে প্রতিবছর পর্যালোচনা ও হালনাগাদ করতে হবে। এবং শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে প্রভাবিত করতে পারে এমন কিছু বিষয়ে পরিবর্তন হলে (যেমন নতুন যন্ত্রপাতি, নতুন ভবন, নতুন বালাইনাশক, পরিবর্তিত চাষপদ্ধতি ইত্যাদি) তা নতুনভাবে পর্যালোচনা করে হালনাগাদ করতে হবে।</p> <p>No N/A না প্রযোজ্য নয়।</p>	অপ্রধান আবশ্যিক
AF. 8.1.2	AF 8.1.1 এর ঝুঁকি মূল্যায়নের মধ্যে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের জন্য খামারের কি লিখিত কোনো স্বাস্থ্য এবং নিরাপত্তার পদ্ধতি (প্রসিডিউর) আছে?	স্বাস্থ্য এবং নিরাপত্তা প্রসিডিউর - ঝুঁকির মূল্যায়নে (AF 8.1.1) চিহ্নিত ঝুঁকিগুলো প্রশমনে ভূমিকা রাখবে। এখানে দুর্ঘটনা এবং জরুরী অবস্থাও অন্তর্ভুক্ত থাকবে। এবং কর্মক্ষেত্রে বিদ্যমান কর্মী সংশ্লিষ্ট ঝুঁকিসমূহ নিবারনে কার্যকর প্রতিরোধমূলক পরিকল্পনাও নিতে হবে। এগুলো প্রতিবছর পর্যালোচনা করতে হবে এবং ঝুঁকির মূল্যায়ন পরিবর্তন হলেই তা হালনাগাদ করতে হবে। খামারের অবকাঠামো, সুযোগ-সুবিধা এবং সরঞ্জাম এমনভাবে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করতে হবে যেন তা শ্রমিক এবং কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জনিত ঝুঁকি কমিয়ে দেয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 8.১.৩	AF 8.১.১ এর মধ্যে থাকা ঝুঁকির মূল্যায়ন অনুযায়ী খামারে কর্মরত সকল ব্যক্তি কি স্বাস্থ্য ও নিরাপত্তাজনিত প্রশিক্ষণ পেয়েছে?	সকল শ্রমিক, কর্মচারি ও ঠিকাদার তাদের কার্যক্রমে গৃহীত প্রশিক্ষন অনুযায়ী দৃশ্যমান দক্ষতা প্রদর্শন করবেন (পরিদর্শনের দিন পর্যবেক্ষন করা হবে)। খামারে সংশ্লিষ্ট ভাষায় নির্দেশাবলী ও প্রশিক্ষণ তথ্য প্রমাণ থাকতে হবে। প্রশিক্ষণের নির্দেশাবলী এবং উপকরণের ব্যবস্থা থাকলে উৎপাদনকারীরা নিজেরাই স্বাস্থ্য ও নিরাপত্তার প্রশিক্ষণের আয়োজন করতে পারেন (অর্থাৎ এতে বাইরের ব্যক্তিকে দিয়ে প্রশিক্ষণ সঞ্চালনের প্রয়োজন হবে না)। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
AF. 8.২	প্রশিক্ষণ		
AF. 8.২.১	খামারে প্রশিক্ষণ কার্যক্রম এবং অংশগ্রহণকারীদের উপস্থিতির কোনো তথ্য সংরক্ষণ করা হয় কিনা?	প্রশিক্ষণ কার্যক্রমের রেকর্ড রাখতে হবে, যাতে প্রশিক্ষণে আলোচিত বিষয়, প্রশিক্ষকের নাম, প্রশিক্ষণের তারিখ এবং অংশগ্রহণকারীদের একটি তালিকা অন্তর্ভুক্ত থাকে। প্রশিক্ষণে উপস্থিত প্রশিক্ষার্থীদের হাজার প্রমাণ থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. 8.২.২	রাসায়নিক, জীবাণুনাশক, উদ্ভিদ সংরক্ষণের পণ্য (বালাইনাশক), বায়োসাইড এবং অন্যান্য বিপজ্জনক পদার্থ নিয়ে কাজ করে থাকে অথবা তদারকি করে এমন সমস্ত কর্মী এবং AF 8.১.১ এর ঝুঁকির বিশ্লেষণে ঝুঁকিপূর্ণ সরঞ্জাম নিয়ে কাজ করে এমন সকল কর্মীদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা এবং দক্ষতার প্রমাণ রয়েছে কিনা?	নথিপত্র থেকে এই ধরনের কাজ করতে পারে এবং কর্মদক্ষতা প্রদর্শন করতে পারে এমন সকল কর্মীদেরকে সনাক্ত করবে (উদাহরণঃ প্রশিক্ষণের সার্টিফিকেট এবং/অথবা উপস্থিতির প্রমাণসহ প্রশিক্ষণের রেকর্ড)। দেশে বিদ্যমান এ সংক্রান্ত প্রযোজ্য আইন এখানে অন্তর্ভুক্ত থাকবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 8.৩	ঝুঁকি/ বিপত্তি (হ্যাজার্ড) এবং প্রথমিক চিকিৎসা		
AF. 8.৩.১	খামারে দুর্ঘটনা নিবারণ এবং জরুরী ব্যবস্থা গ্রহণে পদ্ধতি (প্রসিডিউর) রয়েছে কি? সেগুলো কি সকলের সামনে দৃশ্যমান? ঠিকাদার এবং পরিদর্শকসহ খামারের কাজে নিযুক্ত সকল ব্যক্তিদের কি এই বিষয়ে জানানো হয়েছে?	<p>দুর্ঘটনার বিষয়গুলোকে কর্মী, ঠিকাদার এবং পরিদর্শক (ভিজিটর) জন্য সহজেই দেখা যাবে এমন স্থানে বা স্থানগুলোতে স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে। কর্মরত সকলের জন্য এই নির্দেশাবলীগুলো সহজ ও বোধগম্য ভাষায় ছবি সহকারে প্রস্তুত রাখতে হবে।</p> <p>পদ্ধতিগুলোতে নিম্নের বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবেঃ</p> <ul style="list-style-type: none"> - খামারের মানচিত্রের বিবরণ বা খামারের ঠিকানা। - যোগাযোগের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি(দের) তথ্য। - অত্যাৱশ্যক ফোন নম্বরগুলোর একটি হালনাগাদ তালিকা (যেমনঃ পুলিশ, অ্যাম্বুলেন্স, হাসপাতাল, ফায়ার-ব্রিগেড/দমকল বহিনী, জরুরি স্বাস্থ্যসেবা সুবিধা নিশ্চিতের জন্য তথ্য, বিদ্যুৎ, পানি ও গ্যাসের সরবরাহকারী)। <p>অন্যান্য অন্তর্ভুক্ত বিষয়গুলো হলোঃ</p> <ul style="list-style-type: none"> - যোগাযোগের নিকটস্থ স্থান (টেলিফোন)। - স্থানীয় চিকিৎসা সেবা, হাসপাতাল এবং অন্যান্য জরুরি পরিষেবাগুলো পাওয়ার ক্ষেত্রে কিভাবে এবং কোথায় যোগাযোগ করতে হবে। (কোন দুর্ঘটনা ঘটলে এটি কোথায় ঘটেছে? কি হয়েছে? কতজন লোক আহত হয়েছেন? কোন ধরনের আঘাত লেগেছে? কে কল করছে? - এসব তথ্যসমূহ লিপিবদ্ধ থাকতে হবে)। - অগ্নি নির্বাপক যন্ত্রের স্থান/লোকেশন। - জরুর প্রস্থানের স্থান (ইমার্জেন্সি এক্সিট)। - জরুরী ভিত্তিতে বিদ্যুৎ, গ্যাস ও পানি সংযোগ বিচ্ছিন্ন করা। - কিভাবে দুর্ঘটনা ও বিপজ্জনক ঘটনার তথ্য রিপোর্ট করা হবে। 	অপ্রধান আৱশ্যক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৪.৩.২	সম্ভাব্য বিপদগুলিকে কি সতর্কতা সংকেত দ্বারা পরিষ্কারভাবে চিহ্নিত করা হয়েছে?	সহজে বোঝা যায় এমন স্থায়ী সংকেত দ্বারা সম্ভাব্য বিপদের সংকেত থাকতে হবে। এতে অন্তর্ভুক্ত থাকবে, বর্জ্য, জ্বালানির ট্যাংকি, ওয়ার্কশপ এবং উদ্ভিদ সংরক্ষণ পণ্য/সার/অন্য কোন রাসায়নিক পণ্যের জন্য স্টোর রুমে প্রবেশের দরজায় সংকেত থাকতে হবে। কর্মরত সকলের জন্য সতর্কতা সংকেতগুলো সহজ ও বোধগম্য ভাষায় ছবি সহকারে প্রদর্শন করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
AF. ৪.৩.৩	কর্মীদের স্বাস্থ্যের জন্য বিপজ্জনক এমন পদার্থের জন্য নিরাপত্তার উপদেশ কি সহজলভ্য/এক্সেসযোগ্য?	যখন সঠিক তথ্য ও ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন (উদাঃ ওয়েবসাইট, টেলিফোন নম্বর, উপাদানের নিরাপত্তাজনিত তথ্য, ইত্যাদি) তার সহজপ্রাপ্যতা নিশ্চিত করতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৪.৩.৪	সব স্থায়ী কাজের স্থান/স্থাপনা এবং মাঠে ব্যবহারিক কাজের আশেপাশের অংশে প্রাথমিক চিকিৎসার যন্ত্রপাতি (ফার্স্ট এইড কিটস) বিদ্যমান আছে কি না?	সকল স্থায়ী কাজের স্থান/স্থাপনা, পরিবহন এবং ঝুঁকির মূল্যায়নে যেখানে প্রয়োজ্য সেখানে প্রাথমিক চিকিৎসার যন্ত্রপাতি (স্থানীয় সুপারিশ অনুযায়ী এবং খামারের কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ) বিদ্যমান রাখতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৪.৩.৫	খামারের কার্যক্রম চলমান অবস্থায় প্রাথমিক চিকিৎসার উপর প্রশিক্ষিত ব্যক্তি (প্রতি খামারে কমপক্ষে একজন) রয়েছেন কিনা?	বর্তমানে ফার্মে কাজ আছে এমন সকল স্থানে সর্বদা অন্তত একজন প্রাথমিক চিকিৎসার উপর প্রশিক্ষিত ব্যক্তি থাকতে হবে। নির্দেশনা মোতাবেকঃ প্রতি ৫০ জন কর্মীর মধ্যে একজন প্রশিক্ষিত ব্যক্তি থাকা বাধ্যনীয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 8.8	প্রতিরক্ষামূলক পোশাক/সরঞ্জাম		
AF. 8.8.১	কর্মী, পরিদর্শক (ভিজিটর) এবং ঠিকাদারগণ কি বিধিসম্মত বা নির্দেশাবলী লেবেল সংযুক্ত বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত উপযুক্ত প্রতিরক্ষামূলক পোশাক পরিধান করে থাকেন?	লেবেলযুক্ত, বিধিসম্মত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত প্রতিরক্ষামূলক পোশাকের সম্পূর্ণ সেট খামারে প্রস্তুত রাখতে হবে, প্রয়োজনে ব্যবহার করতে হবে এবং নষ্ট হলে মেরামত করতে হবে। লেবেলযুক্ত নির্দেশাবলীর প্রয়োজনীয়তা অনুযায়ী খামারে চলমান কাজের ক্ষেত্রে এগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমনঃ খামারে কাজের ক্ষেত্রে প্রয়োজন অনুসারে রাবারের বুট জুতা বা অন্যান্য উপযুক্ত জুতো, পানি-প্রতিরোধী পোশাক (বৃষ্টির সময়), প্রতিরক্ষামূলক সামগ্রী, রাবার গ্লাভস, মুখের মুখোশ (ফেসমাস্ক), বালাইনাশক স্প্রে সময় উপযুক্ত শ্বাসযন্ত্রের সরঞ্জাম (প্রতিস্থাপনযোগ্য ফিল্টার সহ), কান ও চোখের সুরক্ষার ডিভাইস, লাইফ-জ্যাকেট, ইত্যাদি।	প্রধান আবশ্যিক
AF. 8.8.২	ব্যবহারের পর প্রতিরক্ষামূলক পোশাক পরিষ্কার করে সংরক্ষণ করা হয় কি না যাতে ব্যক্তিগত পোশাকে কোন দূষণ না ছড়ায়।	প্রতিরক্ষামূলক পোশাক ব্যবহারের ধরণ এবং সম্ভাব্য দূষণের ধরণ অনুযায়ী শুষ্ক জায়গায় পরিষ্কার করে রাখতে হবে। প্রতিরক্ষামূলক পোশাক ও সরঞ্জাম পরিষ্কারের ব্যবস্থা ব্যক্তিগত পোশাক ধোওয়ার স্থান থেকে আলাদা হতে হবে। পুনরায় ব্যবহারযোগ্য গ্লাভস খোলার আগে ধুয়ে নিতে হবে। নোংরা এবং ক্ষতিগ্রস্ত প্রতিরক্ষামূলক পোশাক ও সরঞ্জাম এবং মেয়াদ শেষ হওয়া ফিল্টারের কার্তুজকে উপযুক্তভাবে নিষ্পত্তি করতে হবে। শুধুমাত্র একবার ব্যবহারের জন্য নির্মিত জিনিসগুলোকে (উদাহরণঃ গ্লাভস ওভারঅলস) একবার ব্যবহার করেই নির্দিষ্ট স্থানে ফেলে দিতে হবে। সকল প্রতিরক্ষামূলক পোশাক ও সরঞ্জামকে (প্রতিস্থাপন ফিল্টার সহ অন্যান্য) উদ্ভিদ সংরক্ষণ পণ্য/ সংরক্ষণাগারের বাহিরে আলাদাভাবে সংরক্ষণ করতে হবে যাদে এগুলো কোনক্রমেই সংশ্লিষ্ট কোন রাসায়নিক দ্বারা দূষিত না হয়। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
AF. 8.৫	শ্রমিক কল্যাণ		
AF. 8.৫.১	খামারের মালিকপক্ষ বা পরিচালনাকারীদের পক্ষ থেকে শ্রমিক/কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত হিসেবে স্পষ্টভাবে কাউকে শনাক্ত করা যায় কিনা?	শ্রমিক/কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণে বিদ্যমান জাতীয় এবং স্থানীয় বিধি নিষেধ মেনে চলা এবং বাস্তবায়ন নিশ্চিত করার জন্য দায়িত্বে থাকা মালিকপক্ষের সংশ্লিষ্ট ব্যক্তির নাম সহ তথ্য থাকতে হবে এবং সহজলভ্য হতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. 8.৫.২	কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ সংক্রান্ত সমস্যার বিষয়ে ব্যবস্থাপনা টিম ও শ্রমিকদের উভয় পক্ষের মাঝে কি নিয়মিত যোগাযোগ হয়? এই ধরনের যোগাযোগ থেকে নেওয়া কোনো পদক্ষেপের প্রমাণ রয়েছে কি?	বছরে কমপক্ষে একবার কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ সংক্রান্ত সমস্যার উপর ব্যবস্থাপক (ম্যানেজার) ও শ্রমিকদের মধ্যে সরাসরি যোগাযোগের (অর্থাৎ ভীতিপ্রদর্শন বা শাস্তি ছাড়াই) তথ্য থাকতে হবে। এই ধরনের যোগাযোগের বিষয়বস্তু, নির্ভুলতা বা পরিণতি সম্পর্কে পরিদর্শকগণ কোন মন্তব্য করবেন না। কর্মীর স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ সংক্রান্ত বিষয়ে মালিকপক্ষের সচেতনতার প্রমাণ থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. 8.৫.৩	খামারে কর্মরত শ্রমিক বা কর্মীদের জন্য খাদ্য মজুত রাখা ও গ্রহণের পরিষ্কার জায়গা, বিশ্রাম নেওয়ার নির্দিষ্ট স্থান, হাত ধোয়ার সুব্যবস্থা এবং খারবার পানির/ পানীয় জলের সুবিধা রয়েছে কি?	কর্মীরা খামারের মধ্যে খাবার গ্রহণ করলে তাদের খাবার রাখার জন্য একটি পরিষ্কার স্থান এবং খাদ্য গ্রহণের জন্য স্থান প্রদান করতে হবে। হাত ধোয়ার সরঞ্জাম ও পানীয় জল সবসময় প্রদান করতে হবে।	প্রধান আবশ্যিক
AF. 8.৫.৪	কাজের স্থানে থাকা কোয়ার্টার কি বাসযোগ্য এবং সাধারণ পরিষেবা এবং সুবিধাগুলো কি সেখানে রয়েছে?	কর্মীদের জন্য কাজের স্থানে থাকার কোয়ার্টার বাসযোগ্য (ছাদ, জানালা এবং দরজা) এবং তার সাথে পানীয় জল, শৌচাগার ও পানি নিষ্কাশনের মতো সাধারণ পরিষেবাগুলো থাকতে হবে। পানি নিষ্কাশনের ড্রেন না থাকলে, স্থানীয় বিধান অনুসারে সেপটিক পিট এর ব্যবস্থা করতে হবে।	প্রধান আবশ্যিক
AF. 8.৫.৫	খামারের অভ্যন্তরে কিংবা এক স্থান থেকে অন্য স্থানে/ফলের বাগানে) কর্মীদের যাতায়াতের জন্য খামার কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত পরিবহন ব্যবস্থা কি নিরাপদ এবং প্রধান রাস্তায় পরিবহনের সময় জাতীয় বিধি-নিষেধের সঙ্গে সঙ্গতিশীল?	যানবাহনযান বা নৌযান শ্রমিকদের জন্য নিরাপদ হতে হবে এবং পরিবহন করার সময় জাতীয় এবং নিরাপত্তার নিয়মকানুন মেনে চলতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৫	উপ-চুক্তিকর্তা/ইজারাদার/ঠিকাদার (সাবকন্ট্রাকটর)		
	সাবকন্ট্রাকটর হলেন উৎপাদনকারীর অধীনে পরিচালিত খামারের নির্দিষ্ট কাজ করার জন্য চুক্তিবদ্ধ কোনো উপ-চুক্তিকর্তা/ইজারাদার/ঠিকাদার যিনি সংশ্লিষ্ট খামারে শ্রম, সরঞ্জাম এবং/অথবা উপকরণ পরিচালনার জন্য দায়িত্বশীল (উদাহরণঃ ফল সংগ্রহ, বালাইনামক স্প্রে, সার, সেচ প্রয়োগ প্রভৃতি) ।		
AF. ৫.১	যখন একজন উৎপাদনকারী ঠিকাদারকে দিয়ে কাজ করায়, তখন সেই কার্যকলাপ GLOBALG.A.P. এর সঙ্গে প্রাসঙ্গিক কিনা এবং CPCC সংশ্লিষ্ট প্রয়োজনীয়তা মেনে পরিচালিত হয় কিনা তা দেখার জন্য উৎপাদনকারী কি তাদের কার্যক্রম তত্ত্বাবধান করেন?	<p>উৎপাদনকারী র অধীনে কর্মরত কোন ইজারাদার/ ঠিকাদার খামারে কোনো কার্যক্রম চালালে তিনি GLOBALG.A.P. এর স্ট্যান্ডার্ড আনয়ামী প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট মেনে চলেন কিনা তা পর্যবেক্ষণ করার জন্য উৎপাদনকারীকে দায়িত্ব নিতে হবে এবং চুক্তিবদ্ধ প্রতিটি কাজ এবং মৌসুমের জন্য ঠিকাদারকে মূল্যায়ন পরবর্তী চুক্তি সম্পাদন করতে হবে। বাহ্যিক পরিদর্শনকালে প্রযোজ্য নিয়ন্ত্রণ পয়েন্ট বাস্তবায়ন সংশ্লিষ্ট প্রমাণ পস্তুত রাখতে হবে।</p> <p>(i) উৎপাদনকারী ঠিকাদারকে মূল্যায়ন করতে পারবেন এবং সংশ্লিষ্ট কন্ট্রোল পয়েন্ট বাস্তবায়নের প্রমাণ সংরক্ষণ করবেন। ঠিকাদারকে এই মর্মে সম্মত হতে হবে যে GLOBALG.A.P. এর অনুমোদিত মূল্যায়ন কমিটি প্রকৃত পরিদর্শনের মাধ্যমে মূল্যায়ন যাচাই করতে পারবে; অথবা</p> <p>(ii) GLOBALG.A.P. এর অনুমোদিত তৃতীয় পক্ষের মূল্যায়ন/ সার্টিফিকেশন বিভাগ ঠিকাদারকে পরিদর্শন করতে পারে। এক্ষেত্রে ঠিকাদারকে নিম্নলিখিত তথ্যসহ মূল্যায়ন/ সার্টিফিকেশন বিভাগ থেকে অনুরূপ একটি চিঠি গ্রহণ করতে হবে: ১) মূল্যায়নের তারিখ, ২) মূল্যায়ন/ সার্টিফিকেশন বিভাগের নাম, ৩) পরিদর্শকের নাম, ৪) উপ-চুক্তিকর্তা/ ইজারাদার/ ঠিকাদারের বিবরণ, এবং ৫) পরিদর্শন করা নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতি নির্ণায়ক তালিকা।</p>	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৬	বর্জ্য ও দূষণ নিয়ন্ত্রণ, পুনঃ পত্রিয়া (রিসাইক্লিং) এবং পুনঃব্যবহার		
	বর্জ্য কমানোর প্রক্রিয়ায় বর্তমান পদ্ধতি, বর্জ্য পরিহার, বর্জ্য কমানো, বর্জ্য পুনরায় ব্যবহার, এবং বর্জ্যের পুনঃ পত্রিয়া (রিসাইক্লিং) অন্তর্ভুক্ত থাকবে।		
AF. ৬.১	বর্জ্য এবং দূষণকারী জিনিসের সনাক্তকরণ		
AF. ৬.১.১	খামারের সকল এলাকার সম্ভাব্য বর্জ্য পদার্থ এবং দূষণের উৎস সনাক্ত করা হয়েছে কি?	খামারের কার্যক্রম থেকে তৈরি সম্ভাব্য বর্জ্য পদার্থ (যেমন, কাগজ, পিচবোর্ড, প্লাস্টিক, তেল) এবং দূষণের উৎস (যেমনঃ অতিরিক্ত সার, নির্গত ধোঁয়া, তেল, জ্বালানি, কোলাহল/নয়েজ, নির্গত তরল বর্জ্য, রাসায়নিক, খাবারের বর্জ্য) তালিকাভুক্ত করতে হবে। এছাড়াও ফসলের জন্য, উৎপাদনকারীদের উদ্ভূত কৃষি রাসায়নিকের মিশ্রণ এবং ট্যাংক ধোওয়ার বিষয়টি বিবেচনা আনতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৬.২	বর্জ্য এবং দূষণ এড়ানোর পরিকল্পনা		
AF. ৬.২.১	যতদূর সম্ভব বর্জ্য এবং দূষণ এড়ানোর এবং কমানোর জন্য খামারে কি কোনো বর্জ্য ব্যবস্থাপনার পরিকল্পনা রয়েছে এবং বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনায় বর্জ্য নিষ্পত্তির জন্য পর্যাপ্ত সুযোগ অন্তর্ভুক্ত রয়েছে কি?	বর্জ্য কমানো, দূষণ এবং বর্জ্য সামগ্রীর পুনর্ব্যবহার অন্তর্ভুক্ত করে একটি হালনাগাদ তথ্যসমৃদ্ধ পরিকল্পনা প্রস্তুত করতে হবে। পরিকল্পনায় বাতাস, মাটি, এবং পানি দূষণ করে এমন সংশ্লিষ্ট পণ্যগুলো উৎসসহ সনাক্ত করে দূষন প্রতিরোধ ব্যবস্থা বিবেচনায় নিতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৬.২.২	খামারের কর্ম এলাকা/স্থানগুলোতে কি পরিপাটি এবং সুন্দর অবস্থায় রাখা হয়?	চাক্ষুষ মূল্যায়নে প্রমাণ করতে হবে যে উৎপাদন স্থান(গুলো) বা গুদামঘরের কাছাকাছি কোন লিটার/ বর্জ্য/আবর্জনার প্রমাণ নেই। তবে উক্ত স্থানগুলোতে দৈনন্দিন কাজের ফলে সৃষ্ট বর্জ্য গ্রহণযোগ্য। জ্বালানির ফেলে দেওয়া অংশ সহ অন্যান্য সমস্ত আবর্জনা এবং বর্জ্য পরিষ্কার করতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৬.২.৩	ডিজেল এবং অন্যান্য জ্বালানি তেলের ট্যাঙ্ক রাখার স্থান কি পরিবেশগত ভাবে নিরাপদ?	সকল জ্বালানি সংরক্ষণ ট্যাঙ্কগুলোকে স্থানীয় নিয়মনীতি বা প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য হতে হবে। উক্ত স্থানের নিরাপত্তায় প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করতে হবে। উক্ত স্থানে “ধূমপান নিষেধ” চিহ্নিত সতর্কর্তাসহ অন্যান্য জরুরী সতর্কর্তাসমূহ প্রদর্শন করতে হবে। এবং নিকটবর্তী স্থানে উপযুক্ত আগুন নির্বাপনের জরুরী ব্যবস্থা তৈরি থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৬.২.৪	যদি খামারে কীটপতঙ্গ, রোগ এবং আগাছা হওয়ার কোনো সম্ভাবনা না থাকে, সেক্ষেত্রে খামারে জৈব বর্জ্যকে মিশ্রসার হিসাবে প্রয়োগ করা এবং পুনর্ব্যবহৃত হয় কি?	জৈব বর্জ্য পদার্থকে মিশ্রসার হিসাবে প্রয়োগ করা যায় এবং মাটির অবস্থা উন্নতির জন্য ব্যবহৃত হয়। তবে এমনভাবে কম্পোষ্টিং করতে হবে যেন এতে কীটপতঙ্গ, রোগ বা আগাছা না হওয়া নিশ্চিত হয়।	সুপারিশকৃত
AF. ৬.২.৫	খামারে ধোওয়া এবং পরিষ্কার করার জন্য ব্যবহৃত পানি এমনভাবে নিষ্কাশন করতে হবে যাতে তা মানবস্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ না হয় এবং পরিবেশগত ভাবে ঝুঁকি নূন্যতম পর্যায়ে রাখতে পারে?	দূষিত যন্ত্রপাতি (যেমন স্প্রে সরঞ্জাম), ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম, হাইড্রো-কুলার, বা গবাদিপশুর সেড- ধোওয়ার কারণে নোংরা পানি তৈরি হয়, যা এমনভাবে সংগ্রহ এবং নিষ্কাশন করা দরকার, যাতে খামার কর্মী, পরিদর্শক এবং আশেপাশের জনগোষ্ঠীর উপর ন্যূনতম প্রভাব না পড়ে এবং পাশাপাশি নিয়ম নীতিও মেনে চলে।	সুপারিশকৃত
AF. ৭	সংরক্ষণ		
	কৃষিকাজ ও পরিবেশ অঙ্গাঙ্গিভাবে জড়িত। বন্যপ্রাণী ও প্রাকৃতিক স্থান ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়।		
AF. ৭.১	পরিবেশ ও জীববৈচিত্রের উপর কৃষিকাজের প্রভাব		
AF. ৭.১.১	প্রতিটি উৎপাদনকারীর কি সংশ্লিষ্ট খামার ব্যবসার জন্য পরিবেশের উপর চাষবাসের প্রভাব নিয়ন্ত্রণ করে এমন কোনো বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও সংরক্ষণের পরিকল্পনা আছে?	আবাসস্থল উন্নত এবং খামারের জীব বৈচিত্র বজায় রাখার উদ্দেশ্যে এখানে একটি লিখিত কর্মপরিকল্পনা থাকা দরকার। এটি একটি পৃথক পরিকল্পনা অথবা কোনো আঞ্চলিক কার্যকলাপ যা খামারের সাথে সংশ্লিষ্ট। এক্ষেত্রে পরিবেশ রক্ষার বিষয়গুলোর উপর বিশেষ দৃষ্টি প্রদান আবশ্যিক এবং প্রযোজ্য আইন কানুন মেনে চলতে হবে। কর্মপরিকল্পনার মধ্যে সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা পদ্ধতি, ফসলের পুষ্টির ব্যবহার, সংরক্ষণের স্থান, পানি সরবরাহ, অন্যান্য ব্যবহারকারীদের ওপর প্রভাব, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৭.১.২	স্থানীয় জনগোষ্ঠী এবং উদ্ভিদ ও প্রাণিকুলের কল্যাণার্থে কিভাবে পরিবেশ উন্নত করা যায়, তার জন্য কি উৎপাদনকারীরা কোনো ব্যবস্থা নিয়েছে? এই নীতি কি উন্নত ও বাণিজ্যিক কৃষি উৎপাদনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং এটি কি কৃষি কার্যকলাপে পরিবেশগত প্রভাব কমানোর জন্য যথাসাধ্য চেষ্টা করছে?	খামারে বাস্তবিক উদ্যোগ থাকতে হবে যার মধ্যে রয়েছেঃ ১) উৎপাদনকারীর দ্বারা উৎপাদন স্থানে/সাইটে বা স্থানীয় পরিসর বা আঞ্চলিক পরিসরে; ২) আবাসস্থলের মান এবং আবাসস্থলের উপাদানের সঙ্গে সংশ্লিষ্ট পরিবেশগত উন্নয়ন পরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করে। খামারে বিদ্যমান প্রাণিকুল ও উদ্ভিদজগতের বর্তমান অবস্থান, অবস্থা ইত্যাদিতে ইত্যাদি জানতে একটি প্রাথমিক জরিপ করতে হবে, যাতে করে পরিকল্পনাগুলো কাজে লাগানো যায়। প্রাণিকুল এবং উদ্ভিদকুলের জন্য আবাসস্থল উন্নত করতে এবং খামারে জীববৈচিত্র্য বৃদ্ধি করতে, সংরক্ষণ পরিকল্পনা মধ্যে অগ্রাধিকার এবং কাজের একটি স্পষ্ট তালিকা থাকতে হবে।	সুপারিশকৃত
AF. ৭.২	অনুৎপাদনশীল/ নিষ্ফলা স্থানগুলোর পরিবেশগত উন্নতি		
AF. ৭.২.১	প্রাকৃতিক উদ্ভিদ ও প্রাণিকুলের বৃদ্ধি ঘটাতে অনুৎপাদনশীল/ নিষ্ফলা স্থানগুলোকে (উদাহরণঃ নিচু আদ্র এলাকা, বনভূমি বেষ্টিত এলাকা অথবা নিষ্ফলা মাটির এলাকা, ইত্যাদি) রূপান্তরের জন্য গুরুত্বের সাথে বিবেচনায় নেয়া হয়েছে কি?	প্রজোয্য ক্ষেত্রে অনুৎপাদনশীল/ নিষ্ফলা স্থানগুলোতে বাস্তবসম্মত উপায়ে সংরক্ষণের জন্য অগ্রাধিকার দেওয়া হয়েছে এমন চিহ্নিত এলাকার কনভার্সন/ রূপান্তরের জন্য একটি পরিকল্পনা থাকতে হবে।	সুপারিশকৃত
AF. ৭.৩	জ্বালানি বা শক্তি (এনার্জি) সাশ্রয়/দড়তা উন্নয়ন		
	কৃষিকাজের সরঞ্জাম নির্বাচন এবং রক্ষণাবেক্ষণ এমনভাবে করতে হবে যেন তা জ্বালানির সাশ্রয় করে কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি করতে পারে। নবয়নযোগ্য জ্বালানির উৎস ব্যবহারের জন্য উৎসাহ দিতে হবে।		
AF. ৭.৩.১	উৎপাদনকারী কি খামারে ব্যবহৃত জ্বালানি/ শক্তি পর্যবেক্ষণ তথ্য প্রদর্শন করে?	জ্বালানি/এনার্জি ব্যবহারের তথ্য রয়েছে (উদাহরণঃ বিদ্যুৎ বিল বা ইনভয়েস বা চালান যেখানে জ্বালানি খরচের বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত থাকে)। খামারে এবং খামারে কাজ চলার সময় কোথায় এবং কতটা শক্তি খরচ হচ্ছে উৎপাদনকারী/উৎপাদনকারী দল সেই বিষয়ে সচেতন থাকবে। কৃষিকাজের জন্য জ্বালানি সাশ্রয়ী এবং কার্যকর সঠিক সরঞ্জাম নির্বাচন করতে হবে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ৭.৩.২	পর্যবেক্ষণের ফলাফলের ভিত্তিতে খামারে কি জ্বালানি/এনার্জি দক্ষতা বৃদ্ধির কোন পরিকল্পনা আছে?	বিদ্যমান শক্তি দক্ষতা উন্নয়নের জন্য সুযোগগুলো চিহ্নিত করে একটি লিখিত পরিকল্পনা প্রণয়ন করতে হবে।	সুপারিশকৃত

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৭.৩.৩	উক্ত পরিকল্পনায় এনার্জি ইফিসিয়েন্সি / শক্তিদক্ষতা বৃদ্ধির জন্য অনবায়নযোগ্য শক্তি ব্যবহার কমিয়ে আনা বিবেচনা করা হয়েছে কিনা?	জ্বালানি সাশ্রয়ের ব্যবস্থা উন্নত করার বিষয়গুলো চিহ্নিতকরণের জন্য একটি লিখিত পরিকল্পনা প্রস্তুত রয়েছে।	সুপারিশকৃত
AF. ৭.৪	পানি সংগ্রহ/পুনর্ব্যবহার		
AF. ৭.৪.১	খামারে সুযোগ থাকলে পানি সংরক্ষণ ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে কিনা এবং প্রয়োজ্য ক্ষেত্রে খাদ্য নিরাপত্তার দিক বিবেচনায় নিয়ে পানি পুনর্ব্যবহার জন্য কোন ব্যবস্থা নেয়া হয়েছে কিনা?	লাভজনকভাবে এবং কার্যকরীভাবে সম্ভবপর হলে খামারে পানি সংগ্রহ ও সংরক্ষণের সুপারিশ করা হয়, যেমন বর্ষাকালে বিল্ডিংয়ের ছাদ থেকে পানি সংগ্রহ করা যায়। খামারের পরিধির মধ্যে থাকা জলশোত/খাল/নালা থেকে পানি সংগ্রহ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে বিধিমোতাবেক অনুমতিপত্র নেওয়ার প্রয়োজন হতে পারে।	সুপারিশকৃত
AF. ৮	অভিযোগ		
	অভিযোগ ব্যবস্থাপনা একটি সামগ্রিক ভালো উৎপাদন ব্যবস্থা নিশ্চিত করে থাকে।		
AF. ৮.১	GLOB ALG.A.P. এর মান/স্ট্যান্ডার্ডের আওতায় অভ্যন্তরীণ ও বাহ্যিক অথবা উভয় সমস্যার সাথে সম্পর্কিত কোনো অভিযোগের পদ্ধতি বা কমপ্লেইন প্রসিডিউর রয়েছে কি এবং এই পদ্ধতিটি কি উক্ত অভিযোগগুলোকে যথাযথভাবে নথিবদ্ধকরণ, বিশ্লেষণ, মূল্যায়ণ এবং গৃহীত ব্যবস্থার তথ্য সংরক্ষণ নিশ্চিত করে কিনা?	খামারে একটি বিধিবদ্ধ অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি থাকতে হবে যেখানে GLOBALG.A.P. এর আওতায় পড়ে এমন প্রাপ্ত সকল অভিযোগের তথ্য সংরক্ষণ এবং মূল্যায়নের সুযোগ থাকবে। উৎপাদনকারী দলের ক্ষেত্রে, সদস্যকে শুধু তার সাথে সংশ্লিষ্ট বিষয় ছাড়া অন্য কোনো অভিযোগের পদ্ধতি সম্পন্ন করতে হবে না। উৎপাদককে যদি কোনো সংশ্লিষ্ট বা স্থানীয় কর্তৃপক্ষ অবহিত করে যে, তিনি কোনো বিষয়ের উপর তদন্তাধীন আছেন অথবা তিনি প্রত্যয়নের আওতাধীন কোনো বিষয়ে নিষেধাজ্ঞা পেয়েছেন, তাহলে সেই উৎপাদনকারীকে এই বিষয়টি প্রত্যয়ন কমিটির মাধ্যমে GLOBALG.A.P. G এর অফিসে/সচিবালয়ে অবহিত করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ৯	ফিরিয়ে নেওয়া/ প্রত্যাহারের পদ্ধতি		
AF. ৯.১	উৎপাদনকারীর কাছে কি প্রত্যয়িত পণ্য বাজার থেকে প্রত্যাহার/ফিরিয়ে নেওয়ার কাজ পরিচালনার কোনো বিধিবদ্ধ পদ্ধতি রয়েছে এবং এই পদ্ধতি কি প্রতি বছর পরীক্ষা করা হয়?	<p>উৎপাদনকারীর কাছে একটি বিধিবদ্ধ পদ্ধতি থাকতে হবে যাতে - প্রত্যয়িত পণ্য বাজার থেকে প্রত্যাহার/ফিরিয়ে নেওয়ার ধাপসমূহ, সম্ভাব্য পণ্য প্রত্যাহার/ফিরিয়ে নেওয়ার কাজে সিদ্ধান্ত নেওয়ার জন্য দায়িত্বশীল ব্যক্তি, সরবরাহ প্রক্রিয়ার পরবর্তী ধাপে অবহিত করার প্রক্রিয়া এবং GLOBALG.A.P. অনুমোদিত প্রত্যয়ন কমিটিকে এ বিষয়গুলোকে অবহিত করবে ও মজুদ পুনরায় নিশ্চিত করার পদ্ধতিকে নির্দেশিত করবে।</p> <p>পদ্ধতিটি কার্যকর কিনা নিশ্চিত করতে তা প্রতিবছর পরীক্ষা করতে হবে। এই পরীক্ষা নথিবদ্ধ করতে হবে (উদাহরণস্বরূপ, একটি সম্প্রতি বিক্রি করা ব্যাচ বেছে নিয়ে, পণ্যের পরিমাণ এবং কোথায় আছে তা চিহ্নিতকরণ করতে হবে, এবং এই ব্যাচের সঙ্গে জড়িত পরবর্তী ধাপ অন্তর্ভুক্ত আছে কিনা এবং এবং CB এর যোগাযোগ করা যেতে পারে কিনা তা যাচাই করতে হবে। এই ধরনের পরীক্ষা চলাকালীন সময় ক্লায়েন্টের কাছে পণ্য ফিরিয়ে নেওয়া প্রয়োজনীয় নয়। ফোন নম্বর এবং ইমেলের একটি তালিকাই এক্ষেত্রে যথেষ্ট)।</p> <p>No N/A না প্রযোজ্য নয়।</p>	প্রধান আবশ্যিক
AF. ১০	খাদ্য প্রতিরক্ষা		
AF. ১০.১	এখানে খাদ্য প্রতিরক্ষার জন্য কি কোনো ঝুঁকির মূল্যায়ন রয়েছে এবং চিহ্নিত খাদ্য প্রতিরক্ষা ঝুঁকি মোকাবেলা করতে কি কোনো পদ্ধতি আছে?	খামারে কার্যক্রম চলার সমস্ত পর্যায়ে খাদ্য নিরাপত্তার জন্য সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত এবং মূল্যায়ন করতে হবে। সুরক্ষিত ও নিরাপদ উৎস থেকে সকল কাঁচামাল এসেছে কিনা খাদ্য প্রতিরক্ষার ঝুঁকি সনাক্তকরণে তা নিশ্চিত হবে। সকল কর্মী ঠিকাদার দের তথ্য সংরক্ষিত থাকতে হবে। উদ্দেশ্যমূলক ঝুঁকি/হুমকির ক্ষেত্রে প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণের পদ্ধতি প্রস্তুত থাকতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ১১	GLOB ALG.A.P. অবস্থা/ স্ট্যাটাস		
AF. ১১.১	GLO BALG.A.P. এর অবস্থা এবং GGN এর উল্লেখ সহ সকল লেনদেন নথিবদ্ধ করে রাখা হয়েছে কি?	<p>বিক্রয়োত্তর ইনভয়েস/চালান এবং প্রত্যয়িত উপাদান/পণ্য বিক্রয়ের সাথে সম্পর্কিত অন্যান্য নথিপত্রে সার্টিফিকেটধারীর GGN এবং GLOBALG.A.P. G প্রত্যয়িত অবস্থার একটি রেফারেন্স অন্তর্ভুক্ত থাকবে। এটি অভ্যন্তরীণ নথিপত্রে বাধ্যতামূলক নয়।</p> <p>লেনদেনের নথিপত্রে প্রত্যয়িত অবস্থার ইতিবাচক সনাক্তকরণই যথেষ্ট (উদাহরণ স্বরূপঃ “GLOBALG.A.P.প্রত্যয়িত < পণ্যের নাম >”)। অ-প্রত্যয়িত পণ্যকে ‘প্রত্যয়িত-নয়’ হিসাবে চিহ্নিত করার প্রয়োজন নেই।</p> <p>প্রত্যয়িত পণ্য প্রত্যয়িত বা অ-প্রত্যয়িত হিসাবে বিক্রি করা হয়েছে কিনা তার নির্দেশ প্রদান বাধ্যতামূলক। এটি প্রারম্ভিক (প্রথমবারের) পরিদর্শনের সময় পরীক্ষা করা যাবে না, কারণ উৎপাদনকারী এখনো প্রত্যয়িত নয় এবং প্রথম ইতিবাচক প্রত্যয়নের সময় সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত উৎপাদনকারী GLOBALG.A.P. প্রত্যয়িত পরিস্থিতির বিষয় উল্লেখ করতে পারবে না।</p> <p>শুধুমাত্র উৎপাদনকারী ও ক্লায়েন্টের মধ্যে সম্পাদিত লিখিত চুক্তি মোতাবেক লেনদেনের নথির উপর GGN ও GLOBALG.A.P. এর অবস্থান চিহ্নিত করার প্রয়োজন না হলে এটি N/A বা ‘প্রযোজ্য নয়’ বলে বিবেচিত হবে।</p>	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ১২	লোগোর ব্যবহার		
AF. ১২.১	GLO BALG.A.P. শব্দটি, এর ট্রেডমার্ক, GLOBALG.A.P. এর QR কোড বা লোগো এবং GGN (GLOBALG.A.P. নম্বর) কি GLOBALG.A.P. এর সাধারণ বিধিবিধিএবং উপ-লাইসেন্স ও প্রত্যয়নের চুক্তি অনুযায়ী ব্যবহার করা হয়?	GLOBALG.A.P. এর সাধারণ বিধিবিধান অনুসারে, উপ-লাইসেন্স ও প্রত্যয়নের চুক্তি অনুযায়ী উৎপাদনকারী/উৎপাদনকারী দল GLOBALG.A.P. শব্দটি, এর ট্রেডমার্ক, GLOBALG.A.P. এর QR কোড বা লোগো, GGN (GLOBALG.A.P. নম্বর), GLN বা Sub-GLN, ব্যবহার করতে পারবে। GLOBALG.A.P. শব্দ, ট্রেডমার্ক বা লোগো উৎপাদকের মূল পণ্যে, মোড়কে/প্যাকেটে, বা বিক্রয়ের সময় প্রদর্শন কার যাবে। যদিও, সার্টিফিকেট ধারী তার ব্যবসার জন্য যোগাযোগের ক্ষেত্রে যে কোনো এগুলো ব্যবহার করতে পারবেন। GLOBALG.A.P. শব্দ, ট্রেডমার্ক বা লোগো প্রাথমিক (প্রথমবারের) পরিদর্শনকালে ব্যবহার করা যাবে না, কারণ উৎপাদনকারী তখনও প্রত্যয়িত নয় এবং প্রথম ইতিবাচক সার্টিফিকেশনের সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত উৎপাদনকারী GLOBALG.A.P. প্রত্যয়িত অবস্থা উল্লেখ করতে পারবে না।	প্রধান আবশ্যিক
AF. ১৩	চিহ্নিত করা এবং পৃথকীকরণ		
	অধ্যায় ১৩ ঐসকল উৎপাদনকারীর জন্য প্রযোজ্য যাদের সমস্তরাল উৎপাদন বা সমস্তরাল মালিকানার জন্য নিবন্ধন এবং তাদের যারা অন্যান্য উৎপাদনকারীদের নিকট থেকে প্রত্যয়িত বা অ- প্রত্যয়িত একই পণ্য ক্রয় করে থাকে। ঐসকল উৎপাদনকারীদের জন্য প্রযোজ্য নয় যারা তাদের ১০০% পণ্য GLOBALG.A.P. এর আওতায় প্রত্যয়িত এবং অন্যান্য উৎপাদনকারীদের নিকট থেকে পণ্য (প্রত্যয়িত বা অ-প্রত্যয়িত) ক্রয় করে না।		
AF. ১৩.১	GLO BALG.A.P. প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত সকল পণ্যগুলো সনাক্ত এবং বাছাই করার জন্য কি কোনো কার্যকর ব্যবস্থা রয়েছে?	প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত কৃষি পণ্যগুলো (ফল) একত্রে যেন মিশে না যায় তার জন্য খামারে একটি সুসংবদ্ধ ব্যবস্থা থাকতে হবে। বাহ্যিক সনাক্তকরণ বা সংশ্লিষ্ট তথ্যের ভিত্তিতে পণ্য পরিচালনার পদ্ধতিগুলোর সাথে এই কাজটি করা যাবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ১৩.২	সমাস্তরাল উৎপাদন/মালিকানার ক্ষেত্রে (যেখানে প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্য উৎপাদন করা হয় এবং/বা যার মালিকানা/ আইনি সত্তা এক) নিবন্ধিত উৎপাদনকারীর জন্য একটি প্রত্যয়িত উৎপাদন প্রক্রিয়া থেকে প্রাপ্ত সব চূড়ান্ত পণ্য সঠিকভাবে সনাক্ত ও নিশ্চিত করার কোনো ব্যবস্থা রয়েছে কি?	সমাস্তরাল উৎপাদন/মালিকানার ক্ষেত্রে (যেখানে প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্য উৎপাদন করা হয় এবং/বা যার মালিকানা/ আইনি সত্তা এক) নিবন্ধিত উৎপাদনকারীর জন্য, একটি প্রত্যয়িত প্রক্রিয়া থেকে প্রাপ্ত চূড়ান্ত মোড়কজাত পণ্যের মোড়কজাতকরণের কাজ (হয় খামার থেকে অথবা অন্য কোন নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে) GGN দ্বারা সনাক্ত হতে হবে। কোন অবস্থায় অ-প্রত্যয়িত পণ্য লেবেলে GGN ব্যবহার করা যাবে না। উৎপাদনকারী যদি শুধু GLOBALG.A.P. প্রত্যয়িত পণ্য উৎপাদন করে এবং কোন সমাস্তরাল উৎপাদন/মালিকানা না থাকে - তাহলে এটি প্রযোজ্য হবে না।	প্রধান আবশ্যিক
AF. ১৩.৩	প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্যের ক্ষেত্রে সঠিক পণ্য সরবরাহ নিশ্চিত করার জন্য খামারে কি কোনো চূড়ান্ত পরীক্ষার ব্যবস্থা রয়েছে?	প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্য সঠিকভাবে প্রেরণ করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণের তথ্য ও প্রক্রিয়াটিকে নথিভুক্ত করতে হবে।	প্রধান আবশ্যিক
AF. ১৩.৪	উপযুক্ত সনাক্তকরণ পদ্ধতি গ্রহণ করা এবং সকল নিবন্ধিত পণ্যের জন্য বিভিন্ন উৎস থেকে ক্রয়কৃত পণ্যগুলো আলাদাভাবে সনাক্ত করার পদ্ধতি নথিভুক্ত রয়েছে কি?	সকল নিবন্ধিত পণ্যের জন্য বিভিন্ন উৎস (অর্থাৎ অন্যান্য উৎপাদনকারী বা ব্যবসায়ী) থেকে ক্রয় করা প্রত্যয়িত পণ্য বা অ-প্রত্যয়িত পণ্যগুলো সনাক্ত করার জন্য, কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে নথিভুক্ত এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। নথিতে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে: - পণ্যের বিবরণ - GLOBALG.A.P. এর প্রত্যয়নের আবস্থা - ক্রয়কৃত পণ্যের(গুলো) পরিমাণ - সরবরাহকারীর বিবরণ - প্রযোজ্যক্ষেত্রে GLOBALG.A.P. এর সনদপত্রগুলোর অনুলিপি - ক্রয়কৃত পণ্যগুলির অনুসন্ধানযোগ্য তথ্য/ কোড - সংগঠনের দ্বারা ক্রয়কৃত পণ্যের অর্ডার/ইনভয়েন্স যা মূল্যায়ন করা হয়েছে - অনুমোদিত সরবরাহকারীদের তালিকা	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ১৪	ব্যাপক সমতা/ ভারসাম্য (মাস ব্যালেন্স)		
	GLOBALG.A.P. এর সকল উৎপাদনকারীর জন্য অধ্যায় ১৪ প্রযোজ্য। উৎপাদনকারী দলের সদস্যের ক্ষেত্রে, কখনও কখনও এই তথ্য দলের QMS এর অধীনে অন্তর্ভুক্ত করা হতে পারে।		
AF. ১৪.১	সকল নিবন্ধিত পণ্যের এবং বিক্রয়ের পরিমাণ সহ বিক্রয়ের তথ্য রয়েছে কি?	সকল নিবন্ধিত প্রত্যয়িত পণ্যের বিক্রয়ের পরিমাণ এবং প্রযোজ্য হলে অ-প্রত্যয়িত বিক্রয়ের পরিমাণ বিবরণসহ নথিভুক্ত থাকতে হবে। নথিপত্রগুলোতে প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত আগত পণ্য/ইনপুট এবং পাঠানো পণ্য/ আউটপুটের মধ্যে ভারসাম্যের সামঞ্জস্যতা প্রদর্শন করবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
AF. ১৪.২	সকল পণ্যের জন্য পরিমাণগত তথ্য (উৎপাদিত, গুদামজাতকৃত এবং/অথবা ক্রয়কৃত) সংরক্ষণ এবং সংক্ষিপ্তকরণ করা হয়েছে কি?	ব্যাপক সমতা/ ভারসাম্য নিরক্ষণ প্রক্রিয়া সহজকরণের লক্ষ্যে প্রত্যয়িত পণ্যের পরিমাণ এবং প্রযোজ্যক্ষেত্রে, অ-প্রত্যয়িত পণ্যের পরিমাণ (পরিমাণ বা ওজনের তথ্য সহ), আগত (ক্রয় করা পণ্য সহ), পাঠানো এবং সংরক্ষিত পণ্যের পরিমাণ নথিবদ্ধ করতে হবে এবং সকল নিবন্ধিত পণ্যের জন্য একটি সারসংক্ষেপ সংরক্ষণ করতে হবে। ব্যাপক সমতা/ ভারসাম্য যাচাইয়ের প্রক্রিয়া যথাযথ রয়েছে কিনা তা নির্ধারণ করতে, প্রতিটি পণ্যে এ প্রক্রিয়া বছরে কমপক্ষে একবার চেক করতে হবে। নথিপত্রে মাস ব্যালেন্সের তথ্যসমূহ সুস্পষ্টভাবে চিহ্নিত করা যাবে। এই নিয়ন্ত্রণ পয়েন্ট সমস্ত GLOBALG.A.P. উৎপাদকের জন্য প্রযোজ্য। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
AF. ১৪.৩	উৎপাদিত পণ্য ব্যবস্থাপনার সময়ে রূপান্তরের অনুপাত অথবা ক্ষতি (উৎপাদন প্রক্রিয়ায় আগত এবং পাঠানো পণ্যের পরিমাণ) যথাযথভাবে গণনা এবং নিয়ন্ত্রিত করা হয়েছে কি?	প্রতিটি পণ্য হ্যাভলিং প্রক্রিয়ার জন্য রূপান্তরের অনুপাত গণনা করতে হবে এবং তথ্য সংরক্ষণ করতে হবে। সকল উৎপন্ন পণ্যবর্জের পরিমাণ হিসাব করতে হবে এবং নথিভুক্ত করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ১৫	খাদ্য নিরাপত্তার নীতি ঘোষণা		
	খাদ্য নিরাপত্তা নীতি বাস্তবায়ন এবং উৎপাদন প্রক্রিয়ায় মেনে চলা হয়েছে কিনা তা নিশ্চিত করতে, উৎপাদনকারীর জন্য খাদ্য নিরাপত্তা নীতি অঙ্গীকারের একটি ঘোষণাপত্র প্রয়োজ্য হবে।		
AF. ১৫.১	উৎপাদনকারী কি IFA চেকলিস্টে/তালিকায় অন্তর্ভুক্ত খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণাপত্র পূরণ এবং স্বাক্ষর করেছে?	প্রতিবছর এবং প্রতিটি নতুন সার্টিফিকেশন চক্রে খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণাপত্র সম্পূর্ণ এবং স্বাক্ষর করতে হবে। Option ১ উৎপাদনকারীর জন্য, QMS ছাড়া, খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণাপত্র সম্পূর্ণ এবং স্বাক্ষর করার সময় শুধু স্ব-মূল্যায়ন চেকলিস্ট/তালিকা সম্পাদন করতে হবে। উৎপাদনকারী দল (Option ২) এবং Option ১ এ মাল্টি সাইটের উৎপাদনকারীর ক্ষেত্রে QMS সহ ঘোষণাপত্র সম্পূর্ণ এবং স্বাক্ষরিত করার দ্বারা কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি, প্রতিষ্ঠান এবং সকল সদস্যদের জন্য এই প্রতিশ্রুতি প্রদান করে। এক্ষেত্রে, উৎপাদনকারী দলের সদস্য এবং স্বতন্ত্র উৎপাদনকারী সাইটগুলোকে আলাদাভাবে ঘোষণাপত্র সম্পূর্ণ এবং স্বাক্ষর করতে হবে না। No N/A না প্রয়োজ্য নয়।	প্রধান আবশ্যিক
AF. ১৬	খাদ্য জালিয়াতি নিবারণ		
	খাদ্য জালিয়াতি প্রারম্ভিক উৎপাদনেই হতে পারে যদি সরবরাহকারীগন এমন উপকরণ সরবরাহ করে যা বিবরণের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় (উদাঃ ভেজাল বালাইনাশক প্রদান, নন ফুড গ্রেড প্যাকেজিং উপাদান)। এর ফলে জনস্বাস্থ্য সংকট সৃষ্টি হতে পারে, তাই উৎপাদনকারীদের এই ঝুঁকি কমানোর জন্য পদক্ষেপ নেওয়া প্রয়োজন।		
AF. ১৬.১	উৎপাদনকারী কি খাদ্য জালিয়াতির ঝুঁকিপূর্ণ অবস্থার ঝুঁকির মূল্যায়ন করেছে?	খাদ্য জালিয়াতির সম্ভাব্য ঝুঁকিপূর্ণ অবস্থা চিহ্নিত করে (উদাঃ ভেজাল বালাইনাশক, সঠিক জাতের নয় এমন বীজ ও চারা, নন ফুড গ্রেড প্যাকেজিং উপাদান) একটি নথিভুক্ত ঝুঁকির হালনাগাদ মূল্যায়ন প্রস্তুত করতে হবে ও বাস্তবায়ন করতে হবে।	অপ্রধান আবশ্যিক
AF. ১৬.২	উৎপাদনকারীর কি খাদ্য জালিয়াতি কমানোর পরিকল্পনা রয়েছে এবং এটিকে বাস্তবায়ন করা হয়েছে কি?	সনাক্ত করা খাদ্য জালিয়াতির ঝুঁকি প্রতিরোধ করতে উৎপাদনকারীকে একটি বিধিবদ্ধ নিবারণ পরিকল্পনা প্রস্তুত এবং বাস্তবায়ন করতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
AF. ১৭	নন কনফর্মিং পণ্যসমূহ		
AF. ১৭.১	নন কনফর্মিং পণ্যের জন্য উৎপাদনকারীর কি কোন বিধিবদ্ধ ব্যবস্থা বা প্রসিডিউর রয়েছে কিনা এবং তা বাস্তবায়ন হয়েছে কিনা?	সকল নন কনফর্মিং পণ্য সুস্পষ্টভাবে সনাক্ত করা যাবে এবং এগুলো সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (কোয়ারেন্টাইন) জন্য বিধিবদ্ধ ব্যবস্থা বা প্রসিডিউর থাকতে হবে। সমস্যার প্রকৃতি এবং ক্রেতার চাহিদা অনুযায়ী এ পণ্যগুলো ব্যবস্থাপনা ও নিষ্পত্তি (ডিসপোজড) করতে হবে।	প্রধান আবশ্যিক

অধ্যায় ৬: ফসলভিত্তিক (ক্রপবেস) মডিউল

নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়সমূহ (CPCC)

- CB. ১ ট্রেসেবেলিটি
- CB. ২ বংশবিস্তারের উপকরণ
- CB. ৩ মাটি ব্যবস্থাপনা ও সংরক্ষণ
- CB. ৪ সার প্রয়োগ
- CB. ৫ সেচ ব্যবস্থাপনা
- CB. ৬ সমন্বিত বালাই/পেস্ট ব্যবস্থাপনা
- CB. ৭ উদ্ভিদ সুরক্ষার পণ্য
- CB. ৮ উপকরণ/ কৃষি যন্ত্রপাতি

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB	ফসল ভিত্তিক		
CB. ১	ট্রেসেবিলিটি		
	ট্রেসেবিলিটি গ্রাহকদেরকে নির্দিষ্ট পণ্যের বিষয়ে নির্ভুল তথ্য প্রদান করার সুবিধা দেয়।		
CB. ১.১	GLOB ALG.A.P. নিবন্ধিত পণ্য কি অনুসরণযোগ্য/ ট্রেসেবল এবং চিহ্নিত করা যায় যে কোন নিবন্ধিত খামার বা পন্য হ্যান্ডলিং ইউনিট হতে এটি উৎপাদিত ও পরিচালিত হয়েছে?	এখানে একটি বিধিবদ্ধ সনাক্তকরণ এবং ট্রেসেবল ব্যবস্থা থাকতে হবে যা GLOBALG.A.P. নিবন্ধিত পণ্যগুলিকে নিবন্ধিত খামার বা উৎপাদকের নিকট অথবা উৎপাদকদের সংশ্লিষ্ট উৎপাদকের নিকট ফেরত পাঠাতে পারে। এখানে উৎপাদক থেকে নিকটবর্তী গ্রাহকের কাছে অনুসরণযোগ্য এবং চিহ্নিত করার সুবিধা দেয় (এক ধাপ উপরে, এক ধাপ নীচে)। নির্দিষ্ট উৎপাদনকারীর খামারে ফল বা ফসল সংগ্রহের তথ্য উৎপাদন প্রক্রিয়ার নথিপত্রের সাথে সম্পৃক্ত ও সংগতিপূন হবে। প্রয়োজ্যক্ষেত্রে এতে পন্য হ্যান্ডলিং আস্তর্ভুক্ত থাকবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
CB. ২	বংশবিস্তারের উপকরণ		
	বংশবিস্তারের উপকরণ নির্ধারন ফসল উৎপাদন পক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যথাযথ জাত নির্বাচন ফসলে সার ও বালাইনাশক ব্যবহারের পরিমাণ কমাতে সাহায্য করবে। গাছের সুস্বাস্থ্য এবং গুণগতমানসম্পন্ন ফসল উৎপাদনের পূর্বশর্ত হলো যথাযথ বংশবিস্তারের উপকরণ নির্বাচন করা।		
CB. ২.১	গুণগতমান এবং স্বাস্থ্য		
	এটি জাতের নিবন্ধন জালিয়াতি প্রতিরোধ করে, ফসলের সুস্বাস্থ্য নিশ্চিত করে এবং ক্রেতাকে গুণগত ফসল উৎপাদনের মৌলিক নিরাপত্তা প্রদান করে।		
CB. ২.১.১	বীজ বা বংশবিস্তারকারী উপকরণ বিগত ২৪ মাসের মধ্যে ক্রয় করা হলে, এটি যে নিবন্ধিত বা নিবন্ধন আইন মেনে চলার প্রতিশ্রুতি দেয় এমন কোনো প্রমাণ রয়েছে কি?	সংশ্লিষ্ট ডকুমেন্ট সংরক্ষন করতে হবে (উদাঃ খালি বীজের প্যাকেজ বা উদ্ভিদের পাসপোর্ট বা প্যাকিং তালিকা বা ইনভয়েস/চালান) যাতে ন্যূনতম তথ্য হিসেবে জাতের নাম, ব্যাচ নম্বর, বিতরণকারীর নাম, এছাড়াও বীজের মানের সাথে সংশ্লিষ্ট তথ্য (যেমন - অংকুরোদগন, জাতের বিশুদ্ধতা, ভৌত বিশুদ্ধতা, বীজ স্বাস্থ্য ইত্যাদি) বর্ণিত থাকবে। এক্ষেত্রে GLOBALG.A.P. নিবন্ধিত নার্সারি থেকে আনা বীজ ও চারা গ্রহনযোগ্য হিসেবে বিবেচিত হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ২.১.২	চাষকৃত ফসলের বংশবিস্তারকারী উপাদান প্রাপ্তির ক্ষেত্রে প্রচলিত মেধাস্বত্ব আইন মেনে চলা হয়েছে কি?	এ সংক্রান্ত লিখিত ডকুমেন্ট থাকতে হবে যা প্রমাণ করবে চাষকৃত ফসলের বংশবিস্তারকারী উপকরণ প্রাপ্তির ক্ষেত্রে প্রচলিত মেধাস্বত্ব আইন মেনে চলা হয়েছে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ২.১.৩	আভ্যন্তরীণ নার্সারিতে চারা তৈরির ক্ষেত্রে উদ্ভিদের স্বাস্থ্য মান নিয়ন্ত্রণের ব্যবস্থা রয়েছে কি?	নার্সারিতে একটি কোয়ালিটি কন্ট্রোল সিস্টেম থাকতে হবে যা নার্সারিতে রোগ ও পোকামাকড়ের সংক্রমন নজরদারী করবে এবং এ সংক্রান্ত রেকর্ড লিপিবদ্ধ থাকতে হবে। নার্সারির অর্থ হল যেখানে বংশবিস্তারের উপকরণ উৎপাদিত হয় (ইন-হাউজ/ ঘরোয়া পদ্ধতিতে কলম- উৎপাদানের স্থানসহ)। পর্যবেক্ষণ সিস্টেমের তথ্য সংগ্রহ এবং মার্ভগাছ সনাক্তকরণ এবং জাতের উৎপত্তি স্থল সনাক্তকরণ অর্ন্তভুক্ত থাকবে। একটি নির্দিষ্ট বিরতিতে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে। কলমের গাছের সাইন ও রুটস্টকের অরিজিন লিপিবদ্ধকরণে মনোযোগ প্রদান করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ২.২	রাসায়নিক ট্রিটমেন্ট এবং ড্রেসিং		
CB. ২.২.১	ক্রয় করা বংশবিস্তারকারী উপকরণ (বীজ, রুটস্টক, চারা, প্ল্যান্টলেট, কাটিং) গুলোর ক্ষেত্রে সরবরাহকারীর দ্বারা সম্পাদিত রাসায়নিক ট্রিটমেন্টের তথ্য প্রদান করে কি?	সরবরাহকারী দ্বারা বংশবিস্তারকারী উপকরণে ব্যবহৃত রাসায়নিক পণ্যের নাম সহ অন্যান্য তথ্য (যেমন নথি /বীজের প্যাকেট রক্ষনাবেক্ষণ, ব্যবহৃত PPP এর নাম সহ তালিকা, ইত্যাদি) প্রস্তুত থাকতে হবে। GLOBALG.A.P. সার্টিফিকেটধারী নার্সারী থেকে বংশবিস্তারকারী উপকরণ সংগ্রহ করলে তা এখানে গ্রহনযোগ্য হবে। বহুবর্ষজীবী/বছরে একবার ফলন দেয় এবং বহু বছর বাচে এমন ফসলের জন্য এটি প্রযোজ্য নয়। ফলগাছের জন্য প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ২.২.২	আভ্যন্তরীণ নার্সারীতে বংশবিস্তারকারী উপকরণে ব্যবহৃত PPP ট্রিটমেন্টের তথ্য সংরক্ষণ করা হয় কি?	আভ্যন্তরীণ নার্সারি বংশবিস্তারকারী উপকরণকে ব্যবহৃত PPP এর সকল তথ্য সংরক্ষণ করতে হবে, যার মধ্যে অবস্থান, তারিখ, ট্রেড নাম এবং সক্রিয় উপাদান, অপারেটর, অনুমোদনকারী, ব্যবহারের যৌক্তিকতর, পরিমাণ ও যন্ত্রপাতি ইত্যাদি অন্তর্ভুক্ত থাকে।	অপ্রধান আবশ্যিক
CB. ২.৩	জেনেটিকালি মডিফাইড অর্গানিজম (চাষকৃত ফসল জিএমও না হলে এটি প্রযোজ্য নয়)		
CB. ২.৩.১	জিএমও ফসল চাষাবাদে সংশ্লিষ্ট দেশের আইন মেনে চলা হয় কি?	নিবন্ধিত খামার বা নিবন্ধিত খামারের দলের কাছে উৎপাদনকারী দেশে প্রযোজ্য জিএমও ফসল চাষাবাদ সংশ্লিষ্ট আইনের একটি কপি থাকতে হবে এবং তা মেনে চলতে হবে। আইনে কোন পরিবর্তন আসলে সে রেকর্ড রাখতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ২.৩.২	উৎপাদনকারী যদি জিএমও ফসল চাষ করে তাহলে কি তার সকল তথ্য কি অন্তর্ভুক্ত রয়েছে?	যদি GMO কাল্টিভার ব্যবহার করা হয় তাহলে চারা রোপণের তথ্য ও অন্যান্য উৎপাদন তথ্য সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ২.৩.৩	উৎপাদনকারীর সরাসরি গ্রাহক কি পণ্যের জিএমও স্ট্যাটাস সম্পর্কে অবহিত?	নিরক্ষণের সময় ক্লায়েন্টদের অবগত করার ডকুমেন্ট ও প্রমাণ প্রদান করতে হবে এবং যাতে সকল উৎপাদনকারী তাদের ক্লায়েন্টদের চাহিদা অনুসারে পণ্য সরবরাহ করতে পারে।	প্রধান আবশ্যিক
CB. ২.৩.৪	দূষণের ঝুঁকি এড়াতে (যেমন সল্লিকটস্থ Non-GM ফসলের দুর্ঘটনাজনিত মিশ্রণ) এবং GM পণ্যের গুণ বজায় রাখতে GM উপকরণ (যেমনঃ ফসল এবং ট্রায়াল) পরিচালনার জন্য কি কোনো লিপিবদ্ধ পরিকল্পনা রয়েছে?	GM উপকরণ হ্যান্ডলিং এর জন্য একটি লিখিত প্লান থাকতে হবে যাতে তা দূষণের ঝুঁকি কমাতে এবং GM পণ্যের বিশুদ্ধতা বজায় রাখা নিশ্চিত করে।	অপ্রধান আবশ্যিক
CB. ২.৩.৫	দুর্ঘটনাজনিত মিশ্রণের ঝুঁকি এড়াতে GMO ফসলকে কি অন্যান্য ফসলের থেকে আলাদাভাবে সংরক্ষিত করা হয়?	সংরক্ষণাগারে GMO ফসল সনাক্তকরণের একটি দৃশ্যমান ব্যবস্থা থাকতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৩	মাটি ব্যবস্থাপনা ও সংরক্ষণ		
	মৃত্তিকা ব্যবস্থাপনা দীর্ঘমেয়াদী মাটির স্বাস্থ্য সুনিশ্চিত করে। মাটিতে সরাসরি চাষ করা হয় না এমন ফসলের ক্ষেত্রে এটি প্রযোজ্য নয় (উদাঃ হাইড্রোফোনিক বা গ্রীনহাউজে চাষ করা ফসল)।		
CB. ৩.১	উৎপাদনকারীর কি কোনো মৃত্তিকা ব্যবস্থাপনা পরিকল্পনা (সয়েল ম্যানেজমেন্ট প্লান) আছে?	ফসলের পুষ্টির চাহিদা মেটাতে এবং মাটির উর্বরতা বজায় রাখার জন্য নির্দিষ্ট বিষয়গুলি বিবেচনা করা হয়েছে কিনা তা উৎপাদনকারীকে প্রদর্শন করতে হবে। মৃত্তিকা বিশ্লেষণের তথ্য এবং ফসল-নির্দিষ্ট নথিপত্র প্রমাণ হিসাবে আন্তর্ভুক্ত করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৩.২	খামারের জন্য মাটির মানচিত্র (সয়েল ম্যাপ) প্রস্তুত করা হয়েছে কি?	প্রতিটি সাইটে মাটির প্রকৃতি সনাক্ত করতে হবে এবং মাটির বৈশিষ্ট্য বা মাটির বিশ্লেষণ বা স্থানীয় (আঞ্চলিক) মানচিত্রগত মাটির অবস্থার উপর ভিত্তি করে প্রতিটি সাইটের জন্য মাটির মানচিত্রের তৈরী করতে হবে।	রিকন
CB. ৩.৩	বর্ষজীবী ফসলের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ক্রপ রোটেশন বা ফসলআবর্তন অনুসরণ করা হয় কিনা?	বর্ষজীবী ফসলের আবর্তন মাটির গঠন উন্নত করার এবং মাটিবাহিত ক্ষতিকর কীটপতঙ্গ ও রোগ কমানোর জন্য ভূমিকা রাখে। বিগত দুই বছরের ফসলআবর্তনের তথ্য রেকর্ড রাখতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৩.৪	মাটিতে বুনট উন্নত করতে এবং মাটিতে সন্নিবিষ্টতা (কমপেক্টনেস) এড়ানোর জন্য কি কোনো কৌশল ব্যবহার করা হয়েছে?	কৌশল প্রয়োগ করার প্রমাণ থাকতে হবে (উদাহরণ: গভীর মূলী ফসল চাষ, নিষ্কাশন, গভীর চাষ প্রদান ইত্যাদি) যা জমিতে ব্যবহারের জন্য উপযুক্ত এবং সেখানে সম্ভব হলে মাটিতে কমপেক্টনেস কমানো ইত্যাদি।	অপ্রধান আবশ্যিক
CB. ৩.৫	ভূমিক্ষয়ের সম্ভাবনা কমাতে উৎপাদনকারী কি কোনো কৌশল ব্যবহার করেছেন?	ভূমিক্ষয় কমাতে গৃহিত ব্যবস্থার প্রমাণ থাকতে হবে (উদাঃ মালচিং, মুক্ত জমিতে ঘাস বপন করে বা সবুজ সার গাছ লাগানো, জমির সীমান্তে বা স্লোপে গাছ লাগানো ইত্যাদি)।	অপ্রধান আবশ্যিক
CB. ৩.৬	উৎপাদনকারী কি ব্যবহৃত জৈব সারের পুষ্টির অবদান বিবেচনা করেছেন?	মাটির দূষণ এড়াতে ব্যবহৃত জৈব সারের পুষ্টির বিষয়বস্তুগুলোকে (যেমন: নাইট্রোজেন (N), ফসফরাস (P), পটাসিয়াম (K)) বিবেচনায় নেওয়ার জন্য জৈবসার এনালাইসিস/বিশ্লেষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৩.৭	উৎপাদনকারী বীজ/চারা রোপণের হার এবং বপন/চারা রোপণের তারিখের তথ্য সংরক্ষণ করেন কি?	চারা রোপণ/ বপন, হার/ঘনত্ব এবং তারিখের তথ্য রাখতে হবে এবং সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. 8	সার প্রয়োগ		
	সার প্রয়োগের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় ফসলের চাহিদা বিবেচনার বিষয়টি জড়িত। গাছের শিকড় বর্ধনশীল স্তরে মাটি উর্বরতার জন্য মাটিতে পুষ্টি বিদ্যমান থাকতে হবে এজন্য সার প্রয়োগ খুবই জরুরী।		
CB. 8.১	সারের প্রকার এবং পরিমাণ সম্পর্কিত পরামর্শ		
CB. 8.১.১	সার প্রয়োগের (জৈব বা অজৈব) সুপারিশ কি যোগ্য ও দক্ষ ব্যক্তি দ্বারা করা হয়?	একজন কারিগরিভাবে দক্ষ ব্যক্তি সারের সুপারিশ করবেন যেখানে সারের পরিমাণ এবং প্রকার (জৈব বা অজৈব) উল্লেখ থাকবে, তিনি একজন বাহিরের উপদেষ্টা, তার প্রশিক্ষণ ও কারিগরি দক্ষতার প্রমাণ প্রদর্শন করতে হবে যদি না তিনি সেবা প্রদানকারী সংস্থা কর্তৃক নিযুক্ত হয়ে থাকেন। যদি তিনি উৎপাদনকারী বা তার কর্মী হন, সেক্ষেত্রে তার অভিজ্ঞতা, প্রযুক্তিগত জ্ঞান (যেমনঃ নির্দিষ্ট প্রশিক্ষণ কোর্সে উপস্থিতি) এবং সরঞ্জামের ব্যবহারের দক্ষ্যতা (সফটওয়্যার, খামারে সনাক্তকরণ পদ্ধতি, ইত্যাদি) প্রমাণ থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. 8.২	সার প্রয়োগের রেকর্ড/তথ্য সংরক্ষণ		
	8.২.১ থেকে 8.২.৬: মাটির এবং পাতায় সার প্রয়োগের ক্ষেত্রে (জৈব এবং অজৈব উভয়), নিম্নলিখিত বিষয়সমূহের তথ্য সংরক্ষণ রয়েছে কি:		
CB. 8.২.১	মাঠ, বাগান বা গ্রিনহাউস রেফারেন্স এবং ফসলের নাম?	রেকর্ডে নিবন্ধিত ফসলের মাঠ, বাগান বা গ্রিনহাউস রেফারেন্সের বিস্তারিত বিবরণ দিয়ে সার প্রয়োগের বিস্তারিত তথ্য সংরক্ষণ করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. 8.২.২	প্রয়োগের তারিখ?	সকল ধরনের সার প্রয়োগের সঠিক তারিখ (দিন, মাস এবং বছর) দিয়ে তথ্য সংরক্ষণ করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৪.২.৩	প্রয়োগকৃত সারের ধরণ/প্রকার?	সকল ধরণের সারের জন্য বানিজ্যিক নাম, সারের প্রকার (যেমন, NPK) এবং এগুলোর ঘনত্ব (যেমন, ১৭-১৭-১৭) দিয়ে বিস্তারিত তথ্য সংরক্ষণ করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.২.৪	প্রয়োগ করার পরিমাণ?	সকল ধরণের সার প্রয়োগের ক্ষেত্রে সারের ওজন ও পরিমানের তথ্যের সাথে নির্দিষ্ট এলাকার আয়তন বা গাছের সংখ্যাসহ বিস্তারিত তথ্য সংরক্ষণ করতে হবে। সার প্রয়োগের প্রকৃত পরিমানের রেকর্ড রাখতে হবে, সুপারিশকৃত সারের পরিমান নয়। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.২.৫	প্রয়োগের পদ্ধতি?	সকল ধরণের সার প্রয়োগের ক্ষেত্রে ব্যবহৃত পদ্ধতি এবং ব্যবহৃত উপকরণের বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ থাকতে হবে। যদি কোনো ক্ষেত্রে পদ্ধতি/উপকরণ সর্বদা একই রকম হয়, তবে তার জন্য বিস্তারিত বিবরণ একবার সংরক্ষণ করলেই হবে। যদি সেখানে বিভিন্ন সংখ্যক সরঞ্জাম থাকে তবে সেগুলোকে পৃথকভাবে চিহ্নিত করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.২.৬	প্রয়োগকারীর বিস্তারিত বিবরণ?	সকল ধরণের সার প্রয়োগের ক্ষেত্রে সার প্রয়োগকারীর নাম নথিতে লিপিবদ্ধ থাকতে হবে। যদি কোনো একক ব্যক্তি সার প্রয়োগ সংশ্লিষ্ট সকল কাজ একাই করেন, তবে একবার অপারেটরের/ প্রয়োগকারীর বিস্তারিত বিবরণ দিলেই হবে। যদি এখানে কোনো দল সার প্রয়োগের কাজ করে, তবে তাদের সকলের বিস্তারিত বিবরণ নথিভুক্ত করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৪.৩	সার সংরক্ষণাগার		
	৪.৩.১ থেকে ৪.৩.৭: সকল ধরনের সার সংরক্ষণে নিম্নলিখিত বিষয়সমূহের তথ্য সংরক্ষণ করতে হবে:		
CB. ৪.৩.১	উদ্ভিদ সংরক্ষণ পণ্য/ PPP থেকে সার পৃথকভাবে সংরক্ষিত?	ভৌত সংক্রমন প্রতিরোধের জন্য সার (জৈব এবং অজৈব) এবং উদ্ভিদ সংরক্ষণ পণ্য/ PPP পৃথক রুমে সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.৩.২	একটি ঢাকা/আবৃত জায়গায় সংরক্ষিত?	অজৈব/রাসায়নিক সারকে (উদাঃ পাউডার, দানাদার বা তরল) ঢাকা/আবৃত জায়গায় রাখতে হবে যাতে বায়ুমণ্ডলীয় প্রভাব থেকে (উদাঃ সূর্যালোক, তুষারপাত ও বৃষ্টি, উচ্চ তাপমাত্রা) থেকে সুরক্ষিত রাখা যায়। ঝুঁকির মূল্যায়নের উপর ভিত্তি করে (সারের ধরন, আবহাওয়া, সংরক্ষণকাল এবং অবস্থান) কন্টেইনারে প্লাস্টিক ঢাকনা ব্যবহার করা যাবে। চুন এবং জিপসাম খোলা জায়গায় সংরক্ষণ করে রাখা যাবে। প্রয়োজনীয় সতর্কতা মেনে তরল সারকে রুমের বাহিরে কন্টেইনারে সংরক্ষণ করা যেতে পারে।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.৩.৩	একটি পরিষ্কার পরিচ্ছন্ন জায়গায় সংরক্ষিত?	অজৈব সার (উদাঃ গুঁড়ো, দানাদার বা তরল) এমন জায়গায় সংরক্ষণ করতে হবে যেখানে বর্জ্য পদার্থ নেই, হুঁদুরের জন্য একটি প্রজনন স্থান নয়, এবং যেখানে পরিষ্কারের প্রয়োজনীয় সরঞ্জাম রয়েছে।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.৩.৪	একটি শুষ্ক/ শুকনো জায়গায় সংরক্ষিত?	সকল ধরনের অজৈব সার (উদাঃ গুঁড়ো, দানাদার বা তরল) সংরক্ষণের জায়গায় বায়ু চলাচলের ব্যবস্থা থাকবে এবং বৃষ্টির বা অধিক আর্দ্রতা থেকে মুক্ত হতে হবে। চুন/জিপসাম ছাড়া অন্য সার মাটির উপর সরাসরি সংরক্ষণ করা যাবে না।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.৩.৫	পানির উৎস দূষণের ঝুঁকি এড়ায় এমন উপযুক্ত পদ্ধতিতে সার সংরক্ষণ হয়েছে কি?	সকল ধরনের সার এমন জায়গায় সংরক্ষণ করতে হবে যেন তা পানির সাথে মিশে দূষণ না করে ফেলে। তরল সারের সংরক্ষণাগার/ ট্যাঙ্ককে বেড়া দিয়ে রাখতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. 8.৩.৬	সংগ্রহিত ফসলের সাথে নয়?	সংগ্রহকৃত ফসলের সাথে সার রাখা যাবে না।	প্রধান আবশ্যিক
CB. 8.৩.৭	আগত সার তালিকাভুক্ত করে এবং ব্যবহারের রেকর্ড সহ একটি হালনাগাদ সার মজুদ ইনভেন্টরি বা মজুদ গণনা ব্যবস্থা রয়েছে কি?	মজুদ ইনভেন্টরিতে (সংরক্ষিত সারের প্রকার এবং পরিমাণ) কোনো স্টক সরানোর আগে এক মাসের মধ্যে হালনাগাদ করতে হবে (আসা এবং যাওয়া)। সরবরাহ (ইনভয়েস/চালান বা আগত সারের অন্যান্য তথ্য) এবং ব্যবহারের (পরিচর্যা/সামগ্রী) তথ্য লিপিবদ্ধ করে একটি স্টক আপডেট গণনা করা যাবে, কিন্তু সেখানে প্রকৃত সামগ্রীক অবস্থা নিয়মিত পরীক্ষা করতে হবে যাতে গণনার সঙ্গে বিচ্যুতি এড়ানো যায়।	অপ্রধান আবশ্যিক
CB. 8.8	জৈব সার		
CB. 8.8.১	উৎপাদনকারী কি খামারে মানুষের মলমূত্র থেকে উৎপন্ন জৈব (নাইট সয়েল) ব্যবহারে বাধা দিচ্ছে?	GLOBALG.A.P. নিবন্ধিত ফসলের উৎপাদনের জন্য কোন পরিশোধিত বা অপরিশোধিত মানুষের মলমূত্র থেকে উৎপন্ন জৈব খামারে ব্যবহৃত করা যাবে না। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. 8.8.২	প্রয়োগ করার পূর্বে, তার উৎস, বৈশিষ্ট্য এবং সম্ভাব্য ব্যবহার বিবেচনা করে জৈব সারের জন্য একটি ঝুঁকির মূল্যায়ন সম্পন্ন করা হয়েছে কি?	জৈব সার ব্যবহারের জন্য খাদ্য নিরাপত্তা ও পরিবেশ ঝুঁকির মূল্যায়ন করতে হবে, এবং নিম্নলিখিত তথ্যসমূহ প্রদর্শনের জন্য সংরক্ষণ করতে হবে: <ul style="list-style-type: none"> • জৈব সারের ধরণ • জৈব সার সংগ্রহ ও পরিশোধনের পদ্ধতি • জীবাণুর দূষণ (উদ্ভিত ও মানুষের রোগ উৎপাদনকারী জীবাণু) • আগাছা/বীজের মিশ্রণ • ভারী ধাতুর মিশ্রণ • প্রয়োগের সময় এবং জৈব সার প্রয়োগের স্থান (যেমন, ফসলের ভক্ষণযোগ্য অংশে সরাসরি সংস্পর্শ ইত্যাদি)। এছাড়াও এটি বায়োগ্যাস প্লান্ট থেকে জৈবসার সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য।	অপ্রধান আবশ্যিক
CB. 8.8.৩	পরিবেশ দূষণের ঝুঁকি কমাতে এমন যথাযথ উপায়ে কি জৈব সারকে সংরক্ষণ করা হয়েছে?	জৈব সারকে একটি নির্ধারিত এলাকায় সংরক্ষণ করতে হবে যাতে AF ১.২.১. এ থাকা ঝুঁকির মূল্যায়ন অনুযায়ী পানির উৎস দূষণ না ঘটায় অথবা জলের উৎস থেকে অন্তত ২৫ মিটার দূরে সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৪.৫	অজৈব সারের পুষ্টি উপাদান		
CB. ৪.৫.১	প্রয়োগ করা সারের প্রধান পুষ্টি সামগ্রী (NPK) কি জানা রয়েছে?	বিগত ২৪ মাসের সময়সীমার মধ্যে GL OBALG.A.P. এর অধীনে চাষকৃত ফসলে ব্যবহৃত সকল সারের জন্য প্রধান পুষ্টি উপাদান (অথবা স্বীকৃত আদর্শ মান) বিস্তারিত বিবরণের তথ্য প্রমাণ/ লেবেল সংরক্ষিত থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৪.৫.২	ক্রয়কৃত অজৈব সারে ভারী ধাতু যুক্ত রাসায়নিক সামগ্রী রয়েছে এমন নথিভুক্ত প্রমাণ আছে কি?	গত ১২ মাসের সময়সীমার মধ্যে GLOBALG.A.P. এর অধীনে চাষকৃত ফসলে ব্যবহৃত সমস্ত অজৈব সারের জন্য, ভারী ধাতু সহ রাসায়নিক সামগ্রীর বিস্তারিত বিবরণের তথ্য প্রমাণ সংরক্ষিত থাকতে হবে।	রিকন
CB. ৫	পানি বা সেচ ব্যবস্থাপনা		
	পানি/জল একটি অপ্রতুল প্রাকৃতিক সম্পদ এবং সেচের ক্ষেত্রে পানির কার্যকরী ব্যবহারের জন্য, উপযুক্ত পূর্বাভাস এবং কারিগরি সরঞ্জাম দ্বারা সেচ ডিজাইন এবং পরিকল্পিত করা উচিত।		
CB. ৫.১	সেচ চাহিদার আগাম ধারণা		
CB. ৫.১.১	ফসল চাষে সেচের চাহিদা নির্ণয় এবং নিখুঁত করার জন্য সরঞ্জাম নিয়মিতভাবে ব্যবহার করা হয় কি?	উৎপাদনকারী প্রদর্শন করতে হবে যে ফসল চাষে সেচের চাহিদা তথ্যের উপর ভিত্তি করে নিরূপন করা হয় (উদাহরণ: স্থানীয় কৃষি প্রতিষ্ঠানের তথ্য, খামারে রেইনগজ, পানি নিষ্কাশন ট্রে, ইভাপোরেশন মিটার, মাটিতে আদ্রতার পরিমাপের জন্য ওয়াটার টেনশন- মিটার)। যেসব খামারে সরঞ্জাম রয়েছে, সেগুলোকে কার্যকর মেরামতের মাধ্যমে রক্ষণাবেক্ষণ করা উচিত। শুধুমাত্র বৃষ্টিনির্ভর ফসলের জন্য এটি প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৫.২	খামারে দক্ষ/কার্যকরী উপায়ে পানি ব্যবহার		
CB. ৫.২.১	পরিবেশগত দিক বিবেচনা করে খামারে পানি ব্যবস্থাপনার জন্য কোনো ঝুঁকির মূল্যায়ন করা হয়েছে কি এবং এটিকে বিগত ১২ মাসের মধ্যে খামারের ব্যবস্থাপক কতক পর্যালোচনা করা হয়েছে কি?	এখানে একটি তথ্যসমৃদ্ধ ঝুঁকির মূল্যায়ন থাকতে হবে, যা পানির উৎস, বিতরণ ব্যবস্থা এবং সেচ ও ফসল ধোওয়ার কাজে ব্যবহারের উপর পরিবেশগত প্রভাব শনাক্ত করে। উপরন্তু, খামার পরিচালনার কার্যক্রমে প্রভাব খামারের বাইরের পরিবেশের উপর কি প্রভাব ফেলে তার ঝুঁকি মূল্যায়ন করা দরকার। ঝুঁকির মূল্যায়ন সম্পূর্ণরূপে বাস্তবায়িত করতে হবে এবং প্রতিবছর খামারের ব্যবস্থাপক কতক এটি পর্যালোচনা এবং অনুমোদন করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৫.২.২	খামারে পানির উৎস শনাক্তকরণ এবং দক্ষভাবে পানি ব্যবহারের জন্য কোন পানি ব্যবস্থাপনার পরিকল্পনা প্রস্তুত রয়েছে কি এবং পূর্ববর্তী ১২ মাসের মধ্যে কোন ব্যবস্থাপক কতক তা অনুমোদিত হয়েছে কি?	বিগত ১২ মাসের মধ্যে ব্যবস্থাপক কতক অনুমোদিত একটি লিখিত এবং বাস্তবায়িত কর্মপরিকল্পনা থাকতে হবে, যা পানির উৎস শনাক্ত করে প্রয়োগের কার্যকারিতা নিশ্চিত করবে। পরিকল্পনায় নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে: মানচিত্র (AF ১.১.১. দেখুন), ছবি, অঙ্কন প্রভৃতি; জলাধার অথবা জল পুনরায় ব্যবহারের জন্য ধরে রাখার ব্যবস্থা সহ সংশ্লিষ্ট বিষয়। পরিকল্পনায় খামারের পুরো সেচ নেটওয়ার্কের বর্ণনা থাকবে এবং সেচ যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে। সেচ তত্ত্বাবধানের জন্য দায়িত্বপূর্ণ ব্যক্তিদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। সেচের জন্য স্বল্প বা দীর্ঘমেয়াদী পরিকল্পনাগুলো অন্তর্ভুক্ত থাকা আবশ্যিক।	প্রধান আবশ্যিক
CB. ৫.২.৩	ফসলে সেচের জন্য ব্যবহৃত পানির পরিমাণ এবং বিগত ফসল চাষে মোট সেচের পানি প্রয়োগের তথ্য সংরক্ষিত আছে কি?	উৎপাদনকারীকে ফসলের সেচ/ফার্মিগেশন পানি ব্যবহারের তথ্য সংরক্ষণ করতে হবে, যেখানে পানি ব্যবস্থাপনা পরিকল্পনার উপর ভিত্তি করে তারিখ, চক্রের সময়কাল, প্রকৃত বা আনুমানিক প্রবাহের হার এবং পরিমাণ মাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং বার্ষিক মোট পরিমাণ অন্তর্ভুক্ত থাকবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৫.৩	পানির গুণগতমান		
CB. ৫.৩.১	ঝুঁকির মূল্যায়ন অনুযায়ী পরিশোধিত নর্দমা/ ড্রেনের পানি ফসল উৎপাদনকালীন পর্যায়ে প্রয়োগ যুক্তিযুক্ত কিনা?	সেচ/ফার্মিগেশন বা অন্যান্য ফসল উৎপাদনকালীন কার্যক্রমে অপরিশোধিত ময়লা পানি ব্যবহার করা যাবে না। যেখানে পরিশোধিত ময়লা পানি ব্যবহার করা হয়, সেক্ষেত্রে জলের গুণমানকে WHO এর প্রকাশিত নির্দেশিকা মেনে চলতে হবে। এছাড়াও, এখানে যদি এমন প্রমাণ থাকে যে পানি কোনো সম্ভাব্য দূষিত উৎস থেকে আসছে তবে এই পানি WHO এর গাইডলাইনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা বা সেচের জলের জন্য স্থানীয় আইন মেনে চলে কিনা তা বিশ্লেষণের মাধ্যমে প্রদর্শন করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৫.৩.২	ফসল উৎপাদনকালীন কার্যক্রমে ব্যবহৃত পানির ভৌত এবং রাসায়নিক দূষণের উপর ঝুঁকির মূল্যায়ন সম্পন্ন করা হয়েছে কি এবং এটি বিগত ১২ মাসের মধ্যে ব্যবস্থাপক দ্বারা পর্যালোচিত হয়েছে কি?	<p>ঝুঁকির মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো সম্পাদিত এবং নথিভুক্ত করতে হবে:</p> <ul style="list-style-type: none"> - জলের উৎস সনাক্তকরণ এবং সেগুলোর পূর্ববর্তী পরীক্ষার ফলাফল (যদি থাকে)। - প্রয়োগের পদ্ধতি। - পানি ব্যবহারের নিরূপিত সময় (ফসলের বাড়ন্ত পর্যায়ে)। - ফসলের সাথে সেচের পানির সংস্পর্শ। - ফসল এবং এর বৃদ্ধির পর্যায়ের বৈশিষ্ট্য। - PPP প্রয়োগের জন্য ব্যবহৃত পানির বিশুদ্ধতা। <p>-</p> <p>PPP অবশ্যই বিশুদ্ধ পানির সাথে মিশাতে হবে। পানিতে থাকা যে কোনো দ্রবীভূত মাটি, জৈবপদার্থ বা খনিজ রাসায়নিক পদার্থ পানিকে প্রশমিত করতে পারে। এক্ষেত্রে একজন যোগ্যতাসম্পন্ন কৃষিবিদের কাছ থেকে পরামর্শ নিতে হবে। প্রতি বছর ব্যবস্থাপক/ম্যানেজার দ্বারা ঝুঁকির মূল্যায়ন পর্যালোচনা করতে হবে এবং এই প্রক্রিয়ার মধ্যে যে কোনো সময়ে কিছু পরিবর্তিত হলে বা পদ্ধতি দূষন করতে পারে এমন কোনো পরিস্থিতি দেখা দিলে তা হালনাগাদ করতে হবে। ঝুঁকির মূল্যায়নে সম্ভাব্য ভৌত (উদাহরণ স্বরূপ, অত্যধিক পলি বহন, জঞ্জাল, প্লাস্টিকের ব্যাগ, বোতল) এবং রাসায়নিক বিপত্তি এবং বিপত্তি নিয়ন্ত্রণ পদ্ধতি নির্দেশিত থাকতে হবে।</p>	অপ্রধান আবশ্যিক
CB. ৫.৩.৩	ফসল উৎপাদনকালীন কার্যক্রমে ব্যবহৃত পানি কি ঝুঁকির মূল্যায়নের (CB ৫.৩.২) ভিত্তিতে যথাযথ মানদণ্ড অনুসরণ করে নির্দিষ্ট সময় অন্তর বিশ্লেষণ করা হয়?	পানির টেস্টিং পানি ব্যবস্থাপনা প্লানের একটি অংশ যা ঝুঁকির মূল্যায়নের ভিত্তিতে যথাযথ মানদণ্ড অনুসরণে করা হয়। ফসল উৎপাদন ও সংগ্রহ কার্যক্রমে ব্যবহৃত পানি পরীক্ষার জন্য একটি লিখিত পদ্ধতি থাকবে, যার মধ্যে নমুনা সংগ্রহের পুনরাবৃত্তির হার, কে নমুনা গ্রহণ করছে, কোথা থেকে নমুনা নেওয়া হয়েছে, কীভাবে নমুনা নেওয়া হয়েছে, পরীক্ষার প্রকার এবং স্বীকৃতির মানদণ্ড অন্তর্ভুক্ত থাকবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৫.৩.৪	CB ৫.৩.২ এর মধ্যে থাকা ঝুঁকির মূল্যায়ন এবং নির্দিষ্ট মানদণ্ড অনুসারে, পরীক্ষাগারের বিশ্লেষণ রাসায়নিক ও ভৌত দূষণ বিবেচনা করে কি এবং পরীক্ষাগারটি কি ISO ১৭০২৫ অনুসারে পরিচালিত অথবা পানি পরীক্ষার জন্য উপযুক্ত জাতীয় কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত?	যদি ঝুঁকির মূল্যায়ন এবং নির্দিষ্ট মানদণ্ড অনুসারে সেখানে দূষণের ঝুঁকি থাকে, তাহলে পরীক্ষাগারের বিশ্লেষণ রাসায়নিক ও ভৌত দূষণকারী পদার্থের তথ্য প্রদান করবে। ISO ১৭০২৫ অথবা উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা পানি পরীক্ষার জন্য অনুমোদিত সমতুল্য পরীক্ষাগার থেকে পানি বিশ্লেষণের ফলাফলগুলো সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৫.৩.৫	পরবর্তী ফসল উৎপাদন চক্রের আগে ঝুঁকির মূল্যায়ন থেকে পাওয়া বিরূপ ফলাফলের ভিত্তিতে সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি?	পানির ঝুঁকির মূল্যায়নে এবং নির্দিষ্ট মানে শনাক্ত করা ব্যবস্থাপনা পরিকল্পনার অংশ হিসেবে সংশোধনমূলক প্রক্রিয়া এবং ডকুমেন্টেশন প্রস্তুত থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৫.৪	সেচ/ফার্মিগেশনে পানির সরবরাহ		
CB. ৫.৪.১	প্রযোজ্য ক্ষেত্রে, খামারে পানি উত্তোলন, সংরক্ষণ, ব্যবহার, নিষ্কাশনের ক্ষেত্রে বৈধ অনুমতিপত্র/লাইসেন্স রয়েছে কিনা?	খামারে পানি উত্তোলন, সংরক্ষণ, ব্যবহার (সেচ, পরিষ্কারকরণ, অন্যান্য) এবং নিষ্কাশনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে বৈধ অনুমতিপত্র/লাইসেন্স থাকতে হবে। নিরক্ষণের জন্য এই অনুমতিপত্র/লাইসেন্সগুলো বৈধ তারিখ সহ প্রদর্শন করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৫.৪.২	যদি পানি ব্যবহারের অনুমতিপত্র/ লাইসেন্স এ নির্দিষ্ট সীমাবদ্ধতা উল্লেখ থাকে, সেক্ষেত্রে পানি ব্যবহার এবং নির্গমনের রেকর্ড কি ম্যানেজমেন্ট কর্তৃক উক্ত সীমাবদ্ধতা মেনে চলার বিষয় নিশ্চিত করে?	অনেকসময় শর্তসাপেক্ষে অনুমতিপত্র/লাইসেন্স দেয়া হয়, যেমন এক ঘণ্টা অন্তর, দৈনিক, সাপ্তাহিক, মাসিক বা প্রতি বছরের উত্তোলনের সর্বোচ্চ পরিমাণ। এই শর্তগুলি পূরণ করা হচ্ছে কিনা তা প্রদর্শনের জন্য নথিপত্রগুলো সংরক্ষণ এবং প্রস্তুত রাখতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ৫.৫	পানি সংরক্ষণ সুবিধা		
CB. ৫.৫.১	খামারে বর্ষাকারে পানি সংরক্ষণের সুবিধা রয়েছে কি এবং তা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হয় কি?	মৌসুম ভিত্তিক পানির প্রাচুর্যতার ভিত্তিতে পানি সংরক্ষণ করলে তা খরাকালীন সময়ে বা পানির প্রাপ্যতা কম থাকলে ব্যবহার করা যায়। এজন্য প্রযোজ্যক্ষেত্রে বৈধ অনুমোদন নিতে হবে, যথাযথ রক্ষণাবেক্ষণ করতে হবে এবং দুর্ঘটনা প্রতিরোধ করতে বেড়ার দ্বারা পরিবেষ্টিত/সুরক্ষিত করতে হবে।	সুপারিশকৃত

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৬	সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা		
CB. ৬.১	প্রশিক্ষণ বা পরামর্শের মাধ্যমে কি IPM ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে?	একজন দক্ষ ও যোগ্য বহিষ্কৃত পরামর্শক খামারের সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান করবেন। তার যে যথাযথ প্রশিক্ষণ ও কারিগরি দক্ষতা রয়েছে যা অফিসিয়াল যোগ্যতা, নির্দিষ্ট প্রশিক্ষণ কোর্স, ইত্যাদির মাধ্যমে প্রমাণ প্রদর্শন করতে হবে যতক্ষণ না ঐ ব্যক্তি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য কোন নির্দিষ্ট প্রতিষ্ঠানে (উদাঃ পরামর্শ পরিষেবা) কর্মরত। যদি কারিগরিভাবে দায়িত্বপূর্ণ ব্যক্তি স্বয়ং উৎপাদনকারী হন, সেক্ষেত্রে তার অভিজ্ঞতা ও প্রযুক্তিগত জ্ঞান (উদাহরণস্বরূপ IPM উপলব্ধি, নির্দিষ্ট প্রশিক্ষণ কোর্সে উপস্থিতি, ইত্যাদি) এবং সরঞ্জামের ব্যবহার (সফটওয়্যার, সনাক্তকরণ পদ্ধতি, ইত্যাদি) প্রভৃতি দ্বারা পরিপূরক হবে।	অপ্রধান আবশ্যিক
	CB ৬.২ থেকে ৬.৫: উৎপাদনকারী কি এই পয়েন্টগুলোর অধীনে কার্যক্রম বাস্তবায়নের প্রমাণ দেখাতে পারবেন:		
CB. ৬.২	"প্রতিরোধ"?	উৎপাদনকারীকে প্রতিটি নিবন্ধিত প্রতিটি ফসলের জন্য অন্তত দুটি কার্যক্রম বাস্তবায়নের প্রমাণ প্রদর্শন করতে হবে যা বালাই আক্রমণের প্রকোপ ও তীব্রতা কমাতে পারে এমন উৎপাদনের অনুশীলনের গ্রহণ করতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ৬.৩	"পর্যবেক্ষণ ও নিরীক্ষণ"?	উৎপাদনকারীকে প্রমাণ দেখাতে হবে যে ক) নিবন্ধিত প্রতিটি ফসলে অন্তত দুটি কার্যক্রম বাস্তবায়নের প্রমাণ প্রদর্শন করতে হবে যার মধ্যে থাকবে কখন এবং কি পরিমাণ ক্ষতিকর কীটপতঙ্গ এবং এগুলোর প্রাকৃতিক শত্রু ছিল এবং খ) এই তথ্য ব্যবহার করে কোন কীটপতঙ্গ ব্যবস্থাপনা কৌশল প্রয়োজন হবে তার পরিকল্পনা করতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ৬.৪	"নিয়ন্ত্রণ"/ইন্টাভেনশন?	নির্দিষ্ট কীটপতঙ্গ দমন পদ্ধতি বাস্তবায়নের বিষয়ে উৎপাদনকারীকে প্রমাণ দেখাতে হবে যে এসব ক্ষতিকর কীটপতঙ্গের আক্রমণে ফসলের অর্থনৈতিক মূল্যে বিরূপ প্রভাব ফেলেছে। যেখানে সম্ভব, অ-রাসায়নিক পস্থা বিবেচনায় নিতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ৬.৫	অন্তর্ভুক্ত উদ্ভিদ সংরক্ষণ পণ্যের কার্যকারিতা বজায় রাখার জন্য পণ্যের লেবেল বা অন্যান্য উৎসের উপর এন্টি রেজিস্টেস সুপারিশ থাকলে তা অনুসরণ করা হয়েছে কি?	যখন ফসলের কীটপতঙ্গ, রোগ বা আগাছার জন্য বার বার নিয়ন্ত্রণের প্রয়োজন হয়, সেক্ষেত্রে প্রমাণ থাকতে হবে যে এন্টি রেজিস্টেস সুপারিশ (যদি থাকে) যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭	উদ্ভিদ সুরক্ষা পণ্য		
	যদি বালাই এর আক্রমণে মারাত্মকভাবে ফসলের ক্ষতি হয়, সেক্ষেত্রে উদ্ভিদ সুরক্ষা পণ্য (PPP) সহ নির্দিষ্ট বালাই নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করা আবশ্যিক হয়ে উঠতে পারে। এক্ষেত্রে উদ্ভিদ সুরক্ষা পণ্যের সঠিক ব্যবহার, পরিচালনা এবং সংরক্ষণ অপরিহার্য।		
CB. ৭.১	উদ্ভিদ সুরক্ষা পণ্য নির্বাচন		
CB. ৭.১.১	বর্তমান তালিকাতে কি এমন উদ্ভিদ সুরক্ষা পণ্য রয়েছে যা সংশ্লিষ্ট দেশে ফসল চাষের ক্ষেত্রে ব্যবহারের জন্য অনুমোদিত?	খামারে PPP এর একটি তালিকা থাকতে হবে যেখানে উদ্ভিদ সুরক্ষা পণ্যের (সক্রিয় উপাদানসহ বা উপকারী জীবাণুর নাম) বাণিজ্যিক ব্র্যান্ড নাম অন্তর্ভুক্ত রয়েছে এবং যা ফসল চাষে ব্যবহারের জন্য অনুমোদিত।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.১.২	উৎপাদনকারী কি শুধুমাত্র নির্দিষ্ট ফসলের জন্য অনুমোদিত উদ্ভিদ সংরক্ষণ পণ্য ব্যবহার করেন (অর্থাৎ যেখানে এই ধরনের আনুষ্ঠানিক রেজিস্ট্রেশন রয়েছে)?	প্রয়োগ করা সকল উদ্ভিদ সুরক্ষা পণ্য সরকারিভাবে বা সংশ্লিষ্ট দেশের উপযুক্ত সংস্থা দ্বারা অনুমোদিত হতে হবে। যেখানে অফিসিয়াল নিবন্ধন নেই সেখানে GLOBALG.A.P. গাইডলাইন, পাশাপাশি FAO- আন্তর্জাতিক নিয়মকানুন এবং ব্যবহারের নির্দেশিকা অনুসরণ করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
CB. ৭.১.৩	পণ্যের লেবেলে উল্লেখ করা প্রস্তাবিত বালাই এর উপর সঠিক উদ্দেশ্যে উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগ করা হয়েছে কি?	উদ্ভিদ সংরক্ষণ পণ্য নির্দিষ্ট ফসলের নির্দিষ্ট কীটপতঙ্গ, রোগ, আগাছার উপর প্রয়োগ করতে হবে (সুপারিশ করা লেবেল বা সরকারি রেজিস্ট্রেশন বিভাগের প্রকাশনা অনুযায়ী) এবং তা যথাযথ ও যৌক্তিক হতে হবে। যদি উৎপাদনকারী অফ-লেবেল PPP ব্যবহার করেন, তবে ঐ দেশের ফসল চাষে উক্ত PPP ব্যবহারে সরকারী অনুমোদনের প্রমাণ থাকতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
CB. ৭.১.৪	উদ্ভিদ সুরক্ষা পণ্যের ইনভয়েস রাখা হয়েছে কি?	ইনভয়েস বা চালান বা সব উদ্ভিদ সুরক্ষা পণ্যের প্যাকিং অথবা সংরক্ষিত পণ্যের প্যাকিং স্লিপ নথিভুক্ত করতে হবে এবং বাহ্যিক পরিদর্শনের সময় প্রস্তুত রাখতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.২	উদ্ভিদ সুরক্ষা পণ্যের পরিমাণ এবং ধরনের বিষয়ে পরামর্শ		
CB. ৭.২.১	উদ্ভিদ সুরক্ষা পণ্য নির্বাচনকারী ব্যক্তি কি তা নির্ধারণ করার জন্য উপযুক্ত?	উদ্ভিদ সুরক্ষা পণ্যের নথিপত্রে প্রমাণ থাকতে হবে যে, কারিগরিভাবে দায়িত্বপূর্ণ ব্যক্তি নির্দিষ্ট উদ্ভিদ সুরক্ষা পণ্য নির্ধারণ করেন এবং তিনি হলেন একজন যোগ্যতাসম্পন্ন প্রত্যক্ষ উপদেষ্টা যার অফিসিয়াল যোগ্যতার বা নির্দিষ্ট প্রশিক্ষণ কোর্সে উপস্থিতির সার্টিফিকেট দেখানোর মাধ্যমে প্রযুক্তিগত কর্মদক্ষতা প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে উপদেষ্টা কর্তৃক প্রদত্ত ফ্যাক্স এবং ই-মেল গ্রহণযোগ্য। যখন উদ্ভিদ সুরক্ষা পণ্যের নথিপত্রে দেখায়, উৎপাদনকারী নিজে বা তার মনোনীত কর্মচারী কারিগরিভাবে দায়িত্বপূর্ণ ব্যক্তি হিসেবে উদ্ভিদ সুরক্ষা পণ্য নির্ধারণ করেন, এক্ষেত্রে প্রযুক্তিগত জ্ঞানের আভিজ্ঞতা প্রমাণের জন্য প্রযুক্তিগত নথিপত্রের প্রদর্শন করতে হতে পারে (যেমনঃ পণ্যে প্রযুক্তিগত বই/নথিপত্র, নির্দিষ্ট প্রশিক্ষণ কোর্সে উপস্থিতি, ইত্যাদি)।	প্রধান আবশ্যিক
CB. ৭.৩	প্রয়োগের তথ্য		
CB. ৭.৩.১	সকল ধরনের উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের তথ্য কি সংরক্ষণ করা হয় এবং সেখানে কি নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকে: - ফসলের নাম এবং/বা জাত - প্রয়োগের অবস্থান - প্রয়োগ শুরু এবং শেষ করার তারিখ - পণ্যের বাণিজ্যিক নাম এবং সক্রিয় উপাদান - ফলন উত্তোলন পূর্ব ব্যবধান/ প্রি-হার্ভেস্ট ইন্টারভেল	সকল উদ্ভিদ সুরক্ষা পণ্যের/ PPP প্রয়োগের নিম্নলিখিত তথ্য থাকতে হবেঃ - PPP প্রয়োগ করা করা ফসল এবং/বা জাত। না প্রযোজ্য নয়। - ভৌগোলিক এলাকা, খামার এবং জমির নাম বা রেফারেন্স, ফলের বাগান বা গ্রিনহাউস - যেখানে চাষ হচ্ছে। না প্রযোজ্য নয়। - সঠিক তারিখ (দিন/মাস/বছর) এবং প্রয়োগের শেষ সময়। প্রয়োগের প্রকৃত তারিখ (সমাপ্তির সময় এক দিনের বেশি হলে) রেকর্ড করতে হবে। ক্রস চেক এবং প্রি-হার্ভেস্ট ইন্টারভেল পরীক্ষা করতে তথ্যগুলো ব্যবহার করা হবে। না প্রযোজ্য নয়। - সম্পূর্ণ বাণিজ্যিক নাম (ফর্মুলেশন সহ) এবং সক্রিয় উপাদান বা বৈজ্ঞানিক নাম দিয়ে উপকারী জীবাণুর নাম। সক্রিয় উপাদানের তথ্য সংরক্ষণ করতে হবে বা এটি বাণিজ্যিক নামের মাধ্যমে চিহ্নিত করা যাবে। না প্রযোজ্য নয়। - সব উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের জন্য ফলন উত্তোলন পূর্ব ব্যবধানের তথ্য সংরক্ষণ করতে হবে যদি প্রি-হার্ভেস্ট ইন্টারভেল পণ্যের লেবেলের উপর নির্দেশিত থাকে বা যদি তা না থাকে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
	৭.৩.২ থেকে ৭.৩.৭: উদ্ভিদ সুরক্ষা পণ্য সামগ্রী প্রয়োগের তথ্যগুলো কি সংরক্ষণ করা হয় এবং সেগুলোতে কি নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছেঃ		
CB. ৭.৩.২	অপারেটর/প্রয়োগকারী নাম?	উদ্ভিদ সংরক্ষণ পণ্য প্রয়োগ করছেন এমন সকল দায়িত্বপূর্ণ অপারেটর/দের সম্পূর্ণ নাম এবং/অথবা স্বাক্ষর সহ রেকর্ড করতে হবে। ইলেকট্রনিক সফটওয়্যার সিস্টেমের জন্য, তথ্যের সত্যতা নিশ্চিত করার ব্যবস্থা থাকতে হবে। যদি কোনো নির্দিষ্ট ব্যক্তি সকল PPP প্রয়োগ করে থাকেন, তবে একবার তার বিস্তারিত বিবরণ দিলেই হবে। যদি একাধিক ব্যক্তি একটি দলে একত্রে PPP প্রয়োগ করে থাকে তাহলে ঐ দলের বিস্তারিত বিবরণ সংরক্ষণ করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৩.৩	প্রয়োগের যৌক্তিকতা?	সকল উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের তথ্যে কীটপতঙ্গ(গুলো), রোগ (গুলো) এবং/অথবা আগাছা(গুলো) 'র নাম সংরক্ষণ করতে হবে। যদি সাধারণ নাম ব্যবহার করা হয়, সেক্ষেত্রে সেগুলোকে লেবেলে লেখা নামের সাথে সঙ্গতি রাখতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৩.৪	প্রয়োগের জন্য প্রযুক্তিগত অনুমোদন?	প্রয়োগ করা উদ্ভিদ সুরক্ষা পণ্য (গুলো) ব্যবহার এবং মাত্রার উপর, কারিগরিভাবে দায়িত্বপূর্ণ ব্যক্তির সিদ্ধান্ত নেয়ার বিষয় শনাক্ত করে নথিভুক্ত করতে হবে। যদি কোনো একজন ব্যক্তি সব প্রয়োগের অনুমতি দেয়, তবে সেই অনুমোতির বিবরণ একবার রেকর্ড করলেই চলবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৩.৫	প্রয়োগকৃত PPP এর গুণগতমান?	সকল উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের তথ্যে উল্লেখ থাকতে হবেঃ প্রয়োগকৃত পণ্যের পরিমাণ বা পানির মোট পরিমাণ (বা অন্য বাহক মাধ্যম) এবং দ্রবনে প্রয়োগের মাত্রা বা ডোজ g/L অথবা উদ্ভিদ সুরক্ষা পণ্যের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত ব্যবস্থা। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৩.৬	প্রয়োগের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি?	উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের তথ্য প্রয়োগ করা সব উদ্ভিদ সুরক্ষা পণ্যের জন্য (যদি সেখানে বিভিন্ন ইউনিট থাকে তাহলে তাদেরকে পৃথকভাবে চিহ্নিত করতে হয়) ব্যবহৃত যন্ত্রপাতির প্রকারের বিস্তারিত বিবরণ থাকতে হবে। যদি সবসময় যন্ত্রপাতির সংখ্যা একই থাকে (উদাঃ শুধুমাত্র ১টি বুম স্প্রে), তবে বিবরণ একবার সংরক্ষণ করলেই চলবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৩.৭	প্রয়োগের সময় আবহাওয়ার অবস্থা?	স্থানীয় আবহাওয়া অবস্থা ট্রিটমেন্ট এর কার্যকারিতা এবং পার্শ্ববর্তী ফসলে ড্রিফটকে প্রভাবিত করে (উদাঃ বাতাস, রোদ/আচ্ছাদিত মেঘ এবং আদ্রতা) - এমন সকল তথ্য PPP উপকরণ প্রয়োগের জন্য সংরক্ষণ করতে হবে। এটি চেকলিস্ট, লিপিবদ্ধ তথ্য, বা অন্য কোন কার্যকর সিস্টেমে রেকর্ড করা যেতে পারে। আচ্ছাদিত ফসলের জন্য প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৩.৮	পার্শ্ববর্তী / প্রতিবেশীর প্লটে বালাইনাশকের সংক্রমণ প্রতিরোধ করতে উৎপাদনকারী কি সক্রিয় পদক্ষেপ গ্রহণ করে?	নিজের প্লট থেকে পার্শ্ববর্তী উৎপাদন কাজ চলা প্লটে বালাইনাশকের সংক্রমণের ঝুঁকি এড়াতে উৎপাদনকারীর সক্রিয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এতে প্রতিবেশীরা কি চাষ করেছে তার তথ্য, স্প্রে সরঞ্জাম রক্ষণাবেক্ষণ ইত্যাদি অন্তর্ভুক্ত হতে পারে।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৩.৯	পার্শ্ববর্তী প্লট থেকে বালাইনাশক সংক্রমণ প্রতিরোধ করতে উৎপাদনকারী কি সক্রিয় পদক্ষেপ গ্রহণ করে?	পার্শ্ববর্তী প্লট থেকে বালাইনাশক সংক্রমণ প্রতিরোধ করতে উৎপাদনকারীকে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করতে হবে, যেমনঃ পার্শ্ববর্তী প্লটের উৎপাদনকারীর সাথে যোগাযোগ এবং চুক্তির মাধ্যমে এবং চাষাবাদকৃত জমির চারপাশে উদ্ভিদের বাফার রোপণ করার মাধ্যমে অবাঞ্ছিত বালাইনাশক সংক্রমণের ঝুঁকি নির্মূল করা যায়। যদি ঝুঁকি না থাকে তবে প্রযোজ্য নয়।	সুপারিশকৃত
CB. ৭.৪	ফলন উত্তোলন পূর্ব ব্যবধান / প্রি-হার্ভেস্ট ইন্টারভেল		
CB. ৭.৪.১	রেজিস্ট্রিড ফলন উত্তোলন পূর্ব ব্যবধান মেনে চলা হয়েছে কি?	প্রমাণ থাকতে হবে যে ফসল চাষের ক্ষেত্রে ফলন উত্তোলন পূর্ব ব্যবধান মেনে উদ্ভিদ সুরক্ষা পণ্যের ব্যবহৃত হয়েছে যা উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের তথ্য এবং ফলন সংগ্রহের তারিখের মাধ্যমে বোঝা যাবে। বিশেষভাবে একটানা ফলন সংগ্রহের ক্ষেত্রে বা ফলের বাগান, গ্রিনহাউস (উদাঃ সতর্কতার সংকেত, প্রয়োগের সময়, ইত্যাদি) মাঠে একটি ব্যবস্থা থাকে যা সব ফলন উত্তোলন পূর্ব ব্যবধানের সঙ্গে সম্মতি নিশ্চিত করে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৫	উদ্ভূত বালাইনাশক দ্রবন নিষ্পত্তিকরণ		
CB. ৭.৫.১	উদ্ভূত বালাইনাশক সামগ্রী এমনভাবে নিষ্পত্তি করা হয় কি যাতে খাদ্য ও পরিবেশ নিরাপত্তার বিচার্য বিষয়গুলোর সাথে তা আপোষ করে না?	উদ্ভূত স্প্রে দ্রবন এবং ট্যাঙ্ক/স্প্রেয়ার ধোওয়ার পরে বের হওয়া উদ্ভূত সামগ্রী ফসলে প্রয়োগ করার জন্য অগ্রাধিকার দিতে হবে তবে তা যেন লেবেলে উল্লেখ করা ডোজের হার ছাড়িয়ে না যায়। উদ্ভূত মিশ্রণ ও ট্যাঙ্ক ধোয়ার পর প্রাপ্ত দ্রবন এমনভাবে নিষ্পত্তি করতে হবে যেন তা খাদ্য নিরাপত্তা বা পরিবেশের সাথে আপোষ না করে। এবং এর বিস্তারিত তথ্য রাখতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৬	PPP বা উদ্ভিদ সুরক্ষা পণ্যের অবশিষ্টাংশের বিশ্লেষণ/ রেসিডিউ এনালাইসিস		
CB. ৭.৬.১	উৎপাদক যে দেশের মার্কেটে তার পণ্য পাঠাবে সেই গন্তব্যের ম্যাক্সিমাম রেসিডিউ লেভেল (MRL) সংক্রান্ত তথ্য/ ডাটাবেজ কি সে প্রদর্শন করতে পারবে?	উৎপাদক এবং উৎপাদকদের গ্রাহকের কাছে বর্তমানে সব মার্কেটে প্রযোজ্য MRL এর একটি তালিকা আছে, যেখানে উৎপাদনকারীর ব্যবসা করতে চায় (দেশীয় এবং/বা আন্তর্জাতিক) তারটা সংগ্রহ করতে হবে। গজখ গ্রাহকের সাথে কথা বলে উক্ত বাজার নিশ্চিত করে বা নির্দিষ্ট দেশ (দেশগুলো) বেছে বা যেখানে উৎপাদকরা ব্যবসা করতে চায় এবং একটি অবশিষ্টাংশের বিশ্লেষণ/ রেসিডিউ স্ক্রীনিং সিস্টেমের সাথে সম্মতি প্রমাণ উপস্থাপন করে যা সেই দেশের বর্তমানে প্রযোজ্য গজখ পূরণ করে সনাক্ত করা হবে। যেখানে আনেকগুলো দেশকে একত্রে বাণিজ্যের জন্য টার্গেট করা হয়, সেখানে সেই দেশগুলোর রেসিডিউ স্ক্রীনিং সিস্টেম কঠিনভাবে প্রযোজ্য MRL পূরণ করতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ৭.৬.২	যে বাজারে উৎপাদক তার উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ করতে চায় সেখানকার সুপারিশকৃত MRL পূরণের জন্য কোন পদক্ষেপ নেওয়া হয়েছে কি?	যে বাজারে উৎপাদক তার উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ করতে চায় এবং সেখানের MRL যদি উৎপাদিত দেশের MRL এর চাইতে কঠোর হয় সেক্ষেত্রে উৎপাদককে প্রমাণ করতে হবে যে উৎপাদনকালীন সময় সেই দেশের MRL বিষয়গুলো বিবেচনায় নেয়া হয়েছে। যদি অনেকগুলো দেশের জন্য পণ্য উৎপাদন করা হয় তবে সেক্ষেত্রে সর্বাধিক কঠোর MRL অনুসরণ করতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৬.৩	সরবরাহকৃত দেশের MRL এর সাথে সামঞ্জস্য রক্ষার জন্য উৎপাদক কি তার নিবন্ধিত সব ফসলের জন্য কোনো ঝুঁকির মূল্যায়ন সম্পন্ন করেছেন?	<p>ঝুঁকি মূল্যায়ন নিবন্ধিত সব ফসলকে কভার করতে হবে এবং সকল PPP ব্যবহার মূল্যায়ন করে MRL বৃদ্ধির সম্ভাব্য ঝুঁকির নির্ধারণ করতে হবে।</p> <p>ঝুঁকি মূল্যায়নের জন্য - কখন এবং কোথায় নমুনা সংগ্রহ করা হবে, কি পদ্ধতিতে বিশ্লেষণ করা হবে, কতগুলো বিশ্লেষণ করা হবে এগুলো অর্ন্তভুক্ত থাকবে। এক্ষেত্রে গ্লোবালগ্যাপের নির্দেশনা অনুসরণ করতে হবে। ঝুঁকির মূল্যায়নে নিম্নোক্ত ক্ষেত্রে রেসিডিউ বিশ্লেষণের প্রয়োজন নেই :</p> <ul style="list-style-type: none"> - বিগত ৪ বা তার বেশি বছরের তথ্য বিশ্লেষণ যদি MRL অতিক্রমের কোন ঘটনা না থাকে; এবং - ন্যূনতম অথবা শূন্য PPP এর ব্যবহার; এবং - ফসল সংগ্রহের আগে PPP ব্যবহার করা হয় না (PPP এর ফলন উত্তোলন পূর্ব ব্যবধানের চেয়ে প্রকৃত ব্যবধান অনেক বেশী); এবং - গ্রাহক বা কোনো স্বাধীন তৃতীয় পক্ষ কর্তৃক ঝুঁকি মূল্যায়নের ভিত্তিতে (যেমন CB ইন্সপেক্টর, বিশেষজ্ঞ ইত্যাদি)। <p>যদি কোন ক্ষেত্রে ফসলে PPP ব্যবহার না করা হয় এবং ফসল নিয়ন্ত্রিত পরিবেশে চাষ করা হয় (যেমন: মাশরুম) সেক্ষেত্রে PPP রিসিডিউ বিশ্লেষণ প্রয়োজন হবে না।</p>	প্রধান আবশ্যিক
CB. ৭.৬.৪	ঝুঁকি মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে সেখানে কোনো রেসিডিউ পরীক্ষার প্রমাণ আছে কি?	<p>ঝুঁকি মূল্যায়নের ফলাফলের উপর ভিত্তি করে, GLOBALG.A.P. নিবন্ধিত ফসলের জন্য উদ্ভিদ সুরক্ষা পণ্যের রিসিডিউ বিশ্লেষণ এর ফলাফলের বর্তমান নথিভুক্ত প্রমাণ বা তথ্য থাকতে হবে। নিবন্ধিত পণ্য/ফসলে উদ্ভিদ সুরক্ষা পণ্য রিসিডিউ পর্যবেক্ষণ সিস্টেম থাকতে হবে যা খামার থেকে অনুসরণযোগ্য এবং সর্বনিম্ন প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। যেখানে রেসিডিউ পরীক্ষায় ঝুঁকি মূল্যায়নের ফলাফলের প্রয়োজন, সেখানে নমুনা পদ্ধতি, স্বীকৃত গবেষণাগার, ইত্যাদি সংক্রান্ত মানদণ্ড অনুসরণ করতে হবে। নির্দিষ্ট উৎপাদকের বিশ্লেষণের ফলাফল অনুসরণযোগ্য হবে এবং উৎপাদন সাইট সনাক্ত করা যাবে যেখান থেকে নমুনা এসেছে।</p>	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
	৭.৬.৫ থেকে ৭.৬.৭ যখন ঝুঁকি মূল্যায়নে নিশ্চিত করা হয় যে রেসিডিউ বিশ্লেষণ সম্পাদনা করা জরুরি, তখন কি প্রমাণ থাকে যে:		
CB. ৭.৬.৫	সঠিক নমুনায়ন পদ্ধতি অনুসরণ করা হয়েছে?	প্রয়োজ্য নমুনায়ন পদ্ধতি বিধিসম্মতভাবে করা হয়েছে মর্মে প্রমাণ প্রদর্শন করতে হবে। সংযুক্তি CB. ৪ রেসিডিউ বিশ্লেষণ দেখুন।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৬.৬	রেসিডিউ পরীক্ষার গবেষণাগারটি কি ISO ১৭০২৫ বা সমতুল্য মানের একটি উপযুক্ত জাতীয় কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত?	স্পষ্ট তথ্যের প্রমাণ থাকতে হবে যে (লেটারহেড প্যাডের, স্বীকৃতি প্রাপ্তির নথি ইত্যাদি) যে উদ্ভিদ সুরক্ষা পণ্যের রিসিডিউ বিশ্লেষণের জন্য ব্যবহৃত গবেষণাগার ISO ১৭০২৫ স্বীকৃত বা একটি সমতুল্য মানের উপযুক্ত জাতীয় কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত। সব ক্ষেত্রে গবেষণাগারকে দক্ষতা পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণ দেখাতে হবে (যেমন FAPAS উপস্থিত থাকা আবশ্যিক)।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৬.৭	একটি MRL বৃদ্ধি পেলে কি তা সংশোধনের জন্য কোন কর্ম পরিকল্পনা করা হয় কি?	যদি উদ্ভিদ সুরক্ষা পণ্য রিসিডিউ বিশ্লেষণের ফলাফলে দেখা যায় MRL (হয় উৎপাদিত পণ্যের দেশে অথবা এমন দেশে যেখানে পণ্য বিক্রয়ের জন্য পরিকল্পনা করা হয়) অতিক্রম করেছে তাহলে তা সংশোধনের নথিবদ্ধ পদ্ধতি ও কর্মপত্র থাকতে হবে। সংযুক্তি CB. ৪ রেসিডিউ বিশ্লেষণ দেখুন। প্রয়োজনীয়তার ভিত্তিতে AF ৯.১. অনুযায়ী রিকল/প্রত্যাহার করতে হতে পারে।	প্রধান আবশ্যিক
CB. ৭.৭	উদ্ভিদ সুরক্ষা পণ্য সংরক্ষণ / স্টোরেজ		
	উদ্ভিদ সুরক্ষা পণ্য গুদামে নিরাপদে সংরক্ষণ এবং ব্যবহারের জন্য মৌলিক নিয়ম মেনে চলতে হবে।		
CB. ৭.৭.১	সংশ্লিষ্ট দেশের নিয়মনীতি মেনে উদ্ভিদ সুরক্ষা পণ্য নিরাপদ স্থানে কি সংরক্ষণ করা হয়, এগুলো পরিমাপ এবং মিশ্রণের জন্য যথেষ্ট সুযোগ-সুবিধার রয়েছে কি, এবং সেগুলোকে মূল প্যাকেজের/ মোড়কের মধ্যে রাখা হয় কি?	PPP স্টোরেজে নিচের সুবিধাগুলো থাকতে হবেঃ - সংশ্লিষ্ট সব জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় আইন এবং নিয়মকানুন মেনে চলত হবে। - তালা এবং চাবি নিরাপদ জায়গায় রাখতে হবে। না প্রয়োজ্য নয়। - পরিমাপ সরঞ্জাম থাকতে হবে। না প্রয়োজ্য নয়। - PPP মূল পাত্রে/ প্যাকেটে থাকতে হবে। কোনো ক্ষেত্রে পাত্র ভেঙে গেলেই কেবল, নতুন প্যাকেজের মধ্যে রাখা যাবে তবে সেখানে আসল লেবেলের তথ্য থাকতে হবে। CB. ৭.৭.১ দেখুন। না প্রয়োজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
	৭.৭.২ থেকে ৭.৭.৬ : উদ্ভিদ সুরক্ষার পণ্য/ PPP এমন স্থানে সংরক্ষন করা হয় যেখানেঃ		
CB. ৭.৭.২	যথোপযুক্ত?	উদ্ভিদ সুরক্ষার পণ্যের সংরক্ষণ সুবিধা এমনভাবে নির্মিত হবে যা কার্ঠামোগতভাবে অক্ষত এবং শক্তিশালী হয়। PPP প্রয়োগ মৌসুমে প্রয়োজনীয় PPP সংরক্ষণ করা যাবে এমন হতে হবে এবং এমন ভাবে সংরক্ষন করতে হয় যেন কর্মীদের জন্য বিপদজনক না হয় বা অন্যান্য পণ্যের সঙ্গে এটি মিশে কোন ঝুঁকি তৈরি না করে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৩	সঠিক তাপমাত্রায়?	উদ্ভিদ সুরক্ষার পণ্যগুলোর লেবেল উল্লেখিত সংরক্ষণ নির্দেশনা অনুসারে সংরক্ষন করতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৪	বায়ু চলাচলের সুব্যবস্থা রয়েছে?	যেখানে প্রচুর পরিমাণে বাতাস চলাচলের ব্যবস্থা রয়েছে এবং যেখানে কোন ক্ষতিকর বাষ্প তৈরি হয় না। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৫	আলোর সু-ব্যবস্থা রয়েছে?	উদ্ভিদ সুরক্ষার পণ্যের সংরক্ষণস্থান এমন হতে হয় যেখানে প্রাকৃতিক আলোর ব্যবস্থা রয়েছে বা যথেষ্ট কৃত্রিম আলো রয়েছে যেন সেলফে মধ্যে থাকা পণ্যের লেবেল সহজেই পড়া যায়। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৬	অন্যান্য উপকরন থেকে দূরে অবস্থিত?	উদ্ভিদ সুরক্ষা পণ্য এবং অন্যান্য উপকরণের সাথে মিশে যেন দূষনের সৃষ্টি না হয় তার জন্য শক্ত বাধা (প্রাচীর) থাকতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৭	সব ধরনের উদ্ভিদ সুরক্ষা পণ্য সংরক্ষণের জন্য ব্যবহৃত তাক/ শেলফ কি শোষণ করেনা এমন উপাদানে তৈরি?	উদ্ভিদ সুরক্ষার পণ্য সংরক্ষণের জন্য ব্যবহৃত তাক/ শেলফ এমন উপাদান দিয়ে তৈরী হতে হবে যেন তা স্পিলেজের ক্ষেত্রে শোষক না হয়। (উদাঃ ধাতু, অনমনীয় প্লাস্টিক, বা পানি ঢুকতে পারেনা এমন বস্ত, ইত্যাদি)।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৮	উদ্ভিদ সুরক্ষার পণ্য সংরক্ষণের সুবিধায় স্পিলেজ ধরে রাখতে কি সক্ষম হয়?	উদ্ভিদ সুরক্ষার পণ্য সংরক্ষণের স্থানের সুবিধাদিতে ধারণকারী ট্যাঙ্ক থাকলে তা ১১০% পরিমানের এমন একটি বৃহত্তম ধারক হবে যাতে ছিদ্র, চোয়ানি বা বাহির থেকে দূষণ না হওয়া নিশ্চিত করা যায়। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.৯	স্পিলেজের অপসারণ সুবিধা আছে কি?	উদ্ভিদ সুরক্ষার পণ্য সংরক্ষণের সুবিধা এবং সব মনোনীত নির্দিষ্ট এলাকার স্পিলেজের অপসারণের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে যেমন বালি, ব্রাশ এবং ডাস্ট প্যান এবং প্লাস্টিকের ব্যাগ যা একটি নির্দিষ্ট স্থানে থাকবে এবং শুধুমাত্র উদ্ভিদ সুরক্ষার পণ্যের স্পিলেজের জন্য ব্যবহৃত হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৭.১০	উদ্ভিদ সুরক্ষার পণ্য সংরক্ষণাগারের চাবি, প্রবেশাধিকার এবং পরিচালনার দায়িত্বভার কি শুধুমাত্র উদ্ভিদ সুরক্ষা পণ্যের উপর আনুষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের মধ্যেই সীমাবদ্ধ আছে?	উদ্ভিদ সুরক্ষার পণ্য সংরক্ষণ স্থান সবসময় তালাবদ্ধ থাকতে হবে এবং শুধুমাত্র ঐ ব্যক্তি যে এই পণ্যের নিরাপদ পরিচালনা ও ব্যবহারের উপর প্রশিক্ষণপ্রাপ্ত তার উপস্থিতিতে কেবল উদ্ভিদ সুরক্ষার পণ্য ব্যবহারের অনুমতি দিতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.১১	GLOBALG.A.P. নিবন্ধিত ফসলের ক্ষেত্রে অনুমোদিত উদ্ভিদ সুরক্ষার পণ্য এবং অন্য উদ্দেশ্যের জন্য ব্যবহৃত উদ্ভিদ সুরক্ষার পণ্য কি পৃথকভাবে সংরক্ষণ করা হয়?	নিবন্ধিত এবং/অথবা প্রত্যয়িত ফসলের জন্য অনুমোদিত উদ্ভিদ সুরক্ষার পণ্য এবং অন্য কাজে ব্যবহৃত PPP পণ্য পরিষ্কারভাবে চিহ্নিত করতে হবে ও অনুমোদিত উদ্ভিদ সংরক্ষণ পণ্য সংরক্ষণাগারে আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.১২	তাকে/ শেলফে সংরক্ষণ করার ক্ষেত্রে তরল PPP গুড়া/ পাউডার PPP এর উপর রাখা হয় না - এটা কি মেনে চলা হয়?	PPP ক্ষেত্রে যেগুলো তরল জাতীয় পদার্থ সেগুলোর কে গুড়া/ পাউডারের উপরের তাকে/ শেলফে সংরক্ষণ করা যাবে না। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.১৩	উদ্ভিদ সুরক্ষার পণ্যের জন্য হালনাগাদকৃত মজুদের তথ্য বা মজুদের হিসাব অর্থাৎ কি পরিমাণ PPP তুকেছে এবং কি পরিমাণ ব্যবহার হয়েছে তা কি প্রস্তুত আছে?	মজুদের তথ্য/ স্টক ইনভেন্টরি (ধরণ এবং PPP এর পরিমাণ সংখ্যা, উদাঃ বোতল, অনুমোদিত সংখ্যা) কোনো পরিবর্তন হলে (কমলে বা বাড়লে) এক মাসের মধ্যে তা হালনাগাদ করতে হবে। মজুদের তথ্য হালনাগাদ করতে হলে সংগ্রহের (সংগৃহীত PPP এর ইনভয়েন্স বা চালান বা অন্যান্য রেকর্ড) এবং ব্যবহারের (প্রয়োগের) পরিমাণ নথিবদ্ধ করতে হবে, কিন্তু নিয়মিতভাবে পরীক্ষা করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.১৪	দুর্ঘটনা বিষয়ক নির্দেশাবলি কি উদ্ভিদ সুরক্ষার পণ্যের/ রাসায়নিক পদার্থের সংরক্ষণস্থল থেকে ১০ মিটারের মধ্যে দৃশ্যমান আছে?	কোনো দুর্ঘটনার ক্ষেত্রে AF ৪.৩.১-এর মধ্যে নির্দেশিত সব তথ্য এবং জরুরি টেলিফোন নম্বর সহ প্রাথমিক দুর্ঘটনার ক্ষেত্রে প্রযোজ্য মৌলিক ধাপসমূহের তথ্য প্রদর্শনের জন্য PPP সংরক্ষণস্থল থেকে ১০ মিটারের মধ্যে দৃশ্যমান থাকতে হবে এবং সংশ্লিষ্ট সকল ব্যক্তির কাছেও দৃশ্যমান অবস্থায় থাকতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৭.১৫	কর্মচারী/অপারেটরের ক্ষেত্রে দুর্ঘটনাজনিত দূষণ থেকে পরিত্রাণ পাওয়ার সুবিধা আছে?	সকল PPP সংরক্ষণস্থলে এবং খামারের সংশ্লিষ্ট এলাকায় চোখ ধোয়ার সুবিধা, কমপক্ষে ১০ মিটার দূরে পরিষ্কার পানির উৎস এবং একটি ফাস্ট এইড বাক্স (যেমন বালাইনেশকের ক্ষেত্রে ক্ষারীয় তরলের প্রয়োজন হতে পারে), যা সর্বদা পরিষ্কারভাবে এবং স্থায়ীভাবে লিখে চিহ্নিত করা থাকবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৮	উদ্ভিদ সুরক্ষা পণ্যের পরিচালনা		
CB. ৭.৮.১	উৎপাদকরা কি তার যে সকল কর্মী PPP প্রস্তুত ও প্রয়োগের সাথে সংশ্লিষ্ট তাদের তাদের দেহে PPP বিষাক্ততার বিষয় বিবেচনায় নিয়ে সম্ভাব্য কোনো ঝুঁকির মূল্যায়ন করে নিয়মিত বা বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা করেন?	এই প্রক্রিয়ায় উৎপাদকরা তার যে সকল কর্মী PPP প্রস্তুত ও প্রয়োগের সাথে সংশ্লিষ্ট তাদের তাদের দেহে PPP বিষাক্ততার বিষয়ে ঝুঁকির মূল্যায়ন (AF 8.১.১) বিবেচনায় নিয়ে তাদেরকে স্বেচ্ছায় বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা প্রদান করবেন। এই স্বাস্থ্য পরীক্ষাটি জাতীয়, আঞ্চলিক বা চলমান স্থানীয় নিয়ম মেনে করা হবে এবং এই পরীক্ষার ফলাফল ও ব্যক্তিগত তথ্য প্রকাশের ক্ষেত্রে বৈধতা স্বীকৃত হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৮.২	PPP প্রয়োগের পর খামারে পুনঃপ্রবেশের সময়ের ক্ষেত্রে কি কোনো প্রক্রিয়া রয়েছে?	লেবেলে প্রদেয় নির্দেশাবলীর ভিত্তিতে স্পষ্ট তথ্যমূলক পদ্ধতি থাকতে হবে যা ফসলে প্রয়োগকৃত উদ্ভিদ সুরক্ষার পণ্যের পুনঃপ্রবেশের ব্যবধান নিয়ন্ত্রণ করে। সর্বাধিক ঝুঁকিপূর্ণ ব্যক্তি, যেমন গর্ভবতী/বাচ্চাকে দুগ্ধ পান করায় এমন শ্রমিক এবং বয়স্ক শ্রমিকদের ক্ষেত্রে বিশেষ নজর দেওয়া উচিত। লেবেলের কোথায় কোন পুনঃপ্রবেশের তথ্য পাওয়া না গেলে এবং যেখানে কোন নির্দিষ্ট ন্যূনতম ব্যবধান থাকে না সেক্ষেত্রে কর্মীরা ফসল এলাকাতে প্রবেশের আগে গাছের স্প্রে ঝুকিয়েছে কিনা তা নিশ্চিত করা আবশ্যিক।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৮.৩	যদি ঘনীভূত উদ্ভিদ সুরক্ষার পণ্য খামারের বাহিরে অথবা খামারের মধ্যে পরিবাহিত হয়, তাহলে কি তা নিরাপদ এবং সুরক্ষিত পদ্ধতিতে পরিবাহিত হয় কি?	PPP পরিবহনের সময়ে সকল প্রযোজ্য আইন কানুন মেনে চলতে হবে। যেখানে এই বিষয়ে কোনো আইন নেই সেক্ষেত্রে উৎপাদককে নিশ্চিত করতে হবে যে PPP পরিবহনের সময়ে কোনো ক্ষেত্রে কর্মী (দের) স্বাস্থ্যগত কোন ঝুঁকি হবে না।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৮.৪	দ্রবন তৈরিতে উদ্ভিদ সুরক্ষার পণ্য মেশানোর ক্ষেত্রে কি সঠিক পরিচালনা এবং প্রয়োগ প্রক্রিয়া হিসাবে লেবেলে উল্লেখিত নির্দেশনা অনুসরণ করা হয়?	উপযুক্ত পরিমাপক সরঞ্জামের মাধ্যমে লেবেলে বর্ণিত নির্দেশনা মোতাবেক উদ্ভিদ সুরক্ষার পণ্য মিশিয়ে দিতে হবে যেন তার পরিচালনা এবং প্রয়োগ পদ্ধতি নিরাপদ হয়। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৯	উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্র		
CB. ৭.৯.১	উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে কি সংরক্ষণ বা ফেলে দেয়ার আগে পরিস্কার করার জন্য যন্ত্র দিয়ে বা পরিস্কার পানি দিয়ে অন্তত তিন বার ধুয়ে ফেলা হয় এবং CB ৭.৫.১ অনুসারে খালি পাত্রগুলোকে কি ধুয়ে নির্দিষ্ট সরঞ্জাম ট্যাংকে ফেলা হয়?	উদ্ভিদ সুরক্ষা পণ্যের পাত্রগুলোর পরিষ্কারের জন্য চাপ প্রয়োগকারী যন্ত্রটি খামারের উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগের যন্ত্রের পাশে স্থাপন করতে হবে অথবা সেখানে স্পষ্ট নির্দেশাবলী লেখা থাকতে হবে যে ধ্বংস করার পূর্বে অন্তত ৩ বার প্রতিটি পাত্রকে পরিস্কার পানি দিয়ে ধুয়ে নিতে হবে। উভয় ক্ষেত্রেই প্রয়োগ যন্ত্র ও অপারেটরদের জন্য একটি লিখিত পদ্ধতি অনুযায়ী, উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে পরিস্কার করে সবসময় প্রয়োগকৃত সরঞ্জাম ট্যাংকে ফেলে ধ্বংস করা যাতে খাদ্য নিরাপত্তা কিংবা পরিবেশের জন্য ঝুঁকির কারণ না হয়। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৯.২	উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোতে ঐ একই পণ্য বাদে অন্যান্য পণ্য/উপকরণ/ফসল সংরক্ষণ বা পরিবহনের কাজে পুনরায় ব্যবহার করা রোধ করা হয়?	প্রমাণ থাকতে হবে যে উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোতে লেবেলে উল্লেখকৃত পণ্য ব্যতিত অন্য কিছু রাখা হয়না বা পরিবহন করা হচ্ছে না। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৯.৩	খালি পাত্রগুলোকে ধ্বংস করা পর্যন্ত কি নিরাপদ স্থানে সংরক্ষণ করা হয়?	উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে ধ্বংস করার পূর্বে সংরক্ষণ করার জন্য পৃথকভাবে নিরাপদ স্টোর পয়েন্ট থাকতে হবে যা ফসল এবং প্যাকেজিং সামগ্রী থেকে আলাদা হবে (অর্থাৎ স্থায়ীভাবে লিখে চিহ্নিত করা, যা তালাবদ্ধ থাকবে এবং ব্যক্তি ও প্রাণিকুলের সংস্পর্শ হতে দূরে থাকবে)।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.৯.৪	উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে ধ্বংস করার পদ্ধতিতে কি মানুষের ও পরিবেশের দূষণ এড়ানো সম্ভব?	উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে ধ্বংস করার পূর্বে উৎপাদক সেগুলোকে একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করবেন, এগুলো হ্যান্ডলিং এর জন্য একটি নিরাপদ পদ্ধতি থাকবে এবং একটি প্রযোজ্য আইন মেনে ধ্বংস করার একটি পদ্ধতি থাকবে যা মানুষের সংস্পর্শ এবং পরিবেশ দূষণ (জল, উদ্ভিদ ও প্রাণিকুল) এড়িয়ে চলে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
CB. ৭.৯.৫	প্রযোজ্যক্ষেত্রে কি সরকারীভাবে সংগ্রহ ও ধ্বংস পদ্ধতি ব্যবহার করা হয় এবং সে ক্ষেত্রে কি নিয়ম অনুসারে যথাযথভাবে সংরক্ষণ, লেবেলিং করা, এবং পরিচালিত করা হয়?	যেখানে সরকারি সংগ্রহ ও বিক্রয় সিস্টেম বিদ্যমান, সেখানে অংশগ্রহণকারী উৎপাদকের উক্ত সিস্টেমে অংশ নিতে হবে। এবং উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে প্রযোজ্য প্রয়োজনীয়তা অনুযায়ী খালি করার পরে যথাযথভাবে সংরক্ষণ, লেবেলিং এবং পরিচালনা করতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৭.৯.৬	স্থানীয় প্রবিধান অনুযায়ী খালি পাত্রসমূহ নিষ্পত্তি বা ধ্বংস সংক্রান্ত সব বিষয় কি পরিলক্ষিত হয়?	সংশ্লিষ্ট সকল জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় প্রবিধান এবং আইন যদি বিদ্যমান থাকে, সেক্ষেত্রে উদ্ভিদ সুরক্ষা পণ্যের খালি পাত্রগুলোকে নিষ্পত্তি করার জন্য তা মেনে চলতে হবে।	প্রধান আবশ্যিক
CB. ৭.১০	মেয়াদত্তীর্ণ উদ্ভিদ সুরক্ষা পণ্য		
CB. ৭.১০.১	মেয়াদত্তীর্ণ উদ্ভিদ সুরক্ষা পণ্যগুলোকে কি নিরাপদে চিহ্নিত করে সংরক্ষণ করা এবং অনুমোদিত বা স্বীকৃত মাধ্যম দ্বারা নিষ্পত্তি করা হয়?	নথিপত্র প্রমাণ থাকতে হবে, মেয়াদত্তীর্ণ উদ্ভিদ সুরক্ষা পণ্যগুলোকে আনুষ্ঠানিকভাবে অনুমোদিত চ্যানেলের মাধ্যমে নিষ্পত্তিকৃত হয়েছে। যখন সম্ভব হয় না তখন মেয়াদত্তীর্ণ উদ্ভিদ সুরক্ষা পণ্যগুলোকে নিরাপদে সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৭.১১	সার এবং উদ্ভিদ সুরক্ষা পণ্য ছাড়া অন্য পদার্থ প্রয়োগ		
CB. ৭.১১.১	যে পদার্থসমূহ খামারে প্রস্তুত করা হয়, ফসলে এবং/অথবা মাটিতে ব্যবহার করা হয় সেগুলো সহ অন্য সব পদার্থসমূহ, যা সার এবং উদ্ভিদ সুরক্ষা পণ্যের অন্তর্ভুক্ত নয় সেক্ষেত্রে কি তার তথ্য/ রেকর্ড রাখা হয়?	<p>যদি প্রস্তুতকৃত, যেমন গাছের শক্তিবর্ধক, মাটি নিয়ন্ত্রক বা অন্য কোন ধরনের পদার্থ প্রত্যয়িত ফসলের জন্য ব্যবহার করা হয়, সেগুলো ঘরে প্রস্তুতকৃত হোক বা ক্রয়কৃত হোক, তাহলে তার রেকর্ড/তথ্য প্রস্তুত থাকতে হবে। এই তথ্যের মধ্যে সেই পদার্থের নাম (উদাঃ যে গাছ থেকে পাওয়া গেছে), শস্য, মাঠ, তারিখ, এবং প্রয়োগকৃত পরিমাণ অন্তর্ভুক্ত থাকবে। ক্রয়কৃত পণ্যের ক্ষেত্রে, ব্যবসায়িক বা বাণিজ্যিক নাম, এবং কার্যকারী পদার্থ বা উপাদান, অথবা প্রধান উৎস (যথা: উদ্ভিদ, শৈবাল, খনিজ, ইত্যাদি) অন্তর্ভুক্ত থাকবে। যদি উৎপাদনকারী দেশে এই পদার্থ (গুলোর) জন্য একটি নিবন্ধন ব্যবস্থা বিদ্যমান থাকে, তাহলে এটি অনুমোদন করতে হবে।</p> <p>যদি দেশে উৎপাদনের ব্যবহারের জন্য ঐ পদার্থ নিবন্ধন করার প্রয়োজন না হয়, তাহলে তার জন্য উৎপাদককে খাদ্য নিরাপত্তার বিষয়গুলো নিশ্চিত করতে হবে। রেকর্ডগুলিতে এই উপকরণগুলির মধ্যে থাকা উপাদানসমূহ সম্পর্কে তথ্য থাকা আবশ্যিক এবং যদি অতিরিক্ত MRLs এর ঝুঁকি থাকে তবে CB ৭.৬.২ পূরণ করা আবশ্যিক।</p>	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
CB. ৮	উপকরণ		
CB. ৮.১	নিরাপদ খাদ্যের জন্য সংবেদনশীল যন্ত্রপাতি (যেমন উদ্ভিদ সুরক্ষা পণ্যের স্প্রেয়ার, সেচ/ফার্মিগেশন সরঞ্জাম, ফলন সংগ্রহকালীন ব্যবহৃত সরঞ্জাম), কি ভালোভাবে মেরামত করা হয়, নিয়মিতভাবে যাচাই করা হয় এবং প্রয়োজ্য ক্ষেত্রে, অন্তত বছরে একবার ক্যালিব্রেশন করা হয়, এবং পূর্ববর্তী ১২ মাসের মধ্যে ব্যবস্থা গ্রহণের এসংক্রান্ত তথ্য রয়েছে কি?	এসব সরঞ্জামের আপ-টু-ডেট রক্ষণাবেক্ষণ শীটের নথিভুক্ত প্রমাণ, তেল পরিবর্তন, ইত্যাদি অবলম্বনের সঙ্গে মেরামতের মাধ্যমে বেশ ভালো অবস্থায় রাখতে হবে। যেমন: উদ্ভিদ সুরক্ষা পণ্যের স্প্রেয়ার: চাক্ষুষ পরিদর্শন এবং প্রয়োগের জন্য সরঞ্জামের কার্যকলাপ পরীক্ষার সঙ্গে সম্মতির নির্দেশিকার জন্য সংযুক্তি CB.৬ দেখুন। সঠিক অপারেশন জন্য উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগ যন্ত্রের ক্যালিব্রেশন (স্বয়ংক্রিয় এবং অ-স্বয়ংক্রিয়) গত ১২ মাসের মধ্যে যাচাই করা হয়েছে এবং একজন দক্ষ ব্যক্তির মাধ্যমে তা সম্পাদন করে এটি প্রত্যয়িত বা নথিভুক্ত করা হয়েছে। সেচ/ফার্মিগেশনের সরঞ্জামঃ ন্যূনতম হিসেবে বার্ষিক রক্ষণাবেক্ষণের তথ্য সব রকমের সেচ পদ্ধতি/ফার্মিগেশন যন্ত্রপাতি/ কৌশল সব পদ্ধতির জন্য সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক
CB. ৮.২	পরিবেশের ও অন্যান্য সরঞ্জামের ক্ষেত্রে সংবেদনশীল এবং চাষের কাজে ব্যবহৃত অন্যান্য সরঞ্জাম (উদাঃ সার ছিটানোর যন্ত্র, ওজন নেওয়া এবং তাপমাত্রা নিয়ন্ত্রণ করার জন্য ব্যবহৃত) নিয়মিতভাবে যাচাই এবং প্রয়োজ্য ক্ষেত্রে, অন্তত বছরে একবার ক্যালিব্রেশন করা হয় কি?	এসব সরঞ্জামের আপ-টু-ডেট রক্ষণাবেক্ষণ শীটের নথিভুক্ত প্রমাণ, তেল পরিবর্তন, ইত্যাদি অবলম্বনের সঙ্গে মেরামতের মাধ্যমে বেশ ভালো অবস্থায় রাখতে হবে। যেমনঃ সার দেওয়ার যন্ত্রঃ রেকর্ড থাকতে হবে যে কমপক্ষে বিগত ১২ মাসের মধ্যে একবার একটি বিশেষ কোম্পানি ক্যালিব্রেশন, ফার্মিলাইজেশনের উপাদান সরবরাহকারী বা খামারের টেকনিক্যালি দায়বদ্ধ ব্যক্তি দ্বারা যাচাইকরণ ও ক্যালিব্রেশন সম্পন্ন করেছে।	অপ্রধান আবশ্যিক
CB. ৮.৩	প্রয়োজ্যক্ষেত্রে উৎপাদক কি একটি স্বাধীন ক্যালিব্রেশন-সার্টিফিকেশন স্কিমের সাথে যুক্ত?	একটি ক্যালিব্রেশন পদ্ধতিতে উৎপাদকের যুক্ত থাকা নথিভুক্ত থাকতে হবে। উৎপাদক যদি একটি অফিসিয়াল ক্যালিব্রেশন পদ্ধতিতে এক বছরের বেশি ব্যবহার করেও, তবুও তাকে CB ৮.১ অনুযায়ী ক্যালিব্রেশনের অভ্যন্তরীণ বার্ষিক যাচাইকরণ করতে হবে।	সুপারিশকৃত
CB. ৮.৪	উদ্ভিদ সুরক্ষা পণ্য প্রয়োগ যন্ত্র কি এমন ভাবে সংরক্ষণ করা হয় যেন তা পণ্য দূষণ রোধ করতে পারে?	উদ্ভিদ সুরক্ষা পণ্যের প্রয়োগে ব্যবহৃত সরঞ্জাম (উদাঃ স্প্রে ট্যাংক, স্প্রেয়ার) এমন একটি নিরাপদ উপারে সংরক্ষণ করতে হবে যেন তা পণ্য দূষণ বা অন্যান্য উপকরণ যা চাষের ক্ষেত্রে পণ্যের ভোজ্য অংশের সংস্পর্শে আসতে পারে তা প্রতিরোধ করতে পারে।	অপ্রধান আবশ্যিক

অধ্যায় ৮: ফল এবং শাকসবজি ভিত্তিক মডিউল

নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতির বিচার্য বিষয়

FVঃ ফল এবং শাকসবজি

FV ১ স্থান ব্যবস্থাপনা

FV ২ মাটি ব্যবস্থাপনা

FV ৩ সাবস্ট্রেট

FV ৪ ফসল সংগ্রহ/উত্তোলনের-পূর্বে

FV ৫ ফসল সংগ্রহ/উত্তোলন এবং সংগ্রহ পরবর্তী (পণ্য পরিচালনা/পণ্য হ্যান্ডলিং) কার্যক্রম

N ^o	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV	ফল এবং শাকসবজি		
FV ১	স্থান ব্যবস্থাপনা		
FV ১.১	ঝুঁকির মূল্যায়ন (অনুজীবঘটিত)		
FV ১.১.১	খামারের সাইটগুলোর ঝুঁকির মূল্যায়নে AF ১.২.১. তে বর্ণিত বিষয়গুলো কি অনুজীবঘটিত দূষণের ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে?	খামারে ঝুঁকির মূল্যায়নের অংশ হিসেবে (AF ১.২.১. দেখুন), নিকটস্থ বাণিজ্যিক প্রাণী পালন, দেশীয় ও বন্য প্রাণী এবং সম্ভাব্য উৎস থেকে প্রাপ্ত মলমূত্র/কম্পোস্টিং এবং অন্যান্য দূষণ যেমন বন্যার পানি ঢোকা ইত্যাদি বিষয়গুলো উৎপাদনকারীদের চিহ্নিত করতে হবে।	প্রধান আবশ্যিক
FV ১.১.২	FV ১.১.১. তে সনাক্ত করা ঝুঁকিগুলো কমাতে একটি ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়েছে কি?	FV ১.১.১ এর মধ্যে সনাক্ত করা ঝুঁকিগুলো কমাতে একটি ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করতে হবে যাতে ঝুঁকিগুলো সনাক্ত করা হয়েছে এবং ঝুঁকি নিয়ন্ত্রণ পদ্ধতি বর্ণনা করে হয়েছে, যা বাস্তবায়নে প্রমাণ করে যে উল্লেখিত স্থানটি উৎপাদনের জন্য উপযুক্ত। পরিকল্পনাটি উৎপাদিত পণ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং তার বাস্তবায়ন এবং কার্যকারিতার প্রমাণ থাকতে হবে।	প্রধান আবশ্যিক
FV ২	মাটি ব্যবস্থাপনা (মাটিতে ফিউমিগেশন না করা হলে প্রযোজ্য নয়)		
FV ২.১	মাটি শোধন (মাটি শোধন না থাকলে প্রযোজ্য নয়)		
FV ২.১.১	মাটি শোধক (ফিউমিগেন্ট) ব্যবহার করার জন্য কি কোনো যৌক্তিকতর (লিখিত গ্রহণযোগ্য যুক্তি) রয়েছে?	এক্ষেত্রে মাটি শোধক ব্যবহার করার জন্য লিখিত যৌক্তিকতা ও প্রমাণ থাকতে হবে যাতে সাইটের অবস্থান, তারিখ, সক্রিয় উপাদান, মাত্রা, প্রয়োগের পদ্ধতি ও অপারেটর সহ প্রয়োজনীয় তথ্যাদি থাকতে হবে। মাটি শোধক হিসাবে মিথাইল ব্রোমাইড ব্যবহার অনুমোদিত নয়।	অপ্রধান আবশ্যিক
FV ২.১.২	রোপন কিংবা বপন করার আগে কি প্রি প্লান্টিং ইন্টারভেল মেনে চলা হয়েছে?	প্রি প্লান্টিং ইন্টারভেল মেনে চলার তথ্য সংরক্ষণ করতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৩	সাবস্ট্রেট (যদি সাবস্ট্রেট ব্যবহার না করা হয় তবে প্রযোজ্য নয়)		
FV ৩.১	উৎপাদনকারী কি সাবস্ট্রেট ব্যবহারের ক্ষেত্রে সেটির পুনর্ব্যবহার করে?	উৎপাদনকারী রিসাইকেল সাবস্ট্রেটের পরিমাণ এবং তারিখ লিখে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে ইনভয়েস বা চালান গ্রহণযোগ্য।	সুপারিশকৃত
FV ৩.২	সাবস্ট্রেট রিসাইক্লিং এর ক্ষেত্রে জীবাণুমুক্ত করার জন্য রাসায়নিক ব্যবহার করা হলে, তার অবস্থান, জীবাণুমুক্তকরণের তারিখ, রাসায়নিকের ধরণ, জীবাণুমুক্তকরণ পদ্ধতি, অপারেটরের নাম এবং কি প্রি প্লান্টিং ইন্টারভেল এর তথ্য সংরক্ষণ করা হয়েছে কি?	যখন খামারের সাবস্ট্রেট জীবাণুমুক্ত করা হয় তখন তা কোন জমি, ফলের বাগান বা গ্রিনহাউসের তার রেফারেন্স বা নাম লিপিবদ্ধ করতে হবে। যদি খামারের বাহিরে জীবাণুমুক্ত করা হয় তখন যে কোম্পানি সাবস্ট্রেট জীবাণুমুক্ত করে তার নাম এবং অবস্থান লিপিবদ্ধ রাখতে হবে। নিম্নলিখিত তথ্যসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবেঃ জীবাণুমুক্ত করার তারিখ (দিন/মাস/বছর), নাম এবং সক্রিয় উপাদান, যন্ত্রপাতি (উদাঃ ১০০০ লিঃ ট্যাঙ্ক, ইত্যাদি), পদ্ধতি (উদাঃ ড্রেসিং, ফগিং ইত্যাদি), অপারেটরের নাম (যে ব্যক্তি আসলে রাসায়নিক প্রয়োগ এবং জীবাণুমুক্তকরণের কাজ করেছে) এবং রোপণ পূর্ব ব্যবধান।	প্রধান আবশ্যিক
FV ৩.৩	প্রাকৃতিক উৎস থেকে পাওয়া সাবস্ট্রেট ব্যবহার করা হলে, এটি যে কোনো নির্দিষ্ট সংরক্ষিত এলাকা থেকে আনা হয়নি তার প্রমাণ রয়েছে কি?	রেকর্ডে যদি উল্লেখ থাকে যে, সাবস্ট্রেট প্রাকৃতিক উৎস হতে সংগ্রহ করা হয়েছে এক্ষেত্রে এটি নিশ্চিত করতে হবে যে উক্ত সাবস্ট্রেট এর প্রাকৃতিক উৎস নির্দিষ্ট কোন সংরক্ষিত এলাকা নয়।	অপ্রধান আবশ্যিক
FV ৪	ফসল সংগ্রহ/উত্তোলনের-পূর্বে		
FV ৪.১	ফসল সংগ্রহ পূর্ব কার্যক্রমে ব্যবহৃত পানির গুণগত মান (ফসল উৎপাদন এবং ফসল সংগ্রহোত্তর সকল কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য)।		
FV ৪.১.১	উসল সংগ্রহ করার আগের সকল কাজে ব্যবহৃত পানিতে জীবাণুর উপস্থিতি ছিল কিনা তার ঝুঁকির মূল্যায়নের কোন প্রমাণ রয়েছে কি?	পানির জীবাণুর মানের (মাইক্রোবায়োলজিকাল কোয়ালিটি) উপর একটি লিখিত ঝুঁকির মূল্যায়ন করতে হবে। এতে পানির উৎস, সম্ভাব্য দূষণ উৎসের নৈকট্য, পানি প্রয়োগের সময় (ফসল বৃদ্ধির পর্যায়), পানি প্রয়োগের পদ্ধতি এবং পানি প্রয়োগের স্থান (ফসলের সংগ্রহযোগ্য অংশ, ফসলের অন্যান্য অংশ, ফসলের মধ্যবর্তী স্থল, ইত্যাদি) অন্তর্ভুক্ত থাকবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV 8.১.২a	সবুজ শাক সবজির ক্ষেত্রে (সালাদ কিংবা পাতাজাতীয় শাকসবজি); ফসল সংগ্রহের আগে ব্যবহৃত পানিকে কি ঝুঁকির মূল্যায়নের অংশ হিসাবে (FV 8.১.১.) নির্দিষ্ট সময় অন্তর বিশ্লেষণ করা হয়েছে এবং তা নির্দেশিত/অনুমোদিত মাত্রার থেকে কম রয়েছে কি?	GLOBALG.A.P. উৎপাদনকারীদের ফসল সংগ্রহ পূর্ব কাজকর্মে ব্যবহৃত পানিতে জীবাণু উপস্থিতির স্থানীয় প্রযোজ্য সীমা মেনে চলতে হবে অথবা বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। প্রয়োজন অনুসারে নির্দিষ্ট সময় অন্তর পানি পরীক্ষা করে তা নিশ্চিত হতে হবে। খামারে পানির উৎস একাধিক হলে একাধিক পানির স্যম্পল সংগ্রহ করতে হবে। পানির স্যম্পল প্রয়োগস্থানের যথাসম্ভব নিকটবর্তী স্থান থেকে নিতে হবে।	প্রধান আবশ্যিক
FV 8.১.২b	অন্যান্য ফসলের ক্ষেত্রে (FV 8.১.২a ব্যতিত); ফসল সংগ্রহের আগে ব্যবহৃত পানিকে কি ঝুঁকির মূল্যায়নের অংশ হিসাবে (FV 8.১.১.) নির্দিষ্ট সময় অন্তর বিশ্লেষণ করা হয়েছে এবং তা নির্দেশিত/অনুমোদিত মাত্রার থেকে কম রয়েছে কি?	GLOBALG.A.P. উৎপাদনকারীদের ফসল সংগ্রহ পূর্ব কাজকর্মে ব্যবহৃত পানিতে জীবাণু উপস্থিতির স্থানীয় প্রযোজ্য সীমা মেনে চলতে হবে অথবা বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। প্রয়োজন অনুসারে নির্দিষ্ট সময় অন্তর পানি পরীক্ষা করে তা নিশ্চিত হতে হবে। খামারে পানির উৎস একাধিক হলে একাধিক পানির স্যম্পল সংগ্রহ করতে হবে। পানির স্যম্পল প্রয়োগস্থানের যথাসম্ভব নিকটবর্তী স্থান থেকে নিতে হবে।	অপ্রধান আবশ্যিক
V 8.১.৩	এক্ষেত্রে ঝুঁকির মূল্যায়ন বা পানির পরীক্ষায় ভিত্তিতে, পণ্য দূষণ রোধ করার জন্য উৎপাদনকারী প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করেছে কি?	যখন পানির পরীক্ষার উপর ভিত্তি করে ঝুঁকির মূল্যায়নে পণ্য দূষণের ঝুঁকি ইঙ্গিত করে তখন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। পানির ব্যবহার থেকে উদ্ভূত পণ্য দূষণ কমানোর জন্য সম্ভাব্য কৌশলগুলো হলোঃ - ব্যবহারের পূর্বে পানি শোধন করা। - ফসলের সংগ্রহযোগ্য অংশ পানির সংস্পর্শে আসা রোধ করা। - পানি সরবরাহের ঝুঁকি হ্রাস। - পানি প্রয়োগ এবং উত্তোলনের মধ্যে যথেষ্ট সময় রাখা যাতে যাতে জীবাণু পরিমাণ কমিয়ে আনা যায়। পণ্য দূষণ এড়ানো জন্য উৎপাদনকারীকে বিভিন্ন কৌশল বাস্তবায়নে পর্যাপ্ত ও নির্ভরযোগ্য প্রমাণ প্রদর্শন করতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV 8.১.৪	FV 8.১.১ তে বর্ণিত ঝুঁকির মূল্যায়ন অনুযায়ী, অনুজীবঘটিত দূষণ নির্মূলে পরীক্ষাগারের বিশ্লেষণ করা হয়েছে কিনা, এবং পরীক্ষাগারটি কি ISO ১৭০২৫ অনুসারে পরিচালিত কিংবা পানির পরীক্ষার জন্য উপযুক্ত জাতীয় কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত?	ISO ১৭০২৫ অথবা সমমানের কিংবা স্থানীয় উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা পানির পরীক্ষার জন্য অনুমোদিত পরীক্ষাগার হতে পানির নমুনা বিশ্লেষণের ফলাফলগুলো সংগৃহীত হতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক
FV 8.২	প্রাণীউৎস থেকে প্রাপ্ত জৈব সার প্রয়োগ		
FV 8.২.১	নিরাপদ খাদ্য বিবেচনায়/নিশ্চিতকরণে জৈব সার প্রয়োগ ও ফসল সংগ্রহের মধ্যবর্তী সময় কি বিবেচনায় নেয়া হয়েছে?	জৈব সার ব্যবহার এবং ফসল সংগ্রহের ব্যবধান/মধ্যবর্তী সময় মেনে চলার ক্ষেত্রে খাদ্য নিরাপদের বিষয় বিবেচনা করতে হবে। যখন প্রাণী উৎস থেকে পাওয়া কাঁচা বর্জ্য সার হিসেবে ব্যবহার করা হয়, তখন উৎপাদকদেরকে ঝুঁকি মূল্যায়ন করতে হবে (CB 8.২.২) এবং এর আলোকে কাঁচা বর্জ্য মাটিতে মিশিয়ে দিতে হবেঃ - ফল গাছের জন্য: কুঁড়ি ফোটার পূর্বে অথবা এটি ঝুঁকি মূল্যায়নের উপর ভিত্তি করে একটি সংক্ষিপ্ত বিরতিতে জৈবসার মাটিতে দেয়া যেতে পারে, কিন্তু তা কখনোই ফসল সংগ্রহপূর্ব ৬০ দিনের ভিতর হবে না। অর্থাৎ জৈবসার অবশ্যই ফসল সংগ্রহের ৬০ দিন পূর্বে দিতে হবে। - অন্যান্য সকল ফসলের জন্যঃ অন্যান্য সকল ফসলের ক্ষেত্রে ফসল সংগ্রহের কমপক্ষে ৬০ দিন আগে জৈবসার দিতে হবে। সবুজ শাকের ক্ষেত্রে (পাতাজাতীয় শাক, হার্ব, সালাদ শাক) রোপন/বপন করার পরে জৈবসার প্রয়োগ করা যাবে না, এমনকি ফসল সংগ্রহের সময় ৬০ দিনের বেশি হলেও।	প্রধান আবশ্যিক
FV 8.৩	ফসল সংগ্রহ পূর্ব যাচাই		
FV 8.৩.১	উৎপাদনস্থলে অত্যধিক প্রাণী বিচরন রয়েছে কিনা যা খাদ্য নিরাপত্তার ঝুঁকি বৃদ্ধি করতে পারে?	উৎপাদনস্থলে সম্ভাব্য অনুজীবঘটিত দূষণ কমাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদাহরণঃ জমির কাছাকাছি বানিজ্যিকভাবে চাষকৃত প্রাণীর বিচরন, জমির মধ্যে অত্যধিক বন্যপ্রাণীর বিচরন, ইদুরজাতীয় প্রাণী, বাদুর, পাখি এবং গৃহপালিত প্রাণী (নিজের পালিত প্রাণী, কুকুর ইত্যাদি)। এক্ষেত্রে প্রতিবন্ধক এলাকা, বেড়া, নেট দিয়ে প্রতিবন্ধক ব্যবহার করতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫	ফসল সংগ্রহ এবং সংগ্রহোত্তর (পণ্য হ্যান্ডলিং) কার্যক্রম FV ৫.১.১. থেকে FV ৫.৮.১০ এর অন্তর্ভুক্ত নিয়ন্ত্রণ পয়েন্টগুলো ফসল সংগ্রহ, সংগ্রহোত্তর কার্যক্রম, মাঠে এবং/অথবা প্যাকিংহাউজে ফসল হ্যান্ডলিং/ পরিচালনা, মোড়কজাতকরণ, সংরক্ষণ/স্টোরেজ, কুলিং/শীতলীকরণ করার সময় প্রযোজ্য হতে পারে। যখন এবং যেখানে প্রযোজ্য, সমস্ত ক্ষেত্রেই এই সমস্ত পয়েন্টগুলো মূল্যায়ন করতে হবে।		
	ফসল উৎপাদনের পরে চারটি প্রধান কার্যক্রম পরিচালিত হয়ঃ ফসল উত্তোলন/সংগ্রহ, পণ্য হ্যান্ডলিং ফসল সংগ্রহের স্থানে পরিচালনা করা (জমিতে থাকতে), পণ্য হ্যান্ডলিং প্যাকিংহাউজে পরিচালনা করা এবং সংরক্ষণ/শীতলীকরণ। যদিও উক্ত সকল কাজকর্ম সব খামারে পরিচালিত হয় না, কিন্তু প্রযোজ্যক্ষেত্রে উপযুক্ত স্বাস্থ্যবিধি নীতি অনুসরণে; সরঞ্জাম, যন্ত্রপাতি এবং অন্যান্য সুবিধা বজায় রাখার জন্য এবং খাদ্য নিরাপত্তা বিষয়ে এই সব কার্যক্রম সমানভাবে গুরুত্বপূর্ণ।		
FV ৫.১	স্বাস্থ্যবিধির মূলনীতি		
FV ৫.১.১	ফসল সংগ্রহ, খামারে প্রবেশপূর্ব এবং পরবর্তী পরিবহন প্রক্রিয়া এবং ফসল উত্তোলন পরবর্তী পণ্য পরিচালনা সহ সকল কার্যক্রমের জন্য কি একটি স্বাস্থ্যবিধির ঝুঁকি মূল্যায়ন সম্পন্ন করা হয়েছে?	এখানে নথিভুক্ত স্বাস্থ্যবিধির ঝুঁকির মূল্যায়ন থাকতে হবে যাতে পণ্য এবং প্রক্রিয়ার জন্য স্বনির্ধারিত ভৌত, রাসায়নিক ও অনুজীবঘটিত দূষণ, শারীরিক তরল (উদাঃ বমি, রক্তক্ষরণ), এবং মানুষের দ্বারা বাহিত রোগ অন্তর্ভুক্ত থাকতে হবে। এতে উৎপাদনকারীর বা তার কর্মী কর্তৃক ফসল সংগ্রহ ও পণ্য হ্যান্ডলিং কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও ব্যক্তিগত প্রভাব, যন্ত্রপাতি, পোশাক, প্যাকেজিং উপাদান এবং পণ্য সংরক্ষণের (খামারে স্বল্পমেয়াদী সংরক্ষণাগার) মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত করবে। স্বাস্থ্যবিধির ঝুঁকির মূল্যায়ন খামারের কাজ, ফসল, খামারের কারিগরী কার্যক্রমের উপযোগী হতে হবে এবং কোন ঝুঁকি পরিবর্তন হলে প্রতিবার পর্যালোচনা করতে হবে এবং প্রতি বছরে অন্তত একবার পূর্ণমূল্যায়ন করতে হবে। না প্রযোজ্য নয়। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
FV ৫.১.২	ফসল সংগ্রহ এবং পণ্য হ্যান্ডলিংসহ সংগ্রহোত্তর প্রক্রিয়ায় (জমি বা ফলের বাগান) ফল, ফসল এবং উৎপাদন এলাকায় দূষণ প্রতিরোধের জন্য কোন বিধিবদ্ধ স্বাস্থ্যবিধির পদ্ধতি এবং নির্দেশাবলী রয়েছে কি?	ঝুঁকির মূল্যায়নের ভিত্তিতে, ফসল সংগ্রহ এবং সংগ্রহোত্তর প্রক্রিয়ায় জন্য বিধিবদ্ধ স্বাস্থ্যবিধির ঝুঁকির মূল্যায়ন পদ্ধতি/প্রসিডিউর থাকতে হবে। এখানে অসুস্থতার পরে কর্মীরা কাজে ফিরার উপযুক্ত কিনা তা মূল্যায়ন করা প্রক্রিয়া অন্তর্ভুক্ত থাকতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.১.৩	পণ্য পরিচালনা সহ ফসল সংগ্রহ এবং সংগ্রহোত্তর প্রক্রিয়ায় স্বাস্থ্যবিধির পদ্ধতি এবং নির্দেশাবলী বাস্তবায়ন করা হয়েছে কি?	খামারে নিযুক্ত সব শ্রমিক ও পরিদর্শনকারীর দ্বারা স্বাস্থ্যবিধির প্রক্রিয়া যথাযথভাবে বাস্তবায়ন করার কাজে উৎপাদনকারী ফার্ম ম্যানেজার কিংবা সংশ্লিষ্ট অন্য কোন যোগ্য ব্যক্তিকে মনোনয়ন করতে হবে। যখন ঝুঁকির মূল্যায়ন নির্ধারণ করে যে নির্দিষ্ট পোশাক (উদাহরণ: এপ্রোন, গ্লাভস, ফুটওয়ার) ব্যবহৃত হবে, তখন দূষণের ঝুঁকি থাকলে (ময়লা হলে) তা ধুয়ে পরিষ্কার করতে হবে এবং রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করতে হবে। খামারে স্বাস্থ্যবিধি নির্দেশাবলী এবং পদ্ধতির কোন লঙ্ঘন হয়নি এমন দৃশ্যমাণ প্রমাণ থাকতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
FV ৫.১.৪	শ্রমিকরা কি ফসল সংগ্রহ এবং পণ্য হ্যান্ডলিং এর আগে স্বাস্থ্যবিধির উপর নির্দিষ্ট প্রশিক্ষণ পেয়েছেন?	শ্রমিকরা ফসল সংগ্রহ এবং পণ্য পরিচালনার উপর স্বাস্থ্যবিধির সম্পর্কিত প্রাথমিক এবং বার্ষিক প্রশিক্ষণ গ্রহণ করেছে, তার প্রমাণ থাকতে হবে। ফসল উত্তোলনের সময় পণ্যের ভেত (উদাঃ শামুক, পাথর, পোকামাকড়, ছুরি, ফলের অবশিষ্টাংশ, ঘড়ি, মোবাইল ফোন, ইত্যাদি), অনুজীবঘটিত ও রাসায়নিক দূষণ রোধ করার উপর লিখিত (উপযুক্ত ভাষায়) এবং সচিত্র নির্দেশাবলি ব্যবহার করে কর্মীদের প্রশিক্ষিত করতে হবে। প্রশিক্ষণের তথ্য ও উপস্থিতির প্রমাণ লিপিবদ্ধ করতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.১.৫	শ্রমিক ও দর্শকদের জন্য প্রাথমিক স্বাস্থ্যবিধি নির্দেশাবলী সম্পর্কিত চিহ্ন, শ্রমিকদের জন্য বোধগম্য ভাষায় নির্দেশাবলী সহ, কাজে ফিরে আসার আগে তাদের হাত ধোয়ার বিষয়টি কি পরিষ্কারভাবে প্রদর্শিত হচ্ছে?	উপযুক্ত স্থানে প্রধান স্বাস্থ্যবিধি নির্দেশাবলীর সঙ্গে সংশ্লিষ্ট চিহ্ন সুস্পষ্টভাবে প্রদর্শিত করতে হবে এবং ফসল সংগ্রহ ও পণ্য হ্যান্ডলিং এর আগে হাত ধোয়ার নির্দেশিকা পরিষ্কারভাবে অন্তর্ভুক্ত করতে হবে। খাওয়ার জন্য প্রস্তুত এমন জিনিস নিয়ে কাজ করা শ্রমিকদের কাজ শুরু করার আগে, টয়লেট ব্যবহারের পরে, দূষিত উপাদান নিয়ে কাজ করার পরে, ধূমপান বা খাওয়ার পরে, বিরতির পর, কাজ ফেরার পূর্বে, এবং যে কোনো সময়ে তাদের হাত দূষণের উৎস হলে, অবশ্যই হাত সাবান দিয়ে ধুয়ে মুছে নিতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.১.৬	কর্মীদের খাওয়া দাওয়া, ধূমপান, পান সুপারি চিবানো এবং পানীয় পানের জন্য সুনির্দিষ্ট স্থান রয়েছে কিনা যা ফসল উৎপাদন বা পণ্য হ্যান্ডলিং এলাকার বাহিরে অবস্থিত?	ধূমপান, খাওয়া দাওয়া এবং পানীয় পান মনোনীত এলাকায় সীমাবদ্ধ থাকবে যা ফসল চাষের এলাকা থেকে দূরে থাকবে এবং পণ্য পরিচালনা বা সংরক্ষণ করার এলাকার মধ্যে কখনোই অনুমোদিত করা যাবে না। (পানি পানের ক্ষেত্রে এটি একটি ব্যতিক্রম)।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.২	স্যানিটারি সুবিধা		
FV ৫.২.১	ফসল উত্তোলন/সংগ্রহকাজে নিয়োজিত কর্মীরা যাদের ফসলের সাথে সরাসরি সংস্পর্শ রয়েছে তাদের জন্য সঠিক হাত ধোওয়ার সামগ্রীর ব্যবস্থা রয়েছে কি এবং সেটি কি ব্যবহারে সময়ে সহজে পাওয়া যায়?	<p>কর্মীদের হাত ধোয়ার জন্য একটি পরিষ্কার এবং স্বাস্থ্যসম্মত হাত ধোওয়ার জায়গা থাকতে হবে এবং সেখানে প্রয়োজনীয় উপকরনসহ পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে (হাত ধোয়ার সাবান, গামছা/টিস্যু)। কাজ শুরু করার আগে; প্রতিবার টয়লেটে যাওয়ার পরে; দূষিত উপাদান নিয়ে কাজ করার পর; ধূমপান, বা খাওয়ার পর; বিরতির পরে; কাজে ফেরার পূর্বে; যে কোনো সময়ে তাদের হাত ধুণের সম্ভাবনা থাকলে, ঐ ব্যক্তিদের অবশ্যই হাত ধুতে হবে। হাত ধোয়ার জন্য সর্বদা পানীয় পানের অনুরূপ গুণগত মানসম্পন্ন পানি সরাবারহ করতে হবে। সেটা যদি সম্ভব না হয়, সেচের গুণগতমানসম্পন্ন পানিতে সাবান দিয়ে হাত ধুয়ে স্যানিটাইজার (উদাঃ অ্যালকোহল ভিত্তিক জেল) ব্যবহার করতে হবে। টয়লেট সুবিধার ভিতর কিংবা কাছাকাছি হাত-ধোয়ার জায়গা থাকতে হবে।</p> <p>No N/A না প্রযোজ্য নয়।</p>	প্রধান আবশ্যিক
FV ৫.২.২	ফসল উত্তোলন কর্মীরা কি তাদের কাজের স্থানে পরিষ্কার টয়লেট/ শৌচাগারের সুবিধা পায়?	<p>পণ্য ধুণের সম্ভাব্য ঝুঁকি এড়াতে ফিল্ড স্যানিটেশন ইউনিট ডিজাইন, নির্মাণ এবং ব্যবস্থাপনা করতে হবে। স্থায়ী বা ভ্রাম্যমান শৌচাগার (পিট শৌচাগারও অন্তর্ভুক্ত) এমন উপাদান দিয়ে তৈরি হতে হবে যাতে তা পরিষ্কার করা সহজ হয় এবং সেগুলো স্বাস্থ্য বিধি অনুসারে রক্ষিত হয়। শৌচাগারগুলো কাজের স্থান থেকে যৌক্তিক দূরত্বে (যেমন ৫০০ মিটার বা ৭ মিনিটের দূরত্বের মধ্যে) থাকতে হবে। শৌচাগারগুলো যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।</p> <p>ফসল সংগ্রহ ও পণ্য হ্যান্ডলিং এর সময় যদি কর্মীরা পণ্যের সংস্পর্শে না আসে তাহলে এটি প্রযোজ্য হবেনা।</p>	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার বিষয়	স্তর
FV ৫.২.৩	জমিতে বা অন্য কোনো কোথাও কর্মরত কর্মীদের কি তাদের কর্মস্থলের কাছাকাছি পরিচ্ছন্ন শৌচাগারের ও হাত ধোওয়ার ব্যবস্থায় প্রবেশাধীকার রয়েছে?	হাত ধোওয়ার সুবিধা, সুগন্ধীবিহীন সাবান, হাত পরিষ্কার এবং সংক্রমণ মুক্ত করতে প্রয়োজনীয় পানির ব্যবস্থা, হাত শুকানোর সুবিধা এবং শৌচাগারের প্রবেশাধীকার থাকতে পারে। কর্মীদের কাজ শুরু করার আগে, তারা প্রতিবার শৌচাগারে যাওয়ার পরে, সংক্রামিত উপাদান ধরার পরে; ধূমপান, পানি খাওয়া, কাজের থেকে স্বল্প বিরতি নেয়ার পরে; কাজে ফিরে আসার আগে এবং অন্য যে কোনো সময় যখন তাদের হাতদ্বয় সংক্রমণের উৎস হতে পারে তখন তাদের সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে। খামার কার্যক্রম পরিচালনাধীন থাকার সময় শৌচাগারগুলো স্বাস্থ্যবিধি অনুযায়ী পরিচালিত হবে এবং টয়লেটের দরজা খোলা রাখা যাবে না।	প্রধান আবশ্যিক
FV ৫.২.৪	সংগৃহীত কৃষিপণ্যের কন্টেইনারগুলো শুধুমাত্র কৃষিপণ্যের জন্য ব্যবহৃত হয় কিনা; এসব কন্টেইনার, ফসল সংগ্রহের জন্য ব্যবহৃত সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংক্রমণ থেকে পণ্যকে সুরক্ষিত রাখতে উপযোগী কিনা; এগুলো নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন, রক্ষণাবেক্ষণ করা এবং কাজের জন্য উপযোগী কিনা?	পুনরায় ব্যবহারযোগ্য হার্ভেস্ট কন্টেইনার, ফলন সংগ্রহের সরঞ্জাম (যেমন কাঁচি, ছুরি, প্রুনার ইত্যাদি) এবং ফসল সংগ্রহের মেশিনারি পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। সংক্রমণ তৈরি হওয়া ঠেকাতে পরিষ্কার করার একটি নথিবদ্ধ সময়সূচি (এবং যখন ঝুঁকি চিহ্নিত হলে তৎক্ষণাত সংক্রমণমুক্ত করতে হবে) থাকতে হবে। উৎপাদিত পণ্যের কন্টেইনারগুলো কেবলমাত্র সংগৃহীত পণ্য রাখতে ব্যবহৃত হবে। অন্যকোন সামগ্রি (যেমন কোনো কৃষিকাজে ব্যবহৃত রাসায়নিক, লুব্রিক্যান্ট, তেল, পরিষ্কার করার রাসায়নিক, গাছ বা অন্যান্য আবর্জনা, মধ্যাহ্নভোজের বাস্তু, সরঞ্জাম ইত্যাদি) হার্ভেস্ট কন্টেইনারে রাখা যাবেনা।	প্রধান আবশ্যিক
FV ৫.২.৫	কর্মীদের জন্য কি পোশাক পরিবর্তন করার জন্য উপযুক্ত ব্যবস্থা রয়েছে?	প্রয়োজনমতো ব্যক্তিগত পোশাক এবং সংশ্লিষ্ট কাজের জন্য সুরক্ষামূলক বাইরের পোশাক পরিবর্তনের জন্য উপযুক্ত ব্যবস্থা থাকতে হবে।	সুপারিশকৃত
FV ৫.২.৬	সংগৃহীত ফসল, মোড়কজাতকৃত ফসল এবং কৃষি উপকরণ পরিবহনের জন্য ব্যবহৃত যান ও গাড়িতে লোড করার জন্য ব্যবহৃত কোনো সরঞ্জাম কি ঝুঁকি অনুসারে আবশ্যিকভাবে পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করা হয়?	কৃষিজাত পণ্যের লোডিং এবং প্রি-ফার্ম গেটে পরিবহণের জন্য ব্যবহৃত যানটি সংক্রমণ (যেমন মাটি, মানব তরল, প্রাণীজ মল ইত্যাদি) প্রতিরোধ করতে পরিষ্কার করা এবং রক্ষণাবেক্ষণের ব্যবস্থা থাকতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.৩	পানির গুণগতমান		
FV ৫.৩.১	ফসল উত্তোলন বা শীতল করার সাথে সম্পর্কিত কার্যক্রমে যদি বরফ (বা পানি) ব্যবহার করা হয় তবে তা কি পানীয় পানির অনুজীবের মানদণ্ডটি পূরণ করে এবং সংক্রমণ ঠেকাতে স্বাস্থ্যবিধি মাফিক পরিচালিত হয়?	ফসল উত্তোলন বা শীতলকরণের জন্য ব্যবহৃত বরফ বা পানি অবশ্যই পান উপযোগী পানির মানদণ্ডকে (মাইক্রোবিয়াল স্ট্যান্ডার্ড) পূরণ করবে এবং সংক্রমণ ঠেকাতে স্বাস্থ্যবিধির অধীনে পরিচালনা হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৪	মোড়কজাত/ প্যাকিং এবং সংরক্ষণ ক্ষেত্র (কোনো পণ্য মোড়ক এবং/অথবা সংরক্ষণের ব্যবস্থা না থাকলে এটি প্রযোজ্য নয়)		
FV ৫.৪.১	উত্তোলিত/সংগৃহীত পণ্যটি কি সংক্রমণ থেকে সুরক্ষিত?	সকল সংগৃহীত পণ্য (প্যাকেটজাত বা বাক্স) সংক্রমণ থেকে সুরক্ষিত থাকতে হবে। যদি উৎপাদিত পণ্য সরাসরি জমিতে মোড়কজাত এবং হ্যান্ডলিং করা হয় তাহলে এগুলো দিনের বেলায় জমি থেকে সরাতে হবে (খোলা আকাশের নীচে জমিতে সারারাত সংরক্ষিত রাখা যাবে না) যদি উৎপাদিত পণ্য খামারে অল্প সময়ের জন্যও সংরক্ষিত হয় তবে খাদ্য সুরক্ষার বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৪.২	মাঠে কিংবা পণ্য হ্যান্ডলিং স্থানে মোড়কজাতকৃত পণ্যের সংগ্রহস্থান/ সংরক্ষণস্থান /বিতরণের কেন্দ্রগুলো কি পরিষ্কার পরিচ্ছন্ন এবং স্বাস্থ্যবিধি মাফিক রক্ষণাবেক্ষণ করা হয়?	সংক্রমণ ঠেকাতে খামারের ভিতরে এবং বাহিরের সমস্ত সংরক্ষস্থান এবং উৎপাদিত পণ্য পরিচালনার সুবিধা এবং সরঞ্জাম (যেমন -প্রসেস লাইন এবং যন্ত্র, দেওয়াল, মেঝে, সংরক্ষস্থানের এলাকা ইত্যাদি) নির্ধারিত সূচি অনুযায়ী নির্দিষ্ট বিরতিতে পরিষ্কার পরিচ্ছন্ন এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। পরিষ্কারকরণ এবং রক্ষণাবেক্ষণের তথ্যগুলো সংরক্ষিত রাখতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৪.৩	মোড়কের উপাদানগুলো কি ব্যবহারের জন্য উপযুক্ত এবং সেগুলো কি সংক্রমণের উৎস হওয়া প্রতিরোধ করতে পরিষ্কার এবং স্বাস্থ্যবিধি অনুসারে সংরক্ষিত হয়?	ব্যবহৃত মোড়কের উপাদান মোড়ক করা পণ্যগুলোর খাবারের নিরাপত্তার পক্ষে উপযুক্ত হতে হবে। পণ্য থেকে সংক্রমণ প্রতিরোধ করতে প্যাকিংয়ের উপাদান (সাথে পুনরায় ব্যবহারযোগ্য ক্রেটগুলো) একটি পরিষ্কার এবং স্বাস্থ্যবিধি সম্মত স্থানে সংরক্ষিত করতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৪.৪	মোড়কের উপাদান এবং অন্যান্য বর্জ্যের টুকরো কি জমি থেকে অপসারিত হয়েছে?	মোড়কের উপাদান এবং অন্যান্য অ-উৎপাদিত বর্জ্যের টুকরোকে জমি থেকে অপসারিত করতে হবে।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৪.৫	উৎপাদিত পণ্যে রাসায়নিক সংক্রমণ এড়াতে পরিষ্কার করার উপাদান, লুব্রিক্যান্ট/তৈল ইত্যাদি কি আলাদাভাবে সংরক্ষিত হয়?	পণ্যের রাসায়নিক সংক্রমণ এড়াতে পরিষ্কার করার উপাদান, লুব্রিক্যান্ট/তৈল ইত্যাদি নির্ধারিত সুরক্ষিত এলাকায় উৎপাদিত পণ্য থেকে দূরে রাখতে হবে।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.৪.৬	খাবারের ইন্ডাস্ট্রিতে ব্যবহারে জন্য উৎপাদিত পণ্যের সংস্পর্শে কি পরিষ্কার করার উপাদান, লুব্রিক্যান্ট ইত্যাদি আসতে পারে? এক্ষেত্রে লেবেলের নির্দেশিকা কি যথাযথ ভাবে অনুসৃত হয়?	পরিষ্কার করার উপাদান, লুব্রিক্যান্ট ইত্যাদি খাবারের ইন্ডাস্ট্রিতে ব্যবহারে জন্য উৎপাদিত পণ্যের সংস্পর্শে না আসে তার স্বপক্ষে নথিবদ্ধ প্রমাণ থাকতে হবে (যেমন লেবেলে উল্লেখিত নির্দেশনা অনুসরণ বা টেকনিক্যাল ডাটাশিট) ।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৪.৭	সমস্ত ফর্কলিফট এবং অন্যান্য চালিত পরিবহনের ট্রলিগুলো কি সংক্রমণ এড়াতে পরিষ্কার ও উপযুক্তভাবে রক্ষণাবেক্ষণ করা হয়?	অভ্যন্তরীণ পরিবহণ এমনভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে যাতে উৎপাদিত পণ্যে সংক্রমণ এড়ানো যায়, এখানে ধোঁয়া নির্গমনের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে । ফর্কলিফট এবং অন্যান্য চালিত পরিবহনের ট্রলিগুলো বিদ্যুৎ বা গ্যাস চালিত হওয়া উচিত ।	সুপারিশকৃত
FV ৫.৪.৮	প্রাত্যাখ্যাত এবং সংক্রামিত পন্য সরবরাহ পক্রিয়ায় যাতে আন্তর্ভুক্ত না হয় এবং বর্জ্য উপাদান কার্যকরভাবে নিয়ন্ত্রণ করতে হবে যাতে এটি কোন সংক্রমণের ঝুঁকি তৈরি না করে?	যে উৎপাদিত পণ্যে অনুজীব সংক্রান্ত ঝুঁকি থাকলে তা সংগ্রহ করা যাবে না বা আলাদাভাবে সংগৃহীত হবে । এসব পণ্য এবং আবর্জনা, সংক্রমণ এড়াতে নির্ধারিত স্থানে পৃথকভাবে সংরক্ষণ করতে হয় । এই স্থানগুলো নিয়মিত সময়সূচি অনুসারে পরিষ্কার এবং সংক্রমণমুক্ত করতে হবে । শুধুমাত্র দৈনন্দিন বাতিল হওয়া উৎপাদিত পণ্যের প্রাত্যহিক জমা এবং বর্জ্য উপাদানগুলো গ্রহণযোগ্য ।	প্রধান আবশ্যিক
FV ৫.৪.৯	পন্য বাছাইকরন, ওজনকরন এবং সংরক্ষণ এলাকায় ভাঙ্গা যায়না এমন নিরাপত্তা বাতি বা সুরক্ষা ঢাকনায়ুক্ত বাতি ব্যবহার করা হয় কি?	পন্য বা খাবারের ভৌত দূষণ প্রতিরোধের জন্য পন্য বাছাইকরন, ওজনকরন এবং গুদামজাতকরন এলাকায় কাচের বাতির উপর সুরক্ষিত আচ্ছাদন থাকতে হবে ।	প্রধান আবশ্যিক
FV ৫.৪.১০	কাঁচ এবং সচ শক্ত প্লাস্টিকের জিনিস পরিচালনার জন্য কি কোনো লিখিত পদ্ধতি বিদ্যমান?	কাঁচ অথবা সচ শক্ত প্লাস্টিকের জিনিস যা ভৌতিক ভাবে সংক্রমণ ঘটাতে পারে বা ক্ষতি করার উৎস হতে পারে, এগুলো ভেঙ্গে গেলে তা ব্যবস্থাপনার জন্য লিখিত পদ্ধতি বিদ্যমান থাকতে হবে (যেমন গ্রিনহাউস, উৎপাদিত পণ্য পরিচালনা, প্রস্তুতি এবং সংরক্ষস্থানের এলাকা) ।	অপ্রধান আবশ্যিক

N ^o	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.৫	তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রণ		
FV ৫.৫.১	প্রয়োজ্যক্ষেত্রে যথাযথভাবে তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রণ এবং ডকুমেন্টেড করা হয় কি?	যদি উৎপাদিত পণ্য হয় খামারে বা প্যাকিং হাউসে সংরক্ষিত হয় তবে তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রণ বজায় রাখতে হবে এবং নথিবদ্ধ থাকবে।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৬	বালাই বা কীট পতঙ্গ নিয়ন্ত্রণ		
FV ৫.৬.১	মোড়কজাত এবং সংরক্ষণ করার এলাকাগুলোতে বালাই বা কীটপতঙ্গের উপরে নজর রাখা (মনিটরিং) এবং সংশোধনের জন্য কি কোনো ব্যবস্থা রয়েছে?	উৎপাদকদের প্যাকিং এবং সংরক্ষণ এলাকায় কীট পতঙ্গের সংখ্যা নিয়ন্ত্রণ করতে কার্যকর পদক্ষেপ নিতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
FV ৫.৬.২	বালাই বা কীট পতঙ্গ নজরদারি এবং সংশোধনের প্রক্রিয়াটি যে কার্যকরী তা কি চাক্ষুষভাবে প্রমাণিত?	একটি চাক্ষুষ মূল্যায়ন প্রমাণ করে যে কীটপতঙ্গের মনিটরিং এবং সংশোধনের প্রক্রিয়াটি কার্যকর। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক
FV ৫.৬.৩	বালাই বা কীট পতঙ্গ নিয়ন্ত্রণ পর্যবেক্ষণের বিস্তারিত তথ্য কি রাখা হয়েছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ কি গৃহীত হয়েছে?	সিডিউল অনুযায়ী মনিটরিং করতে হবে এবং বালাই বা কীট-পতঙ্গ নিয়ন্ত্রণ পর্যবেক্ষণ এবং ফলো আপ কার্যক্রম পরিকল্পনার রেকর্ড রাখতে হবে।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৭	ফসল সংগ্রহোত্তর পরিষ্কারকরণ (এটি না থাকলে প্রযোজ্য নয়)		
FV ৫.৭.১	চূড়ান্ত পণ্য পরিষ্কারের জন্য ব্যবহৃত পানির উৎস কি ব্যবহার উপযোগী বা যোগ্য কর্তৃপক্ষ দ্বারা উপযুক্ত হিসাবে ঘোষিত?	উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পণ্য পরিষ্কারের জন্য ব্যবহৃত পানিকে উপযুক্ত হিসেবে ঘোষণা করেছে এ সংক্রান্ত প্রমাণ থাকতে হবে। বছরে কমপক্ষে একবার উক্ত পানির পরীক্ষা করতে হবে। পানি পরীক্ষার বিশ্লেষিত মানদণ্ডগুলো WHO এর স্বীকৃত সীমার মধ্যে থাকতে হবে এবং যোগ্য কর্তৃপক্ষ দ্বারা খাবার ইন্ডাস্ট্রির পক্ষে নিরাপদ হিসাবে স্বীকৃত হতে হবে।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.৭.২	যদি চূড়ান্ত পণ্য ধোওয়ার জন্য পানি পুনঃব্যবহার হয় তবে এই পানি কি ফিল্টার করা হয়েছে এবং নিয়মিত ভাবে জীবানুনাশকের পিএইচ, ঘনত্ব নজরদারী করা হয়?	যেখানে পানি চূড়ান্ত উৎপাদিত পণ্য ধোওয়ার জন্য পুনরায় আবর্তিত হয় সেখানে এই পানি ফিল্টার করা এবং সংক্রমণমুক্ত করা হয় আবশ্যিক। ডিজইনফেকটেন্ট ব্যবহার সংক্রান্ত তথ্যগুলো সংরক্ষণ করতে হবে। ব্যবহৃত প্রক্রিয়াটি কার্যকরী হতে হবে যাতে এটি পানিকে বর্জ্য ও সংক্রমণমুক্ত করতে পারে। এ সংক্রান্ত একটি লিখিত পদ্ধতি/পলিসি থাকবে যা প্রক্রিয়াটি ব্যাখ্যা করবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৭.৩	পরীক্ষাগারটি পানির নমুনা বিশ্লেষণের জন্য উপযুক্ত?	পণ্য ধোয়ার জন্য পানির বিশ্লেষণটি যে ল্যাবরেটরিতে করা হবে যা ISO ১৭০২৫ প্রত্যায়িত বা এর সমতুল্য গবেষণাগার বা এমন একটি ডকুমেন্টেশনের প্রদর্শন করতে পারে যে গবেষণাগারটি এই স্বীকৃতি অর্জনের প্রক্রিয়ায় রয়েছে।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৮	ফসল সংগ্রহোত্তর ট্রিটমেন্ট (ফসল উত্তোলন পরবর্তী ট্রিটমেন্ট না থাকলে এটি প্রযোজ্য নয়)		
FV ৫.৮.১	লেবেলের সমস্ত নির্দেশিকা কি অনুসৃত হয়েছে?	ফসল সংগ্রহোত্তর ট্রিটমেন্টে যে ক্যামিকেল ব্যবহার করা হয়েছে তার স্পষ্ট প্রসিডিউর/পদ্ধতি এবং ডকুমেন্টেশন থাকতে হবে (যেমন বায়োসাইড, মোম এবং উদ্ভিদ সুরক্ষা পণ্যের জন্য প্রয়োগের তথ্য) যা প্রয়োগ করা রাসায়নিকগুলোর জন্য লেবেল নির্দেশিকা অনুসরণ করে তা দেখাতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৮.২	উৎপাদিত ফসলের সংগ্রহোত্তর সুরক্ষার্থে ব্যবহৃত সকল বায়োসাইড/জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষার পণ্যগুলো কি সংশ্লিষ্ট দেশে ব্যবহারের জন্য নিবন্ধিত?	উৎপাদিত ফসলের উৎপাদন পরবর্তী সুরক্ষার্থে ব্যবহৃত সকল জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষার পণ্যগুলো সংশ্লিষ্ট দেশে ব্যবহারের জন্য নিবন্ধিত বা যে দেশে প্রয়োগ করা হয় তার সংশ্লিষ্ট সরকারী সংস্থা দ্বারা অনুমোদিত হতে হবে। অনুমোদিত বায়োসাইড/ জৈবনাশক, মোম এবং ফসলসুরক্ষার পণ্যগুলোর লেবেলে যেমনটি সূচিত থাকে তেমন ভাবে প্রয়োগ করতে হবে। অফিসিয়াল রেজিস্ট্রেশন না থাকলে এই বিষয়ে FAO নির্দেশনা অনুসরণ করতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৮.৩	উৎপাদিত ফসলের সংগ্রহোত্তর সুরক্ষার জন্য ব্যবহৃত অনুমোদিত পণ্যগুলোর কি হালনাগাদ তালিকা রাখা আছে?	GLOBALG.A.P. এর অধীনে খামারে উৎপাদিত পণ্য ফসলের সংগ্রহোত্তর সুরক্ষার জন্য জাতীয় বা স্থানীয় আইন দ্বারা নিবন্ধিত বাণিজ্যিক ব্র্যান্ড নামে (সক্রিয় উপাদান কম্পোজিশন) বায়োসাইড/ জৈবনাশক, মোম এবং গাছের সুরক্ষামূলক পণ্যের এমন নথিবদ্ধ হালনাগাদ তালিকা থাকতে হবে। No N/A না প্রযোজ্য নয়।	অপ্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
FV ৫.৮.৪	ফসল সংগ্রহোত্তর সুরক্ষা পণ্যের প্রয়োগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কি বায়োসাইড/ জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষার পণ্যগুলির প্রয়োগের সাথে সম্পর্কিত দক্ষতা এবং জ্ঞান প্রদর্শনে সক্ষম?	ফসল সংগ্রহোত্তর জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষার পণ্যগুলোর প্রয়োগের জন্য কারিগরিভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি জাতীয়ভাবে স্বীকৃত প্রশংসাপত্র বা আনুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে পর্যাপ্ত প্রযুক্তিগত দক্ষতা অর্জন করেছে তা প্রদর্শন করতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৮.৫	ফসল সংগ্রহোত্তর পত্রিকার জন্য ব্যবহৃত পানি কি পানযোগ্য বা যথাযথ কর্তৃপক্ষগুলো দ্বারা এর উৎস উপযুক্ত হিসাবে ঘোষিত?	এই পানি যথাযথ কর্তৃপক্ষ দ্বারা উপযুক্ত হিসাবে ঘোষিত হতে হবে এবং গত ১২ মাসে ওয়াশিং মেশিনারিতে প্রবেশের কেন্দ্র হতে নমুনা নিয়ে পানির বিশ্লেষণ করতে হবে। বিশ্লেষিত মানদণ্ডগুলো WHO এর স্বীকৃত সীমার মধ্যে থাকতে হবে এবং যোগ্য কর্তৃপক্ষ দ্বারা খাবারের ইন্ডাস্ট্রির পক্ষে নিরাপদ হিসাবে স্বীকৃত হতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৮.৬	উৎপাদিত পণ্যের পোস্ট হারভেস্ট ট্রিটমেন্টের জন্য ব্যবহৃত জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষার পণ্যগুলো অন্যান্য কৃষি উপকরণ ও ফসল থেকে কি আলাদাভাবে সংরক্ষিত হয়?	উৎপাদিত পণ্যে জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষার পণ্য ইত্যাদির রাসায়নিক সংক্রমণ এড়াতে এগুলো নির্ধারিত সুরক্ষিত এলাকায় উৎপাদিত পণ্যের থেকে দূরে রাখতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৮.৭	পোস্ট হারভেস্ট ট্রিটমেন্টের সকল তথ্য কি সংরক্ষিত হয় এবং এতে কি নীচে তালিকাবদ্ধ ন্যূনতম মানদণ্ড অন্তর্ভুক্ত থাকে? - সংগ্রহকৃত ফসলের পরিচয় (লট বা ব্যাচ নম্বর) - অবস্থান - প্রয়োগের তারিখ - ট্রিটমেন্টের প্রকার - পণ্যের বাণিজ্যিক নাম এবং সক্রিয় উপাদান - পণ্যের গুণমান	পোস্ট হারভেস্ট ট্রিটমেন্টের জন্য প্রয়োগকৃত জৈবনাশক, মোম এবং উদ্ভিদ সুরক্ষা পণ্যের সকল তথ্য লিপিবদ্ধ থাকতে হবেঃ - ট্রিটমেন্টকৃত পণ্যের ব্যাচ বা লট নম্বর - পণ্য হ্যান্ডলিং সাইট যেখানে ট্রিটমেন্ট প্রয়োগ করা হয়েছে। - প্রয়োগের সঠিক তারিখ (দিন/মাস/বছর)। - ট্রিটমেন্টের প্রকার (যেমন স্প্রে, ভিজানো বা গ্যাস প্রয়োগ ইত্যাদি)। - সম্পূর্ণ বাণিজ্যিক নাম (ফর্মুলেশন সহ) এবং সক্রিয় উপাদান বা উপকারী জীবাণুর ক্ষেত্রে বৈজ্ঞানিক নাম। - ট্রিটমেন্টের জন্য প্রয়োগকৃত পরিমাণ বা প্রতি লিটার পানির কি পরিমাণ দেয়া হয়েছে। No N/A না প্রযোজ্য নয়।	প্রধান আবশ্যিক

N°	নিয়ন্ত্রণ ক্ষেত্র/কন্ট্রোল পয়েন্ট	প্রতিপালনযোগ্য/ বিচার্য বিষয়	স্তর
	উসল সংগ্রহোত্তর ট্রিটমেন্টের সকল তথ্য কি সংরক্ষিত হয় এবং এগুলোতে কি নিম্নলিখিত মানদণ্ডগুলো অন্তর্ভুক্তঃ		
FV ৫.৮.৮	অপারেটরের নাম?	সংগ্রহিত ফসলে উদ্ভিদ সুরক্ষা পণ্য যেমন জৈবনাশক, মোম এবং অন্যান্য উদ্ভিদ সুরক্ষা পণ্য যে প্রয়োগ করেছে সে অপারেটরের নাম নথিবদ্ধ রাখতে হবে।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৮.৯	পোস্টহার্ভেস্ট ট্রিটমেন্ট ও সংশ্লিষ্ট সুরক্ষা পণ্য প্রয়োগের যৌক্তিকতা?	যে কীটপতঙ্গ/ রোগের ট্রিটমেন্ট করতে পোষ্ট হার্ভেস্ট ট্রিটমেন্ট করা হয়েছে তার প্রাচলিত নামটি সমস্ত রেকর্ডে নথিবদ্ধ থাকতে হবে।	অপ্রধান আবশ্যিক
FV ৫.৮.১০	সকল ধরনের উদ্ভিদ সুরক্ষা পণ্যের প্রয়োগে কি CB ৭.৬ বিবেচিত হয়েছে?	উৎপাদককে নথিবদ্ধ প্রমাণ উপস্থাপন করতে হবে যে, ফসল সংগ্রহোত্তর জৈবনাশক এবং উদ্ভিদ সুরক্ষার উপাদানের প্রয়োগের জন্য CB ৭.৬-এর অধীনে বর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে বিবেচনা করা হয়েছে।	প্রধান আবশ্যিক
FV ৫.৯	লেভেলিং		
FV ৫.৯.১	প্রোডাক্ট লেভেলিং কি পণ্য যে দেশে প্রেরন করা হবে সে দেশের ফুড রেগুলেশন এবং গ্রাহকের স্পেসিফিকেশন অনুযায়ী করা হয়েছে?	পণ্য যে দেশে প্রেরন করা হবে বা বিক্রি করা হবে সে দেশের ফুড রেগুলেশন এবং গ্রাহকের চাহিত স্পেসিফিকেশন অনুযায়ী পণ্য লেভেলিং করতে হবে।	প্রধান আবশ্যিক
FV ৫.৯.২	ঝাঁকির মূল্যায়নে যদি সম্ভাব্য ফুড এলার্জেন এবং ক্রস কন্টামিনেশন থাকে তাহলে তা কি লেভেলিং এ উল্লেখ করা হয়েছে?	যদি ঝাঁকির মূল্যায়নে সম্ভাব্য ফুড এলার্জেন এবং ক্রস কন্টামিনেশন চিহ্নিত হয় তবে তা উৎপন্ন দেশ ও গন্তব্য দেশের আইন অনুযায়ী লেভেলে উল্লেখ করতে হবে।	প্রধান আবশ্যিক

অধ্যায় ৯: গুণগত পরিচালনা পদ্ধতি চেকলিস্ট QMS (Quality Management System)

সূচীপত্র:

- সাধারণ তথ্যাবলী
- ফুড সেইফটি পলিসি ডিক্লারেশন/ নিরাপদ খাদ্যের নীতিমালা ঘোষণা
- গুণগত পরিচালনা পদ্ধতি (QMS) চেকলিস্ট

গুণগত পরিচালনা পদ্ধতির চেকলিস্ট - সকল সুযোগগুলো (উৎপাদন পরিচালনা বিভাগ সহ ফলমূল ও শাকসবজি উপ-আওতা সমেত, যদি প্রযোজ্য হয়)

গুণগত পরিচালনা পদ্ধতির চেকলিস্ট বিভাগ				
QMS - Option 2 উৎপাদনকারী দল অথবা QMS সহ Option 1 মাল্টিসাইটের জন্য গুণগত পরিচালনা পদ্ধতির নিয়ম				
সংযুক্তি II.1 - অভ্যন্তরীণ নিরীক্ষক এবং পরিদর্শক/ ইন্সপেক্টরের যোগ্যতা ও দায়িত্ব				
PH - পণ্য পরিচালনা (F&V)				
SUM - সংক্ষিপ্তসার				
পণ্য পরিচালনার ইউনিট:				
ফল এবং শাকসবজি:				
বার্ষিক CB নিরীক্ষার জন্য নিবন্ধিত কেন্দ্রীয় উৎপাদিত পণ্য পরিচালনা ইউনিটের (যেখানে একাধিক উৎপাদনকারীর পণ্যগুলোকে পরিচালনা করেছে) মোট সংখ্যার বর্গমূলকে কার্যসম্পাদনের সময়ে পরিদর্শন করতে হবে। যদি শুধুমাত্র একটি কেন্দ্রীয় পণ্য পরিচালনার সুবিধা থাকে, তাহলে প্রতি বছর এটিকে কার্যসম্পাদনের সময়ে পরিদর্শন করতে হবে। অভ্যন্তরীণ পরিদর্শনের সময়, প্রতিটি উৎপাদিত পণ্য পরিচালনা সাইটকে পরিদর্শন করতে হবে। যেখানে প্রত্যেকটি উৎপাদনকারী সদস্যের উৎপাদন সাইটেই তাদের উৎপাদিত পণ্য পরিচালনা করা হয়, সেখানে ফল এবং শাকসবজির উপ-আওতার (AF + CB + FV) জন্য IFA চেকলিস্ট ব্যবহার করতে হবে।				
সাধারণ তথ্য		হ্যাঁ	না	গ্রহণযোগ্য যুক্তি/ মন্তব্য
প্রতিষ্ঠানের নাম:				
GGN:				
Option	Option 2			Option 1 QMS সহ মাল্টিসাইট কার্যক্রম
নিরীক্ষার প্রকার (অভ্যন্তরীণ নিরীক্ষা, CB প্রাথমিক ঘোষণা, CB অঘোষিত 10%, CB পরবর্তী, অন্যান্য প্রকার):				
উৎপাদনকারী দলের সদস্য / উৎপাদন সাইটগুলোর মোট সংখ্যা:				
GLOBALG.A.P. এর জন্য অভ্যন্তরীণভাবে অনুমোদন করা উৎপাদনকারী দলের সদস্য/উৎপাদন সাইটের মোট সংখ্যা:				

সর্বশেষ সার্টিফিকেট অনুসারে GLOBALG.A.P. প্রত্যয়িত উৎপাদনকারী দলের সদস্য / উৎপাদন সাইটগুলোর মোট সংখ্যা:			
সর্বশেষ তত্ত্বাবধানের সময় অনুসারে উৎপাদনকারীর সংখ্যা (সাইট, যদি QMS সহ 1 মাল্টিসাইট হয়) :			
পণ্য পরিচালনার মধ্যে GLOBALG.A.P. প্রত্যয়িত আওতা অন্তর্ভুক্ত রয়েছে কি?			
সেখানে কেন্দ্রীয় PHU রয়েছে কি? কতগুলো?			
সেখানে উৎপাদন সাইটগুলোতে PHU রয়েছে কি? কতগুলো?			
কার্যসম্পাদনের সময় পণ্য পরিচালনা পরিদর্শন করা হয়েছে কি?			
পণ্য পরিচালনার উপর নোটসমূহ:			
এই নিরীক্ষার সময়ে নিবন্ধিত পণ্য/ফসল উপস্থিত ছিল?			
এই নিরীক্ষায় পণ্যের(গুলোর) চাষ করতে দেখা গেছে কি:			(যদি হ্যাঁ হয়, তবে পণ্যের তালিকা)
অন্য যে কোনো পণ্য বা অন্য কোনো উৎপাদনকারী /সাইটগুলোর জন্য ফসল বাদ দেওয়া হয়েছে কি?			(যদি হ্যাঁ হয় তবে পণ্য বা উৎপাদনকারী/সাইটগুলো তালিকাভুক্ত করুন)
যে কোনো উৎপাদনকারীর কি সমান্তরাল উৎপাদন বা সমান্তরাল মালিকানা রয়েছে?			(যদি হ্যাঁ হয় তবে পণ্য বা উৎপাদনকারী সদস্যদের তালিকাভুক্ত করুন)
QMS কি সদস্য নয় এমন কারো কাছ থেকে প্রত্যয়িত পণ্য কেনে (অন্যান্য উৎপাদনকারী বা ব্যবসায়ী)?			(যদি হ্যাঁ হয়, তবে পণ্যের তালিকা)
QMS কি সদস্য নয় এমন কারো কাছ থেকে অ-প্রত্যয়িত পণ্য কেনে (অন্যান্য উৎপাদনকারী বা ব্যবসায়ী)?			(যদি হ্যাঁ হয়, তবে পণ্যের তালিকা)
GLOBALG.A.P. নিরীক্ষা কি অন্য কোনো মান নিরীক্ষার সাথে একত্রিত হয়?			
প্রতিদিনে নিরীক্ষার সময়কাল (ঘন্টায়):	শুরুর সময়		শেষের সময়
১ম দিন			
২য় দিন			
৩য় দিন			
৪র্থ দিন			

খাদ্য নিরাপত্তা নীতির ঘোষণা / নিরাপদ খাদ্য নীতিমালা ঘোষণা

কোম্পানির নাম:					
ম্যানেজার/ মালিকের নাম:					
স্বাক্ষর:					তারিখ:
আমরা আমাদের উৎপাদন প্রক্রিয়ায় শুরু থেকে পণ্য সরবরাহ পর্যন্ত খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।					
এটি বাস্তবায়নের জন্য প্রয়োজন:					
1. প্রাসঙ্গিক আইনের প্রণয়ন এবং বাস্তবায়ন					
2. GLOBALG.A.P. এর ইন্টিগ্রেটেড ফার্ম অ্যাসিওরেন্সের সর্বশেষ সংস্করণ এর নিরিখে উন্নত কৃষি কার্যক্রম বাস্তবায়ন এবং প্রত্যয়ন					
আমাদের সমস্ত কর্মচারীদের খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধির বিষয়ে প্রশিক্ষিত করা হয়েছে (AF.3 অধ্যায় দেখুন) এবং কর্মসূচির ক্রমাগত বাস্তবায়ন নিশ্চিত করতে খুব কঠোরভাবে নজর রাখা হয়েছে।					
নীচের এই ব্যক্তির খাদ্য নিরাপত্তার জন্য দায়িত্বশীল					
উৎপাদনকালীন সময়:					
নাম (গুলো):					
পদবী:					
বদলি / বিকল্পস্বরূপ:					
যদি আলাদা হয়, পণ্য উত্তোলনের সময় (শস্য উৎপাদনের ক্ষেত্রে) নিশ্চিত করতে হবে যে মান অনুযায়ী শুধুমাত্র নিরাপদ পণ্যগুলোই উত্তোলন করা হয়েছে					
নাম(গুলো):					
পদবী:					
বদলি / বিকল্পস্বরূপ:					
যদি আলাদা হয়, পণ্য পরিচালনা করার সময় নিশ্চিত করতে হবে যে প্রয়োজনীয় সঠিক মান অনুসারে পণ্য বাজারে ছাড়ার উপযুক্ত পদ্ধতি পালন করা হয়েছে কিনা					
নাম(গুলো):					
পদবী:					
বদলি / বিকল্পস্বরূপ:					
খাদ্য নিরাপত্তার জরুরী ক্ষেত্রে ২৪-ঘন্টার জন্য যোগাযোগ করার মাধ্যম:					
টেলিফোন:					
GLOBALG.A.P. এর বাস্তবায়নকালীন ঝুঁকি ও বিপর্যয় সনাক্তকরণের উপর ভিত্তি করে এবং ক্রমাগত উপযুক্ততা, পর্যাপ্ততা এবং কার্যকারিতা নিশ্চিত করতে প্রতিরোধী কার্যক্রম প্রতিবছর পর্যালোচনা করা হবে।					

গুণমান ব্যবস্থাপনার বিধিগুলির জন্য নিয়ম (অপশন ২ এবং অপশন ১ QMS সহ মাল্টিসাইট)

হ্যাঁ = প্রয়োজনীয়তাগুলি সম্পূর্ণভাবে পালিত

না = প্রয়োজনীয়তাগুলি একেবারেই পূর্ণ করা হয় না বা শুধুমাত্র আংশিকভাবে মানা হয়।

সমস্ত নিয়ন্ত্রণ পয়েন্ট গুরুত্বপূর্ণভাবে আবশ্যিক।

সংখ্যা	নিয়ন্ত্রণ পয়েন্টের স্থর (ফাউন্ডেশন, ইন্টারমিডিয়েট)	মেনে চলে (হ্যাঁ/না)	প্রয়োজন্য নয়	কারণ/ আত্মপক্ষ সমর্থন / মন্তব্য
QM 1	বৈধতা, প্রশাসন এবং গঠন			
QM 1.1	বৈধতা			
	a) সেখানে কি নথিপত্র বিদ্যমান, যা পরিষ্কারভাবে দেখায় যে আবেদনকারী একটি আইনি সত্তা বা একটি আইনি সত্তার অংশভুক্ত?			
	b) আইনি সত্তাকে কি কৃষি উৎপাদন এবং/অথবা বাণিজ্য পরিচালনার আইনি অধিকার প্রদান করা হয়েছে এবং উৎপাদক সদস্যদের / উৎপাদন সাইটের সাথে কি আইনত চুক্তি করতে এবং প্রতিনিধিত্ব করতে সক্ষম?			
	c) আইনি সত্তা কি GLOBALG.A.P. অনুমোদিত CB দ্বারা GLOBALG.A.P. এর উপ-লাইসেন্স ও সার্টিফিকেশন চুক্তির সাম্প্রতিক সংস্করণে স্বাক্ষর করার মাধ্যমে, GLOBALG.A.P. এর সাথে একটি চুক্তিমূলক সম্পর্কে প্রবেশ করেছে? অথবা আইনি সত্তা কি CB এর সঙ্গে পরিষেবা কন্ট্রাক্ট/চুক্তি স্বাক্ষর সহ GLOBALG.A.P. উপ-লাইসেন্স ও সার্টিফিকেশন চুক্তির প্রাপ্তি এবং অন্তর্ভুক্তি স্বীকার করেছে? CB কি QMS কে GLOBALG.A.P. উপলাইসেন্স এবং প্রশংসাপত্রের চুক্তির একটি কপি হস্তান্তর করেছে?			
	d) আইনি সত্তাটি কি শস্য এবং দেশ প্রতি একটির বেশি QMS পরিচালনা করে না?			
QM 1.2	উৎপাদকগণ এবং উৎপাদনের সাইটগুলি			
QM 1.2.1	1			উৎপাদক দলে উৎপাদনকারী সদস্যদের জন্য আবশ্যিকতা (অপশন ১ মাল্টিসাইট অপারেশনের জন্য প্রয়োজন্য নয়)।
(i)				প্রতিটি উৎপাদক এবং (দলের) আইনি সত্তার মধ্যে কি লিখিত স্বাক্ষরিত চুক্তি বর্তমান/ বিদ্যমান?
				চুক্তিগুলি কি নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত করে:

	<input type="checkbox"/>	উৎপাদক দলের নাম ও আইনি সনাক্তকরণ?			
	<input type="checkbox"/>	উৎপাদকের নাম এবং/অথবা আইনি পরিচয়?			
	<input type="checkbox"/>	উৎপাদকের সাথে যোগাযোগের ঠিকানা?			
	<input type="checkbox"/>	প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্য সহ পৃথক উৎপাদন সাইটের বিবরণ, (কন্ট্রাক্ট/ চুক্তিতে এই তথ্যের জন্য উৎপাদনকারী দলের অভ্যন্তরীণ রেজিস্টার উল্লেখ করতে পারে)?			
	<input type="checkbox"/>	এলাকার বিবরণ (ফসলের ক্ষেত্রে) (কন্ট্রাক্ট/ চুক্তিতে এই তথ্যের জন্য উৎপাদনকারী দলের অভ্যন্তরীণ রেজিস্টার উল্লেখ করতে পারে)?			
	<input type="checkbox"/>	GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড/ মানদণ্ডের প্রয়োজনীয়তা মেনে চলার ক্ষেত্রে উৎপাদকের প্রতিশ্রুতি?			
	<input type="checkbox"/>	উৎপাদকের সম্মতি যে সে দলের নথিভুক্ত প্রক্রিয়া, নীতি এবং যেখানে প্রযোজ্য সেখানে কারিগরি পরামর্শ মেনে চলবে?			
	<input type="checkbox"/>	GLOBALG.A.P. এবং অন্য যে কোনো অভ্যন্তরীণ প্রয়োজনীয়তা পূরণ করা না হলে নিষেধাজ্ঞা যা প্রয়োগ করা যেতে পারে?			
	<input type="checkbox"/>	উৎপাদক এবং দলের প্রতিনিধিদের স্বাক্ষর।			
(ii)		উৎপাদক দলের নিবন্ধিত সদস্যরা কি তাদের নিজ নিজ উৎপাদন এলাকা/ স্থানের জন্য আইনত দায়বদ্ধ?			
(iii)		উৎপাদকরা কি তাদের নামে এবং দলের সার্টিফিকেট/ প্রত্যয়ন পত্র ব্যবহার করে কোনো পণ্য বাজারজাত করেন না? সমস্ত পণ্য যা সার্টিফিকেট/ প্রত্যয়ন পত্র ব্যবহার না করা ছাড়াই বিক্রি হয়, তা কি দলের প্রধান হিসাবনিকাশ এ লিপিবদ্ধ হয়?			
QM 1.2.2	2	উৎপাদন এলাকা ভিন্ন হলে তার জন্য আবশ্যিকতা (ভিন্ন এলাকায় উৎপাদন কার্যক্রম পরিচালনাকারী ১ জন দলীয় সদস্য এবং QMS সহ অপশন ১ ভিন্ন এলাকার জন্য প্রযোজ্য।"			
(i)		সব উৎপাদন সাইট কি আইনি সত্তার মালিকানাধীন বা ভাড়া করা এবং সরাসরি তার নিয়ন্ত্রণাধীন?			
(ii)		যেখানে উৎপাদন সাইট কোন আইনি সত্তার মালিকানাধীন নয়, সেখানে একটি স্বাক্ষরিত দলিল আছে কি যা স্পষ্ট ইঙ্গিত করে যে উৎপাদন সংক্রান্ত ক্রিয়াকলাপ সম্বন্ধে এই ভাড়া দেওয়া সাইটের ক্ষেত্রে সাইটের মালিকের কোন দায়িত্ব বা ইনপুট বা সিদ্ধান্ত নেবার ক্ষমতা নেই?			
(iii)		সেখানে প্রতিটি উৎপাদন সাইট মালিক এবং আইনি সত্তার মধ্যে লিখিত চুক্তি বলবৎ রয়েছে কি? চুক্তিগুলিতে কি নিম্নলিখিত উপাদানগুলি অন্তর্ভুক্ত রয়েছে:			
		• সার্টিফিকেট ধারক/উৎপাদনকারী সদস্যের নাম এবং আইনি পরিচয়?			
		• সাইটের মালিকের নাম এবং/অথবা আইনি পরিচয়?			
		• সাইট মালিকের যোগাযোগের ঠিকানা (প্রাতিষ্ঠানিক ও ডাক)?			

		<ul style="list-style-type: none"> পৃথক উৎপাদন সাইটের বিশদ (ঠিকানা, আয়তন)? 			
		<ul style="list-style-type: none"> উভয় পক্ষের প্রতিনিধির স্বাক্ষর? 			
(iv)		সার্টিফিকেটের ধারক কি আইনগতভাবে সমস্ত নিবন্ধিত পণ্য উৎপাদনের জন্য এবং বাজারে পণ্য স্থাপনের জন্য দায়বদ্ধ?			
QM 1.3		উৎপাদক এবং উৎপাদন এলাকার অভ্যন্তরীণ রেজিস্টার			
	i)	GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড মেনে উৎপাদনের জন্য ব্যবহৃত সমস্ত চুক্তিবদ্ধ দলের সদস্যদের এবং/অথবা সমস্ত প্রযোজ্য উৎপাদন এলাকার (Option ১ ভিন্ন উৎপাদন এলাকা অপারেশনের) জন্য কি একটি রেজিস্টার রাখা হয়?			
	ii)	দলীয় সদস্যভুক্তির জন্য সদস্যদের ঘোষণা রয়েছে কি?			
QM 1.3.1	1	উৎপাদক দলের জন্য আবশ্যিকতা (অপশন ১ মাল্টিসাইট/ ভিন্ন উৎপাদন এলাকা অপারেশনের জন্য প্রযোজ্য নয়)			
	(i)	রেজিস্টার কি প্রতিটি উৎপাদকের জন্য অন্তত নিম্নলিখিত তথ্য ধারণ করে:			
		<ul style="list-style-type: none"> উৎপাদকের নাম? 			
		<ul style="list-style-type: none"> যোগাযোগের ব্যক্তির নাম? 			
		<ul style="list-style-type: none"> সম্পূর্ণ ঠিকানা (প্রাতিষ্ঠানিক ও ডাক)? 			
		<ul style="list-style-type: none"> যোগাযোগের তথ্য (টেলিফোন নম্বর, ই-মেইল এবং/অথবা ফ্যাক্স নম্বর, যদি তা উপলব্ধ থাকে)? 			
		<ul style="list-style-type: none"> অন্যান্য আইনি পরিচয়ের ID (VAT নম্বর, TIN, NID, ইত্যাদি) যেখানে উৎপাদনের দেশের ভিত্তিতে প্রয়োজন, যা সংযুক্তি ৩.২ তে প্রকাশিত হয়েছে 			
		<ul style="list-style-type: none"> পণ্যগুলো নিবন্ধিত হয়েছে কি? 			
		<ul style="list-style-type: none"> প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্যগুলো সহ পৃথক উৎপাদন এলাকার বিবরণ এবং তাদের অবস্থান? 			
		<ul style="list-style-type: none"> ফলানোর/উৎপাদন এলাকা এবং/অথবা প্রতিটি নিবন্ধিত পণ্যের পরিমাণ? 			
		<ul style="list-style-type: none"> যদি কোনো উৎপাদনকারী একাধিক ঙ্গ ব্যবহার করে তাহলে সার্টিফিকেশন বিভাগ(গুলো)? 			
		<ul style="list-style-type: none"> উৎপাদনকারীর অবস্থা (সর্বশেষ অভ্যন্তরীণ পরিদর্শনের ফলস্বরূপ অভ্যন্তরীণ অবস্থা: অনুমোদিত, স্বগিত, ইত্যাদি)? 			
		<ul style="list-style-type: none"> অভ্যন্তরীণ পরিদর্শনের তারিখ? 			

(ii)		আইনি সত্তার সেই উৎপাদকদের কি আলাদাভাবে তালিকাভুক্ত করা হয়েছে যারা GLOBALG.A.P. এর দলীয় সার্টিফিকেশনে অন্তর্ভুক্ত হবার জন্য আবেদন করেন নি? নোট: এই তালিকাটি উৎপাদক দলের মধ্যে ব্যবস্থাপনার কাজের জন্য, এবং এর বিষয়বস্তু বাহ্যিকভাবে প্রকাশের প্রয়োজন নেই, যদি না এটি কোন বিষয় ব্যাখ্যা করার জন্য উত্থাপন করা হয়, যেমন উৎপাদক দলের গুণগতমান নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার কার্যকারিতার উপর উত্থাপিত হয়।			
QM 1.3.2	2	অপশন ১ সহ ভিন্ন উৎপাদন এলাকা যারা QMS বাস্তবায়ন করেছেন			
(i)		অতিরিক্তভাবে, রেজিস্টারটি কি প্রতিটি এলাকার জন্য নিম্নলিখিত তথ্য ধারণ করে:			
		• উৎপাদন সাইটের সাথে আইনি সত্তার সম্পর্ক (মালিকানা, ভাড়া, ইত্যাদি)?			
		• উৎপাদক স্ট্যাটাসের পরিবর্তে, উৎপাদন সাইটের স্ট্যাটাস কি অভ্যন্তরীণ রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়?			
QM 2		ব্যবস্থাপনা ও সংগঠন			
	a)	কার্যকর কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম (QMS) কি যথেষ্ট শক্তসমর্থ যে নিবন্ধিত উৎপাদক সদস্য বা সাইটগুলি অবিচলভাবে GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড এর প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে পার?			
QM 2.1		গঠন			
	a)	সমস্ত নিবন্ধিত উৎপাদক সদস্য এবং উৎপাদন সাইটের মধ্যে কার্যকর কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমের (QMS) যথাযথ বাস্তবায়ন করতে পারে?			
	b)	উৎপাদন দলের কি ব্যবস্থাপনার কার্যকর আছে এবং যথেষ্ট প্রশিক্ষণপ্রাপ্ত সংস্থান/সম্পদ আছে যা কার্যকরভাবে নিশ্চিত করতে পারে যে নিবন্ধিত উৎপাদক এবং সাইটগুলি GLOBALG.A.P.-র প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে পারবে? দলের সাংগঠনিক কার্যকর কি নথিভুক্ত এবং এর মধ্যে কি সেই সব ব্যক্তি অন্তর্ভুক্ত যারা নিম্নলিখিত কাজ পরিচালনার জন্য দায়ী:			
		• QMS পরিচালনার জন্য?			
		• প্রতিটি উৎপাদনকারী সদস্য এবং/অথবা উৎপাদন সাইটের বার্ষিক অভ্যন্তরীণ পরিদর্শন (অর্থাৎ অভ্যন্তরীণ পরিদর্শক)?			
		• কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমের অভ্যন্তরীণ মূল্যায়ন, এবং অভ্যন্তরীণ মূল্যায়নগুলি যাচাই করা (অর্থাৎ অভ্যন্তরীণ নিরীক্ষক)? অন্তত একজন ব্যক্তি আছেন কি ছগ্ন কার্যকরভাবে (অর্থাৎ অভ্যন্তরীণ অডিটর) যিনি দায়ভারপ্রাপ্ত এবং অভ্যন্তরীণ পরিদর্শকদের এবং উৎপাদনকারীদের প্রশিক্ষণ দিতে সক্ষম?			
		• দলের জন্য প্রযুক্তিগত পরামর্শ?			

c)	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের সময় স্বাধীন এবং প্রযুক্তিগতভাবে সমর্থনযোগ্য সিদ্ধান্ত নিতে ম্যানেজমেন্ট কি অভ্যন্তরীণ অডিটর/পরিদর্শকদের যথেষ্ট কর্তৃত্ব প্রদান করেন?			
QM 2.2	সক্ষমতা এবং কর্মীদের প্রশিক্ষণ			
a)	মূল কর্মীদের জন্য সক্ষমতার প্রয়োজনীয়তা, প্রশিক্ষণ ও যোগ্যতা (1.2.1-এ যারা উল্লিখিত আছে কিন্তু অন্য কোন শনাক্ত করা কর্মীও) কি সংজ্ঞায়িত এবং নথিভুক্ত আছে? এই প্রয়োজনীয়তাগুলি কি বাহ্যিক পরামর্শদাতাদের ক্ষেত্রে প্রযোজ্য হয়?			
b)	ম্যানেজমেন্ট কি নিশ্চিত করেন যে, সমস্ত কর্মী যারা GLOBALG.A.P. কার্যক্রম বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রাপ্ত, তারা পর্যাপ্তরূপে প্রশিক্ষণ প্রাপ্ত এবং তারা সংজ্ঞায়িত পারদর্শিতার প্রয়োজনীয়তা পূরণ করেন? অভ্যন্তরীণ নিরীক্ষকের কর্মদক্ষতা (যেমন সংযুক্ত II.1 তে ব্যক্ত আছে) কি ম্যানেজমেন্ট দ্বারা পরীক্ষিত? অভ্যন্তরীণ নিরীক্ষকের কর্মদক্ষতা (যেমন সংযুক্ত II.1 তে ব্যক্ত আছে) কি অভ্যন্তরীণ নিরীক্ষক দ্বারা পরীক্ষিত? যেখানে অভ্যন্তরীণ নিরীক্ষক প্রয়োজনীয় খাদ্য নিরাপত্তা এবং G.A.P. প্রশিক্ষণ নেই, কিন্তু শুধু QMS প্রশিক্ষণ/আভিজ্ঞতা রয়েছে, এই যোগ্যতার সহ অন্য ব্যক্তি (এবং QMS এ সনাক্ত করা) উৎপাদনকারী/উৎপাদন সাইট পরিদর্শনের অনুমোদন সঞ্চালনের জন্য "অডিট টিম" এর অংশ হিসাবে গণ্য হবে? সার্টিফিকেশনের (উদাহরণস্বরূপ CB 7.2.1, AB 5.2.1) আওতার উপর নির্ভর করে কারিগরি উপদেষ্টা থেকে উৎপাদনকারী দলের সদস্য/কোম্পানিকে প্রযোজ্য CPCC এর বর্ণিত প্রয়োজনীয়তা পূরণ করে কি?			
c)	GLOBALG.A.P. এর প্রয়োজনীয়তার সঙ্গে জড়িত কর্মদক্ষতা প্রদর্শনের জন্য সমস্ত মূল কর্মীদের জন্য (ম্যানেজার, অডিটর, পরিদর্শক, ইত্যাদি) যোগ্যতা ও প্রশিক্ষণের সব রেকর্ড সংরক্ষণ করা হয় কি?			
d)	অভ্যন্তরীণ অডিটর (রা) এবং পরিদর্শক (রা), যদি একের বেশি হন, তাহলে কি তারা তাদের কাজের মূল্যায়ন করা, পদ্ধতির ধারাবাহিকতা এবং মানের ব্যাখ্যা নিশ্চিত করার জন্য (অর্থাৎ নথিভুক্ত শ্যাডো দ্বারা) প্রশিক্ষণ প্রাপ্ত হন?			
e)	কোনো পদ্ধতি কি স্থাপিত আছে যা প্রদর্শন করে যে মূল কর্মীরা উন্নয়নের বিষয় ও সাংবিধানিক পরিবর্তন সম্বন্ধে সচেতন যা GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড কার্যক্রমের সঙ্গে অনুবর্তিতার প্রাসঙ্গিক পরিবর্তন সংক্রান্ত? মূল কর্মীদের প্রথমে অবগত করা এবং বার্ষিক পুনর্পঠন প্রশিক্ষণের প্রমাণ পাওয়া যায় যেমন উপরে সংজ্ঞায়িত আছে? প্রযোজ্য হলে, এটি কি আইনি বিধিনিষেধের অনুবর্তী?			
QM 3	নথিপত্র নিয়ন্ত্রণ			
a)	GLOBALG.A.P.-এর QMS পরিচালনার জন্য প্রাসঙ্গিক, তা কি পর্যাপ্তরূপে নিয়ন্ত্রিত? এই কাগজপত্রগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়: • কোয়ালিটির/ গুণগতমানের ম্যানুয়াল?			

	• GLOBALG.A.P. অপারেটিং পদ্ধতি			
	• কাজের নির্দেশাবলী			
	• রেকর্ডিং ফর্মসমূহ			
	• প্রাসঙ্গিক বাহ্যিক মান, উদাহরণস্বরূপ বর্তমান GLOBALG.A.P. আদর্শ স্থাপনকারী নথি?			
b)	GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড এর প্রয়োজনীয়তায় সম্মতি দেখাতে কি বিস্তারিত নীতি ও পদ্ধতিগুলি পর্যালোচিত?			
d)	পদ্ধতি ও নীতিগুলি কি প্রাসঙ্গিক কর্মী এবং উপাদান দলের নিবন্ধিত সদস্যদের কাছে উপলব্ধ?			
e)	GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড এবং আবেদনকারীর প্রয়োজনীয়তা পূরণ করেছে কিনা তা নিশ্চিত করতে গুণগতমানের ম্যানুয়ালের বিষয়বস্তু কিছু সময় অন্তর অন্তর পর্যালোচনা করা কি?			
e)	GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড বা প্রকাশিত নির্দেশিকায় প্রাসঙ্গিক পরিবর্তন হয় কি যা GLOBALG.A.P. দ্বারা নির্দিষ্ট সময়ের মধ্যে গুণগতমানের ম্যানুয়ালের অন্তর্ভুক্ত বলবৎ হয়?			
QM 3.1	নথিপত্র নিয়ন্ত্রণের আবশ্যিকতা			
a)	কোনো লিখিত পদ্ধতি আছে কি যা নথিপত্রের নিয়ন্ত্রণ সংক্রান্ত করে?			
b)	ইস্যু এবং বিতরণের আগে কি সব নথিপত্র অনুমোদিত ব্যক্তিদের দ্বারা পর্যালোচিত এবং স্বীকৃত হয় ?			
c)	সমস্ত নিয়ন্ত্রিত নথিপত্র কি একটি ইস্যু নম্বর, ইস্যুর তারিখ, পর্যালোচনার তারিখ দ্বারা চিহ্নিত হয়, এবং উপযুক্তভাবে পৃষ্ঠার নম্বর বসানো হয়?			
d)	এই নথিতে কোন পরিবর্তন বিতরণের আগে কি অনুমোদিত ব্যক্তিদের দ্বারা স্বীকৃত হয়? যেখানে সম্ভব সেখানে কারণ ব্যাখ্যা এবং পরিবর্তনের প্রকৃতি কি শনাক্ত করা হয়েছে?			
e)	প্রাসঙ্গিক সমস্ত নথিপত্রের কপি কি এমন যেকোন স্থানে উপলব্ধ যেখানে QMSটি নিয়ন্ত্রিত হচ্ছে ?			
f)	এমন কি কোন প্রক্রিয়া ব্যবহার করা হয়, যা নিশ্চিত করে যে নথিপত্র পর্যালোচিত হয় এবং নতুন নথিপত্র জারি হবার পরে অচল নথিপত্র কার্যকরভাবে বাতিল করা হয়?			
QM 3.2	নথি রেকর্ড			
a)	আবেদনকারী (দল বা অপশন 1 মাল্টিসাইট/ভিন্ন এলাকা অপারেশন) নথি বজায় রাখেন যা কার্যকরভাবে GLOBALG.A.P.-র নিয়ন্ত্রণ প্রদর্শন করে গুণগত পরিচালনা পদ্ধতির প্রয়োজনীয়তাগুলি এবং GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড এর প্রয়োজনীয়তাগুলির সাথে অনুবর্তিত?			
b)	নথি রেকর্ডগুলি কি সর্বনিম্ন 2 বছরের জন্য রাখা হয়?			
c)	সমস্ত রেকর্ড কি প্রকৃত, সহজপাঠ্য, এবং উপযুক্ত অবস্থায় সঞ্চিত এবং মূল্যায়নের জন্য প্রস্তুত যখন প্রয়োজন?			

d)	নথি রেকর্ডগুলি যা অনলাইন বা ইলেক্ট্রনিকভাবে রাখা হয়: যদি ইলেকট্রনিক রেকর্ডে একটি স্বাক্ষর প্রয়োজন হয়, তাহলে কি একটি পাসওয়ার্ড বা ইলেকট্রনিক স্বাক্ষর বিদ্যমান যা অনন্য রেফারেন্স এবং স্বাক্ষরকারী ব্যক্তির ব্যবহার করার জন্য অনুমোদন নিশ্চিত করে? যদি সংশ্লিষ্ট ব্যক্তির একটি লিখিত স্বাক্ষর প্রয়োজন হয় তাহলে, সেটি কি উপস্থিত? ইলেকট্রনিক রেকর্ডগুলি কি CB / VB মূল্যায়নের সময় উপলব্ধ এবং সব সময়ে কি ব্যাক-আপ রাখা যায়?			
QM 4	অভিযোগ ব্যবস্থাপনা			
a)	কার্যকরভাবে গ্রাহকের অভিযোগ পরিচালনা করার জন্য আবেদনকারীর (দল বা Option 1 মাল্টিসাইট/ভিন্ন এলাকা অপারেশন) কি কোন প্রক্রিয়া আছে? উৎপাদক সদস্যদের জন্য অভিযোগ প্রক্রিয়ার প্রাসঙ্গিক অংশ বিদ্যমান আছে কি?			
b)	কোন তথ্যসমৃদ্ধ পদ্ধতি আছে কি যা বর্ণনা করে কিভাবে অভিযোগ গৃহীত হয়, নিবন্ধিত হয়, সনাক্ত করা হয়, অনুসন্ধান করা হয়, ফলো-আপ করা হয় এবং পর্যালোচনা করা হয়?			
c)	পদ্ধতিটি কি গ্রাহকদের কাছে উপস্থিত যখন প্রয়োজন?			
d)	কার্যপ্রণালী কি আবেদনকারীর কাছে অভিযোগ এবং একক উৎপাদক বা সাইট, উভয়ের বিরুদ্ধে অভিযোগ অন্তর্ভুক্ত করে?			
QM 5	অভ্যন্তরীণ গুণগত পরিচালনা পদ্ধতির (QMS) নিরীক্ষা/ অডিট			
a)	GLOBALG.A.P. স্কিমের জন্য QMS অন্তত বছরে একবার নিরীক্ষিত হয় কি?			
b)	অভ্যন্তরীণ নিরীক্ষকরা সংযুক্তি II.1 এর মধ্যে নির্ধারণ করা GLOBALG.A.P. এর প্রয়োজনীয়তা মেনে চলে কি?			
c)	অভ্যন্তরীণ নিরীক্ষকরা কি নিরীক্ষা করা অঞ্চলের সাপেক্ষে স্বাধীন?			
(i)	যে ব্যক্তি QMS এর দৈনন্দিন ব্যবস্থাপনার জন্য দায়ী তাকে কি অভ্যন্তরীণ QMS অডিটগুলি করতে দেওয়া হয় না? অবশ্য একই ব্যক্তির জন্য প্রাথমিকভাবে QMS তৈরি এবং তারপর প্রয়োজনীয় অভ্যন্তরীণ বার্ষিক QMS নিরীক্ষার দায়িত্বগ্রহণের অনুমতি দেওয়া হয়।			
d)	অভ্যন্তরীণ নিরীক্ষার রেকর্ড, নিরীক্ষায় পাওয়া তথ্য, এবং সংশোধনমূলক ক্রিয়া যা নিরীক্ষার ফলে প্রাপ্ত, তা কি বজায় রাখা হয় এবং প্রয়োজনে পাওয়া যায়?			
e)	বহিরাগত নিরীক্ষণের সময় CB নিরীক্ষক দ্বারা পর্যালোচনার জন্য, মন্তব্যসহ সম্পূর্ণ করা QMS চেকলিস্ট প্রতিটি কি QMS নিয়ন্ত্রণ বিন্দুতে অন-সাইট উপলব্ধ থাকে ?			

f)	<p>কেন্দ্রীয় ব্যবস্থাপনা কি খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা (উৎপাদনকারী দল বা মাল্টিসাইট কোম্পানি) এবং স্বাক্ষর করেছে? স্বাক্ষর করা খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা QMS চেকলিস্টে সংযুক্ত করা হয়েছে কি?</p> <p>যদি QMS লেভেলে খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা এবং স্বাক্ষর করা না হয় তাহলে কি প্রত্যেক উৎপাদনকারী সদস্য খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণা সম্পন্ন এবং স্বাক্ষর করেছে এবং এটিকে অভ্যন্তরীণ পরিদর্শন চেকলিস্টে সংযুক্ত করা হয়েছে কি?</p> <p>প্রতিটি নতুন সার্টিফিকেশন চক্রে খাদ্য নিরাপত্তা নীতি ঘোষণাপত্র সম্পূর্ণ এবং স্বাক্ষর করার প্রক্রিয়া প্রতিবছর সম্পন্ন করতে হবে।</p>			
g)	<p>যেখানে অভ্যন্তরীণ অডিট এক দিনে সম্পাদিত হয় না কিন্তু 12-মাস সময়কাল ধরে ক্রমাগত করা হয়, সেখানে কি এক প্রাক-সংজ্ঞায়িত সময়সূচী উপস্থিত?</p> <p>(প্রাথমিক বাহ্যিক অডিটের ক্ষেত্রে প্রযোজ্য নয়।)</p>			
QM 6	অভ্যন্তরীণ উৎপাদনকারী ও উৎপাদন এলাকার মূল্যায়ন			
a)	সমস্ত প্রাসঙ্গিক GLOBALG.A.P. নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতি নির্ণায়ক অনুসারে প্রতিটি নিবন্ধিত উৎপাদনকারী (এবং সংশ্লিষ্ট উৎপাদন এলাকা) বা উৎপাদন এলাকার বছরে অন্তত একবার মূল্যায়ন করা হয় কি?			
b)	অভ্যন্তরীণ পরিদর্শনের সময় কি সাধারণ এবং লক্ষিত নির্দিষ্ট নিয়মের মধ্যে সংজ্ঞায়িত নিয়মগুলো অনুসরণ করে?			
c)	আভ্যন্তরীণ পরিদর্শক সংযুক্তি II.1 এ নির্দিষ্ট করা প্রয়োজনীয়তা মেনে চলে কি?			
d)	আভ্যন্তরীণ পরিদর্শকরা কি পরিদর্শনের এলাকার সাপেক্ষে স্বাধীন এবং তারা কি নিজের দৈনন্দিন কাজ পরিদর্শন করেন না?			
e)	অভ্যন্তরীণ GLOBALG.A.P. এ প্রবেশ করার পূর্বে Option 1 মাল্টিসাইটের নতুন সদস্য এবং নতুন উৎপাদন এলাকা/ সাইটগুলি কি সব সময় অভ্যন্তরীণভাবে পরিদর্শিত হয়?			
f)	মূল পরিদর্শনের রিপোর্ট এবং নোটগুলি কি CB পরিদর্শনের জন্য বজায় রাখা এবং ব্যবহারের জন্য উপলব্ধ করা হয়?			
g)	পরিদর্শনের রিপোর্ট কি নিম্নলিখিত তথ্য ধারণ করে:			
	• নিবন্ধিত উৎপাদক ও উৎপাদন এলাকা(গুলি) সনাক্ত করা?			
	• নিবন্ধিত উৎপাদকের স্বাক্ষর বা মনোনীত উৎপাদন সাইটের দায়িত্বপূর্ণ ব্যক্তির স্বাক্ষর?			
	• পরিদর্শকের তারিখ?			
	• পরিদর্শনকারীর নাম?			

	• নিবন্ধিত পণ্য?			
	• প্রতিটি GLOBALG.A.P. নিয়ন্ত্রণ পয়েন্ট নিরিখে মূল্যায়নের ফলাফল?			
	• চেকলিস্টের কন্টেন্টস বিভাগে কি নিম্নলিখিত বিষয়গুলি যাচাই করা হয়েছে এবং তার বিবরণ কি অন্তর্ভুক্ত 1. প্রধান অবশ্যক নিয়ন্ত্রণ পয়েন্টগুলি যা অনুবর্তী হতে দেখা যায়, 2. মুখ্য এবং গৌণ অবশ্যক কর্তব্য নিয়ন্ত্রণ বিন্দুগুলি যা অননুবর্তি পাওয়া যায় এবং 3. মুখ্য এবং গৌণ আবশ্যক নিয়ন্ত্রণ যা অ-প্রযোজ্য হিসাবে মনে করা হয় (যদি না GLOBALG.A.P. দ্বারা কোনো চেকলিস্ট ইস্যু করা না হয়, যা কোন নিয়ন্ত্রণ পয়েন্ট এবং সম্মতি নির্ণায়ক (CPCC) এ মন্তব্য করা হবে সেই বিষয়ে প্রাক-নির্ধারণ করে)? ইভেন্টের পরে এতে যাচাই করার নিরীক্ষা ট্রেইল সক্ষম করা প্রয়োজন।			
	• সনাক্ত করা অননুবর্তিতার বিশদ বিবরণ এবং সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সময়কাল?			
	• সম্মতি স্তরের হিসাব এবং পরিদর্শনের ফল?			
	• পরিদর্শনের সময়কাল?			
	• চেকলিস্ট অনুমোদন করেছেন এমন অভ্যন্তরীণ নিরীক্ষকের নাম?			
h)	উৎপাদক বা সাইটটি GLOBALG.A.P.-র সঙ্গে অনুবর্তী কিনা তা অভ্যন্তরীণ পরিদর্শক দ্বারা উপস্থাপিত মূল্যায়ন রিপোর্টের উপর ভিত্তি করে অভ্যন্তরীণ নিরীক্ষক কি (বা নিরীক্ষা দল GR II, 1.2.2 b পয়েন্ট দেখুন) সিদ্ধান্ত নেন ?			
i)	যদি সেখানে একজন অভ্যন্তরীণ নিরীক্ষক থাকে যিনি অভ্যন্তরীণ পরিদর্শনের কাজও করেন, তাহলে কি অন্য কোনো ব্যক্তি, যেমন, QMS এ সনাক্ত করা ব্যবস্থাপনা প্রতিনিধি, সেক্ষেত্রে অভ্যন্তরীণ পরিদর্শনের অনুমোদন করেন?			
j)	যেখানে অভ্যন্তরীণ নিরীক্ষা 12 মাস সময়কাল ধরে ক্রমাগত সম্পাদিত হয়, সেখানে কি কোন প্রাক-সংজ্ঞায়িত সময়সূচী উপস্থিত থাকে? (প্রাথমিক বাহ্যিক মূল্যায়নের ক্ষেত্রে প্রযোজ্য নয়।)			
QM 7	আইন লঙ্ঘন, সংশোধনমূলক ব্যবস্থা এবং নিষেধাজ্ঞা			
a)	অভ্যন্তরীণ অথবা বহিরাগত নিরীক্ষা এবং/অথবা পরিদর্শনের, গ্রাহকের অভিযোগের এবং/অথবা QMS এর ব্যর্থতার ফলে হতে পারে এমন নিয়ম লঙ্ঘন ও সংশোধনমূলক ব্যবস্থা মোকাবিলা করার কোন পদ্ধতি আছে কি?			
b)	QMS দলের/ Option 1 মাল্টিসাইটগুলির অপারেশন বা তার সদস্য বা উৎপাদন এলাকা গুলির জন্য আইন লঙ্ঘন সনাক্তকরণের বা মূল্যায়নের কোন নথিভুক্ত পদ্ধতি আছে কিনা?			
c)	আইন লঙ্ঘনের পরে সংশোধনমূলক ব্যবস্থা কি মূল্যায়িত হয় এবং এর জন্য সময়সীমা নির্ধারিত হয়?			

d)	বাস্তবায়ন এবং সংশোধনমূলক কর্ম মীমাংসার জন্য দায়িত্ব কি নির্ধারিত আছে?			
e)	QMS কি তাদের উৎপাদকদের সাথে বা উৎপাদন সাইটের সাথে যারা GLOBALG.A.P. সাধারণ প্রবিধান পার্ট I এর মধ্যে সংজ্ঞায়িত প্রয়োজনীয়তাগুলি পূরণ করেন না তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা এবং অননুবর্তিতার পদ্ধতি পরিচালনা করেন? চুক্তিগত অননুবর্তিতার ক্ষেত্রে (যেমন QMSএর একটি আভ্যন্তরীণ নীতির অননুবর্তী না হলে) কি QMS সংশ্লিষ্ট নিষেধাজ্ঞার সিদ্ধান্ত নেন?			
f)	নিবন্ধিত উৎপাদক বা উৎপাদন সাইটের জন্য স্বগিতাদেশ বা বাতিলকরণ সম্বন্ধে আবেদনকারীর কি GLOBALG.A.P. অনুমোদিত প্রমাণপত্র প্রদানকারী বিভাগকে অবিলম্বে অবগত করার কোনো প্রক্রিয়া আছে?			
g)	সমস্ত সংশোধনমূলক ব্যবস্থা এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার প্রমাণ সহ সমস্ত নিষেধাজ্ঞার রেকর্ড কি বজায় রাখা হয়?			
QM 8	অনুমোদিত পণ্যের প্রত্যাহার			
a)	পণ্য অনুমোদন নিশ্চিত করতে প্রয়োজ্য উৎপাদন সাইটগুলিতে অনুরূপ এবং প্রথাবিরোধী উভয়ের জন্য নিবন্ধিত পণ্য সনাক্তকরণের জন্য একটি নথিভুক্ত পদ্ধতি আছে কি? আইনি সত্তার মধ্যে সম্মতি প্রদর্শন করতে পণ্য প্রতি কমপক্ষে বছরে একবার একটি বহু ব্যালাপ্স অনুশীলন আছে কি (e থেকে k পয়েন্ট পর্যন্ত দেখুন)?			
b)	GLOBALG.A.P. এর স্ট্যান্ডার্ড/ মান বজায় রেখে বাজারজাতকৃত পণ্য কি এমন একটি পদ্ধতিতে পরিচালনা করা হয় যা GLOBALG.A.P. অনুমোদিত নয় এমন পণ্যগুলির সাথে মিশে যাওয়া আটকায়? এটিকে প্রাসঙ্গিক রেকর্ড/ তথ্য সহ প্রকৃত সনাক্তকরণ বা পণ্য পরিচালনার পদ্ধতিগুলোর মাধ্যমে করা যাবে।			
c)	GLOBALG.A.P. প্রত্যয়িত এবং GLOBALG.A.P. প্রত্যয়িত নয় এমন পণ্যগুলোর বেআইনি লেবেলিং করার কোন ঝুঁকি অকার্যকর করতে কার্যকর ব্যবস্থা এবং পদ্ধতি আছে কি? প্রক্রিয়ায় প্রবেশ করা GLOBALG.A.P. পণ্যগুলোকে (হয় উৎপাদনকারী সদস্য/উৎপাদন সাইট বা বাইরের উৎস থেকে) অবিলম্বে GGN বা অন্য কোনো রেফারেন্স দ্বারা সনাক্ত হতে হবে যা স্পষ্টভাবে কোম্পানির নীতিতে ব্যাখ্যা এবং সার্টিফিকেশন অবস্থায় একটি অনন্য রেফারেন্স প্রদান করে কি? ক্ষুদ্রতম পৃথকভাবে চিহ্নিত ইউনিটের জন্যও এটি ব্যবহার করা হয়েছে কি?			
d)	QMS কি নিশ্চিত করে যে পাশাপাশি উৎপাদন/ পাশাপাশি মালিকানার ক্ষেত্রে, একটি প্রত্যয়িত উৎপাদন প্রক্রিয়া থেকে আসা চূড়ান্তপর্যায়ের বিক্রয়ের-জন্য-প্রস্তুত পণ্য (খামার স্তর বা পণ্য পরিচালনার পরে), সঠিকভাবে একটি GGN দিয়ে সনাক্ত করা যায়? Option 2 এর ক্ষেত্রে এটি কি দলের GGN হতে পারে, দলের সদস্যর GGN হতে পারে অথবা উভয় GGN-ই হতে পারে। যদি দলের সদস্য পণ্য প্যাক/ মোড়কজাত এবং লেবেল করে থাকে, তাহলে ঐসকল সদস্যদের পক্ষে			

	<p>উৎপাদক দলকে তার GGN দিতে হতে পারে সাথে সদস্যদের GGN যদি থাকে।</p> <p>Option 1 মাল্টিসাইটের ক্ষেত্রে, এটি কি একটি পৃথক উৎপাদনকারীর GGN?</p> <p>যদি এটি একটি চূড়ান্ত ভোক্তার প্যাকেজিং হয় বা না হয় সেই নির্বিশেষে, ক্ষুদ্রতম পৃথকভাবে প্যাকেটজাত ইউনিটে GGN ব্যবহার করা হয়েছে কি?</p> <p>প্রত্যয়িত নয় এমন পণ্য লেবেল করার জন্য GGN ব্যবহার করা হয়নি কি?</p> <p>উৎপাদনকারী এবং ক্লায়েন্টের মধ্যে বিক্রয়ের জন্য প্রস্তুত পণ্যের GGN ব্যবহার না করার বিষয়ে কোনো লিখিত চুক্তি উপলব্ধ থাকলে এটি প্রযোজ্য হয় না। এছাড়াও এটি ক্লায়েন্টের নিজস্ব ট্যাগ স্পেসিফিকেশন হতে পারে যেখানে কোনো GGN অন্তর্ভুক্ত করা হয় না।</p>			
e)	<p>প্রত্যয়িত এবং অ-প্রত্যয়িত পণ্যের সঠিক পণ্য প্রেরণ নিশ্চিত করতে সেখানে একটি চূড়ান্ত ডকুমেন্ট/ নথিপত্র চেক করা হয় কি?</p>			
f)	<p>প্রত্যয়িত পণ্য বিক্রয়ের সাথে সম্পর্কিত সকল লেনদেনের ডকুমেন্টেশনে (বিক্রয় ইনভয়েস, সম্পর্কিত অন্যান্য বিক্রয়, সরবরাহ চালান, ইত্যাদি) সার্টিফিকেট ধারকের GGN নম্বর অন্তর্ভুক্ত এবং GLOBALG.A.P. প্রত্যয়িত অবস্থার একটি রেফারেন্স আছে কি?</p> <p>এটি অভ্যন্তরীণ ডকুমেন্টেশন/ নথিপত্রে বাধ্যতামূলক নয়। ইতিবাচক সনাক্তকরণই যথেষ্ট (যেমন: “GGN_GLOBALG.A.P. প্রত্যয়িত <product name>”)। প্রত্যয়িত পণ্য প্রত্যয়িত হিসাবে বিক্রি হয় বা না সেই নির্বিশেষে প্রত্যয়িত অবস্থা চিহ্নিত করা অবশ্যকর্তব্য। এটি, যদিও, প্রাথমিক (প্রথমবারের) নিরীক্ষা সময় চেক করা যাবে না কারণ উৎপাদনকারী দল/কোম্পানী এখনো পর্যন্ত প্রত্যয়িত নয় এবং প্রথম ইতিবাচক সার্টিফিকেশন সিদ্ধান্তের আগে GLOBALG.A.P. প্রত্যয়িত অবস্থায় কোনো রেফারেন্স দিতে পারবে না।</p> <p>পণ্যের GLOBALG.A.P. স্থিতি এবং/বা লেনদেনের ডকুমেন্ট/ নথিপত্রগুলোর GGN সনাক্ত না করার জন্য উৎপাদনকারী দল/ কোম্পানী এবং ক্লায়েন্টের মধ্যে কোনো লিখিত চুক্তি থাকলে এটি প্রযোজ্য হয় না।</p>			
g)	<p>Option 1 মাল্টিসাইট উৎপাদনকারী দলের সদস্য বা সাইটগুলো থেকে বা বিভিন্ন উৎস থেকে ক্রয় করা (অর্থাৎ অন্যান্য উৎপাদনকারী বা ব্যবসায়ী) প্রত্যয়িত এবং প্রত্যয়িত নয় এমন পণ্য সনাক্ত করার জন্য, উপযুক্তভাবে অপারেশনের মাপদণ্ডে পদ্ধতি অটুট, নথিভুক্ত এবং বজায় রাখা হয়েছে কি? তথ্যে এগুলো অন্তর্ভুক্ত রয়েছে কি:</p> <ul style="list-style-type: none"> • পণ্যের বর্ণনা? • GLOBALG.A.P. প্রত্যয়নের অবস্থা? • আগত/ক্রয় করা পণ্যের(গুলো) পরিমাণ? • সরবরাহকারীদের বিস্তারিত? • GLOBALG.A.P. সার্টিফিকেটের অনুলিপি, যেখানে প্রযোজ্য হবে? 			

	<ul style="list-style-type: none"> • আগত/ক্রয় করা পণ্যের সাথে সম্পর্কিত অনুসন্ধানযোগ্যতা ডেটা/কোড? • সংগঠনের গৃহীত কেনাকাটার অর্ডার/ ইনভয়েস মূল্যায়ন করা হচ্ছে? • অনুমোদিত সরবরাহকারীর তালিকা? 			
h)	প্রত্যয়ন এবং প্রদান করা বিবরণ অনুসারে বিতরণ/ বিক্রির উপর নির্ভর করে প্রত্যয়িত এবং প্রত্যয়িত নয় এমন পণ্য বিক্রয়ের বিবরণ রেকর্ড করা হয়েছে কি?			
i)	<p>প্রত্যয়িত এবং প্রত্যয়িত নয় এমন পণ্যের প্রবেশ, বহির্গমন এবং সংরক্ষণের পরিমাণের (পরিমাণ বা ওজনের তথ্য সহ) তথ্য কি রেকর্ড করা হয় এবং তার সারসংক্ষেপ কি রক্ষণাবেক্ষণ করা হয়েছে যাতে করে বহু ব্যালাস যাচাইকরণ প্রক্রিয়ায় ব্যবহার করা যায়?</p> <p>প্রত্যয়িত এবং প্রত্যয়িত নয় এমন পণ্যের প্রবেশ এবং বহির্গমনের তথ্য সামঞ্জস্যপূর্ণ ভারসাম্য প্রদর্শন করে কি? বহু হিসাব যাচাইয়ের প্রক্রিয়া কতবার করা হচ্ছে তা কি নির্ধারিত এবং কাজের স্তরের (কিন্তু পণ্য প্রতি এটিকে কম করে বছরে একবার করতে হবে) সাথে কি যথাযথ সামঞ্জস্যপূর্ণ?</p> <p>বহু হিসাব প্রদর্শন করার জন্যে ডকুমেন্টগুলোকে পরিষ্কারভাবে চিহ্নিত হয়েছে কি? না প্রযোজ্য নয়।</p>			
j)	QMS প্রত্যয়ন আওতায় অন্তর্ভুক্ত PHU পদ্ধতি যা পরিচালনা, সংরক্ষণ এবং প্রেরণের মাধ্যমে নিবন্ধিত পণ্যের প্রাপ্তিকে সনাক্ত এবং অনুসরণ করে, তা কি কার্যকর?			
k)	রূপান্তরের অনুপাত গণনা এবং প্রতিটি প্রাসঙ্গিক পরিচালনার প্রক্রিয়ার জন্য কি উপলব্ধ/ প্রস্তুত রাখা হয়? সকল উৎপাদিত পণ্যের বর্জ্যের পরিমাণ রেকর্ড করা হয়েছে কি?			
l)	অভ্যন্তরীণ ও বহিস্থিত উভয়, এছাড়াও PHU অপারেশনে থাকলে PHU স্তরে এই বিভাগটিকে কি নিরীক্ষা করা হয়েছে?			
QM 9	প্রত্যয়িত পণ্য প্রত্যাহার			
a)	নিবন্ধিত পণ্য প্রত্যাহার করার কার্যকর কোনো নথিভুক্ত পদ্ধতি কি স্থাপিত আছে?			
b)	পণ্য প্রত্যাহারের কারণ, প্রত্যাহার সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত দানকারী ব্যক্তি, গ্রাহককে এবং GLOBALG.A.P. এর অনুমোদিত সার্টিফিকেশন বিভাগকে অবহিতকরণ এবং মজুদ সমন্বয়সাধন করার জন্য প্রক্রিয়া কাজ করে কি?			
c)	এই পদ্ধতিটি কি যে কোন সময় পরিচালিত করতে সক্ষম?			
d)	কার্যকর কিনা দেখতে কমপক্ষে বছরে একবার কার্যপ্রণালী যাথাযথভাবে পরীক্ষা করা হয় কি? পরীক্ষার রেকর্ড রাখা হয় কি?			

QM 10	সাব-কন্ট্রাকটর/ উপ-চুক্তিকর্তা			
a)	GLOBALG.A.P. স্ট্যান্ডার্ড (নিয়ন্ত্রণ পয়েন্ট_সমস্ত খামার AF 5.2 দেখুন) মেনে কোনো পরিষেবা কোনো তৃতীয় পক্ষের কাছে উপ-চুক্তিবদ্ধ হচ্ছে কিনা তা নিশ্চিত করতে কোনো নির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে কি?			
b)	এমন কি কোনো রেকর্ড রাখা হচ্ছে যা প্রমাণ করে যে উপ-ঠিকাদারের পারদর্শিতা/ সামর্থ মূল্যায়ন করা হচ্ছে এবং আদর্শ মান/ স্ট্যান্ডার্ডের প্রয়োজনীয়তা পূরণ হচ্ছে?			
c)	সাব-কন্ট্রাকটর/ উপ-চুক্তিকর্তারা কি দলের QMS অনুযায়ী এবং তার প্রাসঙ্গিক পদ্ধতি অনুযায়ী কাজ করেন এবং সেবা প্রদান পর্যায়ে চুক্তিতে কি এটি উল্লেখ করা আছে?			
QM 11	সার্টিফিকেটে অতিরিক্ত উৎপাদনকারী বা PMUS এর নিবন্ধন			
a)	যদি নতুন উৎপাদক/উৎপাদন সাইটকে অনুমোদিত উৎপাদক/উৎপাদন সাইটের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়, তাহলে কি অভ্যন্তরীণ অনুমোদন পদ্ধতি পালন করা হয়?			
b)	অনুমোদিত উৎপাদনকারীর তালিকায় উৎপাদনকারী বা উৎপাদন সাইটের কোন সংযোজন বা প্রত্যাহারের বিষয়ে দল কি সঙ্গে সঙ্গে CB কে আপডেট করেছে?			

অধ্যায় ১০: উপসংহার

গুড এগ্রিকালচারাল প্র্যাকটিসেস বা উত্তম কৃষি চর্চা সংক্ষেপে গ্যাপ নামে পরিচিত। এটি হলো সামগ্রিক কৃষি কার্যক্রমে অনুসরণকৃত একগুচ্ছ নীতি-বিধি ও প্রযুক্তিগত সুপারিশমালা যা সামগ্রিক কৃষি উৎপাদন, সংগ্রহ ও সংগ্রহভোর ব্যবস্থাপনা এবং পরিবহনের বিভিন্ন স্তরে প্রয়োগ করা হয় এবং যা মানুষের স্বাস্থ্য সুরক্ষা, পরিবেশ সংরক্ষণ, পণ্যের মান উন্নয়ন ও কৃষিশ্রমিকের সুস্বাস্থ্য, নিরাপত্তা ও কাজের পরিবেশ উন্নত করে থাকে। ইউরোপের সুপারশপে কৃষিপন্য সরবরাহকারীদের উদ্যোগে ১৯৯৭ সালে ইউরোপগ্যাপ কার্যক্রম শুরু হয়, যা ২০০৭ সালে গ্লোবালগ্যাপ নামকরণ করা হয়। পরবর্তীতে বিভিন্ন দেশ তাদের নিজস্ব উত্তম কৃষি চর্চা বা গ্যাপ কার্যক্রম চালু করে। আমাদের দেশেও বাংলাদেশগ্যাপ কার্যক্রম শুরু হয়েছে। আশাকরি অচিরেই এর সার্টিফিকেশন শুরু হবে। বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে হলে নিরাপদ ফসল উৎপাদনসহ রপ্তানি বাজারে প্রবেশের জন্য গ্যাপ অনুসরণ অত্যাবশ্যিক। বাংলাদেশ গ্যাপ বাস্তবায়নের ফলে উৎপাদিত কৃষি পণ্য নিরাপদ, উন্নত ও মানসম্পন্ন হবে, আয় বৃদ্ধি ও অর্থনীতিতে গতি সঞ্চারসহ টেকসই পরিবেশ ও সামাজিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত হবে। এ লক্ষ্যে প্রণয়নকৃত দলিলটি "বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" নামে ডিসেম্বর ২০২০ থেকে কার্যকর হয়।

উত্তম কৃষি চর্চার উদ্দেশ্য হলো নিরাপদ ও খাদ্যমান সম্পন্ন ফসলের টেকসই উৎপাদন নিশ্চিতকরণ; ফসল উৎপাদনে সহনীয় পরিবেশ নিশ্চিতকরণ এবং কর্মীর স্বাস্থ্য সুরক্ষা, নিরাপত্তা ও কল্যাণ সাধন; খাদ্য শৃঙ্খলের সকল স্তরে সুনির্দিষ্ট পদ্ধতিসমূহ অনুসরণ করা; ভোক্তার স্বাস্থ্য সুরক্ষা এবং মানসম্পন্ন উচ্চমূল্য ফসল উৎপাদন ও রপ্তানি বৃদ্ধি করা। বিশ্বব্যাপী খাদ্য সামগ্রী আমদানি ও রপ্তানির ফলে খাদ্য শৃঙ্খলে জীবাণুসমূহের সংক্রমণ এবং বিস্তৃতি ঘটানোর আশংকা থাকে যা জনস্বাস্থ্যের জন্য বড় ধরনের ঝুঁকি। উত্তম কৃষি চর্চা অনুসরণের মাধ্যমে এ ঝুঁকি মোকাবেলা করা যায়। সবজি ফসল উৎপাদনে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট বিষয়সমূহ হলো প্রয়োগকৃত রাসায়নিকের অবশিষ্টাংশ, দূষণকারী বস্তুর উপস্থিতি, পোকা-মাকড়, রোগ সৃষ্টিকারী অণুজীব, বাহ্যিক সংক্রামক ইত্যাদি। এছাড়াও ফসলে অনেকসময় ভারী ধাতব বস্তু যেমন আর্সেনিক বা বিষাক্ত দ্রব্যের উপস্থিতি দেখা যায়। নিরাপদ খাদ্য বিষয়ক বিপত্তি/ঝুঁকি খাদ্য শৃঙ্খলের যে কোনো পর্যায়ে ঘটতে পারে। তাই খাদ্য শৃঙ্খলের প্রত্যেক স্তরেই নিরাপদ খাদ্য সংক্রান্ত সমস্যা প্রতিরোধ বা দূরীভূত করা প্রয়োজন। খাদ্য শৃঙ্খলের সকল স্তরে সুনির্দিষ্ট অনুশীলনসমূহ সঠিকভাবে অনুসরণ করাই হচ্ছে উত্তম কৃষি চর্চার মূল ভিত্তি। উত্তম কৃষি চর্চা অনুসরণে নিরাপদ সবজি উৎপাদনের লক্ষ্যে কৃষক পর্যায়ে থেকে প্রতিটি স্তরে প্রত্যেক কর্মীকে তার নিয়ন্ত্রণাধীন বিষয়ে দায়িত্বশীল থেকে সকল কার্যক্রমের বিবরণ যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করা আবশ্যিক। উৎপাদনকারীকে নিশ্চয়তা দিতে হবে যে উৎপাদিত পণ্য খাদ্য হিসেবে ঝুঁকিমুক্ত ও নিরাপদ। এক্ষেত্রে উৎপাদকের পাশাপাশি প্যাকেজিং, সরবরাহ, পরিবহন, গুদামজাতকরণ ইত্যাদি প্রক্রিয়ায় সকলেরই দায়িত্ব খাদ্যকে নিরাপদ এবং মানসম্পন্ন রাখা। উত্তম কৃষি চর্চা বাস্তবায়নের মাধ্যমে উৎপাদিত ফসল খাদ্য হিসেবে গ্রহণ স্বাস্থ্যের জন্য নিরাপদ।

উত্তম কৃষি চর্চা সারা পৃথিবীতে নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের বিষয়টি কঠোরভাবে অনুসরণ করে এবং ইহা সবার নিকট গ্রহণযোগ্যও বটে। পার্শ্ববর্তী অন্যান্য দেশেও রয়েছে নিরাপদ খাদ্যমান নিশ্চিতকরণের নিজস্ব উত্তম কৃষি চর্চা। মানবস্বাস্থ্য এবং অর্থনৈতিক বিবেচনায় নিরাপদ খাদ্য ক্রমাগতভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। জনগণকে খাদ্যজনিত অসুস্থতা থেকে রক্ষার পাশাপাশি বিশ্ব রপ্তানি বাজারে প্রতিযোগিতার কারণে নিরাপদ ফসল উৎপাদন জরুরি। উৎপাদনের প্রাথমিক পর্যায়ে থেকে খাদ্য শৃঙ্খলের বিভিন্ন পর্যায়ে বাছ-বিচারহীন বালাইনাশক ও রাসায়নিকের ব্যবহার, ভারী ধাতব পদার্থের উপস্থিতি, অণুজীবের সংক্রমণ ইত্যাদি খাদ্য বা ফসলকে অনিরাপদ করে। এসব কারণে নিরাপদ খাদ্যপণ্য প্রাপ্যতার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে উৎপাদনের শুরু থেকে সংগ্রহ, সংগ্রহভোর ও প্রক্রিয়াকরণ যেমন- মাঠ

হতে সংগ্রহ, প্যাকেজিং, পরিবহন ইত্যাদি পর্যায়ে নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে উত্তম কৃষি চর্চা অনুসরণ করা একান্ত প্রয়োজন।

উত্তম কৃষি চর্চা - নিরাপদ ও মানসম্মত খাদ্য উৎপাদনের পাশাপাশি পরিবেশ এবং সামাজিক উন্নয়নে ভূমিকা রাখে। কৃষিকার্যে ব্যবহৃত উপকরণ যেমনঃ বালাইনাশক, জৈব ও রাসায়নিক সার, পানি ইত্যাদির পরিমিত ব্যবহার এবং পরিবেশ বান্ধব ফসল ব্যবস্থাপনাকে উত্তম কৃষি চর্চা উৎসাহিত করে। সবজি উৎপাদনের উত্তম কৃষি চর্চা অনুসরণ করলে - ভৌত, রাসায়নিক বা অনুজীবীয় ঝুঁকিপূর্ণ স্থানে সবজি চাষ করা যাবে না। গুণগত মানসম্পন্ন বীজ বা চারা লাগাতে হবে। সার প্রয়োগের ক্ষেত্রে মাটি পরীক্ষা করে প্রয়োজনমাপিক সার দিতে হবে। সেচের ক্ষেত্রে নিরাপদ পানি ব্যবহার করতে হবে। বালাই দমনে আইপিএম বা সমন্বিত বালাই ব্যবস্থাপনা এবং নিরাপদ বালাইনাশক ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়াও রাসায়নিক বালাইনাশকের ক্ষেত্রে অবশ্যই সংগ্রহপূর্ব অপেক্ষামানসময় মেনে চলতে হবে। বালাইনাশক ও বিভিন্ন প্রকার রাসায়নিকের ত্রুটিপূর্ণ ব্যবহার থেকে কৃষি কাজে নিয়োজিত কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে। ফসল সংগ্রহ ও সংগ্রহহস্তের কাজে নিয়োজিত কৃষিশ্রমিকদের হাইজিন বা ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি সম্পর্কে প্রশিক্ষণ দিতে হবে এবং এসব স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। কৃষিকাজের মাধ্যমে পরিবেশের ক্ষতি কমিয়ে আনতে হবে।

বাংলাদেশের আবহাওয়া শাকসবজি ও ফলমূল চাষের খুবই উপযোগী। দেশে বিভিন্ন ধরনের শাক সবজি ও ফলমূলের ফলন বেড়েই চলেছে। তাই সময় এসেছে এখন নিরাপদ সবজি ও ফল উৎপাদন করে বিদেশে রপ্তানি বাড়ানোর। আর এর জন্য যে বিষয়টি খুবই জরুরি তা হলো গুড এগ্রিকালচারাল প্রাকটিসেস বা গ্যাপ অনুসরণে ফসল উৎপাদন। গ্যাপ অনুসরণে ফসলের উৎপাদন করলে উৎপাদন খরচ কমে এবং কৃষি কার্যক্রম টেকসই হয়। পাশাপাশি পরিবেশ ও মানবস্বাস্থ্য সুরক্ষিত থাকে।

সমাপ্ত